তাদের কেউ বলেছেন, তোমরা আল্লাহর হারামকৃত বিষয়গুলোকে হালাল করো না এবং তাঁর নির্ধারিত সীমাগুলো অতিক্রম করো না। যেন তাঁরা الشعائر শব্দটিকে المعالم এর অর্থে নিয়েছেন এবং **لا تحلوا شعائر الله** এর ব্যাখ্যা করেছেন আল্লাহর চিহ্নিত সীমারেখাগুলো, তাঁর আদেশ, তাঁর নিষেধ ও তাঁর ফরযগুলো দ্বারা।

আবু জাফর বলেন, আল্লাহর বাণী **لا تحلوا شعائر الله** এর ব্যাখ্যাগুলোর মধ্যে সর্বোত্তম ব্যাখ্যা হচ্ছে আতা রহ. এর ব্যাখ্যা। তিনি এর ব্যাখ্যা করেছেন, তোমরা আল্লাহর হারামগুলোকে হালাল করো না এবং তাঁর ফরযগুলোকে নষ্ট করো না।

কেননা الشعائر শব্দটি شعيرة এর বহুবচন। আর شعيرة শব্দটি فعيلة ওজনে। যেমন কেউ বলে قد شعر فلان بهذا الأمر যখন সে তা জানতে পারে। অতএব الشعائر হচ্ছে তার চিহ্নিত নিদর্শনাবলী।

বিষয়টি যখন এমনই, তখন বাক্যটির অর্থ হবে, হে মুমিনসকল! তোমরা আল্লাহর চিহ্নিত নিদর্শনগুলোকে উপেক্ষা করো না। তখন এর মধ্যে হজ্জের বিধানগুলোসহ আল্লাহর সকল নিদর্শনাবলী অন্তর্ভুক্ত হয়ে যাবে।

যেমন আল্লাহ তাআলা মুহরিমের জন্য যা করাকে হারাম করেছেন এবং যা নষ্ট করতে নিষেধ করেছেন তাকে হারাম মনে করা। এমনিভাবে তাঁর হারামের নিষিদ্ধ বিষয়গুলোকে হালাল মনে করা থেকে বিরত থাকা। এমনিভাবে তাঁর বাতলানো সীমারেখাগুলো, তাঁর নির্দেশিত ফরয বিধানগুলো, তাঁর নির্দেশিত হালাল-হারামসমূহ। কেননা এগুলোর সবই তাঁর চিহ্নিত নিদর্শনাবলী যেগুলোকে তিনি হক ও বাতিলের মাঝে পার্থক্যরেখা হিসাবে বানিয়েছেন, যার দ্বারা তাঁর হালাল, হারাম, আদেশ ও নিষেধকে চেনা যায়।

এ ব্যাখ্যাটিকে আমি আল্লাহ তাআলার বাণী **لا تحلوا شعائر الله** এর সর্বোত্তম ব্যাখ্যা বলেছি কারণ; আল্লাহ তাআলা তাঁর চিহ্নিত নিদর্শনাবলী ও সীমারেখাগুলোকে হালাল মনে করতে এবং হালাল বলে ঘোষণা করতে ব্যাপকভাবে নিষেধ করেছেন। এর মাঝে কিছুকে বাদ দিয়ে কিছুর জন্য বিশেষভাবে নিষেধ করা হয়নি। অতএব কারো জন্য জায়েয হবে না যে, সে এ হুকুমটিকে বিশেষ কোন বিভাগের সঙ্গে নির্দিষ্ট করে ফেলবে। করতে হলে এমন দলিল লাগবে যে দলিল মেনে নেয়া ওয়াজিব হয়। তবে এর পক্ষে এমন দলিল নেই।" -তাফসীরে ইবনে জারীর তাবারী : ৯/৪৬৪।

তাফসীরের এই শব্দাবলী বিশেষভাবে লক্ষণীয়-

﴿سئل عن "شعائر الله" فقال: حُرُمات الله، فذلك "شعائر الله"، لا تحلوا حرمات الله ولا تضيعوا فرائضه﴾

সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে হারামকে হালাল বলার সুযোগ নেই এবং সংখ্যাধিক্যের ভিত্তিতে ফরযকে অবহেলা করে ঐচ্ছিক বলার কোন সুযোগ নেই। আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মেনে নেয়ার অর্থই হচ্ছে, হালাল-হারাম, ফরয-ওয়াজিব বিষয়ে কোন পরামর্শ হবে না। শুধু জেনে নিয়ে তার প্রয়োগ হবে। এটা হচ্ছে আল্লাহর হাকিমিয়্যাত এবং আল্লাহর হাকিমিয়্যাতের স্বীকৃতি।

আল্লাহকৃত হালাল-হারাম বিষয়ে পরামর্শ করতে বসে সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে তার নতুন তালিকা তৈরি করা মানেই হচ্ছে আল্লাহর

হাকিমিয়্যাতকে অস্বীকার করা। এর জন্য বুক ফেঁড়ে দেখার কোন হুকুম শরীয়তের পক্ষ থেকে দেয়া হয়নি। যাকাত দিতে যারা অস্বীকার করেছে সাহাবায়ে কেরাম তাদের বুক ফেঁড়ে দেখেননি। দেখার প্রয়োজন অনুভব করেননি। তারা মনের খবর জানতে চাননি যে, তাদের মনে কী আছে। জানার প্রয়োজন বোধ করেননি।

আয়াত ও তাফসীর

﴿ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلَاهُمُ الْحَقِّ أَلَا لَهُ الْحُكْمُ وَهُوَ أَسْرَعُ الْحَاسِبِينَ﴾ {سورة الأنعام: ٦٢}

"তারপর তাদেরকে প্রত্যাবর্তিত করা হয় তাদের সত্য মাওলা আল্লাহর কাছে। সাবধান! হুকুম প্রদানের ক্ষমতা তাঁরই। আর তিনি হচ্ছেন খুব দ্রুত হিসাবকারী।" -সূরা আনআম ৬২

তাফসীরে তাবারী দেখুন

আয়াতের তাফসীর করতে গিয়ে তাবারী রহ. 'হুক্‌ম' ও 'হাকিমিয়্যাতে'র হাকীকত তুলে ধরেছেন।

القول في تأويل قوله: {ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلاهُمُ الْحَقِّ أَلا لَهُ الْحُكْمُ وَهُوَ أَسْرَعُ الْحَاسِبِينَ (٦٢)}

قال أبو جعفر: يقول تعالى ذكره: ثم ردت الملائكة الذين توفَّوهم فقبضوا نفوسهم وأرواحهم إلى الله سيدهم الحق، "ألا له الحكم"، يقول: **ألا له الحكم والقضاء دون من سواه من جميع خلقه.** {تفسير الطبري: ١١/٤١٣}

"আল্লাহ তাআলার বাণী ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلَاهُمُ الْحَقِّ أَلَا لَهُ الْحُكْمُ وَهُوَ أَسْرَعُ الْحَاسِبِينَ এর ব্যাখ্যা: আবু জাফর বলেছেন, আল্লাহ তাআলা বলেন, অতঃপর যেসব ফেরশতা তাদেরকে মৃত্যু দিয়েছে এবং তাদের রূহ ও প্রাণ কবজ করেছে, তারা তাদের মহান মালিকের কাছে তা

পৌঁছে দিয়েছে। ألا له الحكم আল্লাহ বলছেন, জেনে রাখ! শাসন ও বিচার আল্লাহরই অধিকার, তাঁর সৃষ্টির কারো এ অধিকার নেই।" -তাফসীরে ইবনে জারীর তাবারী : ১১/৪১৩।

মুফাসসির রহ. এর এ বাক্যটির প্রতি একটু লক্ষ করুন ألا له الحكم والقضاء دون من سواه من جميع خلقه। এ আয়াতের الحكم শব্দটিই القضاء، حاكمية ও বিধানদাতার সমার্থবোধক শব্দ। এখানে কারো অংশীদারির কোন সুযোগ নেই। মুসলমান রাষ্ট্রপ্রধান ও মুসলমান বিচারপতি শুধুমাত্র হুকুম প্রয়োগ করবে। এর নাম হচ্ছে, আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে গ্রহণ করা, আল্লাহকে হাকেম হিসাবে মেনে নেয়া। এছাড়া আল্লাহর হাকিমিয়্যাতকে গ্রহণ করা বা এ ধরনের দাবি করার সম্ভাব্য কোন পদ্ধতি নেই।

আয়াত ও হাদীসের আলোকে ফিকহের সিদ্ধান্ত

আদ্দুররুল মুখতার ও রাদ্দুল মুহতার

কুরআন হাদীসের ন্যায় হাকিমিয়্যাতের হাকীকতের বর্ণনায় ফিকহের কিতাবাদির বক্তব্য একেবারে দ্বিধামুক্ত। আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মূল স্তম্ভ বানানোর মানেই হচ্ছে, তাঁর বিধান বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করা এবং কুরআন সুন্নাহ তথা ইসলামী শরীয়ত প্রয়োগ করার জন্য দায়িত্ব গ্রহণ করা। আর তাই এর সংজ্ঞা করা হয়েছে এভাবে-

হাকিমিয়্যাতে ইলাহীর পরিচয়

﴿وعرفها -أي الإمامة الكبرى- في المقاصد: بأنها رياسة عامة في الدين والدنيا خلافة عن النبي صلى الله عليه وسلم﴾ {رد المحتار: ٤/٢٠٤}

"মাকাসেদ কিতাবে এর -ইমামতে কুবরা বা রাষ্ট্র পরিচালনা- পরিচয় দেয়া হয়েছে এভাবে যে, তা হচ্ছে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতিনিধি হিসাবে ইহকালীন পরকালীন সর্ব বিষয়ে ব্যাপক নেতৃত্ব।" -আদ্দুররুল মুখতার ও রাদ্দুল মুহতার : ৪/২০৪।

হাকিমিয়্যাতে ইলাহীর দায়িত্ব

এর দায়িত্ব মুসলমানদের উপর বর্তানো হয়েছে এভাবে-

﴿والمسلمون لا بد لهم من إمام، يقوم بتنفيذ أحكامهم؛ وإقامة حدودهم، وسد ثغورهم، وتجهيز جيوشهم؛ وأخذ صدقاتهم، وقهر المتغلبة والمتلصصة وقطاع الطريق، وإقامة الجمع والأعياد، وقبول الشهادات القائمة على الحقوق؛ وتزويج الصغار والصغائر الذين لا أولياء لهم، وقسمة الغنائم﴾ {رد المحتار : ٤/٢٠٥}

"মুসলমানদের এমন একজন রাষ্ট্রপ্রধান ইমাম আবশ্যক যিনি তাদের মাঝে বিধানাবলি বাস্তবায়ন করবেন, দণ্ডবিধান করবেন, তাদের সীমান্ত রক্ষা করবেন, তাদের বাহিনী প্রস্তুত করবেন, তাদের থেকে যাকাত উসূল করবেন, জালেম, ছিনতাইকারী ও চোর ডাকাত দমন করবেন, জুমা ও ঈদের নামায কায়েম করবেন, মানুষদের হকের পক্ষে সাক্ষ্য গ্রহণ করবেন, যে সকল শিশু ছেলে মেয়েদের অভিভাবক নেই তাদের বিবাহ শাদি দেয়া ও গনিমতের মাল বণ্টন।" -আদ্দুররুল মুখতার ও রাদ্দুল মুহতার : ৪/২০৫

হাকিমিয়্যাতে ইলাহীর গুণাগুণ

হকিমিয়্যাতে ইলাহীর গুণাগুণ বর্ণনা করা হয়েছে এভাবে-

﴿وقوله قادرا: أي على تنفيذ الأحكام وإنصاف المظلوم من الظالم، وسد الثغور؛ وحماية البيضة وحفظ حدود الإسلام؛ وجر العساكر﴾ {رد المحتار : ٤/٢٠٥}

"তাঁর কথা (قادرا) অর্থাৎ বিধান বাস্তবায়ন, যালেমের বিষয়ে মাযলুমের সাথে ইনসাফ, সীমান্ত রক্ষা, ইসলামের সঠিক পরিচয়ের সংরক্ষণ, ইসলামের সীমারেখাগুলো হেফাযত এবং সৈন্য বাহিনী পরিচালনা করতে সক্ষম হবে।" -আদ্দুররুল মুখতার ও রাদ্দুল মুহতার : ৪/২০৫

এবার বিস্তারিত

এবার আদদুররুল মুখতার ও রাদ্দুল মুহতারের বক্তব্য থেকে বিষয়গুলোর বিস্তারিত বিবরণ দেখুন। রাষ্ট্র পরিচালনায় আল্লাহর হাকিমিয়্যাতকে

কীভাবে গ্রহণ করতে বলা হয়েছে এবং কীভাবে পরিচালনা করলে তাকে আল্লাহর হাকিমিয়্যাতের প্রতিষ্ঠা বলা হবে তা বিস্তারিত দেখুন-

باب الإمامة :

﴿فالكبرى استحقاق تصرف عام على الأنام، وتحقيقه في علم الكلام، ونصبه أهم الواجبات، فلذا قدموه على دفن صاحب المعجزات: ويشترط كونه مسلما حرا ذكرا عاقلا بالغا قادرا، قرشيا لا هاشميا علويا، معصوما﴾ {رد المحتار : ٢٠٣/٤}

{رد المحتار}

مطلب شروط الإمامة الكبرى

﴿قوله فالكبرى استحقاق تصرف عام على الأنام) أي على الخلق، وهو متعلق بتصرف لا باستحقاق لأن المستحق عليهم طاعة الإمام لا تصرفه، ولا بعام إذ المتعارف أن يقال عام بكذا لا عليه. وعرفها في المقاصد بأنها **رياسة عامة في الدين والدنيا خلافة عن النبي صلى الله عليه وسلم** لتخرج النبوة، لكن النبوة في الحقيقة غير داخلة لأنها بعثة بشرع كما يعلم من تعريف النبي، واستحقاق النبي التصرف العام إمامة مترتبة على النبوة، فهي داخلة في التعريف دون ما ترتبت عليه أعني النبوة، وخرج بقيد العموم مثل القضاء والإمارة.

ولما كانت الرياسة عند التحقيق ليست إلا استحقاق التصرف، إذ معنى نصب أهل الحل والعقد للإمام ليس إلا إثبات هذا الاستحقاق عبر بالاستحقاق، كذا أفاده العلامة الكمال ابن أبي شريف في شرحه على كتاب المسايرة لشيخه المحقق الكمال ابن الهمام. (قوله ونصبه)

أي الإمام المفهوم من المقام. (قوله أهم الواجبات) أي من أهمها لتوقف كثير من الواجبات الشرعية عليه، ولذا قال في العقائد النسفية: **والمسلمون لا بد لهم من إمام، يقوم بتنفيذ أحكامهم؛ وإقامة حدودهم، وسد ثغورهم، وتجهيز جيوشهم؛ وأخذ صدقاتهم، وقهر المتغلبة والمتلصصة وقطاع الطريق، وإقامة الجمع والأعياد، وقبول الشهادات القائمة على الحقوق؛ وتزويج الصغار والصغائر الذين لا أولياء لهم، وقسمة الغنائم** اهـ (قوله فلذا قدموه إلخ) فإنه -صلى الله عليه وسلم- توفي يوم الاثنين ودفن يوم الثلاثاء أو ليلة الأربعاء أو يوم الأربعاء ح عن المواهب، وهذه السنة باقية إلى الآن لم يدفن خليفة حتى يولى غيره ط. (قوله ويشترط كونه مسلما إلخ) أي لأن الكافر لا يلي على المسلم؛ ولأن العبد لا ولاية له على نفسه فكيف تكون له الولاية على غيره؟ والولاية المتعدية فرع للولاية القائمة ومثله الصبي والمجنون ولأن النساء أمرن بالقرار في البيوت، فكان مبنى حالهن على الستر.

وإليه أشار النبي صلى الله عليه وسلم حيث قال «كيف يفلح قوم تملكهم امرأة» وقوله قادرا: **أي على تنفيذ الأحكام وإنصاف المظلوم من الظالم، وسد الثغور؛ وحماية البيضة وحفظ حدود الإسلام؛ وجر العساكر﴾** {رد المحتار: ٤/٢٠٤}

এটা হচ্ছে হাকিমিয়্যাত। আল্লাহর হুকুম এবং আল্লাহ জাল্লা শানুহুর শরীয়াহ তথা কুরআন সুন্নাহকে মূল স্তম্ভ বানানো। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার দরবারে ধর্ণা দেয়ার সঙ্গে আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের কী সম্পর্ক? তাগুতের সিদ্ধান্ত মেনে নেয়ার সাথে আল্লাহ

জাল্লা শানুহুর হাকিমিয়্যাত মেনে নেয়ার কী সম্পর্ক? এ তো কাগজের ফুলও নয়, পানির উপর অঙ্কিত প্রাসাদও নয়।

তাগুতের আদালত ও আল্লাহর হাকিমিয়্যাত

তাগুতের আদালত ও আল্লাহর হাকিমিয়্যাত দুই মেরুতে অবস্থিত স্পষ্ট দু'টি বিষয়। এর মাঝে হ-য-ব-র-ল হওয়ারও কোন সুযোগ নেই। এর পরও যুগে যুগে দু'টির মাঝে হ-য-ব-র-ল পরিস্থিতি সৃষ্টি করার চেষ্টা করা হয়েছে। এখনো চলছে। তবে কুরআনের সতর্ক সংকেত লঙ্ঘন করার কোন সুযোগ নেই-

﴿أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا﴾ {سورة النساء: ٦٠}

"তুমি কি তাদেরকে দেখনি, যারা দাবি করে যে, নিশ্চয় তারা ঈমান এনেছে তার উপর, যা নাযিল করা হয়েছে তোমার প্রতি এবং যা নাযিল করা হয়েছে তোমার পূর্বে। তারা তাগুতের কাছে বিচার নিয়ে যেতে চায় অথচ তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে তাকে অস্বীকার করতে। আর শয়তান চায় তাদেরকে ঘোর বিভ্রান্তিতে বিভ্রান্ত করতে।" -সূরা নিসা ৬০

শায়খে মুহতারাম কি দাবি করতে পারবেন যে, পাকিস্তানের সংবিধান ও আইন ইউরোপ আমেরিকার আইনের আলোকে তৈরিকৃত নয়? শায়খে মুহতারাম কি দাবি করতে পারবেন যে, পাকিস্তানের সংবিধান ও আইন বিশ্বের অসংখ্য অমুসলিম আইন থেকে গৃহীত নয়? শায়খে মুহাতারাম কি দাবি করতে পারবেন যে, পাকিস্তানের আদালতের বিচারকরা কুরআন, হাদীস ও ইসলামী ফিকহের কিতাবাদি দেখে দেখে মামলার রায় ঘোষণা করেন? শায়খে মুহতারাম কি দাবি করতে পারবেন যে, পাকিস্তান-সংবিধান ও আইনের শত শত আইন যে কুরআন সুন্নাহ বিরোধী তা আইনপ্রণেতারা জানে না? শায়খে মুহতারাম কি দাবি করতে পারবেন যে, সংসদ সদস্যরা না জানার কারণে কুরআন সুন্নাহ বিরোধী আইন তৈরির পক্ষে ভোট দিচ্ছে? প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও স্পিকার না জেনে কুরআন সুন্নাহ বিরোধি আইন পাস করছে? শায়খে মুহতারাম কি

দাবি করতে পারবেন যে, পাকিস্তান প্রতিষ্ঠার বীর পুরুষ ওলামায়ে কেরাম ইসলামী আইন বাস্তবায়নের স্বপ্ন বাস্তবায়িত করতে পেরেছিলেন? শায়খে মুহতারাম কি দাবি করতে পারবেন যে, আল্লামা শাব্বির আহমদ ওসমানী রহ. সহ শত সহস্র ওলমায়ে কেরামের শরীয়া বাস্তবায়নের আন্দোলনে, দাবিতে কোন প্রকার অস্পষ্টতা, দুর্বলতা, অবহেলা, অনুভূতিহীনতা ও গাফলত ছিল?

শায়খে মুহতারাম যদি এমন দাবি করতে না পারেন, তাহলে এ আদালত কি তাগুতের আদালত নয়? এ ক্ষমতা কি তাগুতের ক্ষমতা নয়? এ আদালতে মামলা দায়ের কি التحاكم إلى الطاغوت নয়? এ ক্ষমতা, এ সংবিধান ও এ আদালত আল্লাহর হাকিমিয়্যাতকে কীভাবে স্বীকার করেছে? শায়খে মুহতারাম তাঁর 'তাওযীহুল কুরআনে' এ আয়াতের অধীনে তাগুতের যে ব্যাখ্যা করেছেন সে ব্যাখ্যা অনুযায়ী পাকিস্তানের আদালত তাগুতের আদালত হওয়ার বিষয়ে আমাদের কোন সন্দেহ নেই। শায়খে মুহতারামের পক্ষ থেকে সন্দেহের কী কী কারণ থাকতে পারে?

এরপরও পাকিস্তানের সংবিধান আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মূল স্তম্ভ বানিয়েছে বলে আমাদেরকে বিশ্বাস করতে হবে?

তাওযীহুল কুরআনের উদ্ধৃতি দেখুন-

"'তাগুত' এর শাব্দিক অর্থ 'ঘোর অবাধ্য'। কিন্তু এ শব্দটি শয়তানের জন্যও ব্যবহৃত হয় এবং বাতিল ও মিথ্যার জন্যও। এ স্থলে শব্দটি দ্বারা এমন বিচারক ও শাসককে বোঝানো হয়েছে, যে আল্লাহ ও তাঁর রাসূলের বিধানাবলীর বিপরীতে নিজের খেয়াল-খুশী মত ফায়সালা দেয়। আয়াতে স্পষ্ট করে দেয়া হয়েছে যে, কোনও ব্যক্তি যদি মুখে নিজেকে মুসলিম বলে দাবি করে, কিন্তু আল্লাহ ও রাসূলের বিধানাবলীর উপর অন্য কোনও বিধানকে প্রাধান্য দেয়, তবে সে মুসলিম থাকতে পারে না।" -তাওযীহুল কুরআন ১/৩০২

ঈমান সবার আগে'র উদ্ধৃতি দেখুন-

'যারা শরীয়তের শুধু 'শান্তির বিধান গ্রহণ করেন আর জিহাদের বিধানকে সন্ত্রাস বা উগ্রবাদিতা বলেন; উপদেশের কথাগুলো গ্রহণ করেন আর হদ-তাযীর ও কিসাসের বিধান বর্জনীয় মনে করেন; ইবাদতের বিষয়গুলো

গ্রহণ করেন আর লেনদেন ও হালাল-হারামের বিধান মানতে অসম্মত থাকেন; ব্যক্তিগত জীবনের বিধিবিধান গ্রহণ করেন, কিন্তু সমাজ ও রাষ্ট্র-পরিচালনার বিধি-বিধান (প্রশাসন, নির্বাহী ও বিচার-বিভাগের সাথে সংশ্লিষ্ট) সম্পর্কে বিরূপ থাকেন; অথবা ইবাদত ও লেনদেনের বিধান মানেন, কিন্তু বেশ-ভূষা, আনন্দ-বিষাদ, পর্ব-উৎসব ও জীবন যাপনের আদব কায়েদার ইসলামী নির্দেশ ও নির্দেশনার প্রতি বিরূপ থাকেন বা মানাকে জরুরী মনে করেন না, এরা সবাই ইসলামের কিছু অংশের অস্বীকার বা কিছু অংশের উপর বিরুদ্ধপ্রশ্নের কারণে নিজের ঈমান হারিয়ে বসেছেন।' -ঈমান সবার আগে পৃ: ৩১

'প্রকৃতপক্ষে কোনো তাগূত ব্যক্তি বা দলের বানানো আইন-কানুন হচ্ছে সত্য দ্বীন ইসলামের বিপরীতে বিভিন্ন 'ধর্ম', যা থেকে সম্পর্কচ্ছেদ করা ছাড়া ঈমান সাব্যস্ত হয় না। আল্লাহর বিরুদ্ধে কিংবা আল্লাহর সাথে তাগূতের উপাসনা বা আনুগত্য করা কিংবা তা বৈধ মনে করা, তদ্রূপ আল্লাহর দ্বীনের মোকাবেলায় বা তার সাথে তাগূতের আইন-কানুন গ্রহণ করা বা গ্রহণ করাকে বৈধ মনে করা সরাসরি কুফর ও শিরক। তাগূত ও তার বিধি-বিধান থেকে সম্পর্কচ্ছেদ ছাড়া ঈমানের দাবি নিফাক ও মুনাফিকী।' -ঈমান সবার আগে ৭৩-৭৪

ঈমান ও কুফরের সমন্বয় পদ্ধতি

এমতাবস্থায় তাগুতের সংবিধানে ও তাগুতের আদালতে আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মেনে নেয়ার পদ্ধতি কী? এর পদ্ধতি হতে পারে কয়েকটি যা কুরআনে বিবৃত হয়েছে। যথা:

এক. ইসলাম ও মুসলমানদের সঙ্গে ঠাট্টা

﴿وَإِذَا لَقُوا الَّذِينَ آمَنُوا قَالُوا آمَنَّا وَإِذَا خَلَوْا إِلَىٰ شَيَاطِينِهِمْ قَالُوا إِنَّا مَعَكُمْ إِنَّمَا نَحْنُ مُسْتَهْزِئُونَ﴾ {سورة البقرة: ١٤}

"আর যখন তারা মুমিনদের সাথে মিলিত হয় তখন বলে, আমরা ঈমান এনেছি এবং যখন তাদের শয়তানদের সাথে একান্তে মিলিত হয় তখন বলে, নিশ্চয় আমরা তোমাদের সাথে আছি। আমরা তো কেবল উপহাসকারী।" -সূরা বাকারা ১৪

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

দুই. ঈমানের অভিনয়

وَإِذَا لَقُوا الَّذِينَ آمَنُوا قَالُوا آمَنَّا وَإِذَا خَلَا بَعْضُهُمْ إِلَى بَعْضٍ قَالُوا أَتُحَدِّثُونَهُمْ بِمَا فَتَحَ اللَّهُ عَلَيْكُمْ لِيُحَاجُّوكُمْ بِهِ عِنْدَ رَبِّكُمْ أَفَلَا تَعْقِلُونَ.

{سورة البقرة: ٧٦}

"যখন তারা মুমিনদের সাথে সাক্ষাৎ করে তখন বলে, আমরা ঈমান এনেছি। আর যখন তারা একে অপরের সঙ্গে একান্তে মিলিত হয় তখন বলে, তোমরা কি তাদের সঙ্গে সে কথা আলোচনা কর যা আল্লাহ তোমাদের কাছে উন্মুক্ত করেছেন, যাতে তারা এর মাধ্যমে তোমাদের রবের নিকট তোমাদের বিরুদ্ধে দলীল পেশ করবে? তবে কি তোমরা বোঝ না?" -সূরা বাকারা ৭৬

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

তিন. কিছু ঈমান কিছু কুফর

﴿أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ فَمَا جَزَاءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ﴾ {سورة البقرة: ٨٥}

"তোমরা কি কিতাবের কিছু অংশের উপর ঈমান রাখ আর কিছু অংশ অস্বীকার কর? সুতরাং তোমাদের মধ্যে যারা তা করে দুনিয়ার জীবনে লাঞ্ছনা ছাড়া তাদের কী প্রতিদান হতে পারে? আর কেয়ামতের দিনে তাদেরকে কঠিনতম আযাবে নিক্ষেপ করা হবে। আর তোমরা যা কর আল্লাহ সে সম্পর্কে গাফেল নন।" -সূরা বাকারা ৮৫

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

চার. আল্লাহ ও মুমিনদের ধোঁকা দেয়া

﴿وَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ آمَنَّا بِاللَّهِ وَبِالْيَوْمِ الْآخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِينَ. يُخَادِعُونَ اللَّهَ وَالَّذِينَ آمَنُوا وَمَا يَخْدَعُونَ إِلَّا أَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ. فِي

قُلُوبِهِمْ مَرَضٌ فَزَادَهُمُ اللَّهُ مَرَضًا وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْذِبُونَ. وَإِذَا قِيلَ لَهُمْ لَا تُفْسِدُوا فِي الْأَرْضِ قَالُوا إِنَّمَا نَحْنُ مُصْلِحُونَ. أَلَا إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ وَلَكِنْ لَا يَشْعُرُونَ﴾ {سورة البقرة: ٨-١٢}

"আর মানুষের মধ্যে কিছু এমন আছে যারা বলে, আমরা ঈমান এনেছি আল্লাহর প্রতি এবং শেষ দিনের প্রতি; অথচ তারা মুমিন নয়। তারা আল্লাহকে এবং যারা ঈমান এনেছে তাদেরকে ধোঁকা দিচ্ছে। অথচ তারা নিজেদেরকেই ধোঁকা দিচ্ছে এবং তারা তা অনুধাবন করে না। তাদের অন্তরসমূহে রয়েছে ব্যাধি। সুতরাং আল্লাহ তাদের ব্যাধি বাড়িয়ে দিয়েছেন। আর তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব। কারণ তারা মিথ্যা বলত। আর যখন তাদেরকে বলা হয়, তোমরা যমীনে ফাসাদ করো না, তারা বলে, আমরা তো কেবল সংশোধনকারী। জেনে রাখ, নিশ্চয় তারা ফাসাদকারী; কিন্তু তারা বোঝে না।" -সূরা বাকারা ৮-১২

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

পাঁচ. তাগুতের প্রতি আস্থাসহ ঈমান

﴿أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا﴾ {سورة النساء: ٦٠}

"তুমি কি তাদেরকে দেখনি, যারা দাবী করে যে, নিশ্চয় তারা ঈমান এনেছে তার উপর, যা নাযিল করা হয়েছে তোমার প্রতি এবং যা নাযিল করা হয়েছে তোমার পূর্বে। তারা তাগূতের কাছে বিচার নিয়ে যেতে চায়; অথচ তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে তাকে অস্বীকার করতে। আর শয়তান চায় তাদেরকে ঘোর বিভ্রান্তিতে বিভ্রান্ত করতে।" -সূরা নিসা ৬০

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

ছয়. বরাদ্দ সমান, বণ্টনে সমস্যা

﴿فَقَالُوا هَذَا لِلَّهِ بِزَعْمِهِمْ وَهَذَا لِشُرَكَائِنَا فَمَا كَانَ لِشُرَكَائِهِمْ فَلَا يَصِلُ إِلَى اللَّهِ وَمَا كَانَ لِلَّهِ فَهُوَ يَصِلُ إِلَى شُرَكَائِهِمْ سَاءَ مَا يَحْكُمُونَ﴾ {سورة الأنعام: ١٣٦}

"অতঃপর তাদের ধারণা অনুসারে তারা বলে, এটি আল্লাহর জন্য এবং এটি আমাদের শরিকদের জন্য। অতঃপর যা তাদের শরীকদের জন্য তা আল্লাহর নিকট পৌঁছে না, আর যা আল্লাহর জন্য তা তাদের শরীকদের নিকট পৌঁছে যায়। তারা যে ফয়সালা করে তা কতই না মন্দ!" -সূরা আনআম ১৩৪

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

সাত. ঈমানের স্বার্থে শিরক

﴿عن ابن عباس رضي الله عنهما قال: كان المشركون يقولون: لبيك لاشريك لك، قال: فيقول رسول الله صلى الله عليه وسلم: ويلكم قد قد! فيقولون: إلا شريكا هو لك تملكه وما ملك، يقولون هذا وهم يطوفون بالبيت﴾ {مسلم : رقم الحديث: ١١٨٥}

"ইবনে আব্বাস রা. বলেন, মুশরিকরা বলতো, লাব্বাইকা লা শারীকা লাকা। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেন, ধ্বংস তোমাদের জন্য, থাম থাম। তখন তারা বলত, ইল্লা শারীকান হুয়া লাকা তামলিকুহু ওয়ামা মালাক। তারা এটা বলত আর বাইতুল্লাহর তাওয়াফ করতে থাকত।" -সহীহ মুসলিম, হাদীস নং : ১১৮৫

এটি একটি অপূর্ব সমন্বয় এবং সুস্পষ্ট কুফর। এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

আট. ঈমান কুফর খেলা

﴿وَقَالَتْ طَائِفَةٌ مِنْ أَهْلِ الْكِتَابِ آمِنُوا بِالَّذِي أُنْزِلَ عَلَى الَّذِينَ آمَنُوا وَجْهَ النَّهَارِ وَاكْفُرُوا آخِرَهُ لَعَلَّهُمْ يَرْجِعُونَ. وَلَا تُؤْمِنُوا إِلَّا لِمَنْ تَبِعَ دِينَكُمْ﴾ {سورة آل عمران: ٧٢-٧٣}

"আর কিতাবীদের এক দল বলে, মুমিনদের উপর যা নাযিল করা হয়েছে তোমরা তার প্রতি দিনের প্রথম ভাগে ঈমান আন, আর তার শেষ ভাগে কুফরী কর; যাতে তারা ফিরে আসে। আর তোমরা কেবল তাদেরকে

বিশ্বাস কর যারা তোমাদের ধর্মের অনুসরণ করে।" -সূরা আল ইমরান ৭২-৭৩

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

নয়. মধ্যমপন্থী ঈমানদার

إِنَّ الَّذِينَ يَكْفُرُونَ بِاللَّهِ وَرُسُلِهِ وَيُرِيدُونَ أَنْ يُفَرِّقُوا بَيْنَ اللَّهِ وَرُسُلِهِ وَيَقُولُونَ نُؤْمِنُ بِبَعْضٍ وَنَكْفُرُ بِبَعْضٍ وَيُرِيدُونَ أَنْ يَتَّخِذُوا بَيْنَ ذَٰلِكَ سَبِيلًا. أُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ حَقًّا وَأَعْتَدْنَا لِلْكَافِرِينَ عَذَابًا مُهِينًا. {سورة النساء: ١٥٠-١٥١}

"নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রাসূলের সাথে কুফরী করে এবং আল্লাহ ও তাঁর রাসূলগণের মধ্যে পার্থক্য করতে চায় এবং বলে, আমরা কতককে বিশ্বাস করি আর কতকের সাথে কুফরী করি। আর তারা এর মাঝামাঝি একটি পথ গ্রহণ করতে চায়।" -সূরা নিসা ১৫০-১৫১

এ সমন্বয় আছে। চলমান অবস্থায় আছে।

দশ. সত্যের যতটুকু মনোবৃত্তি পূরণ করে

﴿أَمْ لَمْ يَعْرِفُوا رَسُولَهُمْ فَهُمْ لَهُ مُنْكِرُونَ. أَمْ يَقُولُونَ بِهِ جِنَّةٌ بَلْ جَاءَهُمْ بِالْحَقِّ وَأَكْثَرُهُمْ لِلْحَقِّ كَارِهُونَ. وَلَوِ اتَّبَعَ الْحَقُّ أَهْوَاءَهُمْ لَفَسَدَتِ السَّمَاوَاتُ وَالْأَرْضُ وَمَنْ فِيهِنَّ بَلْ أَتَيْنَاهُمْ بِذِكْرِهِمْ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ مُعْرِضُونَ﴾ {سورة المؤمنون: ٦٩-٧١}

"নাকি তারা তাদের রাসূলকে চিনতে পারেনি, ফলে তারা তাকে অস্বীকার করছে? নাকি তারা বলছে যে, তার মধ্যে কোন পাগলামী রয়েছে? না, বরং সে তাদের কাছে সত্য নিয়ে এসেছে, আর তাদের অধিকাংশই সত্যকে অপছন্দ করে। আর সত্য যদি তাদের মনষ্কামনার অনুগামী হত, তবে আসমানসমূহ, যমীন ও এতদোভয়ের মধ্যস্থিত সব কিছু বিপর্যস্ত হয়ে যেত; বরং আমি তাদেরকে দিয়েছি তাদের

উপদেশবাণী। অথচ তারা তাদের উপদেশ হতে মুখ ফিরিয়ে নিচ্ছে।" -সূরা আল-মুমিনূন ৬৯

এ দলটিও এখন অনেক ভারি। কিন্তু অপরাপর কাফেরদের মত এদেরকেও আমরা চিনতে পারছি না। যারা তাদের মনস্কামনার অনুগামী শরীয়তের বিধানগুলোর প্রতি অনুরাগ প্রকাশ করে।

তবে এগুলোর একটিও আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে গ্রহণ করা নয়। এগুলোর প্রত্যেকটিই কুফর।

ইমানের কুফরমুক্ত পদ্ধতি

আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাত হচ্ছে-

এক. মনোবৃত্তি শতভাগ পদদলিত

﴿وَكَذَٰلِكَ أَنزَلْنَاهُ حُكْمًا عَرَبِيًّا وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُم بَعْدَ مَا جَاءَكَ مِنَ الْعِلْمِ مَا لَكَ مِنَ اللَّهِ مِن وَلِيٍّ وَلَا وَاقٍ﴾ {سورة الرعد: ٣٧}

"আর এভাবেই আমি কুরআনকে বিধানস্বরূপ আরবীতে নাযিল করেছি। তোমার নিকট জ্ঞান পৌঁছার পরও যদি তুমি তাদের খেয়াল খুশির অনুসরণ কর, আল্লাহ ছাড়া তোমার কোন অভিভাবক ও রক্ষাকারী নেই।" -সূরা রাদ ৩৭

গণতান্ত্রিক মানবিক খায়েশের অনুসরণ করার কোন সুযোগ নেই।

দুই. ঈমানের বিপরীতে কোন এখতিয়ার নেই

﴿وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَن يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَن يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا مُّبِينًا﴾ {سورة الأحزاب: ٣٦}

"আর আল্লাহ ও তাঁর রাসূল কোন নির্দেশ দিলে কোন মুমিন পুরুষ ও নারীর জন্য নিজেদের ব্যাপারে অন্য কিছু এখতিয়ার করার অধিকার থাকে না; আর যে আল্লাহ ও তাঁর রাসূলকে অমান্য করল সে স্পষ্টই পথভ্রষ্ট হবে।" -সূরা আহযাব ৩৬

শরয়ী আইনের উপস্থিতিতে গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ কোন আইনের কোন প্রকার অনুসরণের কোন বৈধতা নেই। এ ক্ষেত্রে কারো কোন এখতিয়ার নেই।

তিন. অমুসলিমের কাছে কোন কামনা নেই

﴿وَلَنْ تَرْضَى عَنْكَ الْيَهُودُ وَلَا النَّصَارَى حَتَّى تَتَّبِعَ مِلَّتَهُمْ قُلْ إِنَّ هُدَى اللَّهِ هُوَ الْهُدَى وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُمْ بَعْدَ الَّذِي جَاءَكَ مِنَ الْعِلْمِ مَا لَكَ مِنَ اللَّهِ مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ﴾ {سورة البقرة: ١٢٠}

"আর ইহূদী ও নাসারারা কখনো তোমার প্রতি সন্তুষ্ট হবে না, যতক্ষণ না তুমি তাদের মিল্লাতের অনুসরণ কর। বল, নিশ্চয় আল্লাহর হিদায়াতই হিদায়াত। আর যদি তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ কর তোমার কাছে যে জ্ঞান এসেছে তারপর, তাহলে আল্লাহর বিপরীতে তোমার কোন অভিভাবক ও সাহায্যকারী থাকবে না।" -সূরা বাকারা ১২০

একজন মুসলিম তার ঈমানের যতটুকু বিক্রয় করে দেবে অমুসলিম ততটুকু পরিমাণই তার উপর সন্তুষ্ট হবে।

চার. কুরআনের অনুসরণের কোন বিকল্প নেই

﴿وَأَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتَابِ وَمُهَيْمِنًا عَلَيْهِ فَاحْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ عَمَّا جَاءَكَ مِنَ الْحَقِّ لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَكِنْ لِيَبْلُوَكُمْ فِي مَا آتَاكُمْ فَاسْتَبِقُوا الْخَيْرَاتِ إِلَى اللَّهِ مَرْجِعُكُمْ جَمِيعًا فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيهِ تَخْتَلِفُونَ﴾ {سورة المائدة: ٤٨}

"আর আমি তোমার প্রতি কিতাব নাযিল করেছি যথাযথভাবে, এর পূর্বের কিতাবের সত্যায়নকারী ও এর উপর তদারককারীরূপে। সুতরাং আল্লাহ যা নাযিল করেছেন, তুমি তার মাধ্যমে ফয়সালা কর এবং তোমার নিকট যে সত্য এসেছে, তা ত্যাগ করে তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। তোমাদের প্রত্যেকের জন্য আমি নির্ধারণ করেছি শরীআত ও স্পষ্ট পন্থা

এবং আল্লাহ যদি চাইতেন তবে তোমাদেরকে এক উম্মত বানাতেন। কিন্তু তিনি তোমাদেরকে যা দিয়েছেন তাতে তোমাদেরকে পরীক্ষা করতে চান। সুতরাং তোমরা ভাল কাজে প্রতিযোগিতা কর। আল্লাহরই দিকে তোমাদের প্রত্যাবর্তনস্থল। অতঃপর তিনি তোমাদেরকে অবহিত করবেন যা নিয়ে তোমরা মতবিরোধ করতে।" -সূরা মায়েদাহ ৪৮

সংখ্যাগরিষ্ঠ জনগণ যাই চাইবে তারই অনুসরণ করা যাবে না।

পাঁচ. কুরআনের একটি বিষয়েও সমঝোতার সুযোগ নেই

﴿وَأَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَنْ يَفْتِنُوكَ عَنْ بَعْضِ مَا أَنْزَلَ اللَّهُ إِلَيْكَ فَإِنْ تَوَلَّوْا فَاعْلَمْ أَنَّمَا يُرِيدُ اللَّهُ أَنْ يُصِيبَهُمْ بِبَعْضِ ذُنُوبِهِمْ وَإِنَّ كَثِيرًا مِنَ النَّاسِ لَفَاسِقُونَ. أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ﴾ {سورة المائدة: ٤٩-٥٠}

"আর তাদের মধ্যে তার মাধ্যমে ফয়সালা কর যা আল্লাহ নাযিল করেছেন এবং তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। আর তাদের থেকে সতর্ক থাক যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তার কিছু থেকে তারা তোমাকে বিচ্যুত করবে। অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে জেনে রাখ যে, আল্লাহ তো কেবল তাদেরকে তাদের কিছু পাপের কারণেই আযাব দিতে চান। আর মানুষের অনেকেই ফাসেক। তারা কি তবে জাহেলিয়্যাতের বিধান চায়? আর নিশ্চিত বিশ্বাসী কওমের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে কে অধিক উত্তম?" -সূরা মায়েদাহ ৪৯-৫০

আল্লাহ প্রদত্ত আইনের সামান্য কিছু থেকেও বিমুখ হওয়ার সুযোগ নেই। তবে সামান্য কিছু থেকেও বিচ্যুত করার জন্যও শয়তান ও কাফেররা আপ্রাণ চেষ্টা করে থাকে।

ছয়. গায়রুল্লাহর অনুসরণ মানেই অন্ধকার

﴿وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُمْ مِنْ بَعْدِ مَا جَاءَكَ مِنَ الْعِلْمِ إِنَّكَ إِذًا لَمِنَ الظَّالِمِينَ﴾ {سورة البقرة: ١٤٥}

"আর যদি তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ কর তোমার নিকট জ্ঞান আসার পর তবে নিশ্চয় তুমি তখন যালিমদের অন্তর্ভুক্ত।" -সূরা বাকারা ১৪৫

গণতান্ত্রিক মনষ্কামনার অনুসরণ করলে যালিমদের অন্তর্ভুক্ত হতেই হবে। এর কোন বিকল্প নেই।

সাত. জাহালাতের অনুসরণ বাঁচাতে পারবে না

﴿ثُمَّ جَعَلْنَاكَ عَلَى شَرِيعَةٍ مِنَ الْأَمْرِ فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ أَهْوَاءَ الَّذِينَ لَا يَعْلَمُونَ. إِنَّهُمْ لَنْ يُغْنُوا عَنْكَ مِنَ اللَّهِ شَيْئًا وَإِنَّ الظَّالِمِينَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَاللَّهُ وَلِيُّ الْمُتَّقِينَ﴾ {سورة الجاثية: ١٨-١٩}

"অতঃপর আমি তোমাকে দ্বীনের এক বিশেষ বিধানের উপর প্রতিষ্ঠিত করেছি। সুতরাং তুমি তার অনুসরণ কর এবং যারা জানে না তাদের খেয়াল খুশীর অনুসরণ করো না। তারা আল্লাহর মোকাবেলায় তোমার কোন কাজে আসবে না। আর নিশ্চয় যালিমরা মূলত একে অপরের বন্ধু এবং আল্লাহ মুত্তাকীদের বন্ধু।" -সূরা জাসিয়া ১৮-১৯

গণতান্ত্রিক মানব রচিত মনষ্কামনার সমষ্টি হচ্ছে একটি মূর্খতাসমগ্র। এর কাছে মুসলমানের পাওয়ার মত কিছুই নেই। এক মূর্খ আরেক মূর্খের কাছে অনেক মূর্খতা পেতে পারে, কিন্তু মুসলমান তা গ্রহণ করলে তার ধ্বংস অনিবার্য।

আট. দ্বিধামুক্ত ঈমান লাগবে

﴿كِتَابٌ أُنْزِلَ إِلَيْكَ فَلَا يَكُنْ فِي صَدْرِكَ حَرَجٌ مِنْهُ لِتُنْذِرَ بِهِ وَذِكْرَى لِلْمُؤْمِنِينَ. اتَّبِعُوا مَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ وَلَا تَتَّبِعُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ قَلِيلًا مَا تَذَكَّرُونَ﴾ {سورة الأعراف: ٢-٣}

"এটি কিতাব, যা তোমার প্রতি নাযিল হয়েছে। সুতরাং তার সম্পর্কে তোমার মন যেন কোন সংকীর্ণতায় না থাকে। যাতে তুমি তার মাধ্যমে সতর্ক করতে পার এবং তা মুমিনদের জন্য উপদেশ। তোমাদের প্রতি তোমাদের রবের পক্ষ থেকে যা নাযিল করা হয়েছে তা অনুসরণ কর

এবং তাকে ছাড়া অন্য অভিভাবকের অনুসরণ করো না। তোমরা সামান্যই উপদেশ গ্রহণ কর।" -সূরা আরাফ ২-৩

জীবন চলার পথে প্রতিটি পর্বে আল্লাহ প্রদত্ত বিধানই মেনে চলতে হবে। তাঁকে ছেড়ে আর কোন বিন্দুতে কারো অনুসরণ করা যাবে না। হোক সে বিধানদাতা তিনশত/ছয়শত বা আরো বেশি।

নয়. ঈমানের ধারা অভিন্ন

﴿وَالَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرُسُلِهِ وَلَمْ يُفَرِّقُوا بَيْنَ أَحَدٍ مِنْهُمْ أُولَئِكَ سَوْفَ يُؤْتِيهِمْ أُجُورَهُمْ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا﴾ {سورة النساء: ١٥٢}

"যারা ঈমান এনেছে আল্লাহ ও তাঁর রাসূলগণের প্রতি এবং তাদের কারো মধ্যে পার্থক্য করেনি তাদেরকে অচিরেই তিনি তাদের প্রতিদান দিবেন এবং আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।" -সূরা নিসা ১৫২

আল্লাহর সর্বকালের বিধানের কোথাও কোন বৈপরীত্য নেই। প্রত্যেক নবীর আহ্বান এক, দাওয়াত এক, লক্ষ্য-উদ্দেশ্য-গন্তব্য এক। যে মুহাম্মদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দ্বীনকে একমাত্র দ্বীন বলে গ্রহণ করেনি সে মূলত কোন নবীকেই মানেনি, সে সকল নবীকে অস্বীকার করেছে। তাই মুহাম্মদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ধর্ম অস্বীকার করে অন্য ধর্ম গ্রহণ করা মানে সকল সত্য ধর্মকে অস্বীকার করা।

দশ. পূর্ণাঙ্গ ঈমানই ঈমান

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ. فَإِنْ زَلَلْتُمْ مِنْ بَعْدِ مَا جَاءَتْكُمُ الْبَيِّنَاتُ فَاعْلَمُوا أَنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ﴾ {سورة البقرة: ٢٠٨-٢٠٩}

"হে মুমিনগণ, তোমরা ইসলামে পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের জন্য স্পষ্ট শত্রু। অতএব তোমরা যদি পদস্খলিত হও, তোমাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসমূহ আসার পর, তবে জেনে রাখ যে, আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।" -সূরা বাকারা ২০৮-২০৯

কুরআন সুন্নাহর অনুসরণের বাইরে জীবনের কোন অঙ্গন নেই। আল্লাহর বিধানের অন্তর্ভুক্ত হওয়ার বিবেচনায় ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রের কোন ভিন্নতা নেই। অতএব গণতন্ত্রের মনষ্কামনার কাছে নিজের আকীদা বিশ্বাস ও শ্রদ্ধা ভক্তিকে জমা রেখে ইসলামে প্রবেশ করারও সুযোগ নেই।

বাদা-ইউস সানায়ে

আল্লাহর হাকিমিয়্যাত কাকে বলে এবং এর হাকীকত কী তা অনুধাবন করার জন্য ফিকহে হানাফীর প্রসিদ্ধ কিতাব 'বাদাইউস সানায়ে' এর বক্তব্যের দৃঢ়তা দেখুন-

﴾والحديث محمول على القاضي الجاهل، أو العالم الفاسق، أو الطالب الذي لا يأمن على نفسه الرشوة، فيخاف أن يميل إليها، توفيقا بين الدلائل، هذا إذا كان في البلد عدد يصلحون للقضاء، فأما إذا كان لم يصلح له إلا رجل واحد؛ فإنه يفترض عليه القبول إذا عرض عليه، لأنه إذا لم يصلح له غيره، تعين هو **لإقامة هذه العبادة**، فصار فرض عين عليه، إلا أنه لا بد من التقليد، فإذا قلد افترض عليه القبول على وجه لو امتنع من القبول يأثم، كما في سائر فروض الأعيان. والله - سبحانه وتعالى- أعلم﴿ {بدائع الصنائع : ١٤/٤١٢}

"...... হাদীসটি মূর্খ বিচারপতি বা ফাসেক আলেমের ক্ষেত্রে। অথবা ঐ পদপ্রার্থীর ক্ষেত্রে যে ঘুষ গ্রহণের ব্যাপারে নিজের উপর আস্থাশীল নয়। ফলে সে ঐ দিকে ঝুঁকে যেতে পারে। এর দ্বারা দলিলগুলোর পরস্পরে সামঞ্জস্য সাধন করা হয়েছে। আর তা তখন প্রযোজ্য যখন শহরে একাধিক ব্যক্তি এমন থাকবে যাদের প্রত্যেকে বিচারপতি হওয়ার উপযুক্ত। কিন্তু যদি একজন ব্যতীত উপযুক্ত আর কোন লোক না থাকে তাহলে বিচারের দায়িত্ব গ্রহণ করা তার জন্য ফরয হয়ে যাবে। কেননা যখন সে ব্যতীত উপযুক্ত আর কেউ থাকবে না তখন এ ইবাদতটি আদায় করার জন্য সেই নির্ধারিত হয়ে যাবে। তখন তার উপর এ দায়িত্ব গ্রহণ করা ফরযে আইন হয়ে যাবে। তবে তার জন্য তাকলীদ আবশ্যক।

সুতরাং সে যখন তাকলীদ করবে তার তা গ্রহণ করা এমনভাবে ফরয হয়ে যাবে যে, সে যদি গ্রহণ করতে বিরত থাকে তাহলে সে গুনাহগার হবে। যেমন হয়ে থাকে সব ধরনের ফরয়ে আইনের ক্ষেত্রে ...।" -বাদা-ইউস সানায়ে : ১৪/৪১২

তাই তা ইবাদত

সুতরাং আল্লাহর হাকিমিয়্যাত মানেই আল্লাহ প্রদত্ত শরীয়াহ-বিধিবিধান বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ। শরীয়ার বাস্তবায়ন ছাড়া এখানে শাসক ও বিচারকের আর কোন কাজ নেই। আল্লাহর হাকিমিয়্যার আর কোন অর্থ নেই। এ জন্যই তা এক পর্যায়ে এসে ফরযে আইনে রূপান্তরিত হয়েছে। মুসান্নিফের ভাষায় এটা ইবাদত, এটা ফরযে আইন। এ দায়িত্ব গ্রহণ না করলে গুনাহগার হবে। আল্লাহু আকবার!!

আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাত বাস্তবায়ন একটি ফরয দায়িত্ব। দায়িত্বটি এ পর্যায়ের ফরয দায়িত্ব যে, তা পালন করার মত কাউকে না পাওয়া গেলে যাকে পাওয়া যাবে তাকে এ দায়িত্ব পালন করার জন্য বাধ্য করা যাবে। তাঁর পক্ষ থেকে কাযার এ দায়িত্ব পালন কোন না কোন মুসলমানকে করতেই হবে। এখানে আবেগী শব্দের কোন স্থান নেই। সোনালী রূপালী কথার কোন বৈধতা নেই।

এ ফরয দায়িত্ব দারুল ইসলামে আলাদা শরীয়া বেঞ্চ তৈরি করে আদায় হওয়ার কোন সুযোগ নেই। এ হাকিমিয়্যাত কখনো গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ প্রাসাদে প্রয়োগ করার বিষয় নয়। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতাকে ঝাড়ুপেটা করার আগ পর্যন্ত এ হাকিমিয়্যাতের কল্পনাই করা যায় না। সংখ্যাগরিষ্ঠের মতামতকে পদদলিত করার আগ পর্যন্ত আল্লাহর হাকিমিয়্যাতের কোন চিন্তাই করা যায় না।

গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ প্রাসাদে আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মেনে নেয়া হয়েছে -এমন নির্জলা মিথ্যা কথা বিশ্বাস করার মত সময় আর রয়নি। এসব মিথ্যা ও ধোঁকার বয়স এখন অনেক। এর শুরু শেষ দেখার মত মুসলমানের সংখ্যাও এখন অনেক। তাই

﴿أَفَتُؤْمِنُونَ بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ فَمَا جَزَاءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ﴾ {سورة البقرة: ٨٥}

আয়াতে যাদের চরিত্র তুলে ধরা হয়েছে তাদের অনুসরণ ও অনুকরণের কোন প্রয়োজন নেই। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের অনুসারী শাসকবর্গ তাদের স্বার্থের জন্য আমাদেরকে ধোঁকা দিতে পারে, কিন্তু আমরা ও আমাদের কর্ণধারগণ সে ধোঁকায় পড়তে পারেন না। যারা আখেরাতকে বিশ্বাস করে না তারা নির্জলা মিথ্যা বলতে পারে, দলিল ও বাস্তবের সঙ্গে সাংঘর্ষিক এ মিথ্যাকে আমরা ও আমাদের অগ্রপথিকগণ বিশ্বাস করতে পারেন না। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ প্রাসাদের অধিপতিরা নির্জলা মিথ্যা বলতে পারে, ধোঁকা দিতে পারে, কারণ এটাই তাদের পুঁজি। কিন্তু তাই বলে আমরা সে মিথ্যা ধোঁকা খেতে পারি না, রাসূলে আরাবীর উম্মত সে ধোঁকা খেতে পারে না, উম্মতের অগ্রপথিক কর্ণধারগণ সে ধোঁকা খেতে পারেন না।

আততাশরীউল জিনাঈ

গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা ভিত্তিক মানবরচিত আইন একটি কুফরী আইন। গণতান্ত্রিক সংবিধান একটি কুফরী সংবিধান। শরয়ী বিধানকে অপসারিত করে মানবরচিত গণতান্ত্রিক আইন প্রতিষ্ঠার জন্য এ সকল আয়োজন। এমতাবস্থায় মুসলমানদের কর্ণধার দাবি করছেন, মানবরচিত গণতান্ত্রিক আইনের মূল স্তম্ভ বানানো হয়েছে আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে। দুর্ভাগ্যক্রমে প্রজন্ম সে কথাগুলো বিশ্বাস করতে ও মানতে বাধ্য হচ্ছে।

অথচ 'আততাশরীউল জিনাঈ'র বক্তব্য দেখুন-

ومن الأمثلة الظاهرة على الكفر بالامتناع فى عصرنا الحاضر الامتناع عن الحكم بالشريعة الإسلامية وتطبيق القوانين الوضعية بدلاً منها، والأصل فى الإسلام أن الحكم بما أنزل الله واجب وأن

الحكم بغير ما أنزل الله محرم، ونصوص القرآن صريحة وقاطعة فى هذه المسألة. فالله جل شأنه يقول:

{إِنِ الْحُكْمُ إِلاَّ لِلّهِ} [يوسف:٤٠]، ويقول: {وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللّهُ فَأُوْلَئِكَ هُمُ الْفَاسِقُونَ} [المائدة:٤٧]، ويقول: {وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللّهُ فَأُوْلَئِكَ هُمُ الظَّالِمُونَ} [المائدة:٤٥]، ويقول : {وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللّهُ فَأُوْلَئِكَ هُمُ الْكَافِرُونَ} [المائدة:٤٤]، ويقول: {اتَّبِعُواْ مَا أُنزِلَ إِلَيْكُم مِّن رَّبِّكُمْ وَلاَ تَتَّبِعُواْ مِن دُونِهِ أَوْلِيَاء قَلِيلاً مَّا تَذَكَّرُونَ} [الأعراف:٣]، ويقول: {ثُمَّ جَعَلْنَاكَ عَلَى شَرِيعَةٍ مِّنَ الأَمْرِ فَاتَّبِعْهَا وَلا تَتَّبِعْ أَهْوَاء الَّذِينَ لا يَعْلَمُونَ} [الجاثية:١٨]، ويقول: {فَإِن لَّمْ يَسْتَجِيبُوا لَكَ فَاعْلَمْ أَنَّمَا يَتَّبِعُونَ أَهْوَاءهُمْ وَمَنْ أَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوَاهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللَّهِ إِنَّ اللَّهَ لا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ} [القصص:٥٠]، ويقول: {وَأَنزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتَابِ وَمُهَيْمِنًا عَلَيْهِ فَاحْكُم بَيْنَهُم بِمَا أَنزَلَ اللّهُ وَلاَ تَتَّبِعْ أَهْوَاءهُمْ عَمَّا جَاءكَ مِنَ الْحَقِّ لِكُلٍّ جَعَلْنَا مِنكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا} [المائدة:٤٨]، وقوله: {أَفَغَيْرَ دِينِ اللّهِ يَبْغُونَ وَلَهُ أَسْلَمَ مَن فِي السَّمَاوَاتِ وَالأَرْضِ طَوْعًا وَكَرْهًا وَإِلَيْهِ يُرْجَعُونَ} [آل عمران:٨٣]، وقوله: {وَمَن يَبْتَغِ غَيْرَ الإِسْلاَمِ دِينًا فَلَن يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ} [آل عمران:٨٥]. {التشريع الجنائي في الاسلام: ٢٨٢/٤}

"কবুল না করে বিরত থাকার কুফরের স্পষ্ট উদাহরণগুলোর মধ্যে রয়েছে, আমাদের বর্তমান যামানায় ইসলামী শরীয়ত অনুযায়ী বিচার করা থেকে বিরত থাকা এবং এর স্থলে মানবরচিত আইনের বাস্তবায়ন

করা। ইসলামের মূলনীতি হচ্ছে, আল্লাহকর্তৃক অবতীর্ণ বিধান অনুযায়ী বিচার করা ওয়াজিব, আর আল্লাহ যা নাযিল করেননি তা অনুযায়ী বিচার করা হারাম। এ বিষয়ে কুরআনের বক্তব্যসমূহ স্পষ্ট ও অকাট্য। যেমন দেখুন আল্লাহ তাআলা বলেন-

"বিধান একমাত্র আল্লাহরই।" (ইউসুফ ৪০) এবং তিনি বলেন, "আর আল্লাহ যা নাযিল করেছেন তার মাধ্যমে যারা ফায়সালা করে না তারাই ফাসেক।" (মায়েদা ৪৭) এবং তিনি বলেন, "আর আল্লাহ যা নাযিল করেছেন তার মাধ্যমে যারা ফায়সালা করে না তারাই যালিম।" (মায়েদা ৪৫) এবং তিনি বলেন, "আর আল্লাহ যা নাযিল করেছেন তার মাধ্যমে যারা ফায়সালা করে না তারাই কাফের।" (মায়েদা ৪৪) এবং তিনি বলেন, "তোমাদের প্রতি তোমাদের রবের পক্ষ থেকে যা নাযিল করা হয়েছে তা অনুসরণ কর এবং তাকে ছাড়া অন্য অভিভাবকের অনুসরণ করো না। তোমরা সামান্যই উপদেশ গ্রহণ কর।" (আরাফ ৩) এবং তিনি বলেন, "অতঃপর আমি তোমাকে দ্বীনের এক বিশেষ বিধানের উপর প্রতিষ্ঠিত করেছি। সুতরাং তুমি তার অনুসরণ কর এবং যারা জানে না তাদের খেয়াল খুশীর অনুসরণ করো না।" (জাসিয়াহ ১৮) এবং তিনি বলেন, "অতঃপর তারা যদি তোমার আহবানে সাড়া না দেয় তাহলে জেনে রাখ, তারা তো নিজেদের খেয়াল খুশির অনুসরণ করে। আর আল্লাহর দিক নির্দেশনা ছাড়া যে নিজের খেয়াল খুশির অনুসরণ করে তার চাইতে অধিক পথভ্রষ্ট আর কে? নিশ্চয় আল্লাহ যালিম কওমকে হিদায়াত করেন না।" (কাসাস ৫০) এবং তিনি বলেন, "আর আমি তোমার প্রতি কিতাব নাযিল করেছি যথাযথভাবে, এর পূর্বের কিতাবের সত্যায়নকারী ও এর উপর তদারককারীরূপে। সুতরাং আল্লাহ যা নাযিল করেছেন, তুমি তার মাধ্যমে ফয়সালা কর এবং তোমার নিকট যে সত্য এসেছে, তা ত্যাগ করে তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। তোমাদের প্রত্যেকের জন্য আমি নির্ধারণ করেছি শরীআত ও স্পষ্ট পন্থা।" (মায়েদা ৪৮) এবং তাঁর বাণী, "তারা কি আল্লাহর দ্বীনের পরিবর্তে অন্য কিছু তালাশ করছে? অথচ আসমানসমূহ ও যমীনে যা আছে তা তাঁরই আনুগত্য করে ইচ্ছায় কিংবা অনিচ্ছায় এবং তাদেরকে তাঁরই নিকট প্রত্যাবর্তন করা হবে।" (আল ইমরান ৮৩) এবং তাঁর বাণী, "আর যে ইসলাম ছাড়া অন্য কোন

দ্বীন চায় তবে তার কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।" (মায়েদা ৮৫)

-আততাশরীউল জিনাঈ ফিল ইসলাম : ৪/২৮২

মানবরচিত গণতান্ত্রিক কুফরী আইন কুফরী হওয়ার বিষয়ে কোন অস্পষ্টতা নেই। এর অবস্থান এক মেরুতে। আর যে আইনের ভিত্তি আল্লাহর হাকিমিয়্যাতের উপর তার অবস্থান সম্পূর্ণ বিপরীত মেরুতে। এরপরও দাবি করা হচ্ছে, মানবরচিত গণতান্ত্রিক কুফরী আইনের মূল ভিত্তি রাখা হয়েছে আল্লাহর হাকিমিয়্যাতের উপর।

ফিকহের সিদ্ধান্তের আলোকে সমকালীন ফাতওয়া

মানবরচিত গণতান্ত্রিক কুফরী আইন ও আল্লাহর হাকিমিয়্যাতের সমন্বিত কোন রূপ নেই এ বিষয়টি সমকালীন ওলামায়ে কেরামের বিভিন্ন গবেষণায় উঠে এসেছে এবং সমকালীন বিভিন্ন ফাতাওয়ায় এ পার্থক্যরেখা বিভিন্নভাবে তুলে ধরা হয়েছে । যারা এখনও বিপরীত দু'টি বিষয়কে সমন্বয় করার চেষ্টা করছেন এবং যারা মনে করছেন, মানবরচিত গণতান্ত্রিক কুফরী আইনের মূল ভিত্তি হিসাবে আল্লাহর হাকিমিয়্যাতকে স্বীকার করা সম্ভব, তারা এ বিষয়গুলোর প্রতি দৃষ্টিপাত করতে হবে। সমকালীন সিদ্ধান্তের কয়েকটি উদাহরণ দেখুন-

আশশাইখ আহমাদ শাকের (মৃঃ ১৩৭৭ হিঃ)

إن الأمر في هذه القوانين الوضعية واضح وضوح الشمس، هي كفر بواح، لا خفاء فيه ولا مداورة، ولا عذر لأحد ممن ينتسبون للإسلام – كائناً من كان– في العمل بها أو الخضوع لها أو إقرارها، فليحذر امرؤ لنفسه، وكل امرئ حسيب نفسه.

ألا فليصدع العلماء بالحق غير هيابين، وليبلغوا ما أمروا بتبليغه، غير موانين ولا مقصرين.

سيقول عني عبيد هذ "الياسق العصري" وناصروه: أني جامد، وأني رجعي، وما إلى ذلك من الأقاويل. فليقولوا ما شاؤوا، فما عبأت يوماً ما

بما يقال عني، ولكني قلت ما يجب أن أقول. (عمدة التفسير لأحمد شاكر ٦٩٧/١).

"এ সকল মানবরচিত আইনের বিষয়টি সূর্যের ন্যায় স্পষ্ট, আর তা হচ্ছে 'কুফরে বাওয়াহ'-প্রকাশ্য কুফর। যার ব্যাপারে কোনো ধরনের অস্পষ্টতা নেই, তার সঙ্গে চলার কোনো সুযোগ নেই এবং কোনো মুসলমান দাবিদারের জন্য -সে যেই হোক না কেনো- সেটি বাস্তবায়ন করা, তার সামনে আত্মসমর্পন করা ও তা স্বীকার করার ক্ষেত্রে কোনো ধরনের 'ওযর' গ্রহণযোগ্য নয়। সুতরাং প্রত্যেকে যেনো সতর্ক হয়ে যায়। কেননা প্রত্যেক ব্যক্তি তার নিজের রক্ষক।
উলামায়ে কেরাম যেনো নির্ভয়ে সত্যকে প্রকাশ করে। যে সকল বিষয় পৌঁছানোর ব্যাপারে তারা আদিষ্ট তা যেনো কোনো ধরনের ত্রুটি ও অবহেলাবিহীন পৌঁছিয়ে দেয়। বর্তমান যুগের 'ইয়াসাক'র অনুসারী ও সাহায্যকারীরা আমাকে গোঁড়া, পশ্চাদমুখী জাতীয় বহু কথা বলবে। তাদের যা ইচ্ছে তাই বলুক। আমার ব্যাপারে কী বলা হলো আমি সেটির তোয়াক্কা কোনোদিন করিনি। যা বলা আমার জন্য অপরিহার্য তা আমি বলেই দিয়েছি।" (উমদাতুত তাফসির ১/৬৯৭)।

আশশাইখ মুহাম্মাদ ইবনে ইবরাহিম আলে শাইখ (মৃ: ১৩৮৯ হি:)

قال الشيخ محمد بن إبراهيم آل الشيخ في رسالته "تحكيم القوانين" – وهو يعد الأحوال التي يكون فيها الحكم بغير ما أنزل الله كفراً أكبر-: "الخامس": وهو أعظمها وأشملها وأظهرها معاندة للشرع ومكابرة لأحكامه ومشاقة لله ولرسوله ومضاهاة بالمحاكم الشرعية، إعداداً وإمداداً وإرصاداً وتأصيلاً وتفريعاً وتشكيلاً وتنويعاً وحكماً وإلزاماً ومراجع مستمدات.

فكما أن للمحاكم الشرعية مراجع ومستمدات مرجعها كلها إلى كتاب الله وسنة رسوله صلى الله عليه وسلم فلهذه المحاكم مراجع،

هي: القانون الملفق من شرائع شتى وقوانين كثيرة، كالقانون الفرنسي والقانون الأمريكي والقانون البريطاني وغيرها من القوانين، ومن مذاهب بعض البدعيين المنتسبين إلى الشريعة وغير ذلك، فهذه المحاكم الآن في كثير من أمصار الإسلام مهيأة مكملة مفتوحة الأبواب، والناس إليها أسراب إثر أسراب، يحكم حكامها بينهم بما يخالف حكم السنة والكتاب من أحكام ذلك القانون وتلزمهم به وتقرهم عليه وتحتمه عليهم، **فأي كفر فوق هذا الكفر وأي مناقضة لشهادة أن محمداً رسول الله بعد هذه المناقضة.** (فتاوى ورسائل لمحمد بن إبراهيم آل الشيخ ٢٨٩/١٢).

"আল্লাহ প্রদত্ত আইনের বিপরীতে বিচার করা যে সকল অবস্থায় 'কুফরে আকবর' হিসেবে সাব্যস্ত হয়, সেগুলো নির্ধারণ করতে গিয়ে মুহাম্মদ ইবনে ইবরাহিম আলে শাইখ তাঁর 'তাহকিমুল কাওয়ানিন' নামক রিসালায় বলেন-

পাঁচ. আর তা প্রস্তুতি, উপকরণ ও পরিকল্পনা, মূল ও শাখা, রূপায়ণ ও শ্রেণিবিন্যাস, কর্তৃত্ব ও বাধ্যকরণ এবং গৃহীত সূত্রের দিক থেকে শরিআতের অবাধ্যতা, ইসলামি বিধি-বিধানের সঙ্গে হটকারিতা, আল্লাহ ও তাঁর রাসুলের বিরোধিতা এবং শরয়ি আদালতের সমকক্ষতা স্থাপনের ক্ষেত্রে (কুফরে আকবরের) সবচেয়ে বৃহৎ, ব্যাপক ও স্পষ্ট প্রকার।

যেমনিভাবে শরয়ি আদালতের বিভিন্ন গৃহীত বিষয় ও উদ্ধৃতিসূত্র আছে, যার সবকটিই আল্লাহর কিতাব ও তাঁর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহ থেকে আহরিত, তেমনিভাবে এ সকল আদালতেরও উদ্ধৃতিসূত্র রয়েছে। আর তা হচ্ছে, বিভিন্ন রহিত শরিআত, ফরাসি, মার্কিন ও বৃটিশ ইত্যাদি আইনসহ অন্যান্য বহু বিধি-বিধান এবং শরিআতের দিকে সম্বন্ধকরা বিভিন্ন বিদআতির মতবাদ ইত্যাদির সমন্বয়ে রচিত আইন। এ আদালতই বর্তমানে বহু মুসলিম রাষ্ট্রে দ্বার উন্মোচন করে পূর্ণমাত্রায় প্রস্তুত হয়ে আছে, আর মানুষ দলে দলে সেদিকে ছুটে

চলছে। এই আদালতের বিচারকরা মানুষদের মাঝে কুরআন ও সুন্নাহর বিধি-বিধানের বিপরীতে ওই আইনের নীতি অনুসারে বিচার করে, সে অনুযায়ী চলতে তাদেরকে বাধ্য করে, সেটির উপর তাদেরকে ধরে রাখে এবং তা তাদের জন্য আবশ্যকীয় করে দেয়। **তো এই কুফরের চেয়ে মারাত্মক কুফর আর কী হতে পারে এবং এই বৈপরিত্যের পর মুহাম্মাদ আল্লাহর রাসুল হওয়ার ব্যাপারে সাক্ষ্য প্রদানের সঙ্গে আর কোন বৈপরীত্য অবশিষ্ট থাকে!"** (ফাতাওয়া ওয়ারাসায়েল ১২/২৮৯)।

আশশাইখ মুহাম্মাদ আলআমিন আশশানকিতি (মৃ: ১৩৯৩ হি:)

وبهذه النصوص السماوية التي ذكرنا يظهر غاية الظهور: أن الذين يتبعون القوانين الوضعية التي شرعها الشيطان على ألسنة أوليائه مخالفة لما شرعه الله جل وعلا على ألسنة رسله صلى الله عليه وسلم، **أنه لا يشك في كفرهم وشركهم إلا من طمس الله بصيرته، وأعماه عن نور الوحي مثلهم.** (أضواء البيان لمحمد الأمين الشنقيطي ٤/١٠٩).

"উপর্যুক্ত 'নুসুসে'র আলোকে সুস্পষ্টভাবে প্রমাণিত যে, যারা শয়তান কর্তৃক তার চেলা-চামুণ্ডাদের মাধ্যমে প্রণীত মানবরচিত আইনের অনুসরণ করে, তা আল্লাহ তাআলার পক্ষ হতে তাঁর বান্দা আম্বিয়া আলাইহিমুস সালামের মাধ্যমে প্রদত্ত শরিআতের সম্পূর্ন বিপরীত। **মানবরচিত আইনের অনুসারীদের কুফর ও শিরকের ব্যাপারে একমাত্র সে ব্যক্তিই সংশয় প্রকাশ করে, তাদের ন্যায় আল্লাহ তাআলা যার অন্তর্দৃষ্টি বিলুপ্ত করেছেন এবং নুরে ওহির ব্যাপারে দৃষ্টিহীন করে দিয়েছেন।"** (আযওয়াউল বায়ান ৪/১০৯)।

আদদুরারুস সানিয়্যাহ

﴿في تفسيره: أن من فعل ذلك فهو كافر بالله، زاد ابن كثير: يجب قتاله، حتى يرجع إلى حكم الله ورسوله.

قال شيخ الإسلام: ولا ريب أن من لم يعتقد وجوب الحكم بما أنزل الله على رسوله فهو كافر؛ ومن استحل أن يحكم بين الناس بما يراه

هو عدلا من غير اتباع لما أنزل الله فهو كافر؛ فإنه ما من أمة إلا وهي تأمر بالحكم بالعدل؛ وقد يكون العدل في دينها ما رآه أكابرهم، بل كثير من المنتسبين إلى الإسلام يحكمون بعاداتهم التي لم ينزلها الله، كسوالف البوادي، وكأوامر المطاعين في عشائرهم، ويرون أن هذا هو الذي ينبغي الحكم به، دون الكتاب والسنة، وهذا هو الكفر.

فإن كثيرا من الناس أسلموا، ولكن مع هذا لا يحكمون إلا بالعادات الجارية، التي يأمر بها المطاعون في عشائرهم؛ فهؤلاء إذا عرفوا أنه لا يجوز لهم الحكم إلا بما أنزل الله، فلم يلتزموا ذلك، بل استحلوا أن يحكموا بخلاف ما أنزل الله، فهم كفار، انتهى ﴾ {الدرر السنية في الكتب النجدية: ٤/١٤}

"... যে এমন কাজ করবে সে আল্লাহকে অস্বীকারকারী। ইবনে কাসীর আরো বলেছেন, তার বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব, যতক্ষণ না সে আল্লাহ ও তাঁর রাসূলের বিধানের দিকে ফিরে আসে।

শায়খুল ইসলাম বলেন, আল্লাহ তাঁর রাসূলের উপর যা নাযিল করেছেন তা অনুযায়ী বিচার করাকে যে ওয়াজিব বলে বিশ্বাস করে না সে কাফের -এ বিষয়ে কোন সন্দেহ নেই। আর যে আল্লাহ যা নাযিল করেছেন তার অনুসরণ না করে নিজের মতামতনির্ভর ইনসাফের ভিত্তিতে মানুষের মাঝে বিচার করাকে হালাল মনে করে সে কাফের। কেননা প্রত্যেক জাতিই ইনসাফভিত্তিক বিচারের আদেশ করে, কখনো কখনো তাদের ধর্মে ইনসাফ হিসেবে তাই বিবেচ্য হয় যাকে তাদের বড়রা ইনসাফ মনে করে। বরং ইসলামের বহু দাবিদাররা তাদের সেসব প্রথা অনুযায়ী ফায়সালা করে যা আল্লাহ অবতীর্ণ করেননি। যেমন আদি গ্রাম্য সালিশ, সমাজপতিদের আদেশ-নিষেধ ইত্যাদি। তারা মনে করে এর আলোকেই বিচার করা উচিত, কিতাব ও সুন্নাতের আলোকে নয়। আর এটাই হচ্ছে কুফর।

কেননা বহু মানুষই ইসলাম গ্রহণ করেছে, কিন্তু এরপরও তারা সমাজপতিদের আদেশে প্রচলিত প্রথা অনুযায়ীই বিচার করে। এসব লোকেরা যখন জানতে পারবে যে, আল্লাহ যা নাযিল করেছেন তা

ব্যতীত অন্যভাবে বিচার করা জায়েয নেই, কিন্তু এরপরও তারা আল্লাহর বিধানকে জরুরীভাবে গ্রহণ করেনি; বরং আল্লাহর নাযিলকৃত বিধানের স্থলে অন্য বিধান দিয়ে বিচার করাকে হালাল মনে করে তাহলে তারা কাফের।" -আদদুরারুস সানিয়্যাহ ফিল কুতুবিন নাজদিয়্যাহ : ৪/১৪

ফাতাওয়াল ইসলাম

١١٣٠٩

كفر من يحكّم القوانين الوضعية

العقيدة > الشرك وأنواعه >

سؤال رقم ١١٣٠٩- كفر من يحكّم القوانين الوضعية

﴿تارك الحكم بما أنزل الله إذا جعل القضاء عامة بالقوانين الوضعية هل يكفر؟ وهل يفرق بينه وبين من يقضي بالشرع ثم يحكم في بعض القضايا بما يخالف الشرع لهوى أو رشوة ونحو ذلك ؟﴾

﴿الحمد لله أي نعم، التفرقة واجبة، فرق بين من نبذ حكم الله جل وعلا واطرحه واستعاض به حكم القوانين وحكم الرجال، فإن هذا يكون كفراً مخرجاً من الملة الإسلامية، وأما من كان ملتزماً بالدين الإسلامي إلا أنه عاص ظالم بحيث أنه يتبع هواه في بعض الأحكام ويتبع مصلحة دنيوية مع إقراره بأنه ظالم في هذا، فإن هذا لا يكون كفراً مخرجاً من الملة.

ومن يرى أن الحكم بالقوانين مثل الحكم في الشرع ويستحله فإنه يكفر أيضاً كفراً مخرجاً من الملة، ولو في قضية واحدة﴾

الشيخ عبد الله الغنيمان.

{فتاوى الإسلام : ١/٤٨٤}

"১১৩০৯

মানবরচিত আইনকে বিচারক হিসাবে গ্রহণকারীর কুফর

আলআকীদা > শিরক ও তার প্রকারসমূহ >

প্রশ্ন নম্বর ১১৩০৯- মানবরচিত আইনকে বিচারক হিসাবে গ্রহণকারীর কুফর

আল্লাহ যা নাযিল করেছেন সে অনুযায়ী যে বিচার পরিহার করে সে যদি সাধারণ বিচার ব্যবস্থাই রাখে মানবরচিত আইন দ্বারা তাহলে সে কি কাফের হবে? যে মানবরচিত আইনকে বিচার ব্যবস্থা হিসাবে গ্রহণ করে আর যে শরীয়ত অনুযায়ী বিচার করে তবে কখনো কখনো মনষ্কামনাবশত বা ঘুষের কারণে বা অন্য কোন কারণে শরীয়তবিরোধী ফায়সালা করে -এ দুয়ের হুকুমের মাঝে কি পার্থক্য করা হবে?

আলহামদু লিল্লাহ, হ্যাঁ, পার্থক্য করা ওয়াজিব। যে আল্লাহ জাল্লা ওয়াআলার বিধানকে বাদ দিয়ে দিয়েছে এবং এর বিপরীতে কানূন ও মানবরচিত আইন গ্রহণ করেছে, তার এ কাজটি এমন কুফর যা তাকে মিল্লাতে ইসলামিয়্যাহ থেকে বের করে দেবে। আর যে ব্যক্তি বিচারের ক্ষেত্রে দ্বীন ইসলামকে আঁকড়ে ধরে, তবে সে গুনাহগার, যালিম। যারফলে সে কোন কোন রায়ের ক্ষেত্রে তার মনষ্কামনার অনুসরণ করে এবং দুনিয়াবী স্বার্থের পিছনে পড়ে যায়, পাশাপাশি সে স্বীকার করে যে, এ বিষয়ে সে যালিম তাহলে এ ক্ষেত্রে তা মিল্লাতে ইসলাম থেকে বের করে দেয়ার মত কুফর হবে না।

আর যে মনে করে মানবরচিত আইন দিয়ে বিচার করা শরীয়ত দিয়ে বিচার করার মতই এবং তাকে সে বৈধ মনে করে তাহলে এর দ্বারা সে কাফের হয়ে যাবে, মিল্লাতে ইসলাম থেকে বের হয়ে যাবে, যদি তা একটি রায়ের ক্ষেত্রেও হয়।

আশশায়খ আব্দুল্লাহ আলগুনাইমান

ফাতাওয়াল ইসলাম : ১/৪৮৪

একটি পার্থক্যরেখা এড়িয়ে যাওয়ার কোন সুযোগ নেই

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ আয়াতাংশটি খারেজী সম্প্রদায় তাদের সাময়িক স্বার্থে অপাত্রে ব্যবহার করার প্রেক্ষিতে আলী ইবনে আবী তালেব রাযি.

বলেছেন كلمة حق أريد بها الباطل । সে প্রেক্ষিতকে সামনে রেখে ইবনে আব্বাস রাযি. সহ অনেকে وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ আয়াতের ব্যাখ্যা করতে গিয়ে এ কুফরকে كفر دون كفر বলেছেন। এ সুযোগে ইরজা'র আকীদা পোষণকারী কিছু মানুষ এমন প্রোপাগাণ্ডা করেছে যে, কুরআনের আয়াতের এ অংশটি দিয়ে প্রয়োজনীয় ক্ষেত্রে কেউ দলিল দেয়ার সাহস পর্যন্ত হারিয়ে ফেলেছে। দলিল দিতে গেলেই আশঙ্কাবোধ করে, না জানি আবার খারেজী হওয়ার অপবাদে সমাজচ্যুত হতে হয়। প্রোপাগাণ্ডাটি এত বেশি বাজারজাত করা সম্ভব হয়েছে যে, বাহ্যত মনে হয়, বাতিল কোন নিয়ত ছাড়া আয়াতের অংশটিকে কাজে লাগানোর কোন সুযোগই নেই। ওয়ালইয়াযু বিল্লাহ!

অথচ খারেজীদের অপাত্রের ব্যবহার এবং এর সঠিক ব্যবহার ক্ষেত্রের মাঝে পার্থক্য খুবই স্পষ্ট। আহলে সুন্নাহ ওয়াল জামাআর অনুসারীদের মনে রাখতে হবে, খারেজী আকীদা যেমন গোমরাহী তেমনি ইরজা'র আকীদাও গোমরাহী। এক গোমরাহী থেকে বাঁচার জন্য আরেক গোমরাহীতে গিয়ে পড়ার কোন সুযোগ নেই।

উদ্ধৃত ফাতওয়ার মাঝে এ পার্থক্যটি সুন্দর করে তুলে ধরা হয়েছে। পবিত্র কুরআনের এ মুহকাম আয়াতাংশটিকে প্রয়োগ করার জন্য বিকল্প ক্ষেত্র আর কী হতে পারে?

খারেজী আকীদার দোহাই দিয়ে আমরা আজ এ পর্যায়ে পৌঁছেছি যে, শতভাগ কুফরী মূলনীতির উপর তৈরি কুফরী সংবিধান ও কুফরী আইনের ব্যাপারে বলা হচ্ছে, সে আইনের মাঝে আল্লাহর হাকিমিয়্যাতকে মূল স্তম্ভ হিসাবে রাখা হয়েছে। খারেজী আকিদা থেকে নিজেদের বাঁচানোর জন্য শতভাগ কুফরী আকীদার উপর প্রতিষ্ঠিত সংবিধান ও আইনকে আমরা ইসলামবান্ধব বলে চলেছি। এ আইনের প্রতিষ্ঠাতা, প্রয়োগকারীদেরকে কাফের বলতে দ্বিধাবোধ করছি এবং কাফের আখ্যায়িত করাকে বাতিল রায় বলে চলছি। এ আইনের প্রতিরোধকে ইসলাম পরিপন্থী বলছি।

কর্ণধারগণ সময় শেষ হওয়ার আগে আগেই বিষয়টি একটু গভীরভাবে দেখবেন বলে আশা রাখি।

আলমাউসূআতুল ফিকহিয়্যাহ

আলমাউসূআতুল ফিকহিয়্যাহ আলকুয়েতিয়্যাহ কিতাব থেকে আসসিয়াসাতুশ শারইয়্যাহ তথা আল্লাহর হাকিমিয়্যাহ বিষয়ক কিছু মূলনীতির উল্লেখসহ একটি বিস্তারিত অলোচনা এখানে তুলে ধরা হচ্ছে। এ কিতাবে যেসব কথা বলা হয়েছে তার উদ্ধৃতি বিভিন্ন মাযহাবের কিতাবাদি থেকে দেয়া হয়েছে।

এ কিতাবের সঙ্গে বা এ কিতাবের সিদ্ধান্তগুলোর ব্যাপারে কারো দ্বিমত থাকতে পারে। তাই বিস্তারিত উদ্ধৃতি উল্লেখ করা হয়েছে। ফাতওয়াগুলো ও সিদ্ধান্তগুলো প্রত্যাখ্যান করার আগে নিচের উদ্ধৃতিগুলো একটু দেখে নেয়ার অনুরোধ করছি। বিন্যাসের খাতিরে উদ্ধৃতির নম্বরগুলো মূল কিতাবের বিন্যাস অনুযায়ী না দিয়ে নতুন করে দেয়া হয়েছে।

মনে রাখতে হবে, কোন কিছু গ্রহণ ও বর্জনেরও মূলনীতি আছে। সেসব মূলনীতি আমরা কীভাবে প্রত্যাখ্যান করব? কত দিন করব? এবং কত দিন করতে পারব?

আসসিয়াসাতুশ শারইয়্যাহ তথা আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের মূলনীতি এখানে তুলে ধরা হয়েছে। এ মূলনীতিগুলোর সঙ্গে কারো কোন দ্বিমত থাকার কথা নয়। দ্বিমত করলে বলতে হবে, আসসিয়াসাতুশ শারইয়্যাহ তথা আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের মূলনীতি কী? বলতে হবে উদ্ধৃত নুসূসের ব্যাখ্যা কী?

আর আসসিয়াসাতুশ শারইয়্যাহ তথা আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের এ মূলনীতিগুলো মেনে নেয়ার পর এর সঙ্গে গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও মানবরচিত আইনের সমন্বয় হতে পারে না। حَتّٰى يَلِجَ الْجَمَلُ فِيْ سَمِّ الْخِيَاطِ। মানবরচিত আইনের ছিদ্রপথে শরীয়তে মুহাম্মদিয়াকে প্রবেশ করাতে গেলে শরীয়তে মুহাম্মদিয়ার অবস্থা তাই হবে সুঁইয়ের ছিদ্র দিয়ে উট পার করাতে গেলে উটের যে অবস্থা হবে। এবং সে অবস্থাই হয়েছে। আমাদের যোগ্যতা (?) হচ্ছে, আমরা এগুলোকে সয়ে নিতে পেরেছি। সয়ে নিতে পারছি। সয়ে নেয়ার জন্য উদ্বুদ্ধ করে চলেছি।

আল্লাহর হাকিমিয়্যাতের মূল ভিত্তিগুলো

আলমাউসূআতুল ফিকহিয়্যার বক্তব্য দেখুন-

قَوَاعِدُ السِّيَاسَةِ:

﴿أُسُسُ السِّيَاسَةِ الشَّرْعِيَّةِ الْعَامَّةِ: هِيَ تِلْكَ الْقَوَاعِدُ الأَسَاسِيَّةُ الَّتِي تُبْنَى عَلَيْهَا دَوْلَةُ الإِسْلاَمِ، وَيُسْتَلْهَمُ مِنْهَا النَّهْجُ السِّيَاسِيُّ لِلْحُكْمِ﴾

"সিয়াসাতের মূলনীতি

আসসিয়াসাতুশ শারইয়্যার সাধারণ মূলনীতিগুলো হচ্ছে, সেসব মৌলিক নীতিমালা যার উপর ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠিত হবে এবং তা থেকে শাসনের জন্য পরিচালনা নীতি গ্রহণ করা হবে।"

ইসলামী শরীয়ার পূর্ণাঙ্গ নিয়ন্ত্রণ

الأَسَاسُ الأَوَّلُ: سِيَادَةُ الشَّرِيعَةِ:

﴿يُؤَكِّدُ الْقُرْآنُ الْكَرِيمُ هَذِهِ السِّيَادَةَ فِي أَكْثَرَ مِنْ مَوْضِعٍ، مِنْ ذَلِكَ قَوْله تَعَالَى: {وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلاَ مُؤْمِنَةٍ إِذَا قَضَى اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ ضَلَّ ضَلاَلاً مُبِينًا} وقَوْله تَعَالَى: {ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلاَهُمُ الْحَقِّ أَلاَ لَهُ الْحُكْمُ وَهُوَ أَسْرَعُ الْحَاسِبِينَ} قَال ابْنُ جَرِيرٍ: أَلاَ لَهُ الْحُكْمُ وَالْقَضَاءُ دُونَ سِوَاهُ مِنْ جَمِيعِ خَلْقِهِ وَذَلِكَ حَقٌّ فِي الدُّنْيَا وَالآخِرَةِ؛ لأَنَّ مَبْنَى الْحِسَابِ فِي الآخِرَةِ إِنَّمَا يَقُومُ عَلَى عَمَل النَّاسِ فِي الدُّنْيَا، وَلاَ يُحَاسَبُ النَّاسُ عَلَى مَا اجْتَرَحُوا فِي الدُّنْيَا إِلاَّ عَلَى أَسَاسِ هَذِهِ الشَّرِيعَةِ الَّتِي جَاءَتْ أَحْكَامُهَا مُنَظِّمَةً لِلْحَيَاةِ الاِجْتِمَاعِيَّةِ وَالسِّيَاسِيَّةِ وَالاِقْتِصَادِيَّةِ وَأُمُورِ الْمُعَامَلاَتِ الأُخْرَى﴾

{الموسوعة الفقهية الكويتية : ٢٥/٢٩٩}

প্রথম মূলনীতি : শরীয়তের আধিপত্য

৮). কুরআনে কারীম একাধিক জায়গায় এ আধিপত্যের প্রতি গুরুত্বারোপ করেছে। সেগুলোর মধ্যে রয়েছে আল্লাহ তাআলার বাণী 'আর আল্লাহ ও

তাঁর রাসূল কোন নির্দেশ দিলে কোন মুমিন পুরুষ ও নারীর জন্য নিজেদের ব্যাপারে অন্য কিছু এখতিয়ার করার অধিকার থাকে না; আর যে আল্লাহ ও তাঁর রাসূলকে অমান্য করল সে স্পষ্টই পথভ্রষ্ট হবে।' এমনিভাবে আল্লাহর বাণী 'অতঃপর তাদেরকে তাদের আসল মনিবের কাছে ফিরিয়ে নেয়া হবে। জেনে রাখ, বিধান দেয়ার অধিকার তাঁরই এবং তিনি সবচাইতে দ্রুত হিসাব সম্পাদনকারী।'

ইবনে জারীর রহ. বলেন, জেনে রাখ শাসন ও বিচার তাঁরই অধিকারভুক্ত, সমগ্র সৃষ্টির কেউই এর অধিকারী নয়। আর এ অধিকার দুনিয়ায়ও আখেরাতেও। কেননা পরকালে হিসাব নিকাশের ভিত্তি হচ্ছে মানুষের দুনিয়ার আমলের উপর। আর মানুষ দুনিয়াতে যা কামাই করবে তার হিসাব নিকাশ হবে এ শরীয়তের মূলনীতির উপরই যে শরীয়তের বিধানগুলো সামাজিক জীবন, রাজনৈতিক জীবন, অর্থনৈতিক জীবন এবং অন্যান্য লেনদেন বিষয়ে সুবিন্যস্তভাবে এসেছে।" – আল মওসুআতুল ফিকহিয়্যাহ আল কুয়াইতিয়্যাহ : ২৫/২৯৯

প্রতিটি অঙ্গনের নিয়ন্ত্রণ

﴿وَمَا دَامَتِ الْحَاكِمِيَّةُ فِي هَذَا الْعَالَمِ لِشَرِيعَةِ اللهِ تَعَالَى فِي كُل شُؤُونِ الْحَيَاةِ وَإِلَى آخِرِ الزَّمَانِ، فَإِنَّ الْكَثِيرَ مِنَ الآيَاتِ جَاءَتْ آمِرَةً بِتَطْبِيقِ أَحْكَامِهَا وَاتِّبَاعِ مَا أَمَرَتْ بِهِ وَتَرْكِ مَا نَهَتْ عَنْهُ. مِنْ ذَلِكَ قَوْل اللهِ تَعَالَى: {ثُمَّ جَعَلْنَاكَ عَلَى شَرِيعَةٍ مِنَ الأَمْرِ فَاتَّبِعْهَا وَلاَ تَتَّبِعْ أَهْوَاءَ الَّذِينَ لاَ يَعْلَمُونَ}

قَال ابْنُ جَرِيرٍ: فَاتَّبِعْ تِلْكَ الشَّرِيعَةَ الَّتِي جَعَلْنَاهَا لَكَ، وَلاَ تَتَّبِعْ مَا دَعَاكَ إِلَيْهِ الْجَاهِلُونَ بِاللهِ الَّذِينَ لاَ يَعْرِفُونَ الْحَقَّ مِنَ الْبَاطِل، فَتَعْمَل بِهِ فَتَهْلِكُ إِنْ عَمِلْتَ بِهِ، وَهُوَ قَوْل ابْنِ عَبَّاسٍ وَقَتَادَةَ وَابْنِ زَيْدٍ.

وَقَال الزَّمَخْشَرِيُّ: فَاتَّبِعْ شَرِيعَتَكَ الثَّابِتَةَ بِالدَّلاَئِل وَالْحُجَجِ، وَلاَ تَتَّبِعْ مَا لاَ حُجَّةَ عَلَيْهِ مِنْ أَهْوَاءِ الْجُهَّال وَدِينِهِمُ الْمَبْنِيِّ عَلَى هَوًى وَبِدْعَةٍ. وَمِنْ

ذَلِكَ قَوْله تَعَالَى: {اتَّبِعُوا مَا أُنْزِل إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ وَلاَ تَتَّبِعُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ قَلِيلاً مَا تَذَكَّرُونَ}

قَال الْقُرْطُبِيُّ: قَوْله تَعَالَى: {اتَّبِعُوا مَا أُنْزِل إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ} يَعْنِي الْكِتَابَ وَالسُّنَّةَ. قَال تَعَالَى: {وَمَا آتَاكُمُ الرَّسُول فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا} ، وَقَالَتْ فِرْقَةٌ: هَذَا أَمْرٌ يَعُمُّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأُمَّتَهُ. وَالظَّاهِرُ أَنَّهُ أَمْرٌ لِجَمِيعِ النَّاسِ دُونَهُ؛ أَيِ اتَّبِعُوا مِلَّةَ الإِسْلاَمِ وَالْقُرْآنِ، وَأَحِلُّوا حَلاَلَهُ وَحَرِّمُوا حَرَامَهُ، وَامْتَثِلُوا أَمْرَهُ وَاجْتَنِبُوا نَهْيَهُ. وَدَلَّتِ الآيَةُ عَلَى تَرْكِ اتِّبَاعِ الآرَاءِ مَعَ وُجُودِ النَّصِّ»

"৯). এ পৃথিবীতে জীবনের সকল অঙ্গনে এবং শেষ কাল পর্যন্ত শাসনব্যবস্থা আল্লাহ তাআলার শরীয়তের হাতে থাকবে। যারফলে শরীয়তের বিধানাবলী বাস্তবায়নের আদেশ এবং শরীয়তের আদেশের অনুসরণ ও নিষেধের বর্জন সম্পর্কে বহু আয়াত এসেছে। সেসব আয়াতের মধ্যে রয়েছে, আল্লাহ তাআলার বাণী ‘"অতঃপর আমি তোমাকে দ্বীনের এক বিশেষ বিধানের উপর প্রতিষ্ঠিত করেছি। সুতরাং তুমি তার অনুসরণ কর এবং যারা জানে না তাদের খেয়াল খুশীর অনুসরণ করো না।'

ইবনে জারীর রহ. বলেন, অতএব আপনি ঐ শরীয়তের অনুসরণ করুন যা আমি আপনার জন্য দিয়েছি এবং আল্লাহ সম্পর্কে অজ্ঞ লোকেরা আপনাকে যে দিকে ডাকে আপনি সে দিকে যাবেন না; যারা বাতিল থেকে হককে আলাদা করতে পারে না। এতে করে আপনি তাদের বাতলানো পথের উপর আমল করে ধ্বংস হয়ে যাবেন। এটি ইবনে আব্বাস, কাতাদা ও ইবনে যায়দের কথা।

যামাখশারী বলেছেন, আপনি দলিল প্রমাণে প্রমাণিত আপনার শরীয়তের অনুসরণ করুন এবং যার পক্ষে কোন দলিল নেই তার অনুসরণ করবেন না, যা মূর্খদের মনস্কামনামাত্র এবং যাদের ধর্ম মনস্কামনা ও বিদআতের

উপর নির্ভরশীল। এ প্রসঙ্গেই আল্লাহ তাআলার বাণী, 'তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের কাছে যা নাযিল করা হয়েছে তোমরা তার অনুসরণ কর এবং তিনি ব্যতীত অন্যান্য কর্তাদের অনুসরণ করো না। তোমরা খুব কমই উপদেশ গ্রহণ কর।'

কুরতুবী রহ. বলেন, আল্লাহর বাণী 'তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের কাছে যা নাযিল করা হয়েছে তোমরা তার অনুসরণ কর' অর্থাৎ কিতাব ও সুন্নাহ। আল্লাহ তাআলা বলেন, 'রাসূল তোমাদের কাছে যা নিয়ে এসেছে তোমরা তা গ্রহণ কর, আর যা থেকে নিষেধ করেছেন তা থেকে বিরত থাক।' একটি দল বলেছে, এ আদেশটি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর উম্মতের জন্য ব্যাপক। কিন্তু আয়াতের স্বাভাবিক দাবি হচ্ছে, এটি নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যতীত সকল মানুষের জন্য আদেশ। অর্থাৎ, তোমরা ইসলাম ধর্মের অনুসরণ কর, কুরআনের অনুসরণ কর, তার হালালকে হালাল হিসাবে গ্রহণ কর, তার হারামকে হারাম হিসাবে গ্রহণ কর, তার আদেশের অনুসরণ কর এবং তার নিষেধ থেকে বেঁচে থাক। আর আয়াত এ কথা প্রমাণ করে যে, আয়াত হাদীস উপস্থিত থাকা অবস্থায় রায় ও কেয়াস থেকে বিরত থাকতে হবে।"

একমাত্র কুরআন হাদীস ভিত্তিক নিয়ন্ত্রণ

﴿وَمِمَّا يُؤَكِّدُ أَنَّ الأَمْرَ بِاتِّبَاعِ مَا أَنْزَلَ اللهُ تَعَالَى لاَ يَخُصُّ الْقُرْآنَ فَحَسْبُ، بَل يَعُمُّ السُّنَّةَ أَيْضًا، مَا جَاءَ فِي عَدَدٍ مِنَ الآيَاتِ مِنَ الأَمْرِ بِاتِّبَاعِهَا وَتَطْبِيقِهَا. مِنْ ذَلِكَ قَوْله تَعَالَى: {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا تُبْطِلُوا أَعْمَالَكُمْ﴾ {الموسوعة الفقهية الكويتية : ٣٠٠/٢٥}

"আল্লাহ তাআলা যা নাযিল করেছেন তার অনুসরণের বিষয়ে যে আদেশ রয়েছে তা শুধুমাত্র কুরআনের সাথেই খাস নয়; বরং তা সুন্নাহের ক্ষেত্রেও প্রযোজ্য। -আর যা এ বিষয়টিকে আরো জোরদার করে তা হচ্ছে কুরআনের অনেকগুলো আয়াত, যেসব আয়াতে সুন্নাহের ইত্তিবা এবং তার বাস্তবায়নের আদেশ করা হয়েছে। সেসব আয়াতের মাঝে রয়েছে আল্লাহর বাণী 'হে মুমিন সকল! তোমরা আল্লাহর অনুসরণ কর এবং

রাসূলের অনুসরণ কর এবং তোমরা তোমাদের আমলগুলো নষ্ট করে দিও না।" -আলমাউসূআতুল ফিকহিয়্যা আলকুয়েতিয়্যাহ : ২৫/৩০০

মুসলিম রাষ্ট্রপ্রধানের মৌলিক দায়িত্বগুলো

وَاجِبَاتُ الإِمَامِ:

﴿مِنْ تَعْرِيفِ الْفُقَهَاءِ لِلإِمَامَةِ الْكُبْرَى بِأَنَّهَا رِئَاسَةٌ عَامَّةٌ فِي سِيَاسَةِ الدُّنْيَا وَإِقَامَةِ الدِّينِ نِيَابَةً عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ (١٠) يَتَبَيَّنُ أَنَّ وَاجِبَاتِ الإِمَامِ إِجْمَالاً هِيَ كَمَا يَلِي:

أ - حِفْظُ الدِّينِ عَلَى أُصُولِهِ الثَّابِتَةِ بِالْكِتَابِ وَالسُّنَّةِ وَإِجْمَاعِ سَلَفِ الأُمَّةِ، وَإِقَامَةُ شَعَائِرِ الدِّينِ.

ب - رِعَايَةُ مَصَالِحِ الْمُسْلِمِينَ بِأَنْوَاعِهَا.

كَمَا أَنَّهُمْ -فِي مَعْرِضِ الاِسْتِدْلاَلِ لِفَرْضِيَّةِ نَصْبِ الإِمَامِ بِالْحَاجَةِ إِلَيْهِ- يَذْكُرُونَ أُمُورًا لاَ بُدَّ لِلأُمَّةِ مِمَّنْ يَقُومُ بِهَا، وَهِيَ: **تَنْفِيذُ الأَحْكَامِ، وَإِقَامَةُ الْحُدُودِ، وَسَدُّ الثُّغُورِ، وَتَجْهِيزُ الْجُيُوشِ، وَأَخْذُ الصَّدَقَاتِ، وَقَبُول الشَّهَادَاتِ، وَتَزْوِيجُ الصِّغَارِ وَالصَّغَائِرِ الَّذِينَ لاَ أَوْلِيَاءَ لَهُمْ، وَقِسْمَةُ الْغَنَائِمِ.** وَعَدَّهَا أَصْحَابُ كُتُبِ الأَحْكَامِ السُّلْطَانِيَّةِ عَشَرَةً. وَلاَ تَخْرُجُ فِي عُمُومِهَا عَمَّا ذَكَرَهُ الْفُقَهَاءُ فِيمَا مَرَّ، عَلَى أَنَّ ذَلِكَ يَزِيدُ وَيَنْقُصُ بِحَسَبِ تَجَدُّدِ الْحَاجَاتِ الزَّمَنِيَّةِ وَمَا تَقْضِي الْمَصَالِحُ بِأَنْ لاَ يَتَوَلاَّهُ الأَفْرَادُ وَالْهَيْئَاتُ، بَل يَتَوَلاَّهُ الإِمَامُ﴾ {الموسوعة الفقهية الكويتية : ٦/٢٢٩}

"ইমামুল মুসলিমীনের দায়িত্ব ও কর্তব্য

ফুকাহায়ে কেরাম যে ইমামতে কুবরার -রাষ্ট্র পরিচালনা- সংজ্ঞা করেছেন, ইমামতে কুবরা হচ্ছে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লামের নায়েব হিসাবে দুনিয়া পরিচালনা ও দ্বীন প্রতিষ্ঠার ক্ষেত্রে নেতৃত্ব দেয়া; এ থেকে স্পষ্ট হয়ে যায় যে, ইমামুল মুসলিমীনের দায়িত্ব ও কর্তব্য সংক্ষিপ্তভাবে নিম্নরূপ:

ক). কুরআন, হাদীস ও সালাফের ইজমার উপর ভিত্তিবহুল নীতিমালার উপর দ্বীনকে হেফাযত করা।

খ). মুসলমানদের সব ধরনের প্রয়োজন পুরা করা। যেমন -আমীরুল মুমিনীন নির্বাচন করার প্রয়োজনীয়তা ও ফরয হওয়া প্রসঙ্গে দলিল দিতে গিয়ে- তাঁরা উম্মতের এমন কিছু জরুরী বিষয় উল্লেখ করে থাকেন যা ইমামুল মুসলিমীনই সম্পাদন করবেন। সেগুলো হচ্ছে: বিধানসমূহ প্রয়োগ করা, দণ্ডবিধি বাস্তবায়ন করা, সীমান্ত প্রহরা দেয়া, মুজাহিদ বাহিনী তৈরি করা, যাকাত উসুল করা, সাক্ষ্য গ্রহণ করা, অপ্রাপ্ত বয়স্ক যেসব ছেলে মেয়েদের অভিভাবক নেই তাদেরকে বিয়ে দেয়া, গনিমতের মাল বণ্টন করা। রাষ্ট্রনীতি বিষয়ক রচনাবলির রচয়িতাগণ মোট দশটি উল্লেখ করেছেন। ফুকাহায়ে কেরাম যে দায়িত্বগুলোর উল্লেখ করেছেন সাধারণত এর বাইরে যায় না। তবে স্থান কালের প্রয়োজনের ব্যবধানে এর মাঝে কম বেশ হতে পারে। অর্থাৎ এমন সব বিষয় যদি হয় ব্যক্তি ও প্রতিষ্ঠান যেগুলোর দায়িত্ব নিতে পারে না; বরং ইমামুল মুসলিমীনই সে দায়িত্ব নিতে হয়।" -আলমাউসূআতুল ফিকহিয়্যা আলকুয়েতিয়্যাহ : ৬/২২৯

---

(١) سورة الأحزاب / ٣٦.

(٢) سورة الأنعام / ٦٢.

(٣) جامع البيان في تفسير القرآن (تفسير الطبري) ٧ / ١٤٠ ط - ٤ - دار المعرفة - بيروت - ١٤٠٠ هـ - ١٩٨٠م).

(٤) سورة الجاثية / ١٨.

(٥) تفسير الطبري ٢٥ / ٨٨، والكشاف ٣ / ٥١١ (ط - دار المعرفة - بيروت).

(٦) سورة الأعراف / ٣.

(٧) سورة الحشر / ٧.

(٨) الجامع لأحكام القرآن ٧ / ١٦١ (ط - دار الكتب العربية - القاهرة - ١٣٨٧ هـ - ١٩٦٧م)، والكشاف ٢ / ٦٤.

(٩) نهاية المحتاج ٧ / ٤٠٩، وحاشية ابن عابدين ١ / ٣٦٨، وحاشية الجمل ٥ / ١١٩

(١٠) حاشية ابن عابدين ١ / ٣٦٨، ٣ / ٣١٠، ومغني المحتاج ٤ / ١٢٩، وشرح روض الطالب ٤ / ١٠٨

গণতন্ত্রের কুফরের সঙ্গে এসবের কী সম্পর্ক?

আলমাউসাউতুল ফিকহিয়্যার এ অংশগুলোর প্রতি লক্ষ করুন। আল্লাহ জাল্লাহ শানুহুর হাকিমিয়্যাতের হাকীকত কীভাবে প্রতিভাত হয়! গণতান্ত্রিক মানবরচিত আইনের সঙ্গে এর সমন্বয়ের কল্পনা করা যায় কীভাবে। আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাত কীভাবে মানবরচিত গণতান্ত্রিক আইনের মূল ভিত্তি হতে পারে? পৃথিবী ধ্বংসের আগ পর্যন্ত পৃথিবীর উত্তর মেরু তার দক্ষিণ মেরুর সাক্ষাত পেতে পারে না। এটা কল্পনা বিলাসিতা ছাড়া আর কিছুই নয়। তাই ফুকাহায়ে কেরামের কথাগুলো একটু ভালোভাবে অনুধাবন করার চেষ্টা করুন।

سِيَادَةُ الشَّرِيعَةِ

الْحَاكِمِيَّةُ فِي هَذَا الْعَالَمِ لِشَرِيعَةِ اللهِ تَعَالَى فِي كُل شُؤُونِ الْحَيَاةِ

وَاجِبَاتُ الْإِمَامِ

أ- حِفْظُ الدِّينِ عَلَى أُصُولِهِ الثَّابِتَةِ بِالْكِتَابِ وَالسُّنَّةِ وَإِجْمَاعِ سَلَفِ الْأُمَّةِ، وَإِقَامَةُ شَعَائِرِ الدِّينِ.

ب- رِعَايَةُ مَصَالِحِ الْمُسْلِمِينَ بِأَنْوَاعِهَا.

وَهِيَ : تَنْفِيذُ الأَحْكَامِ، وَإِقَامَةُ الحُدُودِ، وَسَدُّ الثُّغُورِ، وَتَجْهِيزُ الجُيُوشِ، وَأَخْذُ الصَّدَقَاتِ، وَقَبُول الشَّهَادَاتِ، وَتَزْوِيجُ الصِّغَارِ وَالصَّغَائِرِ الَّذِينَ لاَ أَوْلِيَاءَ لَهُمْ، وَقِسْمَةُ الْغَنَائِمِ. {الموسوعة الفقهية الكويتية : ٦/٢٣٠}

গণতন্ত্র এসবের বিপরীতটাই চায়

কুরআন হাদীসের দরজায় তালা লাগিয়ে দিয়ে, কুরআন সুন্নাহকে শতভাগ প্রত্যাখ্যান করে মানবরচিত যে আইন তৈরি হয়েছে তার সঙ্গে এ হাকীকতের কোন সমন্বয় সম্ভব কি না একটু বিবেচনা করুন। একটু বুঝে নিন; আল্লাহর হাকিমিয়্যাতের হাকীকত হচ্ছে:

১. প্রথম স্তম্ভ سِيَادَةُ الشَّرِيعَةِ শরীয়ার আধিপত্য, ধূমপানের বিজ্ঞাপনের আকাশ ছোঁয়া বিলবোর্ডের এক কোণের ক্ষুদ্র 'সতর্কীকরণ বাণী' নয়।

২. ক্ষেত্র হচ্ছে الحَاكِمِيَّةُ فِي هَذَا الْعَالَمِ لِشَرِيعَةِ اللهِ تَعَالَى فِي كُل شُؤُونِ الْحَيَاةِ সারা বিশ্বব্যাপী, জীবনের প্রতিটি অঙ্গন ও প্রতিটি পর্ব। কনিষ্ঠা আঙ্গুলের নখের মাথা নয়।

৩. দায়িত্বগুলো وَاجِبَاتُ الإِمَامِ রাষ্ট্রপ্রধানের দায়িত্ব এবং তা ওয়াজিব দায়িত্ব। এ দায়িত্বগুলো নিরক্ষর প্রজাসাধারণের নয় এবং তা কোন ঐচ্ছিক দায়িত্ব নয়।

৪. দায়িত্ব حِفْظُ الدِّينِ عَلَى أُصُولِهِ الثَّابِتَةِ بِالْكِتَابِ وَالسُّنَّةِ وَإِجْمَاعِ سَلَفِ الأُمَّةِ، وَإِقَامَةُ شَعَائِرِ الدِّينِ ইসলাম ধর্মের সংরক্ষণ এবং শরয়ী দলিলের আলোকে শরীয়তের প্রতিটি বিধান বাস্তবায়ন। গণতন্ত্রের আলোকে সংখ্যাগরিষ্ঠের চাহিদার বাস্তবায়ন নয়।

৫. দায়িত্ব رِعَايَةُ مَصَالِحِ الْمُسْلِمِينَ بِأَنْوَاعِهَا মুসলমানের প্রতিটি স্বার্থের শতভাগ সংরক্ষণ। আল্লাহর দুশমনদের স্বার্থ সংরক্ষণ নয়।

৬. দায়িত্ব হচ্ছে تَنْفِيذُ الأَحْكَامِ، وَإِقَامَةُ الْحُدُودِ، وَسَدُّ الثُّغُورِ، وَتَجْهِيزُ الْجُيُوشِ، وَأَخْذُ الصَّدَقَاتِ، وَقَبُول الشَّهَادَاتِ، وَتَزْوِيجُ الصِّغَارِ وَالصَّغَائِرِ الَّذِينَ لاَ أَوْلِيَاءَ لَهُمْ، وَقِسْمَةُ الْغَنَائِمِ সকল শরয়ী বিধানের বাস্তবায়ন, শরীয়ার দণ্ডবিধির বাস্তবায়ন, মুসলমানদের সীমান্ত রক্ষা, আল্লাহর দুশমন অমুসলিমদের বিরুদ্ধে জিহাদের কাফেলা তৈরি করা, যাকাত-উশর-খারাজ ইত্যাদি উসূল করা, সাক্ষ্য গ্রহণ করা, শিশুদের অভিভাবকত্ব গ্রহণ করা, জিহাদলব্ধ মাল বণ্টন করা।

গণতান্ত্রিক সংবিধান বাস্তবায়ন নয়, শরীয়াত প্রতিষ্ঠার জন্য প্রচেষ্টাকারীদেরকে শাস্তি প্রদান নয়, মুসলমানে মুসলমানে সীমান্ত তৈরি নয়, কুফরী সংগঠনের জন্য শান্তি বাহিনী তৈরি করা নয়, কর আদায় করা নয়, জাতিসংঘের কর্মসূচি বাস্তবায়ন আল্লাহর হাকিমিয়্যাতের প্রতিনিধির দায়িত্ব নয়।

দু'টি মেরুর পার্থক্যরেখাগুলো মুছে ফেলে আমরা আসলে কী করতে চাই? মনে রাখতে হবে, বড়ত্বের বড়াই করে এ পার্থক্যরেখাগুলো মুছে ফেলা যাবে না। একটি কাফেলা আখের থেকেই যাবে। কুরআন ও হাদীস এমনই বলছে।

আল্লাহর হাকিমিয়্যাতের কিছু নমুনা

যুগে যুগে আল্লাহর হাকিমিয়্যাতের নমুনা এমনই ছিল। যার সঙ্গে বর্তমানে দাবিকৃত হাকিমিয়্যাতের বিন্দু-বিসর্গের মিলও নেই। বিপরীতমুখী শত ধারার মিল রয়েছে। কোন কোন যামানায় অসংখ্য দুর্বলতা থাকা সত্ত্বেও আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের মূলরূপ কীভাবে সংরক্ষিত ছিল নিম্নোক্ত উদ্ধৃতিগুলো থেকে তাই দেখে নেয়া যেতে পারে। ইসলামী খেলাফতের ইতিহাস থেকেই আমরা আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের নমুনা গ্রহণ করব। এতে সঠিক ও ভুল নির্ণয় আমাদের জন্য সহজ হবে, ইনশাআল্লাহ। উদাহরণ হিসাবে দু'চারটি এখানে তুলে ধরা হল। পাঠক কষ্ট করে ইসলামের ইতিহাসের পাতা থেকে আরো উদাহরণ সংগ্রহ করে নেবেন।

الحاكمية عند خلفاء الأمة من سالف الزمن

খুলাফাউল মুসলিমীনের দৃষ্টিতে আল্লাহর হাকিমিয়্যাহ

খেলাফতের সূচনাপর্ব

خطبة أبي بكر

﴿ثم تكلم أبو بكر فحمد الله وأثنى عليه بالذي هو أهله، ثم قال: أما بعد، أيها الناس! فأني قد وليت عليكم ولست بخيركم، فان أحسنت فأعينوني وإن أسأت فقوموني، الصدق أمانة والكذب خيانة، والضعيف فيكم قوي عندي حتى أرجع عليه حقه إن شاء الله، والقوي فيكم ضعيف حتى آخذ الحق منه إن شاء الله، **لا يدع قوم الجهاد في سبيل الله إلا خذلهم الله بالذل**، ولا تشيع الفاحشة في قوم إلا عمهم الله بالبلاء، **أطيعوني ما أطعت الله ورسوله، فاذا عصيت الله ورسوله فلا طاعة لي عليكم**، قوموا الى صلاتكم يرحمكم الله﴾ {البداية والنهاية : ٢٦٩/٥}

আবু বকরের খুতবা

"এরপর আবু বকর রাযি. কথা বললেন, আল্লাহর যথাযোগ্য হামদ ও ছানা করলেন, এরপর বললেন, হে মানুষ সকল! আমি তোমাদের উপর দায়িত্বপ্রাপ্ত হয়েছি, তবে আমি তোমাদের সব চাইতে ভালোজন নই। সুতরাং আমি যদি ভালো কাজ করি তাহলে তোমরা আমাকে সহযোগিতা করবে, আর যদি আমি খারাপ করি তাহলে আমাকে শুধরে দেবে। সত্য আমানত, আর মিথ্যা খেয়ানত। তোমাদের মাঝে যে দুর্বল সে আমার কাছে শক্তিশালী, তার কাছে তার অধিকার ফিরিয়ে দেয়া পর্যন্ত, ইনশাআল্লাহ। আর তোমাদের মাঝে যে শক্তিশালী সে আমার

কাছে দুর্বল, তার কাছ থেকে হক আদায় করে নেয়া পর্যন্ত, ইনশাআল্লাহ। যে জাতিই আল্লাহর রাস্তায় জিহাদ ছেড়ে দেবে তাদেরকেই আল্লাহ তাআলা লাঞ্ছণার গ্লানিতে অপদস্ত করবেন। আর যে জাতির মাঝেই অশ্লীলতা ছড়াবে আল্লাহ তাদেরকে ব্যাপকভাবে আপদে নিপতিত করবেন। আমি যতক্ষণ আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করি ততক্ষণ তোমরা আমার আনুগত্য কর। আর আমি যখন আল্লাহ ও তাঁর রাসূলের অবাধ্যতা করব তখন আমার আনুগত্য তোমাদের উপর জরুরী নয়। যাও সবাই নামাযে দাঁড়াও। আল্লাহ তোমাদের প্রতি দয়া করুন।" -আলবিদায়া ওয়ান নিহায়াহ : ৫/২৬৯

ইমাম তুবারী রহ. এর 'তারীখে তুবারী' কিতাবে সিদ্দীকে আকবার রাযি. এর আরেকটি বক্তব্যের উল্লেখ এসেছে, যা বিস্তারিত নিম্নরূপ-

﴿إن الله بعث محمدا رسولا إلى خلقه وشهيدا على أمته ليعبدوا الله ويوحدوه، وهم يعبدون من دونه آلهة شتى، ويزعمون أنها لهم عنده شافعة ولهم نافعة، وإنما هي من حجر منحوت وخشب منجور. ثم قرأ: {ويعبدون من دون الله ما لا يضرهم ولا ينفعهم ويقولون هؤلاء شفعاؤنا عند الله} يونس ١٨ {وقالوا ما نعبدهم إلا ليقربونا إلى الله زلفى} الزمر ٣. فعظم على العرب أن يتركوا دين آبائهم، فخص الله المهاجرين الأولين من قومه بتصديقه والإيمان به والمواساة له والصبر معه على شدة أذى قومهم لهم وتكذيبهم إياهم وكل الناس لهم مخالف. زأر عليهم فلم يستوحشوا لقلة عددهم وشنف الناس لهم وإجماع قومهم عليهم، فهم أول من عبد الله في الأرض وآمن بالله والرسول وهم أولياؤه وعشيرته وأحق الناس بهذا الأمر من عبده، ولا ينازعهم ذلك إلا ظالم، أنتم يا معشر الأنصار! من لا ينكر فضلهم في الدين ولا سابقتهم العظيمة في الإسلام. رضيكم الله أنصارا لدينه ولرسوله

وجعل إليكم هجرته وفيكم جلة أزواجه وأصحابه، فليس بعد المهاجرين الأولين عندنا بمنزلتكم، فنحن الأمراء وأنتم الوزراء، لا تفاوتون بمشورة ولا تقضى دونكم الأمور. أبو بكر الصديق﴾ {تاريخ الطبري ٢/٤٥٧}

"আল্লাহ তাআলা তাঁর সৃষ্টির নিকট মুহাম্মাদকে রাসূল হিসেবে এবং তাঁর উম্মতের ব্যাপারে তাঁকে সাক্ষীদাতা হিসাবে প্রেরণ করেছেন, যেন তারা আল্লাহর ইবাদত করে এবং তাঁর তাওহীদের ঘোষণা দেয়। তখন তারা আল্লাহ ব্যতীত বিভিন্ন উপাস্যের উপাসনা করত এবং সেগুলোকে আল্লাহর নিকট সুপারিশকারী ও নিজেদের জন্য উপকারী মনে করত। অথচ সেগুলো ছিল খোঁদাইকৃত পাথর ও কাষ্ঠখড়ির তৈরি। অতঃপর তিনি পড়লেন, **ويعبدون من دون الله ما لا يضرهم ولا ينفعهم ويقولون هؤلاء شفعاؤنا عند الله** (এবং তারা আল্লাহ ব্যতীত এমন কিছুর উপাসনা করে যা তাদের কোন লাভ-ক্ষতি করতে পারে না। এবং তারা বলে, এগুলো আল্লাহর নিকট আমাদের সুপারিশকারী। -সূরা ইউনুস ১৮)। **وقالوا ما نعبدهم إلا ليقربونا إلى الله زلفى** (এবং তারা বলে, আমারা তো সেগুলোর উপাসনা করি যেন সেগুলো আমাদেরকে আল্লাহর কিছুটা নিকটবর্তী করে দেয়। -সূরা যুমার ৩)। তাই আরবদের জন্য তাদের পূর্বপুরুষদের ধর্ম ত্যাগ করা কঠিন হয়ে গেল। ফলে আল্লাহ তাআলা তাঁর সম্প্রদায় থেকে প্রথমদিকের মুহাজিরগণকে নির্বাচন করলেন, যেন তারা তাঁকে সত্যায়ন করে, তাঁর উপর ঈমান আনয়ন করে, তাঁকে সান্ত্বনা দেয় এবং তাদেরকে তাদের সম্প্রদায়ের কঠিন শাস্তি প্রদান, তাদেরকে মিথ্যা সাব্যস্ত করণ ও সকল লোকের বিরোধিতার ক্ষেত্রে তাঁর সঙ্গে ধৈর্য ধারণ করে। আরব তাঁদের উপর রাগান্বিত হয়েছে। তবুও তাঁরা তাঁদের সংখ্যার স্বল্পতা, মানুষদের অপছন্দ করা ও তাঁদের বিরুদ্ধে সকলের ঐক্যবদ্ধ হওয়ায় ভীত হননি। তাঁরাই সর্বপ্রথম জমিনে আল্লাহর ইবাদত করেছেন এবং আল্লাহ ও রাসূলের উপর ঈমান এনেছেন। তাঁরা রাসূলের সহচর ও গোত্র এবং এই (খেলাফতের) বিষয়ে আল্লাহর বান্দাদের মাঝে তাঁরাই বেশী হকদার।

যালেম ব্যতীত কেউ এ বিষয়ে তাঁদের সঙ্গে টানা-হেঁচড়া করবে না। তোমরা হে আনাসারের জামাত! দ্বীনের ক্ষেত্রে যাঁদের মর্যাদা ও ইসলামের ক্ষেত্রে যাঁদের মহান অগ্রগামিতা অনস্বীকার্য। আল্লাহ তাআলা তাঁর দ্বীন ও তাঁর রাসূলের সাহায্যকারী হিসাবে তোমাদের ব্যাপারে সন্তুষ্ট হয়েছেন এবং তোমাদের নিকট তাঁর হিজরতের বিধান দিয়েছেন। তোমাদের মধ্যে রয়েছে রাসূলের অধিকাংশ স্ত্রী ও সাহাবী। প্রথমদিকের মুহাজিরগণের পর আমাদের নিকট তোমাদের চেয়ে মর্যাদাবান আর কেউ নেই। সুতরাং আমাদের থেকে আমীর হবে এবং তোমাদের থেকে ওযীর হবে। কোন পরামর্শে তোমাদেরকে বাদ দেয়া হবে না এবং তোমরা ব্যতীত কোন বিষয়ে ফয়সালা করা হবে না। -তারীখে তবারী : ২/৪৫৭

খেলাফতের চ্যালেঞ্জিক পর্ব

خطبة علي بن أبي طالب

﴿وكان أول خطبة خطبها أنه حمد الله وأثنى عليه ثم قال: **إن الله تعالى أنزل كتابا هاديا بين فيه الخير والشر، فخذوا بالخير ودعوا الشر،** إن الله حرم حرما مجهولة وفضل حرمة المسلم على الحرم كلها، وشد بالإخلاص والتوحيد حقوق المسلمين، والمسلم من سلم المسلمون من لسانه ويده إلا بالحق، لا يحل لمسلم أذى مسلم إلا بما يجب، بادروا أمر العامة، وخاصة أحدكم الموت، فان الناس أمامكم وإنما خلفكم الساعة تحدو بكم، فتخففوا تلحقوا فإنما ينتظر بالناس أخراهم، اتقوا الله عباده في عباده وبلاده، فإنكم مسؤلون حتى عن البقاع والبهائم، ثم أطيعوا الله ولا تعصوه، وإذا رأيتم الخير فخذوا به وإذا رأيتم الشر فدعوه، واذكروا إذ أنتم قليل مستضعفون في الأرض الآية﴾ {البداية والنهاية : ٢٥٤/٧}

আলি ইবনে আবি তালেব রা.-এর খুতবা

"আলি রাযি. প্রথম যে খুতবা দিয়েছিলেন তা এই, তিনি প্রথমে আল্লাহর হামদ-সানা করে পরে বলেছেন, আল্লাহ তাআলা হেদায়াতস্বরূপ একটি কিতাব নাযিল করেছেন, তাতে ভলো মন্দ সব বর্ণনা করেছেন। অতএব তোমরা ভালোকে গ্রহণ কর এবং মন্দকে ত্যাগ কর। আল্লাহ তাআলা সংক্ষিপ্তাকারে কিছু হারাম করেছেন। আর সকল হারামের উপর মুসলমানের হুরমতকে সর্বোচ্চ স্থান দিয়েছেন। ইখলাস ও তাওহীদের মাধ্যমে মুসলমানদের অধিকারগুলোকে শক্তিশালী করে দিয়েছেন। প্রকৃত মুসলিম ঐ ব্যক্তি যার মুখ ও হাত থেকে মুসলমানরা নিরাপদ, তবে কোন হক ব্যতীত। কোন মুসলমানের জন্য হালাল নয় অন্য মুসলমানকে কষ্ট দেয়া, তবে যদি কোন ওয়াজিব হক হয়। তোমরা সাধারণের বিষয়ে অগ্রগামী হও। তোমাদের প্রত্যেকের জন্য নির্ধারিত হচ্ছে মৃত্যু। কেননা তোমাদের সামনে মানুষ, আর তোমাদের পেছনে থেকে কেয়ামত তোমাদেরকে ধাওয়া করছে। অতএব তোমরা সহজ করে দাও এবং গিয়ে মিলিত হও; কেননা মানুষ পরবর্তীদের জন্য অপেক্ষা করছে। আল্লাহকে ভয় কর, তাঁর বান্দাদেরকে ভয় কর তাঁর বান্দাদের ব্যাপারে এবং তাঁর শহরগুলোর ব্যাপারে। কেননা তোমরা জিজ্ঞাসিত হবে এমনকি ভূখণ্ড ও প্রাণীর ব্যাপারেও। অতঃপর তোমরা আল্লাহর আনুগত্য কর এবং তার অবাধ্যতা করো না। যখন কোন ভালো দেখবে তখন তা গ্রহণ কর। আর যখন কোন মন্দ দেখবে তখন তা পরিহার কর। আর স্মরণ কর সে সময়কে যখন তোমরা ছিলে স্বল্পসংখ্যক যমিনের বুকে দুর্বল অবস্থায় ...।" -আলবিদায়াহ ওয়ান নিহায়াহ : ৭/২৫৩

খেলাফতের অনালোচিত পর্ব

بيعة الحسن بن علي

﴿كان أول من تقدم إلى الحسن بن علي رضى الله عنه قيس بن سعد بن عبادة، فقال له: ابسط يدك أبايعك على كتاب الله وسنة نبيه، فسكت الحسن فبايعه ثم بايعه الناس بعده﴾ {البداية والنهاية : ١٦/٨}

হাসান ইবনে আলি রাযি. এর বাইআত

"হাসান ইবনে আলি রাযি. এর দিকে সর্ব প্রথম যিনি এগিয়ে গিয়েছিলেন তিনি হচ্ছেন কায়স ইবনে সাদ ইবনে উবাদাহ। তিনি বলেছেন, আপনার হাত প্রসারিত করুন, আমি আপনার হাতে কিতাবুল্লাহ ও তাঁর নবীর সুন্নাহের উপর বাইআত করব। তখন তিনি চুপ থাকলেন, এরপর তার বাইআত নিলেন, এরপর মানুষ তাঁর হাতে বাইআত হয়েছে।" - আলবিদায়াহ ওয়ান নিহায়াহ : ৭/১৬

খেলাফতের সমালোচিত পর্ব

سليمان بن عبد الملك

وقال في «مروج الذهب»: ﴿لما أفضى الأمر إلى سليمان صعد المنبر فحمد الله وأثنى عليه، وصلّى على رسوله [صلى الله عليه وسلم] ثم قال: الحمد لله الذي ما شاء صنع، وما شاء أعطى، وما شاء منع، ومن شاء رفع، ومن شاء وضع، أيّها الناس الدّنيا دار غرور وباطل، وزينة وتقلّب بأهلها، تضحك باكيها، وتبكي ضاحكها، وتخيف آمنها، وتؤمّن خائفها، وتثري فقيرها، وتفقر مثريها، **عباد الله: اتّخذوا كتاب الله إماما، وارضوا به حكما، واجعلوه لكم هاديا دليلا، فإنه ناسخ ما قبله، ولا ينسخه ما بعده**، واعلموا عباد الله أنه ينفي عنكم كيد الشيطان ومطامعه، كما يجلو ضوء الصّبح إذا أسفر إدبار الليل إذا عسعس، ثم نزل، وأذن للناس عليه، وأقرّ عمّال من كان قبله على أعمالهم﴾ {شذرات الذهب : ١٠٩/١}

সুলায়মান ইবনে আব্দুল মালেক

"........ খেলাফতের দায়িত্ব যখন সুলায়মানের উপর আসল তখন তিনি মিম্বরে উঠলেন, আল্লাহর হামদ সানা করলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর সালাত সালাম পড়লেন, এরপর বললেন, সকল

প্রশংসা ঐ আল্লাহর যিনি যা চান তাই করেন, যা চান দেন এবং যা চান আটকে রাখেন, যাকে চান সম্মানিত করেন, আর যাকে চান অসম্মানিত করেন। হে মানুষ সকল! দুনিয়া ধোঁকা ও অসারতার জায়গা। চাকচিক্য এবং দুনিয়াবাসীকে নিয়ে উত্থান পতনের জায়গা। সে ক্রন্দনরতকে হাসায়, আবার হাস্যরতকে কাঁদায়। নিরাপদকে ভীতির মধ্যে ফেলে দেয়, আবার ভীতসন্ত্রস্তকে নিরাপত্তা দেয়। দরিদ্রকে ধনাঢ্য বানিয়ে দেয়, আবার ধনাঢ্যকে ফকীর বানিয়ে দেয়। হে আল্লাহর বান্দারা! তোমরা আল্লাহর কিতাবকে নির্দেশক হিসাবে গ্রহণ কর, তাকে বিচারক হিসাবে মেনে নাও এবং তাকে পথপ্রদর্শক ও দলিল হিসাবে গ্রহণ কর। কেননা তা পূর্বের সকল কিছুকে রহিত করে দিয়েছে। তাকে পরবর্তী কোন কিছু রহিত করতে পারবে না। জেনে রাখ আল্লাহর বান্দারা! তিনি তোমাদের থেকে শয়তানের চক্রান্তকে এবং তার ফন্দিকে দূর করবেন, যেমনিভাবে রাত শেষে ভোরের আলো উদ্ভাসিত হয়। এরপর তিনি নেমে পড়লেন এবং মানুষদেরকে প্রবেশের অনুমতি দিলেন। পূর্ববর্তী কর্মকর্তাদেরকে আপন আপন অবস্থায় বহাল রাখলেন।" -শাযারাতুয যাহাব : ১/১০৯

আর গণতন্ত্রের মূল স্তম্ভ!

এতো ছিল আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মেনে নেয়ার ঐ রূপ যা কুরআন, হাদীস, ফিকহ ও ইসলামী খেলাফতের ইতিহাসে অঙ্কিত হয়েছে।

এবার আমরা দেখব, পাকিস্তান প্রশাসনে আল্লাহর হাকিমিয়্যাত মেনে নেয়ার রূপ ও অবয়ব। এরপর শায়খে মুহতারামের দাবির সঙ্গে বাস্তবতার মিল খুঁজে বের করার চেষ্টা করব, ইনশাআল্লাহ।

দেখার বিষয় হচ্ছে, একটি দারুল ইসলামে আল্লাহর প্রতিনিধি হিসাবে খেলাফতের দায়িত্ব গ্রহণকারীগণের শপথবাক্য কী ছিল? যে শপথের ভিত্তিতে বলা যেত, তারা আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে মেনেই রাষ্ট্র পরিচালনা করেছেন। এরই বিপরীত আজ যাদের ব্যাপারে দাবি করা হচ্ছে, তারা আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতকে স্বীকার করাকে সংবিধানের মূল স্তম্ভ বানিয়েছে তারা কোন শপথ বাক্যের মাধ্যমে এ দায়িত্ব গ্রহণ করে থাকে?

পাকিস্তান-সংবিধান : মূলভিত্তি

পাকিস্তান সংবিধানের যে ভূমিকা লেখা হয়েছে সে ভূমিকায় সব কথার হাকীকত সবিস্তারে রয়েছে। সংবিধানের মূল কপি থেকে যতটুকু সম্ভব হয়েছে তা আমরা এখানে তুলে ধরার চেষ্টা করছি। কোন অনুচ্ছেদের বিষয়ে পাঠকের সন্দেহ হলে নিজ দায়িত্বে মূল কপি দেখে নেবেন। আর সংবিধানের শুরুতে ও বাঁকে বাঁকে প্রতারণামূলক যে বাক্যগুলো রয়েছে এবং যেসব কথার ফাঁদে পড়ে যাওয়ার মত যথেষ্ট আশঙ্কাও রয়েছে সেগুলো নিয়েও পরবর্তীতে বিস্তারিত আলোচনা করা হবে, ইনশাআল্লাহ। ধীরস্থিরভাবে এবং পর্যায়ক্রমে সবগুলো কথাই আমাদেরকে দেখতে হবে।

সংবিধানের শাস্ত্রীয় ব্যাখ্যা এবং এর যথাযথ অনুধাবন ও বিশ্লেষণ সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞদের কাজ। সে বিষয়ে হাত দিতে গেলে আমাদের খুব ভুল হবে। আমরা আমাদের ভুলের পাহাড় আর উঁচু করতে চাই না। তাই পাকিস্তান-সংবিধান ও আইনের একেবারে মোটা মোটা কথাগুলোই আমরা এখানে তুলে ধরব। শুধু এমন কথাগুলোই তুলে ধরার চেষ্টা করব যা আমাদের সাধারণ পাঠকবৃন্দ সহজে বুঝে নিতে পারবেন।

শায়খে মুহতারাম বলেছেন, পাকিস্তান সংবিধানের মূল স্তম্ভ হচ্ছে আল্লাহর হাকিমিয়্যাতের স্বীকৃতি। এ বিষয়ে সংবিধানের বক্তব্য আমরা এভাবে পেয়েছি-

چونکہ پاکستان کے جمہور کی منشا ہے کہ ایک ایسا نظام قائم کیا جائے، جس میں **مملکت اپنے اختیارات واقتدار** کو جمہور کے **منتخب** کردہ نمائندوں کے ذریعہ **استعمال** کرے گی۔

(اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص۱)

....

جس میں قرار واقعی **انتظام** کیا جائے گا کہ **اقلیتیں آزادی** سے اپنے مذاہب پر عقیدہ رکھ سکے اور ان پر عمل کر سکیں اور اپنی **ثقافتوں** کو ترقی دے سکے۔ (اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص۱)

جس میں بنیادی حقوق کی ضمانت دی جائے گی اور ان حقوق میں قانون اور اخلاق عامہ کے تابع حیثیت اور مواقع میں مساوات قانون کی نظر میں برابری، معاشرتی، معاشی اور سیاسی انصاف اور خیال، اظہار خیال، عقیدہ، دین، عبادت اور اجتماع کی آزادی شامل ہو گی۔(اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص ۲)

تاکہ اہل پاکستان فلاح و بہبودی حاصل کر سکیں اور اقوام عالم کی صف میں اپنا جائز اور ممتاز مقام حاصل کر سکیں اور بین الاقوامی امن اور بنی نوع انسان کی ترقی اور خوش حالی میں اپنا پورا حصہ ادا کر سکیں:

لہذا اب ہم جمہور پاکستان:

....

اس جمہوریت کے تحفظ کے لئے وقف ہونے کے جذبے کے ساتھ کہ جو ظلم و ستم کے خلاف عوام کی انتھک جد جہد کے نتیجے میں حاصل ہوئی ہے۔(تمہید ص ۲)

اسلام پاکستان کی مملکتی مذہب ہو گا۔(اسلامی جمہوریت پاکستان کی دستور، ابتدائیہ ص ۳)

অনুবাদ

"যেহেতু পাকিস্তানের জনগণের উদ্দেশ্য হচ্ছে, এমন এক শাসন প্রতিষ্ঠিত করা যার মাঝে দেশ (সংখ্যাগরিষ্ঠ) **জনগণের নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে** তার ক্ষমতা ও শক্তিকে ব্যবহার করবে।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ১

....

"যার মাঝে এমন বাস্তবভিত্তিক ব্যবস্থাপনা থাকবে যে, সংখ্যালঘুরা যেন স্বাধীনভাবে তাদের ধর্মীয় বিশ্বাসের উপর থাকতে পারে, তার উপর আমল করতে পারে এবং **নিজেদের সভ্যতার উন্নতি করতে পারে**।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ১

"যার মাঝে মৌলিক অধিকারগুলোর নিশ্চয়তা দেয়া হবে, আর সেসব অধিকারের ক্ষেত্রে কানূন ও সাধারণ রীতি-নীতির বিবেচনায় মর্যাদা ও অবস্থান, কানূনের দৃষ্টিতে সমতা, সামাজিক, অর্থনৈতিক, **রাজনৈতিক সাম্য** ও মতামত, **মতামতের বহিঃপ্রকাশ**, আকীদা বিশ্বাস, ধর্ম, ইবাদত-উপাসনা ও সম্মিলনের **স্বাধীনতা অন্তর্ভুক্ত হবে**।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ২

"যাতে পাকিস্তানের জনগণ সফলতা ও উন্নতি অর্জন করতে পারে এবং পৃথিবীর অপরাপর জাতি গোষ্ঠীর মাঝে নিজেদের বৈধ ও অনন্য অবস্থান অর্জন করতে পারে এবং **আন্তর্জাতিক নিরাপত্তা** ও মানব জাতির উন্নতি ও সচ্ছলতার ক্ষেত্রে নিজেদের পূর্ণ দায়িত্ব আদায় করতে পারে।

তাই আমরা এখন পাকিস্তান প্রজাতন্ত্র।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ২

....

"এ **গণতন্ত্রকে রক্ষা করার জন্য ব্যয়কৃত উদ্দীপনার সাথে** যে গণতন্ত্র জুলুম অত্যাচারের বিরুদ্ধে সাধারণ মানুষের চূড়ান্ত চেষ্টা প্রচেষ্টার বিনিময়ে অর্জিত হয়েছে।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ২

ইসলাম পাকিস্তানের রাষ্ট্রীয় ধর্ম হবে।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, ইবতেদাইয়াহ পৃ: ৩

এর মূল রূপ ইংরেজিতে এভাবে রয়েছে-

Whereas sovereignty over the entire Universe belongs to Almighty Allah alone, and the authority to be exercised by the people of Pakistan within the limits prescribed by Him is a sacred trust;

....

Wherein the principles of democracy, freedom, equality, tolerance and social justice, as enunciated by Islam, shall be fully observed;

Wherein the Muslims shall be enabled to order their lives in the individual and collective spheres in accordance with the teachings and requirements of Islam as set out in the Holy Quran and Sunnah;

....

Now, therefore, we, the people of Pakistan;

Conscious of our responsibility before Almighty Allah and men;

....

Faithful to the declaration made by the Founder of Pakistan, Quaid-i- Azam Mohammad Ali Jinnah, **that Pakistan would be a democratic State based on Islamic principles of social justice;**

Dedicated to the preservation of democracy achieved by the unremitting struggle of the people against oppression and tyranny. [THE CONSTITUTION OF THE ISLAMIC REPUBLIC OF PAKISTAN, 1973, Preamble].

দৃষ্টিপাত

সংবিধানের উদ্ধৃত অংশের বিচার্য কয়েকটি বিষয় নিম্নরূপ-

এক. গণতন্ত্র

'পাকিস্তান জনগণের উদ্দেশ্য হচ্ছে, ...'।

সংখ্যাগরিষ্ঠ জনগণের নির্বাচিত প্রতিনিধির মতামতের উপর ভিত্তি করে যে দেশ ক্ষমতা ও শক্তি প্রয়োগ করে সে দেশ একটি গণতান্ত্রিক দেশ। এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু যখন প্রতিনিধি নির্বাচনকারী ভোটার অমুসলিম হতে কোন সমস্যা নেই, খোদ প্রতিনিধি নিজেও অমুসলিম হতে কোন সমস্যা নেই, জনপ্রতিনিধিদের পরিচালক স্পিকার ও সিনেট

চেয়ারম্যান অমুসলিম হতে কোন সমস্যা নেই, তখন এ ভোটার, এ প্রতিনিধি ও প্রতিনিধিদের এ পরিচালক একটি দারুল ইসলামের মজলিসে শূরার সদস্য ও আমীরে ফায়সাল হতে পারে না। এমন একটি দেশে আল্লাহর হাকিমিয়্যাতের কল্পনা কীভাবে হতে পারে?

দুই. ধর্মনিরপেক্ষতা

'সংখ্যালঘুরা যেন স্বাধীনভাবে তাদের .... নিজেদের সভ্যতার উন্নতি করতে পারে'।

এটি একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের চিত্র। এ চিত্র আঁকার জন্য পুরা পৃথিবী এখন প্রতিযোগিতা করে চলেছে। পাকিস্তানের সংবিধানের ভাষা বলছে, পাকিস্তানও এ বিষয়ে কোন অংশে পিছিয়ে নেই। তবে এটি কোন দারুল ইসলামের চিত্র নয়। এমন কোন রাষ্ট্রের চিত্র নয় যে দেশের সংবিধানের মূল স্তম্ভ হিসাবে আল্লাহ জাল্লা শানুহুর হাকেমিয়্যাতকে স্বীকার করে নেয়া হয়েছে।

কারণ আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাত অনুযায়ী একটি দারুল ইসলামে কোন অমুসলিমের স্থায়ী বসবাসের একমাত্র পদ্ধতি হচ্ছে, অমুসলিম যিম্মী হিসাবে বসবাস করবে। অমুসলিম মুসলমানদেরকে নির্দিষ্ট হারে কর দিয়ে হীনতার সঙ্গে জীবনযাপন করবে। অথবা অমুসলিম মুসলিমের গোলাম ও দাস হিসাবে থাকবে। অমুসলিম তার সভ্যতার উন্নতি করতে পারে এমন স্বাধীনতা ও সুযোগ থাকার প্রশ্নই আসে না। বরং একটি দারুল ইসলামে একজন অমুসলিম যিম্মীকে যেভাবে থাকতে হবে তার চিত্র কুরআন, হাদীস, ফিকহ ও ফাতাওয়ায় এভাবে এসেছে-

কুরআন

﴿قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّىٰ يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ﴾ {سورة التوبة: ٢٩}

"তোমরা লড়াই কর আহলে কিতাবের সেসব লোকদের সাথে যারা আল্লাহ ও শেষ দিবসে ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা

হারাম করেছেন তাকে হারাম মনে করে না, আর সত্য দ্বীন গ্রহণ করে না, যতক্ষণ না তারা স্বহস্তে নত হয়ে জিযয়া দেয়।" -সূরা তাওবা ২৯

﴿فَإِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا فَضَرْبَ الرِّقَابِ حَتَّىٰ إِذَا أَثْخَنتُمُوهُمْ فَشُدُّوا الْوَثَاقَ فَإِمَّا مَنًّا بَعْدُ وَإِمَّا فِدَاءً﴾ {سورة محمد: ٤}

"অতএব যখন তোমরা কাফিরদের সাথে যুদ্ধে মোকাবিলা কর তখন ঘাড়ে আঘাত কর, অবশেষে যখন তোমরা তাদেরকে সম্পূর্ণরূপে পর্যুদস্ত করবে তখন তাদেরকে মজবুতভাবে বাঁধ; তারপর হয় অনুকম্পা, নয় মুক্তিপণ।" -সূরা মুহাম্মদ ৪

হাদীস

﴿حدثنا محمد بن سليمان الأنباري حدثنا وكيع عن سفيان عن علقمة بن مرثد عن سليمان بن بريدة عن أبيه قال: كان رسول الله – صلى الله عليه وسلم– إذا بعث أميرا على سرية أو جيش أوصاه بتقوى الله فى خاصة نفسه وبمن معه من المسلمين خيرا وقال: «إذا لقيت عدوك من المشركين فادعهم إلى إحدى ثلاث خصال أو خلال، فأيتها أجابوك إليها فاقبل منهم وكف عنهم، ادعهم إلى الإسلام، فإن أجابوك فاقبل منهم وكف عنهم، ثم ادعهم إلى التحول من دارهم إلى دار المهاجرين، وأعلمهم أنهم إن فعلوا ذلك أن لهم ما للمهاجرين وأن عليهم ما على المهاجرين، فإن أبوا واختاروا دارهم فأعلمهم أنهم يكونون كأعراب المسلمين يجرى عليهم حكم الله الذى يجرى على المؤمنين، ولا يكون لهم فى الفىء والغنيمة نصيب إلا أن يجاهدوا مع المسلمين، فإن هم أبوا فادعهم إلى إعطاء الجزية، فإن أجابوا فاقبل منهم وكف عنهم، فإن أبوا فاستعن بالله تعالى وقاتلهم، وإذا حاصرت

أهل حصن فأرادوك أن تنزلهم على حكم الله تعالى فلا تنزلهم، فإنكم لا تدرون ما يحكم الله فيهم، ولكن أنزلوهم على حكمكم ثم اقضوا فيهم بعد ما شئتم». قال سفيان بن عيينة: قال علقمة: فذكرت هذا الحديث لمقاتل بن حيان فقال: حدثني مسلم -قال أبو داود: هو ابن هيصم- عن النعمان بن مقرن عن النبي -صلى الله عليه وسلم- مثل حديث سليمان بن بريدة﴾ {سنن أبي داود، رقم الحديث:٢٦١٢}

"…. সুলায়মান ইবনে বুরাইদা রহ. তাঁর পিতা থেকে বর্ণনা করেন তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন ব্যক্তিকে কোন যুদ্ধবাহিনীর আমীর নিযুক্ত করে পাঠাতেন তখন তাকে তার নিজের ব্যাপারে এবং তার সকল মুসলমান সঙ্গীদের ব্যাপারে তাকওয়ার অসিয়ত করতেন এবং বলতেন-

যখন তুমি তোমাদের মুশরিক শত্রুর মুখোমুখী হবে তখন তাদের তিন কথার যে কোন এক কথা মেনে নিতে আহবান কর। তিনটির যেটিই তারা গ্রহণ করবে তা তোমরা মেনে নাও। যথা: তাদেরকে ইসলামের দিকে ডাক।

যদি এ ডাকে তারা সাড়া দেয় তাহলে তাদের এ সাড়াকে তোমরা গ্রহণ কর এবং তাদের থেকে বিরত থাক। এরপর তাদেরকে তাদের এলাকা ছেড়ে মুহাজিরদের এলাকায় চলে আসতে বল। আর তাদেরকে জানিয়ে দাও, তারা যদি এটা গ্রহণ করে তাহলে তারা তাই পাবে যা মুহাজিররা পায় এবং তাদের উপর তাই বর্তাবে যা মুহাজিরদের উপর বর্তায়। আর যদি তারা দারুল মুহাজিরীনে আসতে অস্বীকৃতি জানায় এবং নিজেদের এলাকাতেই থাকতে চায় তাহলে তাদেরকে জানিয়ে দাও, তাহলে তারা বেদুঈন মুসলমানদের হুকুমে হবে। তাদের ক্ষেত্রে আল্লাহর সেসব হুকুম প্রয়োগ হবে যা মুসলমানদের ক্ষেত্রে প্রয়োগ হয়। কিন্তু তারা গনিমত ও ফায় এর কোন অংশ পাবে না। তবে যদি মুসলমানদের সঙ্গে জিহাদ করে তাহলে পাবে।

যদি তারা ইসলাম গ্রহণ করতে অস্বীকৃতি জানায় তাহলে তাদেরকে জিযয়া-কর আদায় করতে বল। যদি তারা এতে সম্মত হয়ে যায় তাহলে তাদের কাছ থেকে কর গ্রহণ কর এবং তাদের উপর হামলা করা থেকে বিরত থাক।

যদি তারা কর দিতে অস্বীকৃতি জানায় তাহলে আল্লাহর সাহায্য গ্রহণ কর এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ কর।

যখন তোমরা কোন দুর্গের অধিবাসীদেরকে ঘেরাও করবে তখন দুর্গবাসী যদি চায় যে, তুমি তাদেরকে আল্লাহর হুকুমের উপর নামিয়ে আনবে তাহলে তুমি তা করো না। কেননা তুমি জান না যে, তাদের বিষয়ে আল্লাহর হুকুম কী। তোমরা বরং তাদেরকে তোমাদের হুকুমের উপর নামিয়ে আন। এরপর তাদের বিষয়ে যা উপযুক্ত মনে কর তা কর। .....।” সূনানে আবু দাউদ, হাদীস নং : ২৬১২

ফিকহ

﴿ولأن أخذ الجزية منهم بطريق الصغار كما قال تعالى: {**وهم صاغرون**} [التوبة: ٢٩] ولهذا لا تقبل منه لو بعثها على يد نائبه بل يكلف بأن يأتي به بنفسه فيعطي قائما والقابض منه قاعد، وفي رواية: يأخذ بتلبيبه فيهزه هزا ويقول: أعط الجزية يا ذمي﴾ {المبسوط للسرخسى ١٣٨/١٠}

“কেননা তাদের কাছ থেকে জিযয়া গ্রহণ করা হবে তাদের হীনতার পদ্ধতিতে। যেমন আল্লাহ তাআলা বলেছেন, {وهم صاغرون} [তাওবা ২৯]। আর এ কারণেই যদি যিম্মী ব্যক্তি তার প্রতিনিধির মাধ্যমে কর পাঠায় তাহলে তা গ্রহণ করা হবে না; বরং বাধ্য করা হবে, সে যেন নিজে এসে দাঁড়ানো অবস্থায় কর আদায় করে এবং কর গ্রহণকারী বসা অবস্থায় তার কাছ থেকে তা গ্রহণ করবে।

এক বর্ণনায় আছে, গ্রহণকারী যিম্মীর জামার বুক ধরে হেঁচকা টান দেবে এবং তাকে খুব ঝাঁকুনি দিয়ে বলবে, এই যিম্মী কর আদায় কর।” - আলমাবসূত, সারাখসী : ১০/১৩৮

(فصل)

﴿الْجِزْيَة إِذا وضعت بتراض أَو صلح لَا تغير .... وَتجب فِي أول الْحول، وَيُؤْخَذ قسط كل شهر فِيهِ، وَتسقط بِالْإِسْلَامِ أَو الْمَوْت، وتتداخل بالتكرر خلافًا لَهما، بِخِلَاف خراج الأَرْض، وَلَا يجوز إِحْدَاث بيعَة أَو كَنِيسَة أَو صومعة فِي دَارنَا، وتعاد المنهدمة من غير نقل، ويميز الذِّمِّيّ فِي زيه ومركبه وسرجه، وَلَا يركب خيلاً وَلَا يعْمل بسلاح، وَيظْهر الكُستيج ويركب سرجاً كالإكاف، والأحق أَن لَا يتْرك أَن يركب إلاّ لضَرُورَة، وحينئذٍ ينزل فِي المجامع، وَلَا يلبس مَا يخص أهل الْعلم والزهد والشرف، وتميز أنثاه فِي الطَّرِيق وَالْحمام، وَتجْعَل على دَاره عَلامَة كَيْلا يسْتَغْفر لَهُ وَلَا يبدؤ بِسَلام، ويضيق عَلَيْهِ الطَّرِيق، وَيُؤَدِّي الْجِزْيَة قَائِما والآخذ قَاعِدا، وَيُؤْخَذ بتلبيبه ويهز وَيُقَال لَهُ أَدِّ الْجِزْيَة يَا ذمِّي أَو يَا عَدو الله﴾ {ملتقى الأبحر: ١/٤٧٠}

"অনুচ্ছেদ:

"জিযয়া-কর যদি সন্ধি ও সম্মতির ভিত্তিতে ধার্য করা হয়ে থাকে তাহলে তা আর পারিবর্তন করা হবে না। ....। আর তা বছরের শুরুতে দেয়া আবশ্যক। আর প্রত্যেক মাসের কিস্তি সে মাসেই আদায় করা হবে।

কর মাফ হয়ে যাবে ইসলাম গ্রহণ করার দ্বারা অথবা মারা যাওয়ার দ্বারা। করের একাধিক কারণ জমা হলে তা একাকার হয়ে যাবে। তবে এ বিষয়ে আবু ইউসুফ ও মুহাম্মদের দ্বিমত রয়েছে। এরই বিপরীত হচ্ছে যমিনের খারাজ।

দারুল ইসলামে তাদের নতুন কোন গীর্জা, মঠ, সন্ন্যাসী আশ্রম তৈরি করা বৈধ হবে না। ধ্বংস হয়ে যাওয়াটিকে স্থানান্তর ব্যতীত পুনর্নির্মাণ করতে পারবে। পোশাক-পরিচ্ছদ, বাহন, জিনপোষ ব্যবহারের ক্ষেত্রে

তাদেরকে আলাদা করা হবে। তারা ঘোড়ায় আরোহন করবে না। অস্ত্র ব্যবহার করবে না। 'কুসতীজ' (পশমের তৈরি আঙ্গুল পরিমাণ মোটা সুতা যা যিম্মীরা কাপড়ের উপর ব্যবহার করে) প্রদর্শন করবে এবং গাধার জিনপোষের ন্যায় (নিম্নমানের) জিনপোষ ব্যবহার করবে। বরং সবচাইতে ভালো হচ্ছে তাদেরকে একান্ত প্রয়োজন ছাড়া বাহনে চড়তেই দেয়া হবে না। সে ক্ষেত্রেও কোন জমায়েত হলে সেখানে তারা নেমে যাবে।

আহলে ইলম, মুত্তাকী, সম্মানিত ব্যক্তিবর্গের বিশেষ পোষাক পরিধান করবে না।

তাদের মহিলাদের পথ ও গোসলখান আলাদা রকমের হবে।

তার ঘরে যিম্মী হওয়ার কোন নিশানা রাখা হবে, যাতে তার জন্য ইসতেগফারের দোয়া না করা হয়, তাকে আগে সালাম না দেয়া হয়।

তার রাস্তা সংকীর্ণ করে দেয়া হবে।

সে দাঁড়িয়ে কর আদায় করবে, আর কর গ্রহণকারী বসা থাকবে। কর গ্রহণকারী যিম্মী ব্যক্তির জামার বুক চেপে ধরবে, তাকে ঝাঁকুনি দেবে এবং বলবে, এই যিম্মী কর আদায় কর! আথবা বলবে, এই আল্লাহর দুশমন কর আদায় কর!" -মুলতাকাল আবহুর : ১/৪৭০

যে দেশের আইনের মূল ভিত্তি আল্লাহর হাকিমিয়্যাত সে দেশে কাফেরদের সঙ্গে সহাবস্থান ও আচরণের চিত্র হচ্ছে এই যা কুরআন, হাদীস ও ফিকহ থেকে দেখানো হয়েছে। কিন্তু এ বিষয়ে পাকিস্তান সংবিধানের অবস্থান সম্পূর্ণ বিপরীত মেরুতে।

তিন. কুফরের সঙ্গে ক্ষমতার ভাগাভাগি

'রাজনৈতিক সাম্য ....'।

'রাজনীতি' শব্দটি যদি আরবী "السياسة" শব্দের বাংলারূপ হয়ে থাকে তাহলে এর অর্থ হচ্ছে 'পরিচালনা'। শব্দটি যখন রাষ্ট্রের ক্ষেত্রে ব্যবহৃত হবে তখন এর অনিবার্য অর্থ হচ্ছে 'রাষ্ট্র পরিচালনা'। এ অর্থেই হাদীসের মধ্যে শব্দটি ব্যবহৃত হয়েছে। 'ইসলামী রাজনীতি' বলতে এটাই উদ্দেশ্য। অর্থাৎ শরয়ী বিধানের অধীনে রাষ্ট্র পরিচালনা করা।

এ দায়িত্বটি ছিল নবীগণের। নবীগণের অবর্তমানে এ দায়িত্ব নবীগণের উম্মতের।

﴿عن فرات القزاز قال: سمعت أبا حازم قال: قاعدت أبا هريرة خمس سنين فسمعته يحدث عن النبي صلى الله عليه وسلم قال: كانت بنو إسرائيل تسوسهم الأنبياء، كلما هلك نبي خلفه نبي، وإنه لا نبي بعدي وسيكون خلفاء فيكثرون، قالوا: فما تأمرنا؟ قال: فوا ببيعة الأول فالأول، أعطوهم حقهم، فإن الله سائلهم عما استرعاهم﴾ {البخاري : رقم الحديث: ٣٤٥٥ - ٣/١٢٧٣}

নবীগণ এ দায়িত্ব পালন করেছেন আল্লাহর প্রতিনিধি হিসাবে। নবীর উম্মত আল্লাহর শত ভাগ বিধান বাস্তবায়নের জন্যই খলিফা হবে। একমাত্র আল্লাহর বিধানের আলোকে উম্মতকে পরিচালনা করবে। এরই নাম হচ্ছে السياسة الإسلامية বা 'ইসলামী রাজনীতি'।

এ পরিচালনার ক্ষেত্রে মুসলমান এককভাবে তা পরিচালনা করবে। এ পরিচালনার মধ্যে অমুসলিমের অংশীদারির কোন সুযোগ নেই। একটি দারুল ইসলামে কোন অমুসলিমকে রাজনৈতিক সাম্যের উপর নিয়ে আসার কোন ধারণা ইসলামে নেই। ইসলামে আছে, মুসলিম দেশে অমুসলিম স্থায়ীভাবে থাকবে যিম্মী হিসাবে বা ক্রিতদাস হিসাবে। রাজনৈতিক সাম্য মানেই হচ্ছে, রাষ্ট্র পরিচালনায় অংশীদারি। পাকিস্তান রাষ্ট্রে একজন অমুসলিমকে রাষ্ট্র পরিচালনায় এ অংশীদারি দেয়া হয়েছে। সংবিধানে যা বলা হয়েছে তা বাস্তবায়নও হয়েছে। কারণ পাকিস্তান একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র।

একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র যেখানে সব ধর্মের মান সমান এবং সব ধর্মের দৃষ্টিতে সব ধর্ম সম্মানিত, সে রাষ্ট্রের নীতিতে সংবিধানের এ অনুচ্ছেদ খুবই উপযোগী। সে রাষ্ট্রে সকল ধর্মের মানুষ রাজনৈতিক সাম্য পাবে এটাই স্বাভাবিক।

বিপত্তি ঘটেছে, কর্ণধারগণ যখন এসব কিছুর উপস্থিতিতেও একটি দেশকে দারুল ইসলাম বলেন এবং একটি দারুল ইসলামের সব পরিভাষা সেখানে ব্যবহার করেন।

বলে রাখা ভালো হবে, কেউ যেন রাজনৈতিক সাম্যকে একজন যিম্মী ও ক্রিতাদাসের নিরাপত্তার সাম্যের সঙ্গে পেঁচিয়ে না ফেলেন। এ বিষয়ক নুসূস যেন এখানে ব্যবহার না করেন।

চার. কুফরের লাগামহীনতা

'মতামতের বহিঃপ্রকাশ ....'।

মতামতের বহিঃপ্রকাশ মানেই মতামতের স্বাধীনতা। একটি দারুল ইসলামে মতামত প্রকাশ করবে 'আহলে রায়'। মতামত প্রকাশ করা হবে ইজতিহাদের ভিত্তিতে। শরয়ী বিষয়াদির প্রধান দু'টি অংশ। একটি 'মানসূস আলাইহি' আরেকটি 'মুজতাহাদ ফীহি'। দু'টি অংশের প্রথম অংশটি এমন যার ক্ষেত্রে মতামত পেশ করার কোন সুযোগ নেই। আর দ্বিতীয় অংশটি এমন যার জন্য মতামত প্রদানকারী মুসলমান হওয়া শর্ত।

এমতাবস্থায় সংখ্যালঘু তথা একজন অমুসলিমকে 'মতামত বহিঃপ্রকাশের স্বাধীনতা' দেয়া হলে সে এ স্বাধীনতা ও অধিকার কোথায় ব্যবহার করবে? সে কি ইসলামবান্ধব কোন ক্ষেত্রে এ স্বাধীনতা ও অধিকার ব্যবহার করবে? নাকি ইসলামের আকীদা-বিশ্বাসের বিপরীত কোন ক্ষেত্রে এ অধিকার ব্যবহার করবে?

যদি ইসলামবান্ধব কোন ক্ষেত্রে মতামত প্রকাশ করার জন্য তাকে এ অধিকার দেয়া হয়ে থাকে তা হলে সংখ্যালঘু অমুসলিম শিরোনামে এ অধিকার দিতে হবে কেন? এ অধিকার তো সকল মুসলমানের জন্য এমনিতেই আছে। অমুসলিমকে তা আলাদা করে দিতে হবে কেন?

আর যদি এর দ্বারা ইসলামের আকীদা-বিশ্বাসের বিপরীত মতামত প্রকাশ করার জন্য তাকে অধিকার দেয়া হয়ে থাকে তা হলে তাকে এ অধিকার দেয়ার অধিকার দারুল ইসলামের মালিকদেরকে কে দিয়েছে? একটি দারুল ইসলামে মুশরিক তার শিরকের মত প্রকাশ করবে? খ্রিস্টান ঈসা আলাইহিস সালামকে আল্লাহর সন্তান বলে মত প্রকাশ করবে? ইহুদী ওযায়ের আলাইহিস সালামকে আল্লাহর ছেলে বলে মত প্রকাশ করবে? নাস্তিক স্রষ্টার কোন অস্তিত্ব নেই (নাউযু বিল্লাহ) বলে মত প্রকাশ করার অধিকার ও স্বাধীনতা পাবে?

একটি দারুল ইসলামে কোন অমুসলিম তার দুনিয়াবি ও ইন্তেযামি কোন বিষয়ে মুসলমান শাসকের কাছে আবেদন করতে পারবে, কোন প্রকার

মত প্রকাশ করতে পারবে না। এ বিষয়ে তার সাংবিধানিক কোন অধিকার পাওয়ার কোন সুযোগ নেই। এ স্বাধীনতা ব্যবহারের কোন ক্ষেত্র নেই।

আর যদি ব্যবহার করার কোন ক্ষেত্র না থাকে তা হলে তাকে এ স্বাধীনতা কেন দেয়া হয়েছে?

বলাবাহুল্য, এটি কোন দারুল ইসলামের চিত্র নয়। এটি একটি গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ ধর্মের অধীনে পরিচালিত একটি রাষ্ট্রের চিত্র।

উল্লেখ্য, মত প্রকাশের স্বাধীনতা এটি বর্তমান বিশ্বে বহুল প্রচলিত সুপরিচিত একটি পরিভাষা। যার ব্যবহার ক্ষেত্রের বিষয়ে কোন অস্পষ্টতা নেই। যার সারমর্ম হচ্ছে, সালমান রুশদী ও তাসলিমা নাসরিনদের মত কুখ্যাত নাস্তিক থেকে শুরু করে রাজিব-ইমরানদের মত রাস্তা-ঘাটের নাস্তিক পর্যন্ত কারো মতকে প্রকাশ করতে বাধা দেয়া যাবে না। সবাইকে বলতে দিতে হবে। বলার স্বাধীনতা দিতে হবে। বলার পর তাকে নিরাপত্তা দিতে হবে।

এসবের কোথাও কোন অস্পষ্টতা নেই। কোন রাখঢাক নেই।

বিপত্তি ঘটেছে, কর্ণধারগণ যখন এসব কিছুর উপস্থিতিতেও একটি দেশকে দারুল ইসলাম বলেন এবং একটি দারুল ইসলামের সব পরিভাষা সেখানে ব্যবহার করেন। সমস্যা আরো বেড়ে যায় যখন 'উটপাখী' হওয়ার কারণে বোঝাও বহন করতে পারে না, আবার উড়তেও পারে না।

পাঁচ.আইম্মাতুল কুফরের সঙ্গে বন্ধুত্ব

'আন্তর্জাতিক নিরাপত্তা ....'।

আন্তর্জাতিক বলতে এখানে জাতিসংঘভুক্ত সবকটি দেশ অন্তর্ভুক্ত হবে? না কি কিছু হবে কিছু হবে না? না কি আরো অতিরিক্ত কিছু দেশও অন্তর্ভুক্ত হবে। দারুল ইসলাম পাকিস্তান (?) যেসব দেশের সঙ্গে নিরাপত্তা নিশ্চিতমূলক ঐক্যবদ্ধ চুক্তিতে স্বাক্ষর করবে এবং সে ক্ষেত্রে সর্বোচ্চ অংশ নেবে সেসব দেশের তালিকায় আমেরিকা, বৃটেন, ইসরাঈল, ভারত, ভ্যাটিক্যান সিটি, চীন, জাপান, রাশিয়া ইত্যাদি আছে কি না?

শ্রদ্ধেয় পাঠক! আমি আর প্রশ্ন করব না। অনেক সময় আমি প্রশ্নের পদ্ধতি গ্রহণ করেছি কারণ, আমি মনে করেছি বিষয়গুলো পাঠকের সামনে দিবালোকের ন্যায় স্পষ্ট। পাঠকের প্রতি আমার এ ধারণা নষ্ট হয়ে গেছে।

পাঠকের একটি অংশ বা আমি বলব কানকথা প্রেমিকদের একটি অংশ একটি ইলমী বিষয়ে যেভাবে কথা বলছেন, যেভাবে মন্তব্য করে যাচ্ছেন এ থেকে নিশ্চিত করেই বলা যায় যে, 'চিলে কান নিয়ে গেছে' কথাটিকে বিশ্বাস করতে তারা যতটা আগ্রহী, 'ভাই! একটু নিজের কান পর্যন্ত হাতটা তুলে দেখুন' কথাটি শুনতে তারা ততটা আগ্রহী নন। কারণ, সে ক্ষেত্রে কান থাকলেও সমস্যা, কান না থাকলেও সমস্যা। এর তুলনায় চিলের পেছনে পেছনে দৌড়াতে থাকা তুলনামূলক নিরাপদ এবং সময় কাটানোর জন্য বেশি উপযোগী।

এ কারণে আর কোন প্রশ্ন নেই। কিতাব ও সুন্নাহর আলোকে যে বিষয়গুলো আমার সামনে স্পষ্ট সে কথাগুলো আমি বলে যাব। পাঠক কিছু বলতে চাইলে দলিলের আলোকে বলবেন। বাস্তবতার আলোকে বলবেন। গালাগালির পথ এবার বন্ধ হওয়া দরকার। নিজের গালির জন্য নিজে লজ্জিত হওয়ার আগেই গালি বন্ধ করে দিন। ভালো হবে।

মুসলমানের শত্রু-মিত্র নির্ধারিত

আমেরিকা, রাশিয়া, বৃটেন, চীন, জাপান ও ভারতসহ যে দেশগুলোর নাম উপরে উল্লেখ করা হয়েছে, এ ধরনের অসংখ্য দেশ পৃথিবীতে আছে; যেগুলো আইম্মাতুল কুফরের দেশ। যে দেশগুলোর বার্ষিক ব্যয়ের উল্লেখযোগ্য একটি অংক বরাদ্দ থাকে ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে কাজ করার জন্য। সে দেশগুলোর পরিচালকরা তাদের সংখ্যাগরিষ্ঠ নাগরিকদের সমর্থন নিয়েই কাজগুলো করে থাকে। সংখ্যাগরিষ্ঠ নাগরিকদের অজান্তেও করে না এবং তাদের বিরোধিতার মুখেও করে না; বরং সংখ্যাগরিষ্ঠের সমর্থনের ভিত্তিতেই করে।

কুরআন, সুন্নাহ ও ফিকহের পরিভাষায় এ দেশগুলো দারুল হারবের প্রথম শ্রেণীর অন্তর্ভুক্ত। পাকিস্তানের মত যে দেশগুলো আন্তর্জাতিক নিরাপত্তা প্রতিষ্ঠা করার জন্য প্রতিযোগিতা করে চলেছে এবং পূর্ণাঙ্গ অংশগ্রহণ করার প্রতিশ্রুতি ব্যক্ত করছে তারা জাতিসংঘের আইন অনুযায়ী এ

নিরাপত্তা প্রতিষ্ঠা করবে -এ বিষয়ে পাকিস্তানেরও কোন সন্দেহ নেই, পাকিস্তানের মত অন্যান্য দেশগুলোরও কোন সন্দেহ নেই। আমার পাঠকদের যারা এসব বিষয়ে সন্দেহ করেন বা অবিশ্বাস করতে পছন্দ করেন তাঁরা মূলত এ বিষয়গুলো সম্পর্কে জানার কখনো সুযোগ পাননি।

জাতিসংঘের আইন আইম্মাতুল কুফরের তৈরি, কুফরের অনুকূলে তৈরি এবং কুফরী স্বার্থ রক্ষা করার জন্য তৈরি। এ আইন তৈরিতে প্রস্তাব দেয়া ও ভেটো দেয়ার অধিকার আইম্মাতুল কুফরের। পরিবর্তন পরিবর্ধনে প্রস্তাব দেয়ার ও ভেটো দেয়ার অধিকারও আইম্মাতুল কুফরের।

ইসলামে নিরাপত্তাদানের মাপকাঠি নির্ধারিত

আন্তর্জাতিক নিরাপত্তার সবটুকুই কাফের ও কুফরের নিরাপত্তা। অন্তত জাতিসংঘের সদস্য দেশ হিসাবে কোন দেশের জন্য নিরাপত্তার ভিন্ন কোন অর্থ নেই। আন্তর্জাতিক নিরাপত্তার প্রচলিত অর্থের মাঝে ইসলামের স্বার্থ রক্ষা, ইসলামের বিধান বাস্তবায়ন ও মুসলমানের স্বার্থ রক্ষার কোন ধারণা নেই।

ইসলামের পরিভাষায় পৃথিবীর কুফর ও আইম্মাতুল কুফরের দেশগুলোর নাম হচ্ছে 'দারুল হারব'। ইসলামী বিধানে যা আগাগোড়া যুদ্ধক্ষেত্র। সে যুদ্ধ ক্ষেত্রে যুদ্ধ চলতেই থাকবে। কাফেরের বিরুদ্ধে মুসলমানের যুদ্ধ। এ যুদ্ধের মেয়াদ দু'টি। এক হচ্ছে, কেয়ামত এসে গেলে কাফেরের সঙ্গে মুসলমানের যুদ্ধ শেষ। এটা হচ্ছে হাদীসের হুবহু বক্তব্য।

আরেকটি হচ্ছে, কাফের যদি মুসলমান হয়ে যায় বা জিযয়া দিয়ে ও ক্রিতদাস হয়ে মুসলমানের অধীনস্ততা গ্রহণ করে। যিম্মী জীবন যাপন করে। এটা হচ্ছে কুরআনের হুবহু বক্তব্য। মুসলমানদের একটি বিশাল কাফেলা আজীবন এ কাজেই নিয়োজিত থাকবে। মূলত দু'টি মেয়াদই আল্লাহ ও তাঁর রাসূলের দেয়া। হ্যাঁ! যুদ্ধ বিরতির সন্ধি হলেও তাতে যুদ্ধ বন্ধ থাকে, তবে তা একেবারেই সাময়িক একটি অবস্থা মাত্র।

শরীয়তের পরিভাষাই মাপকাঠি

মুসলমানদের প্রয়োজনে, মুসলমানদের স্বার্থে এবং যুদ্ধের প্রয়োজনে কখনো সাময়িক বিরতি হবে। ক্লান্তি-শ্রান্তি দূর হওয়ার পর আবার যুদ্ধ শুরু হবে।

আল্লাহ ও আল্লাহর রাসূলের দেয়া মেয়াদকে আমরা আমাদের মত করে রহিত করে দিয়েছি দু'টি দলিল দিয়ে। একটি হচ্ছে, জাতিসংঘের চুক্তি, আরেকটি হচ্ছে, উপনিবেশ পরবর্তী পৃথিবীর পরিবর্তিত পরিস্থিতি। আর এ সব হচ্ছে মূলত আল্লাহ তাআলার নিম্নোক্ত বাণীগুলোর উদাহরণ-

﴿أَتُجَادِلُونَنِي فِي أَسْمَاءٍ سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا نَزَّلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ فَانْتَظِرُوا إِنِّي مَعَكُمْ مِنَ الْمُنْتَظِرِينَ﴾ {سورة الأعراف: ٧١}

"তোমরা কি এমন নামসমূহের ব্যাপারে আমার সাথে বিবাদ করছ, যার নামকরণ করেছ তোমরা তোমাদের পিতৃপুরুষরা, যার ব্যাপারে আল্লাহ কোন প্রমাণ নাযিল করেননি। সুতরাং তোমরা অপেক্ষা কর। আমিও তোমাদের সঙ্গে অপেক্ষা করছি।" -সূরা আরাফ ৭১

﴿مَا تَعْبُدُونَ مِنْ دُونِهِ إِلَّا أَسْمَاءً سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ﴾ {سورة يوسف: ٤٠}

"তোমরা তাঁকে বাদ দিয়ে নিছক কতগুলো নামের ইবাদত করছ, যাদের নামকরণ তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা করেছে, যাদের ব্যাপারে আল্লাহ প্রমাণ নাযিল করেননি। বিধান একমাত্র আল্লাহরই। তিনি নির্দেশ দিয়েছেন যে, তাঁকে ছাড়া আর কারো ইবাদত করো না। এটিই সঠিক দ্বীন, কিন্তু অধিকাংশ লোক জানে না।" -সূরা ইউসুফ ৪০

﴿إِنْ هِيَ إِلَّا أَسْمَاءٌ سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَمَا تَهْوَى الْأَنْفُسُ وَلَقَدْ جَاءَهُمْ مِنْ رَبِّهِمُ الْهُدَى﴾ {سورة النجم: ٢٣}

"এগুলো কেবল কতিপয় নাম, যে নামগুলো তোমরা ও তোমাদের পিতৃপুরুষেরা রেখেছে। এ ব্যাপারে আল্লাহ কোন দলিল-প্রমাণ নাযিল করেননি। তারা তো কেবল অনুমান এবং নিজেরা যা চায় তার অনুসরণ করে। অথচ তাদের কাছে তাদের রবের পক্ষ থেকে হিদায়াত এসেছে।" -সূরা নাজম ২৩

আন্তর্জাতিক নিরাপত্তা তৈরি হবে মুসলমানে মুসলমানে। ইসলামের পরিচয়ে, ইসলামের সূত্রে। আন্তর্জাতিকভাবে যুদ্ধাবস্থা বিরাজ করবে কাফেরের সঙ্গে মুসলমানের। ঈমান ও কুফরের পার্থক্য জিইয়ে রাখার জন্য, ইসলাম ও কুফরের সীমারেখাকে স্পষ্ট করে রাখার জন্য। কুফরী শক্তিকে দমিত রাখার জন্য। কুফরী শক্তির সঙ্গে ঈমানী শক্তির শত্রুতা হবে প্রকাশ্য।

সুতরাং দারুল ইসলাম পাকিস্তান (?) আন্তর্জাতিক কুফরী শক্তি ও আইম্মাতুল কুফরের সঙ্গে নিরাপত্তার যে জোট করেছে এবং সে ক্ষেত্রে সর্বোচ্চ অংশগ্রহণের যে অঙ্গীকার করেছে তা একটি গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের জন্য খুবই উপযোগী, খুবই জরুরী।

পাকিস্তানের সংবিধান, আইন কানুন, মালিক পক্ষের মন-মানসিকতা, আচার ব্যবহার এবং বাস্তব ক্ষেত্রে এর প্রয়োগ -এগুলোর পরস্পরে কোন বৈপরীত্য নেই। যেমন রাষ্ট্রের পরিচালক তেমনই রাষ্ট্রের সংবিধান, তেমনই তার আইন এবং তেমনই তার প্রয়োগ।

সমস্যা দেখা দিয়েছে, আল্লাহর দুশমনদের সঙ্গে জোটবদ্ধ ও শান্তিচুক্তিতে আবদ্ধ একটি দেশকে যখন আল্লাহর বন্ধুদের রাহবারগণ দারুল ইসলাম বলে তৃপ্তি বোধ করেন। কুফরী শক্তির প্রহরীদের মাঝে যখন জিহাদ ও রিবাতের ফযীলত বিলি বণ্টন করতে থাকেন। কুফরী শক্তির স্বার্থ রক্ষাকারী একটি সংবিধানের ব্যাপারে যখন বলেন, এ সংবিধানের মূল স্তম্ভ হচ্ছে আল্লাহর হাকিমিয়্যাতের স্বীকৃতির উপর।

আল্লাহর হাকিমিয়্যাত ও সংবিধানের এ ছত্রগুলো

আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের একটি চিত্র আমরা দেখেছি কুরআন, হাদীস, তাফসীর, ফিকহ ও ফাতওয়ার মাঝে। এর পাশাপাশি আমরা দেখলাম পাকিস্তান সংবিধানের নিম্নোক্ত কথাগুলো-

দেশ জনগণের নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে তার ক্ষমতা ও শক্তিকে ব্যবহার করবে।? এমন বাস্তবভিত্তিক ব্যবস্থাপনা থাকবে যে, সংখ্যালঘুরা যেন স্বাধীনভাবে তাদের ধর্মীয় বিশ্বাসের উপর থাকতে পারে, তার উপর আমল করতে পারে এবং নিজেদের সভ্যতার উন্নতি করতে পারে।? যার মাঝে মৌলিক অধিকারগুলোর নিশ্চয়তা দেয়া হবে,

আর সেসব অধিকারের ক্ষেত্রে কানূন ও সাধারণ রীতি-নীতির বিবেচনায় মর্যাদা ও অবস্থান, কানূনের দৃষ্টিতে সমতা, সামাজিক, রাজনৈতিক, রাজনৈতিক সাম্য ও মতামত, মতামতের বহিঃপ্রকাশ, আকীদা বিশ্বাস, ধর্ম, ইবাদত-উপাসনা ও সম্মিলনের স্বাধীনতা অন্তর্ভুক্ত হবে।? আন্তর্জাতিক নিরাপত্তা ও মানব জাতির উন্নতি ও সচ্ছলতার ক্ষেত্রে নিজেদের পূর্ণ দায়িত্ব আদায় করতে পারে।? তাই আমরা এখন পাকিস্তান প্রজাতন্ত্র।? এ গণতন্ত্রকে রক্ষা করার জন্য ব্যয়কৃত উদ্দীপনার সাথে যে গণতন্ত্র জুলুম অত্যাচারের বিরুদ্ধে সাধারণ মানুষের চূড়ান্ত চেষ্টা প্রচেষ্টার বিনিময়ে অর্জিত হয়েছে।

কী মিল? কী পার্থক্য?

এ পর্যায়ে এসে আমাদের সামনে দু'টি জটিল রকমের প্রশ্ন উদিত হয়। **এক.** আল্লাহ জাল্লা শানুহুর হাকিমিয়্যাতের যে চিত্র আমরা কুরআন, হাদীস, ফিকহ-ফাতাওয়া ও ইসলামের ইতিহাস থেকে দেখে এসেছি এর সঙ্গে পাকিস্তান সংবিধানের এ ছত্রগুলোর কী মিল? **দুই.** বিশ্বের অপরাপর কুফরী-গণতান্ত্রিক-ধর্মনিরপেক্ষ দেশগুলোর সংবিধান এবং পাকিস্তান সংবিধানের মাঝে কী পার্থক্য?

সারা বিশ্বে গণতান্ত্রিক-ধর্মনিরপেক্ষ-কুফরী শক্তি যে নীতি ধারার উপর চলছে পাকিস্তান সে নীতিই গ্রহণ করেছে। ইসলামের জন্য ও মুসলমানদের জন্য অতিরিক্ত যে ছত্রগুলো বরাদ্দ দেয়া হয়েছে এবং এর জন্য যতটুকু কালি ও কাগজ ব্যয় হয়েছে এতটুকু বাড়তি অধিকার পঁচানব্বই/আটানব্বই ভাগ জনগণ পেতেই পারে।

ছাড় আছে

সারা বিশ্বের প্রতিটি গণতান্ত্রিক-ধর্মনিরপেক্ষ-কুফরী রাষ্ট্রেই মেজরিটি পার্সনের জন্য এমন অতিরিক্ত কিছু বরাদ্দ থাকে। এতে গণতন্ত্র-ধর্মনিরপেক্ষতা-কুফরের গায়ে কোন আঁচড় লাগে না। এ কুফরী মতবাদের প্রতিষ্ঠাতা ও প্রয়োগকারীরা এতটুকু উদারতা সবার ক্ষেত্রে দেখিয়ে থাকেন। সংখ্যাগরিষ্ঠের প্রতি এতটুকু উদারতা না দেখালে সংখ্যাগরিষ্ঠের উপর নিরঙ্কুশ রাজত্ব করা যায় না।

গণতন্ত্র ধর্ম ও ধর্মনিরপেক্ষ ধর্ম যদি হিন্দু সংখ্যাগরিষ্ঠ দেশের উপর রাজত্ব করে তাহলে তাদের সংবিধানের মাঝে হিন্দু ধর্মের জন্য কিছু

সূত্র- https://en.m.wikipedia.org/wiki/Tunisia

ভূখণ্ড : ১৩

পাকিস্তান

মূল আয়তন- ৮,৮১,৯১৩ বর্গ কিমি

দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।

ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।

কর্তৃপক্ষ- তেহরিকে তালেবান পাকিস্তান (টিটিপি)

ভূখণ্ড : ১৪

কাশ্মির

মূল আয়তন- ১,৮৭,১৮৪ বর্গ কিমি

দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।

ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।

কর্তৃপক্ষ- আনসার গাজওয়াতুল হিন্দ (প্রো আল কায়েদা শাখা)

ভূখণ্ড : ১৫

ইরান

মূল আয়তন- ১৬,৪৮,১৯৫ বর্গ কিমি

দখলকৃত আয়তন- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।

ভাগ- কোন নির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি।

কর্তৃপক্ষ- আনসার আল ফুরকান (প্রো আল কায়েদা শাখা)

সারাংশ

যদিও ধারণা করা হয় যে, মুজাহিদিনদের দখলে সারা বিশ্বে প্রায় ৫০ লক্ষ বর্গ কিমি এলাকা রয়েছে, এসব এলাকা সম্পর্কে কোন সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায় নি। শুধুমাত্র ৫,৪৭,৭৭৩ বর্গ কিমি এলাকা সম্পর্কে সুনির্দিষ্ট

তথ্য পাওয়া গেছে। আর তাছাড়া সুনির্দিষ্ট ভাবে দখলকৃত এলাকার পরিমাণ নির্ণয় করা যথেষ্ট কঠিন এবং এ ব্যাপারে কোন সঠিক উপাত্ত পাওয়া যায় নি।

তবে সেন্টার ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ (ঈঝওঝ) কর্তৃক প্রকাশিত নভেম্বর ২০১৮ এর রিপোর্ট মতে বর্তমানে সারা বিশ্বে সালাফি মুজাহিদের এর সংখ্যা কমপক্ষে ১,০৫,০৯৫ জন এবং উর্ধে ২,০৩,২৯০।

https://www.csis.org/analysis/evolution-salafi-jihadist-threat

জরুরী টীকা : ৩

আর এ দেশে যে হুকুমত প্রতিষ্ঠিত হবে তা আল্লাহ তাআলার হাকিমিয়্যাতকে স্বীকার করার অধীনেই হবে।

জরুরী টীকা-৩

আর এ দেশে যে হুকুমত প্রতিষ্ঠিত হবে তা আল্লাহ তাআলার হাকিমিয়্যাতকে স্বীকার করার অধীনেই হবে।

** আল্লাহ তাআলার হাকিমিয়্যাতকে স্বীকার করে নেয়াই ঈমানের জন্য যথেষ্ট নয়। ঈমানের জন্য জরুরী হচ্ছে কবুল করা। আর এ স্বীকার করা যে কবুল নয় তা পরবর্তী টীকার আলোচনা থেকেই স্পষ্ট হয়ে যাবে, ইনশা-আল্লাহ। স্বীকার ও কবুলের মাঝে ব্যবধান স্পষ্ট।*

﴿وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ لَيَقُولُنَّ اللَّهُ فَأَنَّى يُؤْفَكُونَ ۝ اللَّهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَيَقْدِرُ لَهُ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝ وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ نَزَّلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَحْيَا بِهِ الْأَرْضَ مِنْ بَعْدِ مَوْتِهَا لَيَقُولُنَّ اللَّهُ قُلِ الْحَمْدُ لِلَّهِ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ﴾

{سورة العنكبوت: ٦١-٦٣}

"আর যদি তুমি তাদেরকে প্রশ্ন কর, কে আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন এবং চাঁদ ও সূর্যকে নিয়োজিত করেছেন? তারা অবশ্যই বলবে, আল্লাহ। তাহলে কোথায় তাদের ফিরানো হচ্ছে? আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা করেন রিয্ক প্রশস্ত করে দেন এবং যার জন্য ইচ্ছা

সীমিত করে দেন। নিশ্চয় আল্লাহ সকল বিষয়ে সম্যক অবগত। আর যদি তুমি তাদেরকে প্রশ্ন কর, কে আসমান থেকে বর্ষণ করেন, অতঃপর তা দ্বারা যমীনকে তার মৃত্যুর পর সঞ্জীবিত করেন? তবে তারা অবশ্যই বলবে, আল্লাহ। বল সকল প্রশংসা আল্লাহর। কিন্তু তাদের অধিকাংশই তা বোঝে না।" -সূরা আনকাবূত ৬১-৬৩

উপরোক্ত আয়াতগুলো দ্বারা যারা উদ্দেশ্য তারা কেউ মুমিন নয়। সত্যের শুধু স্বীকারোক্তির মাধ্যমেই তারা মুমিন হয়নি।

পাকিস্তান সংবিধানে আল্লাহর হাকিমিয়্যাতকে কবুল করা হয়নি, এমনকি আইন প্রণয়নের ক্ষেত্রে তাঁকে হাকেম বলে স্বীকারও করা হয়নি। সংবিধানে আল্লাহকে স্বীকার করা হয়েছে। আল্লাহর দ্বীন একটি আমানত এ কথা স্বীকার করা হয়েছে। আল্লাহর হাকিমিয়্যাতের অধীনে দেশ চলবে, শরীয়তের অধীনে দেশ চলবে -এমন কোন স্বীকারোক্তি বা ধারা সংবিধানে নেই।

সংবিধানের যে কথাগুলো থেকে শায়খে মুহতারামের সন্দেহ হয়েছে, যাকে তিনি নিশ্চয়তার সাথে ব্যক্ত করেছেন যে, পাকিস্তানে যে হুকুমত প্রতিষ্ঠিত হবে তা আল্লাহর হাকিমিয়্যাতের স্বীকৃতির অধীনে প্রতিষ্ঠিত হবে, সংবিধানের সে বক্তব্যগুলো আমি এখানে তুলে ধরছি, যার কিছু কিছু এর আগে পরেও বার বার উল্লেখ করা হয়েছে ও হবে।

উদ্ধৃতিগুলোর পুনরোক্তিতে পাঠক হয়ত কিছুটা বিরক্ত হচ্ছেন। কিন্তু বিষয়টির চূড়ান্ত ফলাফলে পৌছার জন্য এর কোন বিকল্প নেই। আমি ছোট হলেও একটি বড় বিষয়ে হাত দিয়ে ফেলেছি। যদিও একান্ত বাধ্য হয়েই দিয়েছি। জবাবদিহির দায়বদ্ধতা থেকেই দিয়েছি। কিন্তু বিষয়টি বড়ই নাজুক ও স্পর্শকাতর।

সংবিধানের সন্দেহসৃষ্টিকারী সেই বক্তব্যগুলো

পাকিস্তান সংবিধানের ইসলামবান্ধব যে কথাগুলো যুগ যুগ ধরে পাকিস্তানের কর্ণধার ও সাধারণ জনগণকে মোহিত করে রেখেছে সে কথাগুলোর উপর এক সঙ্গে একবার দৃষ্টি বুলিয়ে দেখা যেতে পারে যে, সেখানে কী আছে। আরো দেখা যেতে পারে, তা থেকে ইসলাম ও মুসলমানরা কী পেয়েছে।

প্রথম বক্তব্য

* چونکہ اللہ تبارک وتعالیٰ ہی پوری کائنات کا بلا شرکت غیرے حاکم مطلق ہے اور پاکستان کے جمہور کو جو اختیار واقتدار اس کی مقرر کردہ حدود کے اندر استعمال کرنے کا حق ہو گا، وہ ایک مقدس امانت ہے۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ۱

"যেহেতু আল্লাহ তাআলাই অন্য কারো অংশিদারিত্ব ছাড়া সারা পৃথিবীর একচ্ছত্র বিধানদাতা, আর তিনি কর্তৃক নির্ধারিত সীমারেখার মধ্যে পাকিস্তানের জনগণ যে ক্ষমতা ও এখতিয়ার ব্যবহার করার অধিকার পাবে তা একটি পবিত্র আমানত।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ১

হাকীকত : আল্লাহ একমাত্র হাকেম ও বিধানদাতা এ কথা এখানে বলা হয়েছে। কিন্তু সংবিধান তৈরির ক্ষেত্রে আল্লাহর হাকিমিয়্যাতকে কবুল করা হয়নি। এমনিভাবে তাঁর দেয়া বিধান একটি আমানত সে কথা এখানে বলা হয়েছে। কিন্তু আইন প্রণয়নের ক্ষেত্রে সে বিধানকে গ্রহণ করা হয়নি। এখানে জরুরী আরেকটি কথাও মনে রাখতে হবে যে, এ কথাগুলো ভূমিকার কথা, যা সংবিধানের কোন ধারা উপধারার অন্তর্ভূক্ত নয়। সংবিধানের ধারা উপধারাগুলোতে এ বিষয়টিকে স্থান দেয়া হয়নি এবং এর কোন প্রভাব প্রতিফলিত হওয়ার কোন ব্যবস্থা সংবিধানের ধারাগুলোতে রাখা হয়নি।

দ্বিতীয় বক্তব্য

* جس میں جمہوریت، آزادی، مساوات، رواداری اور عدل عمرانی کے اصولوں پر جس طرح اسلام نے ان کی تشریح کی ہے، پوری طرح عمل کیا جائے گا:

جس میں مسلمانوں کو انفرادی اور اجتماعی حلقہ ہائے عمل میں اس قابل بنایا جائے گا کہ وہ اپنی زندگی کو اسلامی تعلیمات ومقتضیات کے مطابق جس طرح

قرآن پاک اور سنت میں ان کا تعین کیا گیا ہے، ترتیب دے سکے۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ۱

"যার মধ্যে গণতন্ত্র, স্বাধীনতা, সাম্য, সততা ও ইনসাফপূর্ণ জীবনযাপনের মূলনীতির উপর পুরোপুরি আমল করা হবে যেভাবে ইসলাম সেগুলোর ব্যাখ্যা করেছে।

যার মধ্যে মুসলমানদেরকে ব্যক্তি ও সামাজিক অঙ্গনে এমন উপযুক্ত করে তোলা হবে যে, তারা তাদের নিজেদের জীবনকে ইসলামী শিক্ষা ও ইসলামের দাবি মোতাবেক সাজাতে পারে যেভাবে কুরআন পাক ও সুন্নাহতে বাতলানো হয়েছে।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ১

হাকীকত : অত্যন্ত ধূর্ততার সঙ্গে এ গদটি তৈরি করা হয়েছে। প্রথমত: ইসলামের বিধান না বলে ইসলামের ব্যাখ্যা শব্দ ব্যবহার করা হয়েছে। দ্বিতীয়ত: ইসলামের ব্যাখ্যা অনুযায়ী গণতন্ত্র বাস্তবায়ন করার কথা বলা হয়েছে, অথচ ইসলামের ব্যাখ্যা অনুযায়ী গণতন্ত্রের কোন অস্তিত্ব নেই। তৃতীয়ত: গণতন্ত্রের যে ব্যাখ্যা পাকিস্তান সংবিধানে দেয়া হয়েছে সে ব্যাখ্যার মাঝে ইসলাম প্রবেশ করার কোন ছিদ্রপথও রাখা হয়নি। চতুর্থ নম্বরে ইসলামী শিক্ষার পরিবেশ তৈরির ওয়াদা করা হয়েছে। যার সাথে আইনগত বিষয় জড়িত নয়। এ ধরনের ওয়াদা অন্যান্য ধর্মের শিক্ষার বেলায়ও করা হয়েছে।

সংবিধানের এ অংশটিকে আমরা এখানে যেভাবে বুঝেছি সেভাবে তা পুরো সংবিধানে এবং সত্তর/বাহাত্তর বছর যাবত তার বাস্তবায়ন হয়েছে। শাব্দিক অর্থের সুবিধা নিয়ে যেসব বুঝ দেয়ার চেষ্টা করা হয়েছে পুরো সংবিধানে এবং পাকিস্তানের সত্তর/বাহাত্তর বছরে এর কোন উদাহরণ পাওয়া যায় না।

আমাদের ইলমী অঙ্গনে এ কথাটি প্রসিদ্ধ আছে যে, পাকিস্তান সংবিধানের ভূমিকা পাকিস্তানের আকাবির ওলামায়ে কেরাম তৈরি করেছেন। এ কারণে পাঠকদের কেউ মনে করতে পারেন যে, ভূমিকার উপর যেসব অভিযোগ রয়েছে সেগুলো প্রকারান্তরে আমাদের আকাবির ওলামায়ে কেরামের উপরই পড়ে।

এ বিষয়ে আমার নিবেদন হচ্ছে, ভূমিকাটি আমাদের আকাবির ওলামায়ে কেরাম লিখে থাকলেও তা গণতন্ত্রের ফর্মায় ও ধর্মনিরপেক্ষ ধর্মের ফর্মায় পরিপাটি হয়েই সংবিধানে সন্নিবেশিত হয়েছে। এর বিকল্প কোন কিছু ধারণা করার কোন সুযোগ নেই। অতএব ভূমিকা বিষয়ক অভিযোগের পুরোটাই গণতন্ত্রের উপর। এর অংশবিশেষ হিসাবে আমাদের উপর এতটুকু অভিযোগ আসবে যে, আমরা কেন বিষয়গুলো বোঝার চেষ্টা করিনি এবং করছি না।

তৃতীয় বক্তব্য

* قادر مطلق اللہ تبارک وتعالی اور اس کے بندوں کے سامنے اپنی ذمہ داری کے احساس کے ساتھ :

....

بانی پاکستان قائد اعظم محمد علی جناح کے اس اعلان سے وفاداری کے ساتھ کہ پاکستان عدل عمرانی کے اسلامی اصولوں پر مبنی ایک جمہوری مملکت ہوگی۔اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ۲

"কাদেরে মুতলাক আল্লাহ তাবারাকা ওয়াতাআলা ও তাঁর বান্দাদের সামনে নিজের দায়িত্বের অনুভূতির সাথে:

....

পাকিস্তানের প্রতিষ্ঠাতা কায়েদে আযম মুহাম্মদ আলি জিন্নাহের ঐ ঘোষণার মান রক্ষা করে যে, পাকিস্তান ইনসাফপূর্ণ জীবনযাপনের ইসলামী মূলনীতির উপর প্রতিষ্ঠিত একটি গণতান্ত্রিক দেশ হবে।" - ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ২

হাকীকত : এখানে প্রথম কথা হচ্ছে আল্লাহ ও তাঁর বান্দাদের সামনে দায়িত্বের অনুভূতির প্রকাশ। দ্বিতীয় কথা হচ্ছে, কায়েদে আযমের ঘোষণার মান রক্ষা করা। এ দু'টি কথা মূলত দু'টি সোনালী রূপালী কথা। এগুলো কোন আইনী ও সাংবিধানিক ভাষা নয়। এখানে কোন বিধান দেয়াও হয়নি এবং কোন বিধানের মূলনীতিও দেয়া হয়নি। উপরন্তু

কায়েদে আযমের ঘোষণার মান রক্ষা করার জন্য যারা আজ সংবিধানের পাতা নষ্ট করছে তারা ভুলে গেছে যে, কায়েদে আযম যতকাল ক্ষমতায় ছিলেন ততকালের মধ্যে তিনিও তাঁর ঘোষণার মান রক্ষা করেননি। ইসলাম প্রতিষ্ঠার জন্যই তিনি দেশ ভাগ করেছেন। কিন্তু দেশ ভাগ করার পর বিভিন্ন ব্যস্ততার কারণে ইসলাম প্রতিষ্ঠার কথা ভুলে গেছেন। শত হাজার লক্ষ মুখে সে দাবি চলতে থাকার পরও তিনি ব্যস্ততার কারণে সে দিকে ভ্রুক্ষেপ করার সুযোগ পাননি।

'কায়েদে আযমের ঘোষণার মান রক্ষা করা' কথাটি আরেকটি বিষয় প্রমাণ করে যে, ইসলামবান্ধব এ গদগুলো অনেক পরের সংযোজন, যা বিভিন্ন পরিস্থিতি সামাল দেয়ার জন্য যুক্ত করা হয়েছে। পাকিস্তান প্রতিষ্ঠাকালে যারা দেশের মালিকপক্ষ ছিল তাদের সময়কালে এ জাতীয় কিছু কথা সংবিধানে ছিল না। বাস্তবায়ন বা প্রয়োগের তো প্রশ্নই আসে না।

লম্পট বদমাশগুলো তো লাম্পট্য ও বদমাশী করেই যাবে। এটাই স্বাভাবিক। কিন্তু মুসলমান কেন ধোঁকা খাবে। ধোঁকা খাওয়াতো নিষেধ।

চতুর্থ বক্তব্য

* جس کا نام اسلامی جمہوریت پاکستان ہو گا۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، ابتدائیہ ص : ۳

"যার নাম হবে, ইসলামী জুমহুরিয়া পাকিস্তান।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ইবতেদাইয়া পৃ: ৩

হাকীকত: দেশটির নাম ইসলামী জুমহুরিয়া পাকিস্তান। বাকি দেশটি শুধু জুমহুরিয়া হয়েছে, ইসলামী হয়নি। গণতান্ত্রিক দেশ হিসাবে যতগুলো যোগ্যতা থাকার দরকার তার সব যোগ্যতাই দেশটির আছে। কিন্তু দারুল ইসলাম হওয়ার মত কোন ব্যবস্থা পাকিস্তানে করা হয়নি। এতটুকু হয়েছে যে, দেশের নাম ইসলামী হওয়ার কারণে গণতন্ত্রের কুফরের প্রহরীদেরকে মুজাহিদ খেতাব দেয়া হয়েছে এবং মানবরচিত আইনের প্রণেতাদেরকে আমীরুল মুমিনীনের ফযীলত ও মান দেয়া হয়েছে।

পঞ্চম বক্তব্য

*باب ۳-الف-وفاقی شرعی عدالت

دستور میں شامل کسی امر کے باوجود اس باب کے احکام مؤثر ہونگے۔

....

....

اس باب کی اغراض کے لئے ایک عدالت کی تشکیل کی جائے گی جو وفاقی شرعی عدالت کے نام سے موسوم ہو گی۔

عدالت چیف جسٹس سمیت زیادہ سے زیادہ آٹھ **مسلم ججوں** پر مشتمل ہو گی، جن کا تقرر صدر آرٹیکل ۱۷۵-الف کی مطابقت میں کرے گا۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، وفاقی شرعی عدالت ص: ۱۱۹-۱۱۸

অনুবাদ

অধ্যায় ৩ -আলিফ- বেফাকী (ফেডারেল) আদালত

সংবিধানে সন্নিবেশিত কোন বিষয় থাকা সত্ত্বেও এ অধ্যায়ের বিধানাবলী প্রভাব বিস্তার করবে।

....

....

এ অধ্যায়ের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য একটি আদালত তৈরি করতে হবে যা বেফাকী (ফেডারেল) আদালত নামে পরিচিত হবে।

আদালতটি প্রধান বিচারপতিসহ সর্বোচ্চ আট জন মুসলিম জজ দ্বারা তৈরি হবে। প্রেসিডেন্ট ১৭৫ আলিফ অনুচ্ছেদের আলোকে তাদেরকে নিয়োগ দেবেন।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, বেফাকী শরয়ী আদালত পৃ: ১১৮-১১৯

হাকীকত : বেনসন সিগারেটের বিশাল বিলবোর্ডের এক কোনের 'সতর্কীকরণ : ধূমপান স্বাস্থের জন্য ক্ষতিকর' যত ক্ষুদ্র ও ছোট, পাকিস্তানের বিশাল কুফরী আদালতের পাশে সিঁড়ির নিচের শরীয়াহ বেঞ্চ তার চাইতে অনেক বেশি ক্ষুদ্র ও ছোট। দ্বিতীয়ত এ বেঞ্চ পরিচালিত হবে কুফরী আইন প্রয়োগে বিশেষজ্ঞ ও অভিজ্ঞদের সংখ্যাগরিষ্ঠ বিচারপতিদের দ্বারা। তৃতীয়ত এ বেঞ্চের প্রধানও হবে কুফরী আইন প্রয়োগে দীর্ঘ অভিজ্ঞ ব্যক্তি। চতুর্থত এর সকল তদারকি করবে কুফরী আইনের উচ্চ আদালত।

এরই সাথে সাথে আরো দু'টি বিষয়ও উল্লেখযোগ্য। এক. বলা হয়েছে শরীয়া বেঞ্চের বিধান অন্যান্য বিভাগের উপর প্রভাব বিস্তার করবে। কিন্তু বাস্তবে দেখা গেছে, শরীয়া বেঞ্চ দেশের বৃহৎ গায়রে শরয়ী আদালতের উপর প্রভাব বিস্তার করতে পারেনি এবং প্রভাব বিস্তার করার মত কোন ধারা সংবিধানে রাখা হয়নি; বরং বিপরীত ধারাসমূহ রাখা হয়েছে। দুই. শরীয়া বেঞ্চ নামের এ বেঞ্চটিও পাকিস্তানের কিসমতে বহুকাল পরে জুটেছে। বেঞ্চটি যখন জন্মলাভ করেছে তখন যতটুকু শক্তি নিয়ে তার পথচলা শুরু হয়েছিল তাও এখন অবশিষ্ট নেই। শেষ নিশ্বাস ত্যাগ করে করে অবস্থা।

কথাগুলো পাকিস্তানের দীর্ঘ জীবনেও আছে এবং সংবিধানে আছে। বার বার পড়ে বিষয়গুলো বুঝে নিন।

ষষ্ঠ বক্তব্য

* صدر

بسم اللہ الرحمن الرحیم

(شروع کرتا ہوں اللہ کے نام سے جو بڑا مہربان نہایت رحم کرنے والا ہے۔)

میں .... صدق دل سے حلف اٹھاتا ہوں کہ میں مسلمان ہوں اور وحدت، توحید قادر مطلق اللہ تبارک وتعالی، کتب الہیہ، جن میں قرآن پاک خاتم الکتب ہے، نبوت حضرت محمد رسول اللہ صلی اللہ علیہ وسلم بحیثیت خاتم النبیین جن کے بعد کوئی نبی نہیں آ

سکتا، روز قیامت اور قرآن پاک وسنت کی جملہ مقتضیات وتعلیمات پر ایمان رکھتا ہوں۔

اسلامی جمہوریت پاکستان کی دستور، عہدوں کے حلف ص: ۲۰۷

প্রেসিডেন্ট

بسم اللہ الرحمن الرحیم

(আমি শুরু করছি আল্লাহর নামে যিনি বড় মেহেরবান, অত্যন্ত দয়াবান)

"আমি মুসলমান এবং কাদেরে মুতলাক আল্লাহ তাবারাকা ওয়াতাআলার তাওহীদ, আল্লাহর কিতাবসমূহ যার মধ্যে কুরআন পাক সর্ব শেষ কিতাব, খাতামুন নাবিয়্যীন হিসাবে হযরত মুহাম্মাদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাঁর পর কোন নবী আসতে পারে না, কেয়ামত দিবস, কুরআন পাক ও সুন্নাহের সকল দাবি ও শিক্ষার উপর ঈমান রাখি.......।" -ইসলামী জমহুরিয়া পাকিস্তানের সংবিধান, পদসমূহের হলফ পৃ: ২০৮

হাকীকত: প্রথমত এ কথার মধ্যে দেশে ইসলামী আইন বাস্তবায়নের কোন কথা নেই। দ্বিতীয়ত ঈমানের এ স্বীকৃতির পর যদি কেউ আল্লাহর আইনকে কবুল না করে মানব রচিত আইনকে কবুল করে তাহলে সে মুরতাদ হয়ে যাবে। সে পুনরায় মুসলমান হওয়ার জন্য তাওবা করতে হবে এবং কৃত কুফর থেকে ফিরে আসতে হবে। তৃতীয়ত মুসলমান হওয়ার স্বীকৃতি শুধুমাত্র প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর হলফনামায় রয়েছে। এছাড়া আর কারো হলফনামায় এ স্বীকৃতি নেই।

সপ্তম বক্তব্য

* کہ میں اسلامی نظریہ کو برقرار رکھنے کے لئے کوشاں رہونگا جو قیام پاکستان کی بنیاد ہے۔

اسلامی جمہوریت پاکستان کی دستور، عہدوں کے حلف ص: ۲۱۰

"যে, আমি ইসলামী ধ্যান-ধারণা বহাল রাখার জন্য সচেষ্ট থাকব।" -ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের সংবিধান, পদসমূহের হলফ পৃ: ২১০

হাকীকত: 'ইসলামী ধ্যান-ধারণা বহাল রাখার জন্য সচেষ্ট থাকব' এটি সংবিধানের কোন ভাষা নয়। এর দ্বারা কোন আইনগত অবস্থান প্রকাশ

পায় না। ইসলামী আইনে দেশ চলবে, কুরআনের আইনে দেশ চলবে - এ বক্তব্যের এমন অর্থ করা যায় না। ধোঁকাবাজরা বুঝে শুনেই কথাগুলোকে এভাবে তৈরি করেছে।

স্বীকার করা ও কবুল করা

এ পর্যায়ে একটি মাসআলা একদম স্পষ্ট হয়ে যাওয়া দরকার। প্রায় ক্ষেত্রে কুফর থেকে কাউকে বাঁচানোর জন্য বলা হয়, তিনি বিষয়টিকে অস্বীকার করেন না। বুঝতে হবে ঈমানের বিষয়গুলোকে শুধু স্বীকার করার দ্বারা ঈমান সাব্যস্ত হয় না। ঈমানের বিষয়গুলোর সত্যতা স্বীকার করার পর ব্যক্তির মাঝে ঈমান সাব্যস্ত হতে হলে সে স্বীকার করার সাথে সাথে তা কবুল করে নিতে হবে। ويسلموا تسليما এর পর্ব পার করতে হবে। নচেৎ ঈমান সাব্যস্ত হবে না।

আবু তালিবের কুফর

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চাচা আবু তালেব কাফের ছিলেন এ বিষয়ে উম্মতের আহলে সুন্নাহ ওয়াল জামাতের মাঝে কোন দ্বিমত নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে তিনি কেন কাফের ছিলেন? সহীহ বর্ণনার আলোকেই এ কথা প্রমাণিত যে, আবু তালিব আল্লাহ যে একক সত্তা, তাঁর কোন শরীক নেই -এ কথা বিশ্বাস করতেন। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সত্য নবী হিসাবে বিশ্বাস করতেন। রাসূলের দাওয়াতের প্রতিটি শাখা প্রশাখাকে হক বলে জানতেন। শুধু এতটুকুই নয়; রাসূলের দাওয়াতী কাজের প্রতিটি পর্বে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত সহযোগিতা করে গেছেন। ইসলামের দাওয়াতের কারণে রাসূলসহ সাহাবায়ে কেরাম যেসব কষ্টের মুখোমুখী হয়েছেন আবু তালিবও তার মাঝে শরীক ছিলেন। এত কিছুর পরও তিনি কেন কাফের?

সহীহ বর্ণনার আলোকে আমরা যা পেয়েছি তা হচ্ছে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাচার জীবন সায়াহ্নে মাথার পাশে বসে বসে বলতে থেকেছেন, চাচা! আপনি একটি বার ঈমানের কালিমাটি পড়ুন। আপনি ঈমান গ্রহণ করেছেন শুধু এতটুকু প্রমাণ রেখে যান। চাচা গ্রহণ করেননি। গ্রহণ না করার কারণ কতটুকু ছিল? একেবারেই সামান্য। মক্কার কাফের সর্দাররা বলেছিল, আবু তালিব! তুমি মৃত্যুর

ভয়ে মুহাম্মদের দাওয়াত গ্রহণ করলে? আবু তালিবের স্বচ্ছ বিশ্বাস থাকা সত্ত্বেও শুধু কাল্পনিক মান হানীর ভয়ে ঈমানটা গ্রহণ করেননি।

এরকম ছোটখাট অনেক কারণেই মানুষ আল্লাহর বিধানকে গ্রহণ করছে না। কিন্তু কারণ যাই হোক, গ্রহণ না করলে ঈমান সাব্যস্ত হবে না। গ্রহণ না করলে সে মুসলমান থাকতে পারবে না।

ইবলিসের কুফর

ইবলিস কেন কাফের? সে আল্লাহর সঙ্গে অন্য কাউকে শরীক করেনি। আল্লাহ তাআলা যত গুণে গুণান্বিত তত গুণে গুণান্বিত হিসাবে সে আল্লাহকে বিশ্বাস করত। আল্লাহ তাআলা যত হুকুম দিয়েছেন সেসব হুকুম যে আল্লাহর এ বিষয়ে ইবলিসের কোন অবিশ্বাস ছিল না। আল্লাহর আনুগত্য নাজাতের কারণ এবং অবাধ্যতা ধ্বংসের কারণ এ কথা ইবলিস বিশ্বাস করত। আল্লাহর কুদরতকে সে স্বীকার করত। আর সে কারণেই সে কেয়ামত পর্যন্ত মানুষকে গোমরাহ করার শক্তি আল্লাহর কাছ থেকেই চেয়ে নিয়েছে। তাহলে তার সমস্যাটা কোথায় ছিল?

তার সমস্যা ছিল, সে আল্লাহর আদেশকে বিশ্বাস করেছে, কিন্তু গ্রহণ করেনি। আল্লাহ বলেছেন, তুমি আদমকে সিজদা কর। সে বলেছে, আমি সিজদা করব না। সে বলেনি যে, এটা আপনার আদেশ নয়। শুধুমাত্র সে আদেশটি গ্রহণ করেনি। সে বলেছে قَالَ لَمْ أَكُنْ لِأَسْجُدَ لِبَشَرٍ। 'একজন মানুষকে আমি সিজদা করব না'। অর্থাৎ সে আল্লাহর এ আদেশটি গ্রহণ করেনি। এবং শুধুমাত্র এ একটি আদেশকে গ্রহণ না করেই সে কাফের মুরতাদ হয়েছে। এর আগে তার হাজার বছরের ইতিহাস হচ্ছে সে সব কিছু গ্রহণ করেছে। প্রথম যে দিন সে একটি আদেশ গ্রহণ করেনি সেদিন সে কাফের হয়ে গেছে। সে কিন্তু মুমিন থেকে কাফের হয়েছে।

আদম আলাইহিস সালামের ঈমান

ترك عمل বা আমল ছেড়ে দেয়া এবং عدم تسليم বা গ্রহণ না করা এ দুয়ের মাঝেও পার্থক্য স্পষ্ট হয়ে যাওয়া দরকার। আল্লাহ তাআলা আদম আলাইহিস সালামকে জান্নাতের একটি নির্দিষ্ট গাছ থেকে খেতে নিষেধ

করেছেন। এরপরও তিনি খেয়েছেন। আল্লাহর আদেশের বিপরীত করেছেন। আল্লাহ তাআলা ইবলিসকে বলেছেন, আদমকে সিজদা কর। ইবলিস সিজদা করেনি। আল্লাহর আদেশের বিপরীত করেছে। এ দুয়ের মাঝে ব্যবধান কী?

ব্যবধান হচ্ছে, আল্লাহ তাআলা আদেশ করার পর ইবলিস বলেছে, আমি করব না। এবং সে করেনি। আল্লাহ তাকে বলেছেন-

﴿قَالَ فَاخْرُجْ مِنْهَا فَإِنَّكَ رَجِيمٌ ۞ وَإِنَّ عَلَيْكَ اللَّعْنَةَ إِلَى يَوْمِ الدِّينِ﴾
{سورة الحجر: ٣٤ و ٣٥}

আর আল্লাহ তাআলা আদমকে বলেছেন খেয়ো না। তিনি বলেননি যে, না, আমি খাব। কিন্তু খেয়েছেন। আল্লাহ তাঁকে বলেছেন-

﴿وَقُلْنَا اهْبِطُوا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ وَلَكُمْ فِي الْأَرْضِ مُسْتَقَرٌّ وَمَتَاعٌ إِلَى حِينٍ ۞ فَتَلَقَّى آدَمُ مِنْ رَبِّهِ كَلِمَاتٍ فَتَابَ عَلَيْهِ إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ﴾
{البقرة: ٣٦}

এ দুয়ের ব্যবধান যে বুঝতে পারবে না তার আর দুঃখের শেষ নেই। এ ব্যবধানের কারণে ইবলিস কাফের হয়েছে, আর আদম আলাইহিস সালাম মুমিন রয়ে গেছেন।

আমাদের গণতন্ত্রের কর্ণধাররা ইবলিসের কথাটি গ্রহণ করেছে। তাদেরকে যখন বলা হয়েছে, কুরআন সুন্নাহর ভিত্তিতে দেশ পরিচালনা করুন। তারা বলেছে, না, করব না। আমরা গণতন্ত্রের মাধ্যমে দেশ পরিচালনা করব। কুরআন সুন্নাহর আলোকে দেশ পরিচালনা করা সম্ভব নয়। এবং করেনি। কুরআন সুন্নাহর আইনের পক্ষে যারা কথা বলেছে তাদেরকে দমন করেছে, ঠাট্টা করেছে, পশ্চাদপদ বলেছে। প্রতিযোগিতায় হেরে যাওয়ার আশঙ্কা প্রকাশ করেছে। পিছিয়ে পড়ার আশঙ্কা প্রকাশ করেছে।

আদম আলাইহিস সালাম আল্লাহর সে আদেশ মেনে চলার সকল আয়োজন করেছেন। সে গাছ থেকে খাওয়ার প্রস্তাব বার বার ফিরিয়ে দিয়েছেন। এক পর্যায়ে প্ররোচনার শিকার হয়ে গেছেন এবং ভুল করে

ফেলেছেন। ترك عمل হয়েছে। আমাদের গণতন্ত্রের কর্ণধাররা কুরআন সুন্নাহর আইন বাস্তবায়নের সকল পথ বন্ধ করে, গণতন্ত্র বাস্তবায়নের সকল আয়োজন সম্পন্ন করে দেশ পরিচালনা শুরু করেছে। এটা হচ্ছে عدم تسليم বা গ্রহণ না করা।

পাকিস্তানে গণতন্ত্রের কর্ণধারদের ব্যাপারে শায়খে মুহতারাম দাবি করতে পারেন, তারা আল্লাহর বিধানকে গ্রহণ করেছে, কিন্তু তরক করেছে। শায়খের এ দাবি সহীহ নয়। পাকিস্তানের সংবিধানের ভাষা অনুযায়ী তারা আল্লাহর বিধানকে গ্রহণ করেনি। করবে বলে ওয়াদা করেছে। আর ঈমানের ক্ষেত্রে ভবিষ্যতকালের সীগা-শব্দ গ্রহণযোগ্য নয়। 'আমি ঈমান আনব' বললে তাকে মুমিন বলা হবে না। 'আমি বিয়ে করব' বললে বিয়ে হয় না। 'আমি ক্রয় করব' বললে বেচা কেনা হয় না।

বরং একই বিষয় যে বিষয়ে আল্লাহর বিধানে অকাট্যভাবে সিদ্ধান্ত দেয়া রয়েছে সে বিষয়ে আল্লাহর বিধানকে ঠেলে ফেলে দিয়ে কুফরের বিধানকে গ্রহণ করা হয়েছে -পাকিস্তানের আইনে এমন উদাহরণ শত শত রয়েছে। আল্লাহর বিধান অকাট্যভাবে থাকা সত্ত্বেও তাহাকুম ইলাত তাগুতের অনুশীলন চলছে প্রতিদিন।

এসবই عدم تسليم বা গ্রহণ না করা। ترك عمل বা আমল ছেড়ে দেয়া নয়।

জরুরী টীকা : ৪

আল্লাহ তাআলার হাকিমিয়্যাত মেনে নেয়ার মাধ্যমে হবে এবং তাঁর বিধানের অধীনে হবে।

জরুরী টীকা-৪

আল্লাহ তাআলার হাকিমিয়্যাত মেনে নেয়ার মাধ্যমে হবে এবং তাঁর বিধানের অধীনে হবে।

** এটি শায়খ মুহতারামের নিজের কথা। পাকিস্তান সংবিধানে এমন কোন কথা নেই। সংবিধানের ২২৭ অনুচ্ছেদে 'ইসলামী আহকাম' শিরোনামে যে কথা বলা হয়েছে তা হচ্ছে, বর্তমানের সকল আইনকে ইসলামের আইন অনুযায়ী সাজানো হবে। আর এ কথা ১৯৪৭ থেকে ২০১৫ পর্যন্ত সকল সংস্করণেই আছে। যার অর্থ হচ্ছে, বিধান কখনোই আল্লাহর বিধানের অধীনে তৈরি হয়নি। হুকুমত আল্লাহর হাকিমিয়্যাতের অধীনে প্রতিষ্ঠিত হয়নি এবং হওয়ার কোন সুযোগ নেই। হয়নি, এর সাক্ষি বিগত সত্তর/বাহাত্তর বছর। আর হবে না, এর দলিল অতীত বর্তমানের সংবিধান, সংবিধানের বাস্তবায়ন, গণতান্ত্রিক পদ্ধতির রাষ্ট্র পরিচালনা এবং ধর্মনিরপেক্ষতার বিজয়।*

গণতন্ত্র

গণতন্ত্রের হাকীকত হচ্ছে, সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। গৃহীত সিদ্ধান্তের অবস্থা কী? তার সুবিধা অসুবিধা কী? এসব বিষয় গণতন্ত্রের কোন আলোচ্য বিষয় নয়। সংখ্যাগরিষ্ঠ জনগণ

যদি বলে, মানুষে মানুষে বিয়ের প্রথা বন্ধ করতে হবে, যেখানে সেখানে যৌনমিলনের অবাধ অনুমতি দিতে হবে এবং কুকুর, শূয়র, বিড়াল তাদের বিয়ে নিবন্ধন করতে হবে এবং নিবন্ধন না করে রাস্তাঘাটে যেখানে সেখানে তাদের সহবাস নিষিদ্ধ করতে হবে, তাহলে গণতান্ত্রিক সরকার তা করতে বাধ্য। না করলে সে ক্ষমতা ছেড়ে দিতে হবে এবং সংখ্যাগরিষ্ঠ জনগণের মনোনীত ব্যক্তিই সরকার প্রধান হিসাবে নির্বাচিত হবে এবং তাদের এসব দাবি পূরণ করবে।

এসব আইন পাশ করার ক্ষেত্রে সংখ্যাগরিষ্ঠ কারো কাছে কোন প্রকার জবাবদিহি করতে বাধ্য নয়। ধর্মের কাছেও নয়, ডাক্তারের কাছেও নয়, রুচির কাছেও নয়, ইতিহাসের কাছেও নয়, বিবেকের কাছেও নয়। কোথাও নয়। গণতন্ত্রের এসব হাকীকত শায়খে মুহাতারাম তাঁর বিভিন্ন লেখায় সুন্দর করে তুলেও ধরেছেন। বিশ্বের বিভিন্ন ভূখণ্ড থেকে বিভিন্ন চিত্রও তিনি তুলে এনে পাঠকদেরকে দেখিয়েছেন। আমরা সেসব চিত্র নিজ চোখে দেখতেও পাচ্ছি। নিজ কানে শুনতেও পাচ্ছি।

পাকিস্তানের গণতন্ত্র

পাকিস্তানের কথা কাজেও আমরা উল্লিখিত গণতন্ত্রের ব্যতিক্রম কিছু দেখিনি। সারা পৃথিবীর গণতান্ত্রিক দেশগুলোতে গণতন্ত্র যেভাবে চলে, যে শক্তি নিয়ে কাজ করে পাকিস্তানেও সেভাবেই চলছে, সে শক্তি নিয়েই কাজ করছে। সারা বিশ্বে গণতন্ত্রের চর্চার সঙ্গে পাকিস্তানে গণতন্ত্রের চর্চার কোন ব্যবধান নেই। প্যাকিস্তানের সংবিধান পাকিস্তানে গণতন্ত্রের চর্চাকে সেভাবেই তুলে ধরেছে। চলুন সংবিধানের সে পাঠগুলোর কিছু অংশ আমরা আবার একটু দেখি-

مملکت پاکستان ایک وفاقی جمہوریت ہوگی جس کا نام اسلامی جمہوریت پاکستان ہوگا جسے بعد ازیں پاکستان کہا جائے گا-ابتدائیہ ص: ۳

"পাকিস্তান দেশটি একটি গণতান্ত্রিক দেশ হবে যার নাম হবে ইসলামী জমহুরিয়া পাকিস্তান, যাকে এরপর থেকে পাকিস্তান বলা হবে।" -পৃ: ৩

مجلس شوری (پارلیمنٹ) میں کسی بھی کارروائی کے جواز پر ضابطہ کار کی کسی بے قاعدگی کی بنا پر اعتراض نہیں کیا جائے گا-ص: ۴۵

"মজলিসে শূরায় (সংসদে) কোন কার্যক্রমের বৈধতার উপর, কার্যপ্রণালীর কোন নীতিহীনতার উপর কোন প্রকার আপত্তি করা যাবে না।" -পৃ: ৪৫

شق (۱) کے تحت وضع شدہ قواعد کو مشترکہ اجلاس کے سامنے پیش کیا جائے گا اور مشترکہ اجلاس میں ان میں اضافہ کیا جاسکے گا، کمی بیشی کی جاسکے گی، ترمیم کی جاسکے گی یا انہیں تبدیل کیا جاسکے گا۔

دستور کے تابع کسی مشترکہ اجلاس میں تمام فیصلے حاضر اور رائے دینے والے ارکان کی اکثریت کے ووٹوں سے کئے جائیں گے۔ص: ۴۸-۴۷

"অনুচ্ছেদ (১) এর অধীনে রচিত নীতিমালাকে সম্মিলিত এজলাসের সামনে উত্থাপন করা হবে, সম্মিলিত এজলাসে তার মাঝে বৃদ্ধি করা যাবে, কম-বেশ করা যাবে, সংশোধন করা যাবে, এমনিভাবে পরিবর্তনও করা যাবে।

সংবিধানের অধীনে সম্মিলিত এজলাসে সকল সিদ্ধান্ত নেয়া হবে উপস্থিত এবং রায় প্রদানকারীদের অধিকাংশের ভোটের ভিত্তিতে।" -পৃ: ৪৭-৪৮

دستور میں کسی ترمیم پر کسی عدالت میں کسی بناء پر چاہے جو کچھ ہو کوئی اعتراض نہیں کیا جائے گا۔

ازالہ شک کے لئے بذریعہ ہذا اقرار دیا جاتا ہے کہ دستور کے احکام میں سے کسی میں ترمیم کرنے کے مجلس شوری (پارلیمنٹ) کے اختیار پر کسی بھی قسم کی کوئی پابندی نہیں ہے۔ص: ۱۵۸-۱۵۷

"সংবিধানের কোন প্রকার সংশোধনীর উপর কোন আদালতে কোন ভিত্তিতে কোন বিষয়ে কোন আপত্তি করা যাবে না।

সন্দেহ দূর করার জন্য এর দ্বারা সিদ্ধান্ত দেয়া হচ্ছে যে, সংবিধানের বিধানাবলীর মধ্য থেকে কোনটির মধ্যে রদবদল করার ক্ষেত্রে মজলিসে

শূরা (পার্লামেন্ট) এর এখতিয়ারের উপর কোন প্রকারের কোন পাবন্দি নেই।" -সংবিধান সংশোধনী পৃ: ১৫৭-১৫৮

এভাবে গণতন্ত্রের যত ধারা উপধারা রয়েছে তার প্রত্যেকটিই পাকিস্তান সংবিধানে রয়েছে, সেগুলোর প্রয়োগ রয়েছে এবং এসব ধারা উপধারার প্রতি আকিদা বিশ্বাসও রয়েছে পূর্ণ মাত্রায়। আমরা দু'চারটি খণ্ডচিত্র এখানে তুলে ধরেছি। এ থেকে কিছুটা ধারণা নেয়া যাবে। পুরোপুরি উপলব্ধি করতে হলে পাকিস্তানের সংবিধানটি সরাসরি দেখতে হবে। আমি আমার পাঠকবর্গকে তা দেখার জন্য অনুরোধ করছি।

ধর্মনিরপেক্ষতা

বিশ্বব্যাপী পরিচিত একটি পরিভাষা। ইসলাম ধর্মের বিরুদ্ধে কার্যকরী একটি পদক্ষেপ হচ্ছে ধর্মনিরপেক্ষতা। প্রত্যেকটি গণতান্ত্রিক দেশে গলায় গলা মিলিয়ে আছে ধর্মনিরপেক্ষতা। ধর্মনিরপেক্ষতার শব্দ, পরিভাষা, ব্যবহারিক অর্থ ও প্রয়োগ সব কিছুর মূল দাবিই হচ্ছে, কোন ধর্মের পক্ষ গ্রহণ না করা। এক ধর্মকে আরেক ধর্মের উপর প্রাধান্য না দেয়া। পরিবার, সমাজ, দেশ ও বিশ্ব পরিচালনায় ধর্মের কোন প্রভাব না থাকা। প্রত্যেক ধর্মের অনুসারীর জন্য সমান অধিকার প্রতিষ্ঠিত করা। দেশের জনগণ হিসাবে কোন ধর্মের অনুসারীই ছোট নয় এবং কোন ধর্মের অনুসারীই বড় নয়। প্রত্যেক ধর্মের অনুসারীরাই দেশের মালিক এবং সমান অধিকার নিয়ে মালিক। এক পক্ষ আশ্রয়দাতা আরেক পক্ষ আশ্রিত এমন নয়। এক পক্ষ মালিক আরেক পক্ষ বহিরাগত এমন নয়।

ধর্মনিরপেক্ষতা বলে, ধর্মের ভিত্তিতে বিভক্তি হচ্ছে সাম্প্রদায়িকতা। এর খুব বিরোধিতা করতে হবে। ধর্মের ভিত্তিতে কোন শত্রুতা হবে না, দূরত্ব হবে না, লড়াই হবে না, বিদ্বেষ হবে না, কটাক্ষ হবে না। আর চৌধুরী, পাটওয়ারী, বাঙ্গালী, অবাঙ্গালী আরবী অনারবী এসব গোষ্ঠী ও ভূখণ্ড ভিত্তিক বিভক্তি হচ্ছে জাতীয়তাবাদ। এর গোড়ায় খুব পানি ঢালতে হবে। এ বিভক্তিকে যতই টিকিয়ে রাখা যাবে ততই উন্নতি হতে থাকবে।

এসব কিছুর মূলে রয়েছে ইসলামের মৌলিক সবগুলো দাবিকে সমূলে নিশ্চিহ্ন করা। আর সে কারণে ধর্মনিরপেক্ষতা খুঁজে খুঁজে সেসব

বিন্দুতেই আঘাত করেছে যা ইসলামের মৌলিক আকীদা বিশ্বাস হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছে এবং প্রচার লাভ করেছে।

এ হচ্ছে ধর্মনিরপেক্ষতা। পৃথিবীর প্রতিটি গণতান্ত্রিক দেশে এ ধর্ম খুবই সমাদৃত। দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষ যে ধর্মেরই অনুসারী হোক না কেন গণতন্ত্রের চর্চার সঙ্গে সঙ্গে সে দেশে ধর্মনিরপেক্ষতা সমাদৃত হতে বাধ্য। আসলে গণতন্ত্রের আঁচলে গিট বাঁধার পর ধর্মনিরপেক্ষ ধর্ম গ্রহণ না করে কোন উপায় নেই। বিষয়গুলো সেভাবেই সাজানো।

পাকিস্তানের অবস্থাও এর ব্যতিক্রম নয়। কোন অংশেই পিছিয়ে নয়।

পাকিস্তানের ধর্মনিরপেক্ষতা

পাকিস্তান যে সাংবিধানিকভাবেই ধর্মনিরপেক্ষ ধর্মকে গ্রহণ করেছে তা আমরা ইনশা-আল্লাহ সংবিধানের কিছু উদ্ধৃতি থেকেই দেখব। পাকিস্তানের বাস্তব জীবনে ধর্মনিরপেক্ষ ধর্মের যে চর্চা হয় তার চিত্রের কোন অভাব নেই। কিন্তু এরপরও মানুষ সংবিধানকেই বেশি বিশ্বাস করে। তাই সেখান থেকেই কিছু খণ্ডচিত্র তুলে ধরছি।

ক. পাকিস্তানে ধর্মনিরপেক্ষতার সফল চর্চার কারণে সেখানকার মুসলমানদের জন্য যারা আইন প্রণয়ন করবে ও প্রয়োগ করবে তারা মুসলমান হওয়া জরুরী নয়।

খ. ধর্মনিরপেক্ষতার চর্চার কারণে অমুসলিমরা পাকিস্তানের মুসলমানদের উপর যে কোন পর্যায়ে থেকে নেতৃত্ব দিতে পারে এবং কর্তৃত্ব করতে পারে।

গ. সংবিধানে বলা হয়েছে-

قومی اسمبلی میں خواتین اور غیر مسلموں کے لئے مخصوص نشستوں کے بشمول ارکان کی تین سو بیالس نشستیں ہوگی۔ مجلس شوری ۲۶/۱

شق (۳) میں محولہ نشستوں کی تعداد کے علاوہ قومی اسمبلی میں غیر مسلموں کے لئے دس نشستیں مختص کی جائینگی۔ مجلس شوری ۲۷/۱

غیر مسلموں کے لئے مخصوص تمام نشستوں کے لئے حلقۂ انتخاب پورا ملک ہو گا۔ مجلس شوری ۲۸/۱

"জাতীয় সংসদে মহিলা ও অমুসলিমদের জন্য সংরক্ষিত আসনসহ মোট তিন শত বেয়াল্লিশ আসন হবে। -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, মজলিসে শূরা পৃঃ ২৭

অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত আসন ছাড়াও জাতীয় সংসদে অমুসলিমদের জন্য দশটি আসন সংরক্ষিত রাখা হবে।

অমুসলিমদের জন্য নির্ধারিত সবগুলো আসনের জন্য নির্বাচনের ক্ষেত্র পুরো দেশ হবে।" -ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের সংবিধান, মজলিসে শূরা পৃঃ ২৭

ঘ. আইন প্রণয়ন বিভাগের সদস্যদের যোগ্যতা সম্পর্কে সংবিধানে বলা হয়েছে, যেসব কারণে কোন ব্যক্তি অযোগ্য বলে বিবেচিত হবে-

(د) وہ اچھے کردار کا حامل نہ ہو اور عام طور پر احکام اسلام سے انحراف میں مشہور ہو۔

(ہ) وہ اسلامی تعلیمات کا خاطر خواہ علم نہ رکھتا ہو اور اسلام کے مقرر کردہ فرائض کا پابند نیز کبیرہ گناہوں سے مجتنب نہ ہو۔۔۔

....

....

پیراجات (د) اور (ہ) میں صراحت کردہ نا اہلیوں کا کسی ایسے شخص پر اطلاق نہیں ہو گا جو غیر مسلم ہو، لیکن ایسا شخص اچھی شہرت کا حامل ہو گا۔ مجلس شوری ۳۵/۳۶ و ۳۶

"(د) সে ভালো অবদান না রেখে থাকে এবং সাধারণভাবে ইসলামী বিধিবিধান থেকে বিমুখ হিসাবে প্রসিদ্ধ হয়।

(ہ) সে ইসলামের শিক্ষা দীক্ষায় যথাযথ ইলমের অধিকারী নয় এবং ইসলামের নির্ধারিত ফরযসমূহের পাবন্দ নয় এবং কবীরা গুনাহসমূহ থেকে বিরত থাকে না।

....

....

পেরাগ্রাফ (د) ও (ہ) এর মাঝে উল্লিখিত অযোগ্যতাগুলো এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না যারা অমুসলিম হবে। তবে এমন ব্যক্তিরা যেন ভালো প্রসিদ্ধির অধিকারী হয়।" -মজলিসে শূরা পৃ: ৩৫-৩৬

অর্থাৎ পাকিস্তানের মুসলমানদের জন্য যারা আইন প্রণয়ন করবে তারা মুত্তাকী পরহেযগার হতে হবে। তবে মুত্তাকী পরহেযগার হওয়ার এসব কঠিন শর্ত থাকার প্রয়োজন হবে না যদি আইন প্রণয়নকারী কাফের হয়। নাস্তিক হয় বা মুরতাদ হয়। সে ক্ষেত্রে মুসলমানদের জন্য আইন প্রণয়নকারী হিসাবে যোগ্য হওয়ার জন্য সে অমুসলিম হওয়াই যথেষ্ট।

ধর্মনিরপেক্ষ ধর্মের নিয়ম এরকমই। ধর্মনিরপেক্ষ ধর্মের জন্য সবচাইতে বড় সমস্যার বিষয় হচ্ছে ইসলাম ও মুসলমান। ইসলামের বজ্রকঠিন মূলনীতিগুলো।

৬. মুসলিম অমুসলিম সবার সমান মাত্রার অধিকার সম্পর্কে সংবিধানে বলা হয়েছে-

جس میں جمہوریت، آزادی، مساوات، رواداری اور عدل عمرانی کے اصولوں پر جس طرح اسلام نے ان کی تشریح کی ہے، پوری طرح عمل کیا جائے گا:

جس میں مسلمانوں کو انفرادی اور اجتماعی حلقہ ہائے عمل میں اس قابل بنایا جائے گا کہ وہ اپنی زندگی کو اسلامی تعلیمات ومقتضیات کے مطابق جس طرح

قرآن پاک اور سنت میں ان کا تعین کیا گیا ہے، ترتیب دے سکے۔ اسلامی جمہوریت پاکستان کی دستور، تمہید ص: ۱

جس میں قرار واقعی انتظام کیا جائے گا کہ اقلیتیں آزادی سے اپنے مذاہب پر عقیدہ رکھ سکے اور ان پر عمل کر سکے اور اپنی ثقافتوں کو ترقی دے سکے۔

"যার মধ্যে গণতন্ত্র, স্বাধীনতা, সাম্য, সততা ও ইনসাফপূর্ণ জীবনযাপনের মূলনীতির উপর পুরোপুরি আমল করা হবে যেভাবে ইসলাম সেগুলোর ব্যাখ্যা করেছে।

যার মধ্যে মুসলমানদেরকে ব্যক্তি ও সামাজিক অঙ্গনে এমন উপযুক্ত করে তোলা হবে যে, তারা তাদের নিজেদের জীবনকে ইসলামী শিক্ষা ও ইসলামের দাবি মোতাবেক সাজাতে পারে যেভাবে কুরআন পাক ও সুন্নাহতে বাতলানো হয়েছে।

যার মধ্যে বাস্তবমুখী সিদ্ধান্ত নেয়া হবে যে, সংখ্যালঘু সম্প্রদায় যেন স্বাধীনতার সাথে নিজেদের ধর্মবিশ্বাসকে লালন করতে পারে, তার উপর আমল করতে পারে এবং নিজেদের ধর্মীয় বিশ্বাস ও সভ্যতাকে উন্নত করতে পারে।" -ইসলামী জুমহুরিয়া পাকিস্তানের সংবিধান, ভূমিকা পৃ: ১ পাকিস্তান এমন একটি দেশ যেখানে ইসলামী শিক্ষার উন্নতির জন্যও সরকারীভাবে ব্যবস্থা করা হবে, আবার অমুসলিমদের আকিদা বিশ্বাস চর্চার জন্যও সরকারীভাবে কার্যকরী ব্যবস্থা নেয়া হবে। আর যে দেশে সব ধর্মের জন্য এভাবে ব্যবস্থা থাকে সে দেশকে বলা হয় ধর্মনিরপেক্ষ দেশ। বৃটিশ ভারতে এটা ছিল। বর্তমান ভারতে এটা আছে। বিশ্বের প্রতিটি গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ দেশে এটা আছে। বর্তমান আমেরিকা লন্ডনেও তা আছে। এবং পাকিস্তানে যেভাবে আছে সেভাবেই আছে। পাকিস্তানে মুসলমান বেশি তাই মাদরাসার সংখ্যা বেশি। এছাড়া আর কোন ব্যবধান নেই।

সাবধান!

খবরদার! অমুসলিমদেরকে প্রদত্ত এসব অধিকারকে ইসলামের যিম্মী অধিকারের সঙ্গে প্যাঁচ লাগাবেন না। পাকিস্তানের অমুসলিমরা যিম্মী

নয়। তারা মুসলমানদের জন্য আইন প্রণয়ন ও তা প্রয়োগের অধিকার নিয়ে বসবাস করে। তাদের অধিকারে ও মুসলমানদের অধিকারে কোন মাত্রায় কোন রকমের কোন ব্যবধান নেই। এ বিষয়ক উদ্ধৃতি আগেও উল্লেখ করা হয়েছে, সামনে আরো করা হবে, ইনশা-আল্লাহ।

দ্বিতীয় কথা হচ্ছে, ইসলামী আইনে যিম্মীদেরকে ধর্ম বিশ্বাস লালন করা এবং আমল করা পর্যন্ত সুযোগ দিয়ে থাকে। পাকিস্তান-সংবিধান অমুসলিমদেরকে এতটুকু অধিকার দিয়ে থামেনি। পাকিস্তান তাদেরকে তাদের ধর্মবিশ্বাস ও তাদের সভ্যতাকে উন্নত করার জন্য ব্যবস্থা করার কার্যকরী দায়িত্বও মাথায় নিয়েছে। ধর্মনিরপেক্ষ ধর্মের নীতিতে এ দায়িত্ব নিতে হয়। ইসলামের নীতিতে তাদের আকীদা বিশ্বাসের উন্নতির পথগুলো বন্ধ করে দেয়ার ব্যবস্থা নিতে হয়। মুলতাকাল আবহুর দেখুন-

﴿وَلَا يجوز إِحْدَاث بيعَة أَو كَنِيسَة أَو صومعة فِي دَارنَا. وتعاد المنهدمة من غير نقل﴾ {ملتقى الابحر: ٤٧٦/١}

"দারুল ইসলামে তাদের নতুন কোন গির্জা, মঠ, সন্ন্যাসী আশ্রম তৈরি করা বৈধ হবে না। ধ্বংস হয়ে যাওয়াটিকে স্থানান্তর ব্যতীত পুনর্নির্মাণ করতে পারবে।" -মুলতাকাল আবহুর : ১/৪৭৬

একজন যিম্মী যেন দারুল ইসলামে থেকে ধীরে ধীরে নিজের ধর্মের প্রতি অতিষ্ঠ হয়ে ওঠে এবং ইসলাম ধর্মের আযমত ও বড়ত্বের সামনে ঝুঁকে পড়ে এবং এক সময় তা গ্রহণ করার প্রতি আগ্রহী হয়ে ওঠে সে জন্য শরীয়তের আইনে নিম্নোক্ত ব্যবস্থা নেয়া হয়েছে-

﴿ويميز الذِّمِّيّ فِي زيه ومركبه وسرجه، وَلَا يركب خيلاً وَلَا يعْمل بسلاح، وَيظْهر الكُستيج ويركب سرجاً كالإكاف، والأحق أَن لَا يتْرك أَن يركب إلاّ لضَرُورَة، وحينئذٍ ينزل فِي المجامع، وَلَا يلبس مَا يخص أهل الْعلم والزهد والشرف، وتميز أنثاه فِي الطَّرِيق وَالْحمام، وَتجْعَل على دَاره عَلامَة كَيْلا يسْتَغْفر لَهُ وَلَا يبدؤ بِسَلام، ويضيق عَلَيْهِ الطَّرِيق،

وَيُؤَدِّي الْجِزْيَة قَائِما والآخذ قَاعِدا، وَيُؤْخَذ بتلبيبه ويهز وَيُقَال لَهُ أَدِّ الْجِزْيَة يَا ذمِّي أَو يَا عَدو الله﴾ {ملتقى الابحر: ٤٧٦/١}

পোশাক-পরিচ্ছদ, বাহন, জিনপোষ ব্যবহারের ক্ষেত্রে তাদেরকে আলাদা করা হবে। তারা ঘোড়ায় আরোহন করবে না। অস্ত্র ব্যবহার করবে না। 'কুসতীজ' (পশমের তৈরি আঙ্গুল পরিমাণ মোটা সুতা যা যিম্মীরা কাপড়ের উপর ব্যবহার করে) প্রদর্শন করবে এবং গাধার জিনপোষের ন্যায় (নিম্নমানের) জিনপোষ ব্যবহার করবে। বরং সবচাইতে ভালো হচ্ছে তাদেরকে একান্ত প্রয়োজন ছাড়া বাহনে চড়তেই দেয়া হবে না। সে ক্ষেত্রেও কোন জমায়েত হলে সেখানে তারা নেমে যাবে।

আহলে ইলম, মুত্তাকী, সম্মানিত ব্যক্তিবর্গের বিশেষ পোষাক পরিধান করবে না।

তাদের মহিলাদের পথ ও গোসলখান আলাদা রকমের হবে।

তার ঘরে যিম্মী হওয়ার কোন নিশানা রাখা হবে, যাতে তার জন্য ইসতেগফারের দোয়া না করা হয়, তাকে আগে সালাম না দেয়া হয়।

তার রাস্তা সংকীর্ণ করে দেয়া হবে।

সে দাঁড়িয়ে কর আদায় করবে, আর কর গ্রহণকারী বসা থাকবে। কর গ্রহণকারী যিম্মী ব্যক্তির জামার বুক চেপে ধরবে, তাকে ঝাঁকুনি দেবে এবং বলবে, এই যিম্মী কর আদায় কর! অথবা বলবে, এই আল্লাহর দুশমন কর আদায় কর!" -মুলতাকাল আবহুর : ১/৪৭৬

পাকিস্তান-সংবিধান অমুসলিমের সঙ্গে যে সাম্যের কথা বলছে তার কোন ধারণা ইসলামে নেই। পাকিস্তান-সংবিধান যে নীতি গ্রহণ করেছে তা শতভাগ ধর্মনিরপেক্ষ ধর্মের নীতি। পাকিস্তান তার জন্মলগ্ন থেকে আজো পর্যন্ত সে নীতিতেই চলছে।

সূচনালগ্নে হয়নি

পাকিস্তানের সূচনালগ্নে ও তার জন্মলগ্নে আল্লাহর হাকিমিয়্যাতকে মেনে নিয়ে তাঁর বিধানের অধীনে দেশ পরিচালিত হয়নি। এক দিনের জন্যও হয়নি। ১৯৪৭ এর সংবিধান থেকে শুরু করে ২০১৫ পর্যন্ত সকল সংবিধানে হবে হবে বলা হয়েছে। সংবিধানের এ বিষয়ক অনুচ্ছেদ

আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি। আর 'হবে' শব্দটিই প্রমাণ করে যে, এখনো পর্যন্ত হয়নি। এরই বিপরীত তাগুতের আইন, মানবরচিত আইন এবং বৃটিশ আইনের উপর দেশটি তার জন্মলগ্ন থেকে আজো পর্যন্ত শতভাগ চলে আসছে।

আল্লাহর আইনের অধীনে পাকিস্তান পরিচালিত হয়নি বলেই পাকিস্তানের আকাবির ওলামায়ে কেরাম যাঁরা পাকিস্তান নামে একটি ইসলামী ভূখণ্ড তথা একটি দারুল ইসলাম স্বপ্ন দেখেছিলেন তাঁরা আজীবন রাষ্ট্রের মালিক পক্ষের সঙ্গে ঝগড়া করে গেছেন। রাষ্ট্রযন্ত্র তাঁদের হাতে দেশের প্রথম পতাকা উড়িয়েছে, তাঁদেরকে আশ্বাস দিয়েছে, ধমক দিয়েছে, প্রশংসা করেছে, জানাযার নামাযে লক্ষ লক্ষ মানুষ এনে হাজির করেছে, জানাযা সামনে রেখে চোখের পানি ফেলেছে, এমন মানুষ আর মিলবে না বলেছে -কিন্তু তারা এক দিনের জন্যও আল্লাহর বিধানের অধীনে দেশ পরিচালনা করেনি।

আমরা বুঝতে পারিনি এবং পারছি না, যে ঘরে বরের কথায় ও আচরণে মুগাল্লাযা তালাক হয়ে গেছে সে ঘরে শুধু ঝগড়া করে করেও সংসার করার বৈধতা কীভাবে প্রমাণিত হয়েছে? এ সংসার কেন তখনই ভেঙ্গে যায়নি? কেন ভেঙ্গে দেয়া হয়নি? কেন বিচ্ছেদ ঘটানো হয়নি? সময়মত সে বিচ্ছেদ না ঘটার কারণে সন্তানরা এ সংসারকে অবৈধ সংসার বলে ভাবতে পারেনি। ভাবতে পারছে না। উপরন্তু তার ফযীলত রচনা করে চলেছে হাজার লক্ষ পৃষ্ঠায়।

যাই হোক, একটি পর্বের বিশেষ কোন দুর্বলতা পরবর্তী পর্বের জন্য দলিল হতে পারে না, শিক্ষা হতে পারে। ইবরত হতে পারে।

ইতিহাসের ছেঁড়া পাতা: শাব্বীর আহমদ ওসমানী রহ. এর কান্না

اور آزادئ ملک کے بعد پاکستان کی اسلامی تعمیر اور اسلامی دستور کی تدوین اور نفاذ کے لئے بھی بڑی جد جہد اور کوشش کی، گویا حضرت شیخ الاسلام بانئ پاکستان کا دایاں ہاتھ تھے اور بانئ پاکستان مسٹر محمد علی جناح صاحب کو بھی آپ پر بہت اعتماد تھا- اس لئے پاکستان کا قومی پرچم بھی آپ کے مبارک ہاتھ سے لہرا کر پاکستان کی

داغ بیل ڈالی گئی، پھر پاکستان کے معرض وجود میں آنے کے بعد آپ نے بڑی کوشش اور سعی بلیغ جاری رکھی کہ ملک کا نظام جلد از جلد خلافت راشدہ کے اسلامی آئین کے تحت عمل میں لایا جائے۔

قیام پاکستان اور نفاذ دستور اسلامی کے لئے آپ کی غیر معمولی کاوشوں کو فراموش نہیں کیا جاسکتا۔ اس لا زوال محنت کی وجہ سے بانیٔ پاکستان نے موت سے قبل وصیت کی تھی کہ میرا جنازہ شیخ الاسلام مولانا شبیر احمد عثمانی ہی پڑھائیں۔ حضرت شیخ الاسلام علیہ الرحمۃ نے جنازہ کی امامت کے فرائض انجام دئے تو پاکستان کے مرزائی وزیر خارجہ آنجھانی سر ظفر اللہ نے قائد اعظم کے نماز جنازہ پڑھنے سے انکار کر دیا۔

اس کے بعد تعزیتی جلسہ میں خطاب کرتے ہوئے حضرت علامہ عثمانی نے قائد اعظم کو خراج تحسین پیش کرتے ہوئے فرمایا کہ میرے ساتھ قائد اعظم کا پختہ عہد تھا کہ پاکستان میں ہر حال میں اسلامی نظام کا نفاذ عمل میں لایا جائے گا۔ آپ زندگی بھر قائد اعظم کے اس مجادہ کی یاددہانی کراتے رہے۔ اب بھی موجودہ حکومت کا فرض ہے کہ قائد اعظم کے اس عظیم معاہدہ کی لاج رکھتے ہوئے ملک میں خلافت راشدہ کے اسلامی نظام کے احیاء کا اعلان کر دیا جائے تو بانیٔ پاکستان کو حقیقی روحانی مسرت حاصل ہوگی۔ تذکرہ وسوانح علامہ شبیر احمد عثمانی، اشاعت خاص ماہنامہ القاسم، رمضان-شوال-ذیقعدہ ۱۴۲۶ھ، ص: ۳۳۵

“আর দেশ স্বাধীন হওয়ার পর পাকিস্তানের ইসলামী নির্মাণ এবং ইসলামী সংবিধান সংকলন এবং তা বাস্তবায়ন করার জন্যও তিনি বড় ধরনের চেষ্টা প্রচেষ্টা করেছেনে। বলা যায় হযরত শায়খুল ইসলাম পাকিস্তানের প্রতিষ্ঠাতার ডান হাত ছিলেন এবং পাকিস্তানের প্রতিষ্ঠাতা মিস্টার মুহাম্মদ আলি জিন্নাহ সাহেবও তাঁর উপর খুব ভরসা রাখতেন[ক]। যার দরুণ পাকিস্তানের জাতীয় পতাকাও তাঁর মুবারক হাতে উড়িয়ে পাকিস্তান দেশটির সূচনা করেছেন। এরপর পাকিস্তান অস্তিত্ব লাভ করার পর তিনি অনেক চেষ্টা মেহনত করতে থেকেছেন যেন দেশের আইন কানূনকে যত তাড়াতাড়ি সম্ভব খেলাফতে রাশেদার ইসলামী আইনের অধীনে নিয়ে আসা হয়[খ]।

পাকিস্তান প্রতিষ্ঠা এবং ইসলামী সংবিধানের জন্য তাঁর অসাধারণ চেষ্টা মেহনতগুলোকে ভুলা যায় না। এ অমর মেহনতের কারণে পাকিস্তানের প্রতিষ্ঠাতা মৃত্যুর আগে ওসিয়ত করে গেছেন যে, আমার জানাযার নামায শায়খুল ইসলাম মাওলানা শাব্বির আহমদ ওসমানীই পড়াবেন। হযরত শায়খুল ইসলাম আলাইহির রাহমাহ জানাযার ইমামতির দায়িত্ব আদায় করেছেন। আর সে কারণে পাকিস্তানের কাদিয়ানী পররাষ্ট্রমন্ত্রী প্রয়াত স্যার যাফরুল্লাহ কায়েদে আযমের জানাযার নামায পড়তে অস্বীকৃতি জানিয়েছে [গ]।

এরপর শোক সভায় বক্তব্য দিতে গিয়ে হযরত আল্লামা ওসমানী রহ. কায়েদে আযমের প্রশংসা[ঘ] করতে গিয়ে বলেন, আমার সঙ্গে কায়েদে আযমের দৃঢ় প্রতিজ্ঞা ছিল যে, যে কোন কিছুর বিনিময়ে পাকিস্তানে ইসলামী আইনের প্রয়োগ বাস্তবায়ন করা হবে[ঙ]। তিনি সারা জীবন কায়েদে আযমের এ অঙ্গীকারের কথা স্মরণ করাতে থেকেছেন[চ]। এখনো বর্তমান সরকারের ফরয দায়িত্ব হচ্ছে, কায়েদে আযমের এ মহান অঙ্গীকারের মান রক্ষা করার জন্য দেশের মধ্যে খেলাফতে রাশেদার ইসলামী জীবন ব্যবস্থা বাস্তবায়নের ঘোষণা দিয়ে দেয়া[ছ]। যাতে পাকিস্তানের প্রতিষ্ঠাতার রূহ বাস্তবিকভাবেই আনন্দ লাভ করে[জ]।” - তাযকেরা ওয়াসাওয়ানেহ আল্লামা শাব্বির আহমদ ওসমানী, মাসিক আলকাসিম বিশেষ সংখ্যা, রমযান-শাওয়াল-যুলকাদাহ ১৪২৬

ইতিহাসে যা পেলাম

ক. কায়েদে আযম; যে ইসমাঈলী শিয়ার একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। ওলামায়ে দেওবন্দ তাদেরকে কাফের মনে করে এবং যে গণতন্ত্রের কুফরী মতবাদের একজন সফল ক্রীড়নক। শাব্বীর আহমদ ওসমানী রহ. তার ডান হাত ছিলেন -এমন কথা বলে প্রজন্ম গর্ব করছে।

মুহাম্মদ আলি জিন্নাহ ১৮৭৬- ১৯৪৮ কে?

মতাদর্শ: প্রথমে ইসমাঈলী পরে শিয়া ইসনা আশারিয়া।

মেম্বার: ইনার টেম্পল সোসাইটি ১৯৩১ খ্রি: (ভূতপূর্ব নাইট টেম্পলার্স)

মেম্বার: ফেবিয়ান সোসাইটি (যা বড় বড় ফ্রি ম্যাসনারি ও থিওসোফিক্যাল সোসাইটি একটি গ্রুপ)

রাজনৈতিক মাতা পিতা: ৩৩ ডিগ্রি ফ্রি ম্যাসনারি, অগ্নীপূজারী 'স্যার দাদা বাই নারুজী'কে নিজের পিতা বলে ডাকতো। থিওসোফিক্যাল সোসাইটি প্রধান শয়তানের পূজারী 'এনি বিসেন্ট'কে নিজের মা বলে ডাকতো। প্রথম বিশ্বযুদ্ধে খেলাফতে উসমানির বিরুদ্ধে ইংরেজদের সহায়তা করে। নিজের আধ্যাতিক মা এনি বিসেন্টের কথায় তাহরীকে খেলাফতের চরম বিরোধিতা করে এবং এটাকে নির্বুদ্ধিতামূলক আক্রমণ আখ্যা দেয়া ইন্ডিয়ান আর্মির জন্য দেরাদুন মিলিটারী একাডেমির প্রতিষ্ঠায় মৌলিক ভূমিকা পালন করে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে পুনরায় বৃটেন সরকারকে সামরিক সহায়তার জন্য হিন্দুস্তানের মুসলমানদেরকে জোর দিতে থাকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিন্দুস্তানী সৈন্যদের বৃটেনের বিরুদ্ধে বিদ্রোহ চলাকালে মুসলিম সেনাদের বৃটেনের অনুগত থাকতে জোর দেয়।

প্রসিদ্ধ পুরস্কার প্রাপ্ত ইতিহাসবিদ স্টেনলি ওলপার্ট, উইলিয়াম ডালরিম্পল ও পাকিস্তানের প্রসিদ্ধ পাকিস্তানি বংশোদ্ভূত সমালোচক তারেক ফাতাহ এর অনুসন্ধানী রিপোর্ট অনুযায়ী জিন্নাহ শূকরের গোস্ত খেত এবং মদ পান করতো। ফাতেমা জিন্নাহের বক্তব্য অনুযায়ী জিন্নাহ প্রতিদিন ক্রেভেন (craven a) ব্রান্ড এর ৫০ টি সিগারেট খেত। বিভিন্ন প্রকার ইংরেজী কুকুর প্রতিপালন করা জিন্নাহের শখ ছিল। বাম হাতে খানা খাওয়াকে সে

কোন দোষের কিছু মনে করতো না। সবসময় ইংরেজী পোষাক পরিধান করতো। মৃত্যুর সময় সর্বশেষ আকাংখাও ছিল যেন ইংরেজ পোষাকে তার মৃত্যু হয়।" -আযাদীর ধোঁকা, আদনান রশীদ পৃ: ১২

খ. পাকিস্তানকে ইসলামী আইনের অধীনে আনার চেষ্টা করতে থেকেছেন। অর্থাৎ যে উদ্দেশ্যে পাকিস্তানের জন্ম তা হয়নি। চেষ্টা করেছেন অর্থ হচ্ছে, শাব্বির আহমদ ওসমানী রহ. রাষ্ট্রের মালিক পক্ষের কাছে ইসলামী আইন বাস্তবায়নের জন্য দাবি জানাতে থেকেছেন, আর মালিক পক্ষ তা অস্বীকার করতে থেকেছে।

গ. পাকিস্তান দেশটির সূচনা লগ্নে পররাষ্ট্রমন্ত্রী হিসাবে দায়িত্ব পেয়েছে একজন কাদিয়ানী মুরতাদ। নিয়োগ দিয়েছে সে দেশের রাষ্ট্রপ্রধান।

ঘ. কায়েদে আযম যে ওয়াদার ভিত্তিতে পাকিস্তানের প্রধান ব্যক্তি হয়েছে তা পূরণ না করে প্রশংসা পাওয়ার কারণ কী ছিল? উম্মত এ বিষয়টি নিয়ে চিন্তা করেনি। কায়েদে আযম তার মৃত্যু পর্যন্ত মানব রচিত কুফরী আইনে দেশ পরিচালনা করেছে। বৃটিশদের তৈরি কুফরী আইন দেশে প্রতিষ্ঠিত করে মারা গেছে। একটি দারুল ইসলামের স্বপ্নদ্রষ্টা কোটি কোটি মুসলমানের সঙ্গে গাদ্দারী করে, আল্লাহর আইন প্রতিষ্ঠার পরিবর্তে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ প্রতিষ্ঠা করে কেন প্রসংশার অধিকারী হয়েছিল প্রজন্ম তা নিয়ে ভাবার সময় পায়নি।

ঙ. অর্থাৎ কায়েদে আযম তার জীবদ্দশায় আল্লাহর বিধান প্রতিষ্ঠা করেনি তখন পাকিস্তানের বয়স ০০০০০। মানব রচিত আইন তৈরিও হয়েছে, প্রতিষ্ঠিতও হয়েছে। কায়েদে আযম দেশের প্রধান ব্যক্তি। আল্লাহর বিধান প্রতিষ্ঠার জন্য তার কাছ থেকে অন্যরা কেন ওয়াদা নিতে হবে। এটা মানুষের সঙ্গে ওয়াদা করে করার বিষয়? না কি আল্লাহ কর্তৃক প্রদত্ত ফরয বিধান?

চ. অর্থাৎ আল্লামা শাব্বীর আহমদ ওসমানী রহ. এর জীবদ্দশায়ও পাকিস্তানে আল্লাহর বিধান প্রতিষ্ঠা হয়নি, তখন পাকিস্তানের বয়স ০০০০০।

ছ. এ নিবন্ধের লেখক তার এ লেখার সময়কাল পর্যন্তও দাবি জানিয়ে চলেছেন, পাকিস্তানে যেন আল্লাহর বিধান প্রতিষ্ঠা করা হয়। অর্থাৎ

এখনো পাকিস্তানে আল্লাহর বিধান প্রতিষ্ঠিত হয়নি। তখন পাকিস্তানের বয়স প্রায় সাতান্ন/আটান্ন।

এ লেখকের দাবির মধ্যে অতিরিক্ত একটি মাত্রাও আছে। আল্লাহর ফরয বিধান বাস্তবায়ন করতে হবে সেটা বড় কথা নয়; বড় কথা হচ্ছে, এতে কায়েদে আযম সাহেবের অঙ্গীকার রক্ষা হবে। প্রশ্ন হচ্ছে, যে অঙ্গীকার রক্ষা করার প্রতি খোদ কায়েদে আযম সাহেবের কোন আগ্রহ ছিল না সে অঙ্গীকার রক্ষা করার জন্য বর্তমান সরকারগুলোর উপর কেন এত চাপ দেয়া হচ্ছে?

কায়েদে আযমের ডান হাতের চাপ যখন কায়েদে আযমকে তার কুফরী মতবাদ থেকে সরাতে পারেনি তখন আপনারা বর্তমান সরকারগুলোর কত নম্বর হাত? যে আপনাদের চাপে তারা কায়েদে আযমের অঙ্গীকার রক্ষা করবে। তাদের এমন কি গরয পড়েছে?

জ. পাকিস্তান প্রতিষ্ঠাতার রূহকে আনন্দ দেয়া কি এতই জরুরী?

যাই হোক, ইতিহাসের এ পাতাগুলোকে শায়খে মুহতারাম স্বীকার করেন কি করেন না? স্বীকার না করলে আমাদের দায়িত্ব হবে এ বিষয়ক নথিপত্রগুলো সামনে নিয়ে আসা। আর যদি স্বীকার করেন তাহলে প্রশ্ন হচ্ছে, এ সত্যগুলোর উপস্থিতিতে ঐ দাবিগুলো কীভাবে করা যায় যে দাবিগুলো তিনি তাঁর এ বক্তব্যে তুলে ধরেছেন। সম্মানিত পাঠক একটু ইনসাফের দৃষ্টিতে বিচার করুন। ছোটরা শুধু ছোট হওয়ার অপরাধে আপনারা সত্যগুলো এড়িয়ে যাওয়ার পথ থেকে বেরিয়ে আসুন।

ইতিহাসের আরো কিছু পাতা

পাকিস্তানের মালিক পক্ষের প্রথম সারি

পাকিস্তানের প্রথম রাজা: রাজা আলবার্ট প্রেডেরিক আর্থার জর্জ (জর্জ ষষ্ঠ), ধর্ম: খ্রিস্টান। দ্বীনে মসীহের রক্ষক ইংল্যান্ডের গির্জার প্রধান গভর্ণর, ৩৩ ডিগ্রি ফ্রি ম্যাসন। রাজত্বকাল: ১৯৪৭খ্রি:-১৯৫২ খ্রি: পর্যন্ত।

পাকিস্তানের প্রথম গভর্ণর: মুহাম্মাদ আলি জিন্নাহ। শাসনকাল: ১৯৪৭-১৯৪৮খ্রি:। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। মেম্বার: ইনার টেম্পল ১৯৩১খ্রি: (নাইট টেম্পলস)

পাকিস্তানের দ্বিতীয় গভর্ণর জেনারেল: স্যার খাজা নাজিমুদ্দিন। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। খ্রিস্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার। রাজত্বকাল: ১৯৪৮খ্রি:-১৯৫১ খ্রি:

পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী: লিয়াকত আলি খান। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। মেম্বর: ইনার টেম্পল (নাইট টেম্পলস)। রাজত্বকাল: ১৯৪৭ খ্রি:-১৯৫১ খ্রি:

সাবেক প্রধানমন্ত্রী লিয়াকত আলি খাঁন সম্পর্কে (শিয়াদের আল্লামা) জমীর আখতার নাকবী এর বক্তব্য:

"যেমন পাকিস্তানের সম্পর্কিত প্রথম বই, উর্দূ বোর্ড কর্তৃক প্রকাশিত 'শা'রায়ে পাকিস্তান' এতে ড. হাদী পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খানের মাতার সাক্ষাৎকার প্রকাশ করেন। তাকে জিজ্ঞাসা করা হয় যে, লিয়াকত আলি খানের বাল্যকাল সম্পর্কে উল্লেখ করুন। তখন লিয়াকত আলি খানের মা বললেন: মুজাফ্ফরনগরের যেখানে আমরা বসবাস করতাম সেখানে মুহাররাম মাসে অনেক জসন বের হত, তখন আমার ছেলে লিয়াকত প্রত্যেক জসনের সাথে ঘর থেকে বের হয়ে যেত। মুহাররাম তো শেষ হয়ে যেত কিন্তু সে লাকড়ি তুলে নিয়ে আমার উড়না টুকরা করে পতাকা বানিয়ে সারাদিন বাচ্চাদের নিয়ে ইয়া হোসাইন, ইয়া হোসাইন করতে থাকতো।"

পাকিস্তানের দ্বিতীয় প্রধানমন্ত্রী: স্যার খাজা নাযিম উদ্দিন। মাযহাব: শিয়া ইসনা আশারিয়া। খ্রিস্টিয় বৃটিশ প্রশাসনের নাইট কমান্ডার। রাজত্বকাল ১৯৫১খ্রি:- ১৯৫৩খ্রি:

পাকিস্তানের সপ্তম প্রধানমন্ত্রী: স্যার ফিরোজ খান নূন। খ্রিস্টিয় বৃটিশ প্রশাসনের নাইট কমান্ডার। রাজত্বকাল: ১৯৫৭খ্রি:- ১৯৫৮খ্রি:

শাহ জর্জ ষষ্ঠ এর পর পাকিস্তানের প্রথম রাণী: এলিজাবেথ দ্বিতীয়। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় ধর্মের রক্ষক ইংলান্ডের গির্জার প্রধান গভর্ণর। রাজত্বকাল: ১৯৫২ খ্রি:- ১৯৫৬খ্রি:।

পাকিস্তানের প্রথম পররাষ্ট্রমন্ত্রী: স্যার জাফরুল্লাহ খান। ধর্ম: কাদিয়ানী। খ্রিস্টিয় রাষ্ট্র বৃটেনের নাইট কমান্ডার। রাজত্বকাল: ১৯৪৭ খ্রি:- ১৯৫৪খ্রি:

পাকিস্তানের প্রথম আইনমন্ত্রী: যোগেন্দ্রনাথ মন্ডল। ধর্ম: হিন্দু। শাসনকাল: ১৯৪৭খ্রি:-১৯৫১খ্রি:

পাকিস্তানের প্রথম প্রতিরক্ষামন্ত্রী: স্যার সেকান্দার মির্জা। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। খ্রিষ্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার। মহাগাদ্দার মীর জাফরের নাতি। শাসন কাল: ১৯৪৭খ্রি:-১৯৫৪খ্রি:

পাকিস্তানের প্রথম অর্থমন্ত্রী: স্যার ভিকটর টার্নার। ধর্ম: খ্রিস্টান। খ্রিষ্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্বযুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণ অংশ গ্রহণ করে। মন্ত্রীত্ব কাল: ১৯৪৭ খ্রি:- ১৯৫১ খ্রি:

পাকিস্তানের প্রথম আইন সচিব: এ আর কারনিলেস। ধর্ম: খ্রিস্টান।

পাকিস্তানের প্রথম চীফ জাষ্টিজ: স্যার আব্দুর রশীদ। খ্রিস্টিয় বৃটিশ সম্রাজ্যের নাইট কমান্ডার।

পাকিস্তান প্রতিষ্ঠার পর পাঞ্জাব প্রদেশের প্রথম গভর্ণর: স্যার রাবর্ট ফ্রান্সিস মডি। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। শাসন কাল: ১৯৪৭খ্রি: - ১৯৪৯খ্রি:

পাকিস্তান প্রতিষ্ঠার পর খাইবার পাখতুনখাহ প্রদেশের প্রথম গভর্ণর: স্যার জর্জ কারেঙ্গম। ধর্ম: খ্রিষ্টান। খ্রিষ্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। শাসন কাল: ১৯৪৭খ্রি:- ১৯৪৮খ্রি:

পাকিস্তান পতিষ্ঠার পর খাইবার পাখতুনখাহ প্রদেশের দ্বিতীয় গভর্ণর: স্যার এম্ব্রোস ডান্ডাস। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রজ্যের নাইট কমান্ডার। শাসন কাল: ১৯৪৮খ্রি:- ১৯৪৯খ্রি:

পাকিস্তানের প্রতিষ্ঠার পর পূর্ব বাংলা প্রদেশ (বর্তমান বাংলাদেশ) এর প্রথম গভর্ণর: স্যার ফ্রেডরিক। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। রাজত্ব কাল ১৯৪৭খ্রি:- ১৯৫০খ্রি:

পাকিস্তান প্রতিষ্ঠার পর পূর্ব বাংলা প্রদেশ (বর্তমান বাংলাদেশ) এর দ্বিতীয় গভর্ণর: স্যার ফিরোয খান নূন। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। রাজত্ব কাল ১৯৫০খ্রি:- ১৯৫৩খ্রি:

ভারত ও পাকিস্তান সেনাবাহিনীর যৌথ সুপ্রিম কমান্ডার: ফিল্ডমার্শাল স্যার ক্লড অকিরলেক। ধর্ম: খ্রিষ্ঠান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পরিপূর্ণভাবে অংশগ্রহণ করেছে। চাকরীকাল: আগষ্ট ১৯৪৭খ্রি:- নভেম্বর ১৯৪৮ খ্রি:

পাকিস্তানের প্রথম সেনাপ্রধান: জেনারেল স্যার ফ্রাঙ্ক মিসার্ভি। ধর্ম: খ্রিষ্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণরূপে অংশগ্রহণ করে। চাকরীকাল: ১৯৪৭খ্রি: থেকে ১৯৪৮খ্রি:

পাকিস্তানের দ্বিতীয় সেনা প্রধান: স্যার ডাগলাস গ্রেসি। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণরূপে অংশগ্রহণ করে। চাকরীকাল: ১৯৪৮খ্রি:- ১৯৫১খ্রি:

পাকিস্তানের তৃতীয় সেনাপ্রধান: ফিল্ড মার্শাল মুহাম্মাদ আইউব খান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫১খ্রি:- ১৯৫৮খ্রি:

পাকিস্তানের চতুর্থ সেনা প্রধান: জেনারেল মুহাম্মাদ মুসা। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫৮খ্রি:- ১৯৬৬খ্রি:

পাকিস্তানের পঞ্চম সেনাপ্রধান: জেনারেল ইয়াহইয়া। ধর্ম: শিয়া ইসনা আশারিয়া।

পাকিস্তান প্রথম বিমানবাহিনী প্রধান: এয়ার ভাইস মার্শাল এলান পেরি কেইন। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। প্রথম বিশ্বযুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণরূপে অংশগ্রহণ করে। চাকরীকাল: ১৯৪৭খ্রি:- ১৯৪৯খ্রি:

পাকিস্তান বিমানবাহিনীর দ্বিতীয় চীফ: এয়ার ভাইস মার্শাল স্যার রিচার্ড আচার্লি। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৪৯খ্রি:- ১৯৫১খ্রি:

পাকিস্তানের বিমান বাহিনীর তৃতীয় এয়ার চীফ: এয়ার ভাইস মার্শাল লেসলি উইলিয়াম ক্যানন। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫১খ্রি:- ১৯৫৫খ্রি:

পাকিস্তান বিমানবাহিনীর চতুর্থ এয়ার চীফ: এয়ার ভাইস মার্শাল স্যার আর্থার ম্যাকডোনাল্ড। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৫৫খ্রি:- ১৯৫৭খ্রি:

পাকিস্তান নৌ বাহিনীর প্রথম কমান্ডার ইন চীফ: জেমস উইলফ্রেড জেফর্ড। ধর্ম: খ্রিস্টান। চাকরীকাল: ১৯৪৭খ্রি:- ১৯৫৩খ্রি:। প্রথম বিশ্ব যুদ্ধে খিলাফতে উসমানিয়্যার বিরুদ্ধে পূর্ণ অংশ গ্রহণ করে।

পাকিস্তানের গুপ্তচর সংস্থা সমূহ (আই এস আই এবং এম আই) এর প্রতিষ্ঠাতা ও প্রথম ডিজি: মেজর জেনারেল স্যার রবার্ট কথোম। ধর্ম: খ্রিস্টান। চাকরীকাল: ১৯৫০খ্রি:- ১৯৫৯খ্রি:

পাকিস্তানের মিলিটারি একাডেমি কাকোর এর প্রথম প্রতিষ্ঠাতা: ব্রিগেডিয়ার ফ্রান্সিস এংগল। ধর্ম: খ্রিস্টান। খ্রিস্টিয় বৃটিশ সাম্রাজ্যের নাইট কমান্ডার। চাকরীকাল: ১৯৪৭খ্রি:- ১৯৫১খ্রি:

পাকিস্তানের কমান্ডো বাহিনী এস,এস, জি এর প্রতিষ্ঠাতা: কর্নেল গ্রান্ট টেইলর ও মেজর কেথ ওকিলি (১৯৫০)

এস এস জি এর প্রথম কমান্ডার: কর্নেল কাহুন (১৯৫১খ্রি:)

পাকিস্তানের প্রথম জাতীয় সঙ্গীতের রচয়িতা: জাগন্নাথ আযাদ। ধর্ম: হিন্দু।

-আযাদীর ধোঁকা, আদনান রশীদ পৃ: ২২-৩০

এ হচ্ছে পাকিস্তানের মালিক পক্ষের প্রথম সারি। শুধু ইসলামের জন্য প্রতিষ্ঠিত একটি দেশকে প্রতিষ্ঠাতাগণ যাদের হাতে অর্পণ করে দিয়েছিলেন। বিষয়গুলোকে কীভাবে ব্যাখ্যা করলে সবচাইতে নিরাপদ হবে, সেভাবেই ব্যাখ্যা করার জন্য আহলে ইলমের দরবারে আবেদন রেখে যাচ্ছি।

না হওয়া বার বার প্রমাণিত হয়েছে

এ ছিল ইতিহাস। সূচনালগ্নে যা হয়েছে, বার বার তারই পুনরাবৃত্তি ঘটতে থেকেছে। ধোঁকাবাজরা ধোঁকা দেয়ার ক্ষেত্রে শতভাগ সফল হয়েছে। আর ধোঁকাখোররা যথেষ্ট পরিমাণ ধোঁকা খেয়ে খেয়ে তৃপ্তি বোধ করেছে। পাকিস্তানের সত্তর বাহাত্তর বছরের কোন অংশেই আল্লাহর বিধান বাস্তবায়ন করার মত সুযোগ হয়নি। দেশটি শতভাগ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদকে প্রতিষ্ঠিত করে পৃথিবীর গণতান্ত্রিক অঙ্গনে যথেষ্ট পরিমাণ প্রশংসা কুড়িয়েছে।

বিষয়টি একটি ধরা ছোঁয়ার মত সত্য বিষয়। এ বিষয়ে সাক্ষ্য দেয়ার মত চোখ রয়েছে কোটি কোটি। কান রয়েছে কোটি কোটি। এরপরও উদ্ধৃতির এ যামানায় উদ্ধৃতি ছাড়া চলে না। তাই দু'চারটি উদাহরণ দিয়েই বিষয়টিকে সামনে আনতে চাই।

ক. মাওলানা মুফতী মাহমূদ রহ. ১৯৬৯ খ্রিস্টাব্দে এক প্রসঙ্গে বলেছেন-

"হুকুমতে অধিষ্ঠিত ব্যক্তিরা পাকিস্তান প্রতিষ্ঠার বাইশ বছরের বেশি অতিক্রম হওয়ার পরও শরীয়াহ আইন বাস্তবায়ন করেনি। আর আদালতগুলো বরাবর মানবরচিত আইন দিয়েই বিচার করে আসছে যে আইন খ্রিস্টান সাম্রাজ্যবাদীরা তৈরি করেছে।" -তাহকীকু যাদিল মুনতাহি শরহুল জামিয়িত তিরমিযী, মুকাদ্দিমায়ে শায়খ শাব্বীর আলি শাহ পৃ: ১৬, বরাতে, আসসুবহু ওয়ালকিনদীল

খ. শায়খে মুহতারামের 'সুদের ঐতিহাসিক রায়'টিকেও এর উদাহর হিসাবে উল্লেখ করা যায়। পাঠক ঐতিহাসিক রায় দেখবেন سود پر تاریخی فیصلہ বইটি পড়ে। রায়টি ঐতিহাসিক হয়েও যে বাস্তবায়নের মুখ দেখেনি তা দেখবেন বইয়ের উপর লিখিত শায়খ রফী ওসমানী দামাত বারাকাতুহুমের ভূমিকা থেকে। আর কেন হয়নি সে কথাটা আমাদের কাছ থেকে শুনে নিতে পারেন। আমাদের বাতলানো কারণ বিশ্বাস না হলে আপনি অন্য কারণ দর্শাতে পারেন।

সুদের ঐতিহাসিক রায়

গণতন্ত্র কেন এত উদার? ধর্মনিরপেক্ষ মতবাদ কেন এত উদার? কারণ এ দু'টি ধর্মের বিশ্বাস হচ্ছে, কোন ধর্মের উপর কোন ধর্মের কোন প্রাধান্য নেই। জীবন পরিচালনায় কোন ধর্মেরই কোন প্রভাব গ্রহণযোগ্য নয়। সবকিছুর মূল মাপকাঠি হচ্ছে, মেজরিটি। সংখ্যাধিক্য। তিনশত বিধানদাতার একশত একান্ন বিধানদাতা যদি এ পক্ষে ভোট দেয় যে, প্রত্যেক নাগরিক প্রত্যেক দিন এক সের করে মানুষের মলমূত্র খেতে হবে, তাহলে বাকি একশত উনপঞ্চাশ বিধানদাতাসহ দেশের সকল নাগরিক তা খেতে হবে। কিছু করার নেই। এখানে কারণ দর্শানোর কোন বিধান নেই। লাভ ক্ষতির কোন হিসাবে নেই। কারো পক্ষ থেকে আপত্তি করার কোন অধিকার নেই। ধর্মের উদ্ধৃতি ব্যবহার করার কোন সুযোগ নেই।

আসলে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম নিজেকে যেভাবে বুঝেছে অন্য কোন ধর্মের অনুসারী তাকে সেভাবে বোঝেনি। আর এ কারণে ধর্মবিলাসী কিছু মানুষকে প্রায়ই বলতে শোনা যায় যে, আমেরিকা লন্ডনে ধর্মের উপর চলা যত সহজ, আমাদের দেশে অর্থাৎ বাংলাদেশ পাকিস্তানে ধর্মের উপর চলা ততটা সহজ নয়। অর্থাৎ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ তার লক্ষ্য উদ্দেশ্যে শত ভাগ সফল। পরিস্থিতির শিকার ব্যক্তি বুঝতেই পারে

না যে সে কখন মারা গেছে, বা সে আদৌ মারা গেছে কি না। আরো বলতে শোনা যায়, বৃটিশ আমলেই আমরা ভালো ছিলাম। আসলেই ভালো ছিলাম। কারণ সেখানে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ তার আবিষ্কারকদের হাতে পরিচালিত হয়েছে। দক্ষ হাতে হয়েছে এবং নিষ্ঠার সাথে হয়েছে।

গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, মানবরচিত আইন, তাগুতের আইন, গায়রুল্লাহর আইন ইত্যাদির গোড়ায় আমরা যতক্ষণ পর্যন্ত পৌঁছতে পারব না ততক্ষণ পর্যন্ত এসবের সঠিক মূল্যায়ন আমরা করতে পারব না। পৃথিবীর পেটের মধ্যে বসে পৃথিবীর চলার গতি ও ঘোরার গতি অনুভব করা সম্ভব নয়। ফোকাসটা ফেলতে হবে বাহির থেকে, অনেক দূর থেকে। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের অক্টোপাস থেকে নিজেকে আগে মুক্ত করতে হবে। এরপর বুঝে আসবে এ দু'টি মতবাদ কীভাবে ধর্মের অনুসারীদের সম্মতির ভিত্তিতে তাদেরকে জবাই করে।

জরুরী টীকা : ৯

❝

আর শুধু এতটুকুই নয়; বরং .... প্রত্যেক নাগরিকের এ অধিকার আছে, যদি সে কোন কানূনকে কুরআন ও সুন্নাহের খেলাফ মনে করে তা হলে সে তা আদালতের মাধ্যমে বিলুপ্ত করাবে....

❞

জরুরী টীকা-৯

> *আর শুধু এতটুকুই নয়; বরং .... প্রত্যেক নাগরিকের এ অধিকার আছে, যদি সে কোন কানূনকে কুরআন ও সুন্নাহের খেলাফ মনে করে তা হলে সে তা আদালতের মাধ্যমে বিলুপ্ত করাবে....*

** পারবে না। কারণ, একটি গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশে যে কোন নাগরিক চাইলেই কুরআন সুন্নাহর দোহাই দিয়ে আইন পরিবর্তন করতে পারে না। বিচারকরা চাইলেই পারে না। বিচারকদের সেই শক্তিও নেই, সেই জ্ঞানও নেই। পাকিস্তান ভূখণ্ডের মুসলিম প্রতিষ্ঠাতাগণও তাঁদের আজীবনের চেষ্টা ব্যয় করে কুরআন সুন্নাহ বিরোধী আইন প্রতিরোধ করতে পারেননি। সংবিধানে এসব ঘোষণা দেয়া থাকে নিরক্ষর সাদাসিধে নাগরিকদেরকে ধোঁকা দেয়ার জন্য। তাদেরকে ভুলিয়ে রাখার জন্য। এসব দেশে অমুসলিমের সংখ্যা বেশি হলে সংবিধানে এমন কিছু ঘোষণা থাকে যার দ্বারা অমুসলিমরা খুশি হতে পারে।*

এবার আরেকটু বিস্তারিত। এ বিষয়ে একটু খোলামেলা কথা হয়ে গেলেই ভালো হবে, ইনশা-আল্লাহ।

নাগরিকদের অধিকার নেই

গণতান্ত্রিক দেশে প্রত্যেক নাগরিকের আলাদা ও নিজস্ব কোন অধিকার থাকে না। কোন ক্ষেত্রেই থাকে না। শতকরা একান্ন ভাগ যা বলবে তাই

অপর পক্ষকে মেনে নিতে হবে। একটি যাত্রীবাহী বাসে চড়ার পর কোন যাত্রী চাইলেই গান চালু করতে পারবে না, আবার কোন যাত্রী চাইলেই গান বন্ধ করতে পারবে না। এখানে সংখ্যাধিক্য নির্ণয়ের জন্য ভোট হবে। চালুর পক্ষে বেশি ভোট পড়লে চলবে, বন্ধের পক্ষে বেশি ভোট পড়লে বন্ধ হয়ে যাবে। ব্যক্তির চাহিদা, প্রয়োজন, উপকারিতা ও অপকারতিার কোন হিসাব এখানে নেই। মহল্লায় রাতব্যাপী উচ্চ আওয়াজে ড্রাম বাজবে কি বাজবে না তা ব্যক্তির প্রয়োজন, চাহিদা, লাভ ও ক্ষতির ভিত্তিতে নির্ণিত হবে না। ড্রামের বিকট শব্দের কারণে কার বৃদ্ধ বাবা মার হৃদক্রিয়া বন্ধ হয়ে যাচ্ছে, কার শিশু বাচ্চা ঘুমের মাঝে চিৎকার করে উঠছে এসব কিছুই বিবেচ্য কোন বিষয় নয়। বিবেচ্য বিষয় হচ্ছে সংখ্যাধিক্যের রায়।

সচেতনদের কেউ কেউ সর্বোচ্চ বলতে পারেন, এসব বিষয়ে আইন আছে। আইনের আশ্রয় নিলেই এসব সমস্যার সমাধান সম্ভব। কিন্তু এ সচেতন অবস্থার অচেতন ব্যক্তিরা জানে না যে, যেখানে আইনটি তৈরি হবে সেখানেও সংখ্যাধিক্যের কোন বিকল্প নেই। সেখানেও লাভ ক্ষতির কোন হিসাব নেই। চাহিদা ও প্রয়োজনের কোন হিসাব নেই। বিধানদাতাদের একশত একান্ন চেয়ার থেকে যদি আওয়াজ আসে, ড্রাম বাজাতে হবে তাহলে অবশিষ্ট একশত উনপঞ্চাশ বিধানদাতাও সে অভিশপ্ত ড্রামের আওয়াজ শুনতেই হবে। সেটা তখন আইন হবে। মহল্লার মোড়ে মোড়ে তখন সে আইনের আওয়াজ শোনা যাবে। এ হচ্ছে গণতন্ত্রের গণতান্ত্রিক রূপ। যেখানে এমন হবে না সেখানে নিশ্চয় গণতন্ত্রের কোন দুর্বলতা আছে।

ইসলামের জন্য মুসলমান

এবার আসি ইসলামের ক্ষেত্রে মুসলমানের অধিকারের আলোচনায়, যে প্রসঙ্গটি শায়খে মুহতারাম উত্থাপন করেছেন। এ বিষয়ে প্রথম কথা হচ্ছে, একটি শতভাগ গণতান্ত্রিক দেশে একজন মুসলমান চাইলেই তার দাবি বাস্তবায়নের পথে নিয়ে যেতে পারে না। কারণ বাস্তবায়নের পথে সব কিছুই নির্ভর করে সংখ্যাাধিক্যের ভোটের উপর। এটা কখনো ব্যক্তিবিশেষের এখতিয়ারভুক্ত কোন বিষয় নয়।

দ্বিতীয় কথা হচ্ছে, বিষয়টি যখন ইসলাম তথা কুরআন সুন্নাহ বিষয়ক হবে এবং কুরআন সুন্নাহনির্ভর হবে তখন একটি গণতান্ত্রিক দেশে

সংখ্যাধিক্যের ভোটেও তা বাস্তবায়নের পথে যেতে পারবে না। কারণ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের নীতিতে এ কথা আছে যে, সংখ্যাধিক্যের অভিমত, রুচি ও চাহিদা সংখ্যালঘুর উপর চাপিয়ে দেয়া যাবে, কিন্তু ধর্মের চাহিদা ও দাবি অন্যের উপর কোন এক ব্যক্তির উপরও চাপিয়ে দেয়া যাবে না।

আর এ কারণেই মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশেও মুসলিম সংখ্যাগরিষ্ঠের দাবি অনুযায়ী সেসব দেশে ইসলামী আইন বাস্তবায়িত হয় না। আর এর সবচাইতে সুন্দর ও পরিষ্কার উদাহরণ হচ্ছে পাকিস্তান। পাকিস্তানের গণতন্ত্রে সংখ্যাধিক্যের ভোটে সবকিছু পাস হয়েছে, শুধু ইসলাম পাস হয়নি। কুরআনের বিধান পাশ হয়নি। ইসলামী শরীয়াহ প্রতিষ্ঠিত হয়নি। এখানে এসে সংসদ ও দেশ এবং সংসদ সদস্য ও সাধারণ নাগরিকের একটি পার্থক্য আমাদের সামনে স্পষ্ট হয়ে ওঠে। যা একটু পরে ব্যাখ্যা করা হবে, ইনশা-আল্লাহ!

বলছিলাম, কোন নাগরিকের কোন অধিকার নেই যে, সে দেশের কোন আইনকে বদলে দেবে। শায়খে মুহতারাম সংবিধানের এ বিষয়ক যে কথাটির দিকে ইঙ্গিক করেছেন **তা মূলত জিলাপীর পাইপের মত একটি সূত্র। যে পাইপের মুখ দিয়ে ঢোকা যাবে কিন্তু শেষ মাথা দিয়ে বের হওয়া যাবে না। এমনকি সে যে মুখ দিয়ে ঢুকেছে সে দিকে ফিরে আশার পথও খুঁজে পাবে না। কারণ, জিলাপীর পেঁচানো পাইপের কোন্ মোড়ে যে সে আটকে পড়বে তা সে কখনো বুঝতে পারবে না।**

কথা অনেক লম্বা হয়ে যাচ্ছে, তাই অমি বিষয়টিকে আর ঘুরিয়ে ফিরিয়ে বলতে চাই না। **প্রথম** সংক্ষিপ্ত কথা হচ্ছে, পাকিস্তানের কোন মুসলিম নাগরিক ইসলাম বিরোধী কোন আইনকে বিলুপ্ত করে ইসলামী আইন প্রতিষ্ঠা করতে চাইলে তাকে যত ঘাটের পানি খেতে হবে তত ঘাটের পানি খেয়ে কেউ কোন দিন ইসলামী আইন বাস্তবায়ন করতে পারবে না। কারণ এ কাজ করতে গিয়েও তাকে তাগুতের বহু আইন কানূনের সমুদ্র পাড়ি দিতে হবে। অবশেষে সে তাগুতের হাতেই আটকে যাবে। কারণ দেশের মূল চালিকা শক্তি হচ্ছে তাগুত। মূল পরিচালনা তাগুতের হাতে।

দ্বিতীয় সংক্ষিপ্ত কথা হচ্ছে, একজন নাগরিক নয়; হাজার হাজার নাগরিকের আবেদন এবং লক্ষ কোটি মুসলমানের সমর্থনে শক্তিমান

দাবির ধাক্কায়ও ইসলামবিরোধী আইন তার আপন জায়গা থেকে সরে দাঁড়ায়নি এবং সে স্থলে ইসলামী আইন প্রতিষ্ঠিত হয়নি। এর সাক্ষি হচ্ছেন খোদ শায়খে মুহতারাম। যা ইতিপূর্বে আমরা বিস্তারিত উল্লেখ করে এসেছি। আমরা সেখানে দেখেছি, সুদের মাসআলার সমাধান ব্যক্তিবিশেষের দাবির প্রেক্ষিতেও হয়নি, লক্ষ মুসলমানের দাবির প্রেক্ষিতেও হয়নি, আদালতে রায়ের প্রেক্ষিতেও হয়নি, এরপর আপিল বিভাগের সিদ্ধান্তের পরও হয়নি। কারণ আগেরটাই। মূল চালিকা শক্তি হচ্ছে তাগুত, কুফর, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ। সাধারণ কোন দাবি কখনো গণতন্ত্রের মালিকদের পছন্দ হয়ে যেতেও পারে, কিন্তু ইসলাম নির্ভর কোন দাবি তাদের পছন্দ হওয়ার কোন কারণ নেই।

সংসদ আর নাগরিক এক কথা নয়

গণতন্ত্র আমাদেরকে বোঝানোর চেষ্টা করেছে, এর মাঝে জনগণের রায়ের প্রতিফলন ঘটে। অর্থাৎ সংসদ সদস্যরা যে সিদ্ধান্তই নিয়ে থাকে তা মূলত জনগণের সিদ্ধান্ত। জনগণের কথামত দেশ চলে। আসলে বিষয়টি এমন নয়। সাধারণ জনগণ সংসদ সদস্যদেরকে সংসদে পাঠানোর পর তাদের আর কোন এখতিয়ার বাকি থাকে না। সর্বোচ্চ পাঁচ বছর পর আগের সসদস্যকে ভোট না দিয়ে নতুন সদস্য পদপ্রার্থীকে ভোট দিতে পারবে। এছাড়া আর কিছুই সে করতে পারবে না। নতুন প্রার্থীকে ভোট দেয়ার পর জনগণ আবার ছুটি পেয়ে যাবে। ভোট দিয়ে নির্বাচিত ব্যক্তিকে সংসদ ভবনে পাঠানোর পর সংসদ সদস্যরা রব ও রব্বে আলার স্থান দখল করে ফেলে। তখন সারা দেশের জনগণের দাবি এক দিকে থাকা অবস্থায় যদি একশত একান্ন জন সংসদ সদস্য অন্য দিকে থাকে তাহলে একশত একান্ন সদস্যের কথাই কথা হিসাবে ধরা হবে, দশ কোটি/পনের কোটি মানুষের কথা কোন কথা হিসাবে গণনায় আসবে না।

আমি প্রসঙ্গটি উথাপন করেছি এ কথা বলার জন্য যে, একটি দেশের আইন প্রণেতা ও বিলুপ্তকারী হচ্ছে সংসদ সদস্যরা। আর শায়খে মুহতারাম বলছেন, যে কোন নাগরিক চাইলে চলমান একটি আইনকে বিলুপ্ত করে তার পরিবর্তে কুরআনের আইন বাস্তবায়ন করার অধিকার রাখে। অথচ দেশটি হচ্ছে শত ভাগ গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ। সংসদ হচ্ছে জবাবদিহিতার ঊর্ধ্বে অবস্থানকারী একটি প্রতিষ্ঠান। যে কোন

আইন সংযোজন, বিয়োজন, সংশোধন ও পরিবর্তনের অধিকার সংরক্ষণকারী একটি প্রতিষ্ঠান। একজন নাগরিকের আবেদন এমন শক্তিশালী একটি প্রতিষ্ঠানের মোকাবেলা করতে পারে না।

আমরা এরই বাস্তব চিত্র দেখেছি শায়খে মুহতারামের ইতিহাস বিনির্মাণকারী সুদের রায়ের ক্ষেত্রে। সে রায়ের বিস্তারিত প্রতিবেদনে আমরা দেখেছি, একটি ইসলামী দেশ জন্ম লাভ করার ৩২ (বত্রিশ) বছর পর নাগরিকদের আবেদন করার সুযোগ তৈরি হয়েছে। তারও ১২ (বার) বছর পর সে রাস্তায় গিয়ে আবেদন করার সুযোগ হয়েছে। এর ৯ (নয়) বছর পর গিয়ে আবেদনের উপর চূড়ান্ত সিদ্ধান্তের সুযোগ হয়েছে। এরপর ৫৩ (তেপ্পান্ন) বছরের স্বপ্ন আশা আকাঙ্ক্ষা সব একটি মাত্র ব্যাংকের একটি ছোট্ট ফুঁতে উড়ে গেছে।

সে দিন এক মুরুব্বী এ ধরনের বিষয়গুলোকে খুব সংক্ষিপ্ত একটি বাক্যে অনেক সুন্দর করে ব্যক্ত করে বুঝিয়ে দিয়েছেন। তিনি বলেছেন, আমাদের আয়োজন অনেক। পুরো এলাকা জুড়ে লাইটিংয়ের বাহারে চোখ ও মন ভরে যায়। কিন্তু শুধু মাত্র তারের সংযোগটা দেয়া হয় না। কারণ, সংযোগটা আমাদের হাতে নয়। ছোট্ট তারের সে সংযোগের দায়িত্বে আছে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম।

বিষয়গুলো আমরা একটু বুঝে নিলেই হত। আমরা আমাদের করুণ অবস্থা যত দ্রুত অনুভব করতে পারব তত দ্রুত আমরা ভয়াবহ দুর্ঘটনা থেকে বেঁচে যাব। প্রতিদিনই যে দুর্ঘটনার ভয়াবহতা বেড়ে চলেছে।

নাগরিকরা যেভাবে পারবে না

এ কাজটিকে একজন দ্বীনদার সাধারণ নাগরিকের সাধ্যের আওতায় রাখা হয়নি। এর জন্য এমন প্রক্রিয়া সাজানো হয়েছে যে প্রক্রিয়ায় একজন সাধারণ মুসলমান যাওয়ার হিম্মত করার কথা নয়। যদি আল্লাহর বিধান, কুরআনের আইন তথা শরীয়তের প্রতি আগ্রহের কারণে এ ধারাটি তৈরি করা হত তাহলে বিষয়টিকে যে কোন পর্যায়ের একজন মুসলমান যে কোনভাবে সরকারের যে কোন পর্যায়ের একজন দায়িত্বশীলের কানে পৌঁছে দেয়াই যথেষ্ট হত। যে কোন মুসলমানের পক্ষ থেকে মাসআলার দৃষ্টিকোণ থেকে সন্দেহ প্রকাশ করাই দায়িত্বশীলগণকে তাহকীকের প্রতি মনোযোগী করার জন্য যথেষ্ট হওয়ার কথা।

সীরাতের ঘটনা আমাদের মনে রাখতে হবে। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চার রাকাত বিশিষ্ট নামাযে দুই রাকাত পড়ে সালাম ফেরানোর কারণে যুলইয়াদাইন রা. এর মত একজন সাহাবী তাঁর সন্দেহ ব্যক্ত করে বলেছেন, নামায কি কমিয়ে দেয়া হয়েছে? না কি আপনি ভুলে দুই রাকাতের সময় সালাম ফিরিয়ে ফেলেছেন? মনের মাঝে সৃষ্ট সন্দেহ প্রকাশ করা পর্যন্ত দায়িত্ব ছিল একজন নাগরিকের। তাহকীক রাসূল নিজেই করেছেন। একজন সাহাবীর সন্দেহ প্রকাশের প্রেক্ষিতেই তাহকীক করেছেন।

ইসলাম কী বলে? কোন নাগরিকের চোখে রাষ্ট্রপক্ষের কোন ভুল ধরা পড়ার পর নাগরিকের করণীয় কী? নিজের সন্দেহ প্রকাশ করবে? না কি চ্যালেঞ্জ করতে হবে? আদালতে গিয়ে লড়াই করতে হবে? লড়াই করতে গিয়ে কাঠ খড় পোড়াতে হবে? শরীয়ত কী বলে?

পাকিস্তানের কোন একটি আইন কারো কাছে কুরআন সুন্নাহ বিপরীত মনে হলে সে বিষয়ে শরীয়া কোর্টের শরণাপন্ন হওয়ার যে প্রক্রিয়া পাকিস্তান আদালতের পক্ষ থেকে দেয়া হয়েছে এবং যে প্রক্রিয়া পাকিস্তান সংবিধানে বলা হয়েছে একজন নাগরিকের জন্য সে প্রক্রিয়া বুঝে নেয়াই বড় কঠিন। এরপর তাগুতের আইনের হাজারো মার পেঁচ অতিক্রম করে ফলাফলে পৌঁছাতে গেলে তার আগ্রহের সব তেলই ফুরিয়ে যাবে।

প্রশ্ন আসতে পারে, দ্বীনের জন্য এতটুকু সহ্য করতে হবে। এতে সমস্যা কোথায়? এর উত্তর হচ্ছে, দ্বীনের জন্য গণতন্ত্রের বানানো জিলাপীর পেঁচের মধ্যে ঢুকতে হবে কেন? এর জন্য শরীয়ত সহজ সরল যে দায়িত্ব দিয়ে রেখেছে সে পথ পছন্দ না হওয়ার কারণ কী?

এটা নাগরিকের দায়িত্ব নয়

সবচাইতে সহজ কথা হচ্ছে, এটা নাগরিকের দায়িত্ব নয়। তিনশত প্রতিনিধিকে সংসদে পাঠানো হয়েছে মুসলমানদেরকে শরীয়তের আলোকে পরিচালনা করার জন্য। তারা সেখানে বসে বসে জেনে শুনে শরীয়ত বিরোধী আইন তৈরি করে তার প্রয়োগ শুরু করে দেবে, আর সাধারণ জনগণ তা বিলুপ্ত করার জন্য আবেদন করে যুগের পর যুগ আদালত পাড়ায় ঘুরতে থাকবে এবং প্রক্রিয়াগত জটিলতার কারণে শূন্য হাতে ফিরে আসবে। অপর দিকে শরীয়ত বিরোধী সে আইনের উপর আমল চলতে

থাকবে। সাধারণ মুসলমানদেরকে শরীয়তের পক্ষ থেকে এমন কোন দায়িত্ব দেয়া হয়নি। এটা সাধারণ মুসলমানদের দায়িত্ব নয়। কারণ:

ক. শরীয়ত বিরোধী আইনটি গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ কুফরী নীতি ধারার অধীনে তৈরি হয়েছে। যে নীতি ধারার অধীনে যত আইন তৈরি হবে সবই শরীয়ত বিরোধী হবে এটাই স্বাভাবিক। অতএব একটি পূর্ণাঙ্গ কুফরী ধারার অধীনে থেকে মূল ধারার বিরুদ্ধে লড়াই না করে তার একটি মাত্র আইনের বিরুদ্ধে লড়াই করার অনুমতি শরীয়ত দেবে না।

খ. আইনটি যারা তৈরি করেছে তারা জানে যে, এ আইনটি শরীয়ত বিরোধী। জেনে শুনেই তারা শরীয়ত বিরোধী আইনটি তৈরি করেছে। আর আইন প্রণয়নের মত দায়িত্বে অধিষ্ঠিত হয়ে এ বিষয়টি না জানার কোন সুযোগ নেই। এই না জানা শরীয়তের দৃষ্টিতে গ্রহণযোগ্য কোন ওযর নয়। বিশেষত যখন প্রতিষ্ঠানটি এক ব্যক্তির নয়, দু'চার ব্যক্তিরও নয়; বরং তিনশত প্রতিনিধির প্রতিষ্ঠান। এখানে অজ্ঞতা অবৈধ।

গ. যদি অজ্ঞতাই হয়ে থাকে তাহলে অন্যদের দায়িত্ব হচ্ছে অজ্ঞতা দূর করে দেয়া। শুধুমাত্র জানিয়ে দেয়া যে, আইনটি শরীয়ত বিরোধী। গণতন্ত্রের জিলাপীর পাইপে প্রবেশ করা তার দায়িত্বের আওতায় আসে না।

ঘ. এমনিভাবে অজ্ঞতা দূর হয়ে যাবে যদি আইনপ্রণেতারা আইন প্রণয়নের আগে কুরআন হাদীসকে জিজ্ঞেস করার প্রয়োজন অনুভব করেন। আর যদি তারা মনে করেন গণতন্ত্রের সর্বোচ্চ প্রতিষ্ঠানে বসে কোন আইন তৈরি করতে কুরআন হাদীসকে জিজ্ঞেস করতে হবে কেন, তাহলে বোঝা যাবে তারা কাফের বা মুরতাদ।

নাগরিকের দায়িত্ব

নাগরিকের দায়িত্ব পর্যায়ক্রমে চারটি। **এক.** সরকারকে সঠিক পথে ফিরে আসার জন্য পথ দেখিয়ে দেয়া। **দুই.** তার পক্ষ থেকে প্রদত্ত শরীয়ত বিরোধী আদেশকে অমান্য করা এবং উপেক্ষা করে চলা। **তিন.** তার অন্যায় কুফর পর্যন্ত পৌঁছে গেলে তার বিরুদ্ধে অস্ত্রধারণ করে হলেও তাকে ক্ষমতা থেকে সরিয়ে দেয়া এবং শরয়ী আইন বাস্তবায়ন করবে এমন কোন শাসককে দায়িত্ব দেয়া। **চার.** যদি সে তা করতে সক্ষম না হয় তাহলে নিজের দ্বীন ও ঈমান নিয়ে হিজরত করা। পালিয়ে যাওয়া।

প্রথম দায়িত্ব সম্পর্কে হাদীসের বক্তব্য

প্রথম দায়িত্বের বিষয়ে হাদীসের বক্তব্য দেখুন-

﴿إذا أراد الله بالأمير خيرا جعل له وزير صدق إن نسي ذكره وإن ذكر أعانه﴾ {سنن أبي داود :رقم الحديث:٢٩٣٢-: ٢٦/٣}

"আল্লাহ যখন কোন আমীরের জন্য ভালোর ফায়সালা করেন তখন তার জন্য একজন সত্যবাদী সহযোগীর ব্যবস্থা করে দেন। সে ভুলে গেলে তাকে স্মরণ করিয়ে দেয়, স্মরণ থাকলে তাকে সহযোগিতা করে।" - সুনানে আবু দাউদ : ৩/২৬, হাদীস নং : ২৯৩২

দ্বিতীয় দায়িত্ব সম্পর্কে হাদীসের বক্তব্য

দ্বিতীয় দায়িত্বের বিষয়ে হাদীসের বক্তব্য দেখুন-

﴿عن يحي بن أبي كثير أن النبي صلى الله عليه و سلم .... قال: أيما أمير أمرته عليكم فأمركم بغير طاعة الله فلا تطيعوه، فإنه لا طاعة في معصية الله﴾ {مصنف عبد الرزاق : رقم الحديث: ٢٠٦٩٩- ٣٣٥/١١}

"ইয়াহয়া ইবনে আবী কাসীর থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি তোমাদের জন্য যে আমীর নির্ধারণ করে দেব সে আমীর যদি তোমাদেরকে আল্লাহর আনুগত্যের বিপরীত কোন আদেশ করে তাহলে তোমরা তার অনুসরণ করবে না, কেননা আল্লাহর অবাধ্যতার মাঝে কোন আনুগত্য নেই।" -মুসান্নাফে আব্দুর রায্যাক, কিতাবুল জামে ...., باب لا طاعة في معصية

তৃতীয় দায়িত্ব সম্পর্কে হাদীসের বক্তব্য

তৃতীয় দায়িত্বের বিষয়ে হাদীসের বক্তব্য দেখুন-

﴿عن جنادة بن أبي أمية قال: دخلنا على عبادة بن الصامت وهو مريض، قلنا: أصلحك الله! حدث بحديث ينفعك الله به سمعته من النبي صلى الله عليه وسلم. قال: دعانا النبي صلى الله عليه وسلم فبايعناه، فقال: فيما أخذ علينا أن بايعنا على السمع والطاعة في

منشطنا ومكرهنا وعسرنا ويسرنا وأثرة علينا وأن لا ننازع الأمر أهله إلا أن تروا كفرا بواحا عندكم من الله فيه برهان﴾ {صحيح البخارى : رقم الحديث: ٧٠٥٥-٦/٢٥٨٨}

"জুনাদা ইবনে আবু উমাইয়া বলেন, আমরা ওবাদা ইবনে সামিত রাযিয়াল্লাহু আনহুর ঘরে প্রবেশ করলাম, তখন তিনি অসুস্থ। আমরা বললাম, আল্লাহ আপনার ভালো করুন! আপনি আমাদেরকে এমন একটি হাদীস বর্ণনা করুন যা আপনি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছেন।

তিনি বলেছেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে ডেকেছেন, আমরা তাঁর হাতে বাইআত হয়েছি। তখন তিনি আমাদের কাছ থেকে যেসব বিষয়ে অঙ্গীকার নিয়েছেন তার মধ্যে ছিল, আমরা আমাদের পছন্দের সময়ে, অপছন্দের সময়ে এবং সহজ অবস্থা ও কঠিন অবস্থায় এবং নিজেদের উপর অন্যকে প্রাধান্য দেয়ার ক্ষেত্রে শুনব ও মানব এ কথার উপর বাইআত হয়েছি। আর আমরা ক্ষমতার বিষয়ে ক্ষমতাবানদের সঙ্গে টানাটানি করব না, তবে যদি তোমরা তার থেকে এমন কোন স্পষ্ট কুফর প্রকাশ পেতে দেখ যার ব্যাপারে তোমাদের কাছে আল্লাহর পক্ষ থেকে দলিল রয়েছে।" -সহীহ বুখারী, কিতাবুল ফিতান।

ফকীহ মুহাদ্দিসগণের সিদ্ধান্ত

সরকার মুরতাদ হয় যখন তার থেকে স্পষ্ট কুফর পাওয়া যায়। এ সম্পর্কে কী বিধান তা বিস্তারিত বলতে গিয়ে কাযী ইয়ায রহ. বলেন-

﴿قَالَ الْقَاضِي: فَلَوْ طَرَأَ عَلَيْهِ كُفْرٌ وَتَغْيِيرٌ لِلشَّرْعِ أَوْ بِدْعَةٌ خَرَجَ عَنْ حُكْمِ الْوِلَايَةِ وَسَقَطَتْ طَاعَتُهُ وَوَجَبَ عَلَى الْمُسْلِمِينَ الْقِيَامُ عَلَيْهِ وَخَلْعُهُ وَنَصْبُ إِمَامٍ عَادِلٍ إِنْ أَمْكَنَهُمْ ذَلِكَ، فَإِنْ لَمْ يَقَعْ ذَلِكَ إِلَّا لِطَائِفَةٍ وَجَبَ عَلَيْهِمُ الْقِيَامُ بِخَلْعِ الْكَافِرِ وَلَا يَجِبُ فِي الْمُبْتَدِعِ إِلَّا إِذَا ظَنُّوا الْقُدْرَةَ عَلَيْهِ﴾

{شرح مسلم للنووى : ٢٤٠/٤}

"কাযী বলেন, যদি সে নতুনভাবে কুফরে পতিত হয় এবং শরীয়তের বিধানকে বদলে দেয়, অথবা বিদআতের শিকার হয় তাহলে সে ক্ষমতার অধিকার থেকে বেরিয়ে যাবে এবং তার আনুগত্য বিলুপ্ত হয়ে যাবে এবং তার বিরুদ্ধে মুসলমানরা অবস্থান নেয়া এবং তাকে পদচ্যুত করা এবং সে স্থলে সম্ভব হলে একজন উপযুক্ত ইমাম (খলিফা) বসানো ওয়াজিব হয়ে যাবে। যদি বিষয়টি মুসলমানদের শুধু একটি কাফেলার ক্ষেত্রে হয় তাহলে তাদের উপর ওয়াজিব হয়ে যাবে ঐ কাফেরকে পদচ্যুত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা, বিদআতীর ক্ষেত্রে তা ওয়াজিব হবে না, তবে যদি তার বিরুদ্ধে অবস্থান নিতে সক্ষম হবে বলে ধারণা করে তাহলে ব্যবস্থা নেবে। -শরহে সহীহ মুসলিম, ইমাম নববী, কিতাবুল ইমারাত।

চতুর্থ দায়িত্ব সম্পর্কে কুরআনের বক্তব্য

চতুর্থ দায়িত্বের বিষয়ে কুরআনের বক্তব্য দেখুন-

﴿إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا﴾ {سورة النساء: ٩٧}

"যারা নিজের অনিষ্ট করে, ফেরেশতারা তাদের প্রাণ হরণ করে বলে, তোমরা কী অবস্থায় ছিলে? তারা বলে, এ ভূখণ্ডে আমরা অসহায় ছিলাম। ফেরেশতারা বলে, আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যে, তোমরা দেশত্যাগ করে সেখানে চলে যেতে? অতএব, এদের বাসস্থান হল জাহান্নাম এবং তা অত্যন্ত মন্দ স্থান।" -সূরা নিসা ৯৭

চতুর্থ দায়িত্ব সম্পর্কে হাদীসের বক্তব্য

চতুর্থ দায়িত্বের বিষয়ে হাদীসের বক্তব্য দেখুন-

﴿عن أبي سعيد الخدري أنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: يوشك أن يكون خير مال المسلم غنم يتبع بها شعف الجبال ومواقع القطر يفر بدينه من الفتن﴾ {الموطأ : رقم الحديث: ٣٥٥٨-٩٧٠/٢}

"এমন হতে পারে যে, মুসলমানের সবচাইতে উত্তম সম্পদ হবে ছাগল যা নিয়ে সে পাহাড়ের চূড়ায় চলে যাবে এবং বিভিন্ন উপত্যকায় নিজের ঈমান নিয়ে ভেগে যাবে ফেতনা থেকে বাঁচার জন্য।" -মুয়াত্তা মালেক, কিতাবুল ইসতিযান, বাবু মা জাআ ফী আমরিল গানামি

ফকীহ মুহাদ্দিসগণের সিদ্ধান্ত

কাফের মুরতাদ সরকারের বিরুদ্ধে অস্ত্রধারণ করার মত শক্তি না থাকলে কী করণীয় সে বিষয়ে ফকীহ মুহাদ্দিসগণের সিদ্ধান্ত দেখুন-

﴿فَإِنْ تَحَقَّقُوا الْعَجْزَ لَمْ يَجِبِ الْقِيَامُ وَلْيُهَاجِرِ الْمُسْلِمُ عَنْ أَرْضِهِ إِلَى غَيْرِهَا وَيَفِرَّ بِدِينِهِ﴾ {شرح مسلم للنووى : ٤/٢٤٠}

"আর যদি তারা নিশ্চিত হয় যে, তারা বিপক্ষে অবস্থান নিতে সক্ষম নয় তাহলে বিপক্ষে অবস্থান নেয়া ওয়াজিব হবে না। বরং তখন মুসলমান তার এলাকা থেকে হিজরত করে অন্যত্র চলে যাবে এবং নিজের দ্বীন ঈমান নিয়ে পালিয়ে যাবে।" -শরহে সহীহ মুসলিম, ইমাম নববী, কিতাবুল ইমারাত।

শায়খে মুহতারাম এ দায়িত্বগুলোর কথা আলোচনায় আনেননি। এ বিষয়ে তিনি এমন কিছু পথই দেখিয়েছেন যে পথে গেলে গণতন্ত্রের অনুশীলন হবে, তাগুতের আইনের সামনে ও তাগুতের আইনের প্রক্রিয়ার সামনে নিজেকে ন্যস্ত করতে হবে। এ বিষয়টি এখন আর ব্যাখ্যা করলাম না। সামনে আরো অনেক কথা রয়ে গেছে। আশা করি সেসব কথা সামনে আসলে বিষয়গুলো ধরা ছোঁয়ার মধ্যে এসে যাবে।

জরুরী টীকা : ১০

“

তার পরিবর্তে ইসলামী আইন আনার দাবি উত্থাপন করবে।

”

জরুরী টীকা-১০

তার পরিবর্তে ইসলামী আইন আনার দাবি উত্থাপন করবে।

**** এ দাবিগুলোও গণতান্ত্রিক পদ্ধতিতে ধর্মনিরপেক্ষতার সম্মান রক্ষা করে করতে হয়। আর সেখানেই এসে দাবির চাকা আটকে যায়। দীর্ঘ অতীতে সে চাকা আটকে গিয়েছে। এখানে গভীর ও সূক্ষ্ম আর কোন কারণ নেই। গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলামী আইন বাস্তবায়নের দাবি মানে গণতন্ত্র বাস্তবায়নের দাবি, ইসলামী আইন বাস্তবায়নের দাবি নয়।***

দাবি উত্থাপনের দায়িত্ব

এ পরিভাষাটি একটি গণতান্ত্রিক পরিভাষা। যেখানে গণতন্ত্রের মালিক পক্ষ প্রজাদের প্রভু হয়। গণতন্ত্রের প্রজারা বিভিন্ন দাবি উত্থাপন করেন, আর প্রভুরা সেগুলো বিবেচনা করেন। কখনো করুণা দেখান, কখনো ইনসাফ করেন, আবার কখনো পরাক্রমশালী ভূমিকায় অবতীর্ণ হন। কোন দারুল ইসলামে এসব পরিভাষার কোন ব্যবহার ক্ষেত্র নেই। ইসলাম শাসিত কোন দেশে এ পরিভাষার পরিধি সর্বোচ্চ এতটুকু হতে পারে যে, দেশের কোন নাগরিক তার ব্যক্তিগত প্রয়োজন পুরা করার জন্য কোন কিছু দাবি করবে, আবদার করবে, কোন বৈধ কাজের অনুমতি চাইবে। কিন্তু শরীয়তের আইন বাস্তবায়নের দাবি?! এটা কোন দাবি, আবদার, আবেদন বা মামলা দায়েরের কোন বিষয়ই নয়।

গণতন্ত্রের অনুশীলন করতে করতে আমরা শরীয়তের মূল হাকীকত ও তার পাওয়ারের কথা একদম ভুলে গেছি। শরীয়তের যে কোন আইন বাস্তবায়নের পর্ব তিনটি: ইলাম, ইজবার এবং হিজরাহ ও শক্তি সঞ্চয়। প্রথমে জানিয়ে দেয়া হবে, এর পর প্রেশার ক্রিয়েট হবে যা অস্ত্র ছাড়া সম্ভব নয়, তা সম্ভব না হলে নিজের দ্বীন ও ঈমান নিয়ে হিজরত করে চলে যাবে এবং শক্তি সঞ্চয়ের ফরয দায়িত্ব আদায় করতে থাকবে। আবু জাহাল, আবু লাহাব, বা কমপক্ষে আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালূলের কাছে ইসলামের কোন আইন বাস্তবায়নের জন্য দাবি উত্থাপনের কোন ধারণা ইসলামে নেই। একটি দারুল ইসলামে এর সম্ভাব্য কোন পদ্ধতি নেই।

এগুলো অনেকটা ছেলেখেলার মত কথা। লুকোচুরি খেলার মত। অথবা 'আমি যা দেখি তুমি তা দেখ না' খেলার মত। অথবা কানামাছি ভোঁ ভোঁ খেলার মত। আল্লাহর আইনের খেলাফ আইন তৈরি করা হচ্ছে প্রতিদিন। সবার সামনে। ঘোষণা দিয়ে। ধর্মের প্রভাবমুক্ত আইন হবে - এ মূলনীতি রচনা করে। সবাই জানে, সবাই দেখে। এরপরও কুরআনের আইনের বিপরীত আইনকে বিলুপ্ত করে কুরআনের আইন প্রতিষ্ঠার জন্য আবেদন নিবেদন করতে হবে সাধারণ নাগরিককে।

এক্ষেত্রে দারুল ইসলামের আমীরুল মুমিনীনের কোন দায়িত্ব নেই যিনি জেনে শুনে কুরআন বিরোধী আইনের অনুমোদন দিয়েছেন। সংসদ সদস্যদের কোন দায়িত্ব নেই যারা কুরআনের আইন বিরোধী আইনের পক্ষে জেনে শুনে রায় দিয়েছেন। সংসদের স্পীকারের কোন দায় দায়িত্ব নেই যিনি কুরআন বিরোধী আইনকে ভোট গ্রহণ করার মাধ্যমে সিদ্ধান্ত দিয়েছেন। এ দায়িত্ব হচ্ছে বেচারা সাধারণ জনগণের, যারা গণতন্ত্রের খেলার পুতুল। বেচারা জনগণকে এ দায়িত্ব দিয়ে তাকে গণতন্ত্রের দশ ঘাটের পানিতে চুবিয়ে জীবনের জন্য শিক্ষা দিয়ে দিতে হবে, যেন কখনো গণতান্ত্রিক আইনের বিরুদ্ধে এমন দুঃসাহসিকতা না দেখায়।

দীর্ঘকাল যাবত অধর্মের বিষয়গুলোকে আমরা ধর্মের কষ্টিপাথরে মাপছি না। ধর্মের কষ্টিপাথরে মেপে গ্রহণ ও বর্জনের হিম্মত দেখাতে পারছি না। যারফলে পুরো ধর্মটাই এখন গণতন্ত্রময় হয়ে গিয়েছে। ইসলামের স্বকীয়তা হারিয়ে গেছে। সব হারিয়ে আমরা এখন ইসলামের আইনকে, আল্লাহর বিধানকে গণতন্ত্রের করুণার ভিখারী বানিয়ে ছেড়েছি।

এ অধিকার সব ধর্মের লোকদেরই আছে

শায়খে মুহতারাম ইসলামী আইনের জন্য মুসলমানদের যে অধিকারের কথা বলেছেন, এ অধিকার প্রত্যেকটি গণতান্ত্রিক দেশে প্রত্যেক ধর্মের লোকদের জন্যই আছে। শক্তভাবে আছে এবং প্রায়োগিকভাবেই আছে। খোদ পাকিস্তানেও আছে। এ ধারার মাধ্যমে মুসলমানদেরকে অতিরিক্ত কিছুই দেয়া হয়নি।

উদাহরণস্বরূপ, পাকিস্তানে যদি গণতান্ত্রিক প্রক্রিয়ায় আইন পাস করা হয় যে, একটি গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশে ক্রুশ প্রদর্শন অবৈধ। অতএব গির্জার বাইরের দেয়ালে, অফিস আদালতে কর্মকর্তা কর্মচারীদের গলায়, মুদ্রিত কোন বই পত্রের প্রচ্ছদে ক্রুশের ব্যবহার নিষিদ্ধ। কেউ এমন করলে তা দণ্ডনীয় অপরাধ বলে পরিগণিত হবে।

এ আইন পাস হওয়ার পর প্রয়োগ হওয়ার আগেই খ্রিস্টান সম্প্রদায়ের পক্ষ থেকে এ আইনের বিরুদ্ধে আবেদন দাখিল হয়ে যাবে। আইনটি বিলুপ্তির জন্য উচ্চ আদালতে আবেদন হবে। এ আবেদন হওয়ার পর কোন গণতান্ত্রিক দেশ এ মামলা খারিজ করে দেয়ার হিম্মত করবে না। বরং পাকিস্তানসহ পৃথিবীর প্রত্যেকটি গণতান্ত্রিক দেশই এ কথা বলবে যে, ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন আইন গ্রহণযোগ্য নয় এবং যে ধর্মের বিরুদ্ধে কোন আইন তৈরি হবে সে ধর্মের অনুসারীদের এ অধিকার আছে যে, তারা ধর্মবিরোধী সে আইন বিলুপ্ত করার জন্য আবেদন করতে পারবে।

প্রত্যেক ধর্মের সঙ্গে এ ধরনের সম্প্রীতিমূলক আচরণ ছাড়া গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম চলতে পারে না। প্রত্যেক ধর্মকে ভেঙ্গে যখন একটি ধর্ম তৈরি করা হবে তখন প্রত্যেক ধর্মের সঙ্গে খাতির ঠিক রাখা যায় পরিমাণ ছাড় তাকে দিতে হবে। আর মূল স্তম্ভ ভেঙ্গে দেয়ার পর দু'চারটি শাখা প্রশাখা টিকিয়ে রাখলে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের এমন কোন ক্ষতি নেই।

বিশেষত ইসলাম ধর্মের ক্ষেত্রে বিষয়টি একেবারে সহনীয়। কারণ বিধান দেয়া ও আইন দেয়ার দায়িত্ব যখন আল্লাহর হাত থেকে এনে বান্দার হাতে দিয়ে দেয়া গেছে তখন ইসলাম ও মুসলমানদের একশত দাবি রক্ষা করলেও কোন সমস্য নেই। কারণ এ ধর্মে নামায, রোযা, হজ্জ,

যাকাত, দান খয়রাত, তাসবীহ তাহলীল সব কিছুর সঙ্গেও যদি আল্লাহর সঙ্গে শুধুমাত্র কাউকে শরীক হিসাবে মিলিয়ে দেয়া যায় তাহলে সে কাফের ও মুরতাদ হয়ে যাবে।

গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম এ কাজটুকু অনেক আগেই করে ফেলেছে। এখন ধর্মের বিভিন্ন শাখা প্রশাখার কিছু দাবি মেনে নিতে তাদের এমন বড় ধরনের কোন সমস্যা নেই। এরপরও বাস্তবতা হচ্ছে, অন্যান্য ধর্মের কিছু কিছু আইন মেনে নেয়া গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের জন্য যতটা সহজ, ইসলাম ধর্মের কোন বিধানকে মেনে নেয়া ততটা সহজ নয়। আর সে কারণেই সংবিধানে এ ধারাটি সুস্পষ্ট করে থাকার পরও শরীয়তের কোন বিধান সূর্যের মুখ দেখার সুযোগ পায় না।

তাই বলছিলাম, ধর্মের বিরুদ্ধে আইন হলে তা বিলুপ্ত করার অধিকার শুধু মুসলমানরাই পায় না; বরং যে কোন ধর্মের অনুসারীরাই এ অধিকার পায়। একটি গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ দেশে এ অধিকার পাওয়া ইসলামের কোন বৈশিষ্ট্য নয় এবং মুসলিম সংখ্যাগরিষ্ঠের কোন বৈশিষ্ট্য নয়। এটি হচ্ছে মূলত গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের বৈশিষ্ট্য। তাই পৃথিবীর সকল গণতান্ত্রিক দেশে সকল ধর্মই এ অধিকার পায়। ইসলাম ও মুসলমানদের চাইতে একটু বা অনেক বেশি পরিমাণে পায়।

জরুরী টীকা : ১১

“

আদালত যদি তার দাবি গ্রহণ করে....

”

জরুরী টীকা-১১

আদালত যদি তার দাবি গ্রহণ করে....

** এ 'যদি'র মধ্যে পুরা কুরআন সুন্নাহই আটকে গেছে। আদালত গ্রহণ না করার জন্য হাজার হাজার ব্যবস্থা সংবিধানে ও আইনে রাখা আছে। আর আদালতের সবচাইতে বড় যোগ্যতা হচ্ছে, আদালত কুরআন সুন্নাহর আইন সম্পর্কে সাধারণত ব-কলম হয়ে থাকে। আর কুরআন সুন্নাহ'র আইনকে প্রতিরোধ করার মত সকল প্রশিক্ষণ তাদের নেয়া থাকে। আর তা থাকে সরাসরি ইউরোপ-আমেরিকার তত্ত্বাবধানে। মুস্তাশরিকদের নির্দেশনা অনুযায়ী। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের নীতি ধারা অনুযায়ী। একটি গণতান্ত্রিক দেশের আদালত কী এবং সে আদালতের বিচারক কে তা বুঝে আসলে আমাদের জন্য বুঝে নেয়া আরো সহজ হবে যে, আদালত একজন মুসলমান নাগরিকের এ দাবি গ্রহণ করবে কি করবে না।*

আদালত কী?

একটি গণতান্ত্রিক দেশের আদালত হচ্ছে সে দেশের জন্য রচিত আইনের প্রয়োগ বিভাগ। যে দেশের আইন তৈরি হয় সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটের মাধ্যমে সে দেশের আদালত হচ্ছে সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নকারী। রুচি, প্রয়োজন, লাভ ও ক্ষতির কোন বিবেচনা ছাড়া শুধু সংখ্যাধিক্যের ভোটের ভিত্তিতে যে দেশে সিদ্ধান্ত গৃহীত হয়

সে দেশের আদালত সিদ্ধান্ত দেয়ার ক্ষেত্রে রুচি, প্রয়োজন, লাভ ও ক্ষতির বিবেচনায় মামলার রায় দিতে পারে না। এ ক্ষেত্রে পাকিস্তান আদালতের কোন ভিন্নতা নেই।

আদালত শব্দটি উচ্চারণ করতে গেলে আমরা সাধারণত পবিত্র ও মহান বিশেষণ যোগ না করে শব্দটি উচ্চারণ করি না। মহামান্য আদালত, মাননীয় আদালত, আদালতের পবিত্র প্রাঙ্গণ, মহান আদালত ইত্যাদি শব্দ এখন এত বেশি চর্চিত হয়েছে যে, আদালতকে কল্পনা করলে আমরা এসব বিশেষণ ছাড়া কল্পনা করতে পারি না। এ ক্ষেত্রে মুসলমানদের অবস্থাও অভিন্ন।

মুসলমানদের ক্ষেত্রে বিষয়টিকে দুইভাবে মূল্যায়ন করা যায়। **একটি হচ্ছে,** ইসলামের ইতিহাসে যে আদালতের উল্লেখ রয়েছে সে আদালত হচ্ছে আল্লাহর বিধান বাস্তবায়নের একটি প্রতিষ্ঠান। আর সে হিসাবে আদালত অবশ্যই মহামান্য এবং আদালতের অঙ্গন একটি পবিত্র অঙ্গন। যে অঙ্গনে একমাত্র আল্লাহর কর্তৃত্ব ছাড়া আর কারো কোন কর্তৃত্ব গ্রহণযোগ্য ছিল না। সে আদালতের প্রতিটি অঙ্গ ছিল আল্লাহর বিধানের গোলাম ও অনুগত বাস্তবায়ক।

কিন্তু অচেতন মুসলমান বুঝে উঠতে পারেনি যে, সময়ের ব্যবধানে সেখানে কী ঘটে গেছে। সময়ের ব্যবধানে সে আদালতের বিধানদাতা হয়ে গেছে এক আল্লাহর পরিবর্তে তিনশত সংসদ সদস্য। বিধানদাতা হিসাবে খালেকের আসন দখল করে বসেছে মাখলূক। যে ব্যবধান শুধু মুসলমানই বোঝার কথা ছিল সে কথা মুসলমান বুঝতে পারেনি। ফলে পবিত্র মহামান্য সে প্রতিষ্ঠান যে প্রত্যাখ্যাত ধিকৃত প্রতিষ্ঠানে পরিণত হয়েছে অচেতন মুসলমান তা বুঝতে পারেনি। আর সে কারণে মাখলূক খালেকের আসন দখল করে নেয়া সত্ত্বেও এ অঙ্গনটি মুসলমানের কাছেও মহামান্য ও পবিত্রই রয়ে গেছে। এ হচ্ছে এক ধরনের মূল্যায়ন।

আরেকটি মূল্যায়ন হচ্ছে, মুসলমান দীর্ঘকাল ব্যাপী আল্লাহর দুশমনের গোলামী করতে করতে আল্লাহর দুশমনই তাদের কাছে মাননীয় ও শ্রদ্ধেয় হয়ে গেছে। আল্লাহর বান্দারা আল্লাহর দুশমনকেই নিজেদের মান ইজ্জতের ঠিকাদার হিসাবে মনে করেছে। তারা আবার সে চরিত্রে অবতীর্ণ হয়েছে যে চরিত্রের বিষয়ে তাদেরকে বার বার সতর্ক করা হয়েছে।

﴿بَشِّرِ الْمُنَافِقِينَ بِأَنَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا. الَّذِينَ يَتَّخِذُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ أَيَبْتَغُونَ عِنْدَهُمُ الْعِزَّةَ فَإِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا﴾ {سورة النساء ١٣٨-١٣٩}

"সেসব মুনাফেককে সুসংবাদ শুনিয়ে দিন যে, তাদের জন্য নির্ধারিত রয়েছে বেদনাদায়ক আযাব। যারা মুসলমানদের বর্জন করে কাফেরদেরকে নিজেদের বন্ধু বানিয়ে নেয় এবং তাদেরই কাছে সম্মান প্রত্যাশা করে, অথচ যাবতীয় সম্মান শুধুমাত্র আল্লাহরই জন্য।" -সূরা নিসা ১৩৮-১৩৯

খালেকের বান্দা হয়েও, নিজেকে খালেকের গোলাম হিসাবে স্বীকৃতি দেয়ার পরও তারা সম্মানের জন্য ধর্ণা দিয়ে চলেছে মাখলূকের দরবারে দরবারে। তাও আবার আল্লাহর দুশমনদের দরবারে দরবারে। আর এভাবেই আল্লাহর দুশমন এবং আল্লাহর দুশমনদের সকল কার্যক্রম আল্লাহর বান্দাদের কাছে মহামান্য, মাননীয়, শ্রদ্ধেয়, পবিত্র ও শিরোধার্য হয়ে পড়েছে। এখন মুসলমান সে আদালতকেই মাননীয় ও পবিত্র বলে চলেছে যে আদালতে প্রতিদিন শতবার আল্লাহর বিধানের গলায় ছুরি চালানো হয় এবং সে জন্য গর্ব প্রকাশ করা হয়।

শায়খে মুহতারাম সে আদালতের কথাই বলছেন এবং আশা করছেন যে, আদালত মুসলিম নাগরিকের ইসলামী আইন বাস্তবায়ন বিষয়ক দাবি গ্রহণ করবে এবং তার মাধ্যমে দেশ ইসলামী হবে। বা এ সুযোগ থাকার কারণে দেশ ইসলামী হয়েই গেছে।

আরেকটু স্পষ্ট হোক

এতসব কথার পরও মনে হয় এখানে একটি ছিদ্র এখনো রয়েই গেছে। শায়খে মুহতারামে পক্ষ থেকে কেউ বলতে পারেন, আমার সব কথা চলছে গায়রে শরয়ী আদালতকে সামনে রেখে। আর শায়খে মুহতারাম সব কথা বলেছেন শরয়ী আদালতকে সামনে রেখে। দুই কথা দুই ময়দানে চলছে।

এ বিষয়ে আমার নিবেদন হচ্ছে, শরীয়াহ আদালত সম্পর্কে আগেও কিছু তথ্য দেয়া হয়েছে, সামনে আরো তথ্য ইনশা-আল্লাহ আসবে। যে

তথ্যগুলোর সারমর্ম হচ্ছে, তাগুতের আদালত থেকে মুক্ত হয়ে পাকিস্তান শরীয়াহ আদালতের আলাদা কোন অস্তিত্ব নেই। পাকিস্তান শরয়ী আদালত গণতান্ত্রিক পাকিস্তান থেকে মুক্ত ও স্বাধীন কোন প্রতিষ্ঠানের নাম নয়। গণতন্ত্রের সকল নীতি ধারাকে কুর্ণিশ করেই পাকিস্তান শরয়ী আদালতকে চলতে হয়, চলতে হবে এবং অতীতে চলেছে। সে তথ্যগুলোর দু'চারটি এখানে আবারো উল্লেখ করছি-

ক. পাকিস্তান শরীয়াহ আদালতের আটজন বিচারকের সর্বোচ্চ তিন জন হবে শরীয়াহ বিশেষজ্ঞ, আর অবশিষ্ট পাঁচ জনই হবে তাগুতের আইনে বিশেষজ্ঞ এবং কুফরী আইনের সফল প্রয়োগকারী হিসাবে দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন।

খ. এ বেঞ্চের প্রধান বিচারপতি শরীয়াহ বিশেষজ্ঞ হবে না। প্রধান বিচারপতি হবে তাগুতের কুফরী আইনের বিশেষজ্ঞ ও মানবরচিত আইনের প্রয়োগকারী হিসাবে দীর্ঘ অভিজ্ঞ।

গ. শরীয়া বেঞ্চের সকল কার্যক্রম পর্যবেক্ষণ করবে গায়রে শরয়ী আদালত। তাগুত ও মানবরচিত কুফরের সর্বোচ্চ আদালতের অনুমোদন ব্যতীত শরীয়াহ আদালতের কোন সিদ্ধান্তই কার্যকর হবে না।

ঘ. গায়রে শরয়ী কুফরী আদালত শরীয়াহ বেঞ্চের পরিচালিত সকল কার্যক্রমের রেকর্ড তলব করার অধিকার রাখে এবং শরয়ী আদালত তা প্রদর্শন করতে বাধ্য।

ঙ. পাকিস্তান আদালতের যে কোন পর্যায়ের যে কোন বেঞ্চের যে কোন বিষয়ের যে কোন সিদ্ধান্ত প্রেসিডেন্ট মুলতবি করতে পারবেন, উল্টে দিতে পারবেন, সংযোজন করতে পারবেন, বিয়োজন করতে পারবেন। এ সকল পারার ক্ষেত্রে প্রেসিডেন্টের শুধুমাত্র মর্জি কাজ করবে। এ ক্ষেত্রে কোন আইন, কোন ভালো মন্দের বিবেচনা বা কোন লাভ ক্ষতির বিবেচনা কোন কিছুই প্রভাব বিস্তার করবে না।

ইত্যাদি ইত্যাদি।

তাই বলছিলাম, শরয়ী আদালত হোক বা যে আদালতই হোক কোন আদালতই পাকিস্তানের গণতান্ত্রিক প্রক্রিয়াকে উপেক্ষা করতে পারবে না। বৃটিশ আমেরিকা তথা তাগুতের আইন এবং মানবরচিত আইনের মূল ধারাগুলোকে এড়িয়ে যেতে পারবে না। অতীতে পারেনি, বর্তমানে পারছে

না এবং ভবিষ্যতেও পারবে না। এসকল ক্ষেত্রে শরীয়াহ বেঞ্চ ও শরয়ী আদালতকে আলাদা দৃষ্টিতে দেখার কোন সুযোগ সংবিধানে রাখা হয়নি।

বিচারক কে?

একটি গণতান্ত্রিক দেশের আদালত বিভাগ কাদের দখলে থাকে? আদালতের বিচারপতিরা কারা হয়ে থাকে? তাদের যোগ্যতা কী? শায়খে মুহতারাম যে বিচারপতিদের কাছে আশা করছেন, তারা মুসলমানদের পক্ষ থেকে দায়েরকৃত ইসলামী আইন বাস্তবায়নের দাবি বিবেচনায় নিয়ে দেশের গণতান্ত্রিক আইনকে বিলুপ্ত করে ইসলামী আইন প্রয়োগ করবে সে বিচারপতিদের সম্পর্কে আমাদের কিছু ধারণা থাকা চাই। সবচাইতে সহজ হবে, বিচারপতিদের যোগ্যতার তালিকা সামনে থাকলে। তাই তাদের কিছু যোগ্যতা নিম্নরূপ-

ক. যে কোন গণতান্ত্রিক দেশের আদালতের বিচারপতিরা সাধারণত কুরআন হাদীসের ইলম সম্পর্কে একদম অজ্ঞ থাকে। একান্ত প্রয়োজনে বিশেষ কোন মাসআলা হয়ত দেখার সুযোগ হয়, নচেৎ স্বাভাবিক অবস্থা হচ্ছে, ইলমে ওহির সঙ্গে তাদের কোন সম্পর্ক নেই। এর একটি কারণ হচ্ছে, গণতান্ত্রিক দেশে বিচারপতি হিসাবে প্রতিষ্ঠিত হওয়ার জন্য ইলমে ওহির কোন প্রয়োজন হয় না।

খ. শরীয়াহ বিরোধী গায়রুল্লাহর আইন শেখার বিষয়ে তারা প্রতিযোগী হয়ে থাকে।

গ. আল্লাহর আইন শিক্ষার ফরয দায়িত্বকে তারা একটি ঐচ্ছিক বিষয় মনে করে থাকে এবং ক্ষেত্র বিশেষ অতিরিক্ত ও অনর্থক মনে করে থাকে।

ঘ. গায়রুল্লাহর আইন তথা শরীয়ত বিরোধী আইন প্রয়োগ করার জন্য তারা অর্থ ব্যয় করেও সে সুযোগ গ্রহণ করার চেষ্টা করে থাকে।

ঙ. শরীয়ত বিরোধী আইনগুলো প্রয়োগ করতে পেরে গর্বে তাদের বুক ফুলে উঠে। গায়রুল্লাহর আইনের ভিত্তিতে যে কোন রায় দেয়ার পর তারা ছবি তোলার জন্য যে পোজ দিয়ে থাকে তা থেকে মনের অবস্থা খুব স্পষ্টভাবে ফুটে উঠে।

চ. কুফরের আইনগুলো রপ্ত করার জন্য তাদের রাত দিনগুলো সম্পূর্ণ ওয়াকফ থাকে।

ছ. প্রতিদিন আল্লাহর আইনের প্রকাশ্য বিরোধিতার উপর তাদের কোন আফসোস ও দুঃখ নেই।

জ. গায়রুল্লাহর আইন ছেড়ে কখনো আল্লাহর আইন প্রতিষ্ঠা এবং সে অনুযায়ী সিদ্ধান্ত দেয়ার কোন স্বপ্ন তাদের চোখে নেই।

ঝ. গায়রুল্লাহর আইনের অনুশীলন করতে করতে যে সারাটি জীবন শেষ হয়ে যাচ্ছে এ নিয়ে কখনো চিন্তা আসে না যে, এ জীবনটি বৈধ জীবন না কি অবৈধ জীবন।

জরুরী টীকা : ১২

“

আদালতের এ অধিকার আছে যে, সে ঐ কানূন বিলুপ্ত করে তার পরিবর্তে ইসলামী কানূন বাস্তবায়ন করার হুকুম জারি করবে।

জরুরী টীকা-১২

আদালতের এ অধিকার আছে যে, সে ঐ কানূন বিলুপ্ত করে তার পরিবর্তে ইসলামী কানূন বাস্তবায়ন করার হুকুম জারি করবে।

***** একটি দারুল ইসলামের আদালতের এটা অধিকার নয়, এটা তার উপর অর্পিত ফরয দায়িত্ব। এ ভাষাগুলো হচ্ছে পরাজিত শক্তির ভাষা। যে কোন কারণেই হোক আমরা এখন ইসলাম ও মুসলমানদেরকে একটি পরাজিত শক্তি হিসাবে ভাবতে পছন্দ করি। যারফলে আমাদের প্রত্যেকটি শব্দের ব্যবহার সে আঙ্গিকেই হয়ে থাকে। আর সে কারণে আমরা গর্ত থেকে উঠে আসার সুতা দেখতে পাওয়ার গর্বে মাটিতে পা রাখতে পারছি না। সুতাধারী অপর প্রান্তের গণতান্ত্রিক ইবলিসের শুকরিয়া আদায় করার মত ভাষাও খুঁজে পাচ্ছি না।*

এ করুণার আধার কে?

এ অধিকার আদালতকে কে দিয়েছে? যে দিয়েছে সে অধিকার দেয়ার কী অধিকার রাখে? দেখা যায়, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম তার স্বাভাবিক নীতি ধারার আলোকে তার অধীনস্ত প্রত্যেকটি ধর্মকে কিছু কিছু অধিকার দিয়ে রেখেছে। এ ক্ষেত্রে যে দেশে যে ধর্মের অনুসারী বেশি সে দেশে সে ধর্মের অনুসারীদেরকে একটু বাড়তি সুবিধা দেয়া, একটু বাড়তি অধিকার দেয়া গণতন্ত্রের নীতি বহির্ভূত কিছু নয়।

সফল রাজা

দুনিয়ার বিচারে এবং দুনিয়ার স্বার্থ উদ্ধার করার ক্ষেত্রে সফল রাজা ও সফল রাজনীতি হচ্ছে যে রাজা ও রাজনীতি তার প্রজাদের কোন গোষ্ঠীকে ক্ষেপিয়ে তুলবে না, ক্ষেপিয়ে তোলার মত কোন পদক্ষেপ গ্রহণ করবে না। এক সময় রাজা ছিল একক রাজা। এক দেশের এক রাজা। ভিন্ন দেশের ভিন্ন রাজা। প্রত্যেক রাজা তার সুবিধা অসুবিধাগুলো নিজেই বিবেচনা করত। বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করত, বিভিন্ন বিষয় বর্জন করত। এ ক্ষেত্রে তাদের কৌশলে অনেক ভুল হয়ে যেত।

গণতন্ত্রের রাজা

গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের রাজ্য শাসনের থিওরী এমন নয়। গণতন্ত্রের দৃষ্টিতে পুরো পৃথিবী এক দেশ। পুরো পৃথিবীর পরিচালনা এক কেন্দ্রিক। সকল সিদ্ধান্ত এক কেন্দ্রিক। আবার বিষয়গুলো এক ব্যক্তি কেন্দ্রিক নয়; টিম ও কাফেলা কেন্দ্রিক। ছোটখাট কোন কাফেলা নয়, একটু বৃহৎ আকারের কাফেলা।

এসকল কারণে গণতন্ত্রের রাজারা সাধারণত সেসব ভুলের শিকার হয় না যেসব ভুলের কারণে আগেকার রাজারা তাদের উদ্দেশ্য সাধনে খুব তাড়াতাড়ি ব্যর্থ হয়ে যেত। এ কারণে গণতন্ত্রের রাজাদের পক্ষ থেকে তাদের প্রজাদের বিভিন্ন গোষ্ঠী ও জামাতকে এমন এমন সুযোগ সুবিধা ও অধিকার দেয়া হয় যার মোহে গোষ্ঠীর অধিপতি থেকে শুরু করে সাধারণ কর্মী সমর্থকরা পর্যন্ত আত্মভোলা হয়ে পড়ে। গণতন্ত্রের রাজাদের আরেকটি বৈশিষ্ট্য হচ্ছে, তাদের মাইল ফলক অনেক দূরে স্থির করা থাকে। যারফলে ছোটখাট গর্তে তাদের পা আটকে যায় না। অল্পস্বল্প কাদায় তাদের গাড়ির চাকা দেবে যায় না।

এভাবেই গণতন্ত্রের রাজারা তাদের কিছু বাড়তি বৈশিষ্ট্যের গুণে পৃথিবীর সকল গোষ্ঠীকে, এমনকি ধর্মীয় গোষ্ঠীগুলোকেও, এমনকি ইসলাম ধর্মের অনুসারীদেরকেও বাগে আনতে সফল হয়েছে। এজন্য তাদেরকে যে কৌশল গ্রহণ করতে হয়েছে তা হচ্ছে, অধিকারের সংখ্যা বাড়িয়ে দেয়া এবং এমনসব অধিকারকে খুঁজে খুঁজে বের করা যার সংখ্যা বেড়ে গেলেও গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের মূল থিওরীতে কোন প্রকার আঁচড় পড়বে না।

ইসলামের জন্য বাড়তি সতর্কতা

গণতান্ত্রিক আইন বাতিল করে ইসলামী আইন বাস্তবায়নের জন্য গণতন্ত্র আদালতকে যে অধিকার দিয়েছে তা সেসব অধিকারের একটি। অবশ্য মুসলমানদেরকে এসব অধিকার দেয়ার ক্ষেত্রে গণতন্ত্র একটু বাড়তি সতর্কতা অবলম্বন করেছে, যে সতর্কতা অন্যান্য ধর্মের বেলায় তারা দেখায়নি।

তাদের সে সতর্কতার রূপ হচ্ছে, অধিকার বাস্তবায়নের জন্য এমন একটি প্রক্রিয়া মুসলমানদেরকে দেয়া হয়ে থাকে যে প্রক্রিয়ায় ইসলামী আইনটি বাস্তবায়ন হওয়ার অনেক আগেই গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়ে যাবে। এরপর ইসলামী আইন যদি বাস্তবায়নের মুখ দেখেও তবু তা ততটুকু পরিমাণই বাস্তবায়িত হবে যতটুকুতে গণতন্ত্রের মূল ধারায় কোন প্রকার ব্যাঘাত ঘটবে না।

কারণ

গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম ইসলামের বিষয়ে একটু বাড়তি সতর্ক কেন এ বিষয়ে আগেও কিছু কথা বলা হয়েছে। এখানেও প্রসঙ্গক্রমে আরো একটি কথা বলে রাখি।

ইসলাম একটি আন্তর্জাতিক ধর্ম এবং মানব জন্মের শুরু থেকে পৃথিবীর বিলুপ্তি পর্যন্ত সবার ধর্ম। ধর্মের নামে প্রচলিত অন্যান্য মতবাদগুলো এরকম নয়। ইসলাম যেমন দীর্ঘ মেয়াদী লক্ষ স্থির করে কাজ করে বিশ্বব্যাপী সফলতা লাভ করেছে, তাকে বিলুপ্ত করার জন্য দীর্ঘ মেয়াদী কোন প্রতিরোধ ব্যবস্থা গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের আগে আবিষ্কার হয়নি। গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম ইসলামের মূল পাওয়ার ও গতিপথকে যেভাবে উপলব্ধি করেছে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের আগে কোন তন্ত্র বিষয়টিকে ঠিক সেভাবে উপলব্ধি করতে পারেনি।

এসব বাস্তবতার প্রেক্ষিতেই গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম নিজেদেরকে পৃথিবীব্যাপী প্রভুত্বের আসনে সমাসীন করে সকল জাতি গোষ্ঠীর মাঝে করুণা বিলি করে চলেছে। দান অনুদান করে চলেছে।

এ করুণার ভিখারী কে?

এখন এ করুণার ভিখারী হচ্ছে যারা পৃথিবীতে করুণাময় হিসাবে আবির্ভূত হয়েছিল। যারা রহমতে আলমের উম্মত। আল্লাহ রাব্বুল

আলামীন তাঁর প্রিয় নবীগণকে পৃথিবীতে পাঠিয়েছেন করুণাময় হিসাবে। তাঁরা দ্বীনী বিষয়ে মানুষের উপর করুণা করেছেন, পার্থিব বিষয়েও মানুষের প্রতি করুণা করেছেন।

দ্বীনী বিষয়ে কোন নবী কোন মানুষের করুণা গ্রহণ করেননি, পার্থিব বিষয়েও কখনো কোন নবী মানুষের করুণা গ্রহণ করেননি। আখেরী নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যিনি আমাদের নবী এবং আমরা যে নবীর উম্মত সে নবী ইসলাম ধর্মের মাধ্যমে সবার উপর করুণার সর্বোচ্চ মাত্রা দেখিয়ে দিয়ে গেছেন, আর পার্থিব বিষয়েও কখনো কারো করুণা গ্রহণ না করে সবার প্রতি সর্বোচ্চ ও সবচাইতে ব্যাপক করুণা করে গেছেন।

আল্লাহর কোন নবীর মুখে কখনো করুণা ভিক্ষার ভাষা ছিল না। কখনো কোন লম্পট কাফের নিজের অসৎ উদ্দেশ্য সাধনের জন্য নবীর উপর অনুগ্রহ ফলাতে গেলে কোন করুণার খোঁটা দিতে গেলে নবী তা তার মুখের উপর মেরে দিয়েছেন। তারা যাকে করুণা মনে করছে তা যে করুণা নয় তা তাদেরকে ভালোভাবে বুঝিয়ে দিয়েছেন।

কিন্তু মহা করুণাময়ের বান্দা, রহমতে আলমের উম্মত করুণাময় মুসলমান আজ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের মত দু'টি নষ্ট মতবাদের দ্বারে দ্বারে করুণার ভিখারী হয়ে ফিরে চলেছে। গণতন্ত্রের আধিপত্য মেনে নিতে কোন প্রকার লজ্জাবোধ হচ্ছে না, ধর্মনিরপেক্ষ ধর্মের অধীনস্ততা মেনে নিতে কোন প্রকার ইতস্ততাবোধ হচ্ছে না। উপরন্তু দু'টি মতবাদের উচ্ছিষ্ট যখন দান অনুদান হিসাবে বিলি বণ্টন হয় তখন আমরা তা গ্রহণ করার জন্য সারিবদ্ধ হয়ে দাঁড়িয়ে যাই। গণতন্ত্রের এখানেই জিত। ধর্মনিরপেক্ষ ধর্ম এখানেই সফল।

সারা বিশ্বের প্রকৃত করুণাময়দের হাতে যখন করুণা ভিক্ষার থলি ধরিয়ে দেয়া যায় তখন শত্রুর জন্য এর চাইতে বড় আর কোন সফলতা হতে পারে না।

কেমন হওয়ার কথা ছিল?

হওয়ার কথা ছিল, সকল কুফরী শক্তি ইসলাম ও মুসলমানের বশ্যতা স্বীকার করে নেবে। অমুসলিম হওয়ার অপরাধে মুসলমানদেরকে কর দিয়ে চলবে। নিজেদের হীনতার স্বীকৃতি দেবে। ইসলাম ও মুসলমানদের

বড়ত্ব ও শ্রেষ্ঠত্ব মেনে নেবে। ইসলাম ও মুসলমানদের চাপিয়ে দেয়া সকল শর্ত মেনে নেবে। চাল চলনে নিজেদের হীনতার প্রকাশ করবে। নিজেদের আচার আচরণে ইসলাম ও মুসলমানদের সামনে নিজেদের হীনতার পরিচয় দেবে।

এসব কিছুর পর ইসলাম ও মুসলমান তাদের প্রতি করুণা করবে। তাদেরকে নিরাপত্তা দেবে। তাদেরকে উপার্জনের সুযোগ করে দেবে। তাদের একান্ত ধর্মীয় আচার অনুষ্ঠানগুলো করার সুযোগ দেবে। ইসলাম ও মুসলমানের ইজ্জত সম্মানের উপর আঁচড় না লাগে মত করে তারা যা যা করতে পারবে তা তা করতে তাদেরকে অনুমতি দেয়া হবে। ইসলাম ও মুসলমানের মান মর্যাদার উপর আঘাত আসতে পারে এমন সব আচার আচরণ থেকে বিরত থাকতে তাদেরকে বাধ্য করা হবে।

এ হচ্ছে কুরআনের হুকুম। এ হচ্ছে হাদীসের নির্দেশনা। এ হচ্ছে ইসলামের ইতিহাস এবং ইসলামী খেলাফতের ইতিহাস। ইসলাম ও মুসলমানের শত্রু গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্ম ইসলামের এ মৌলিক নীতিটিই গ্রহণ করেছে। সবার প্রতি করুণা করবে, সবাইকে অধিকার দেবে, আর সবার উপর প্রভুত্ব করবে। অথচ আল্লাহ তাআলা বলছেন-

﴿هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ﴾ {الفرقان : ٤٨}

"তিনি ঐ সত্ত্বা যিনি তাঁর রাসূলকে হেদায়াত ও সত্য দ্বীন নিয়ে পাঠিয়েছেন তাকে সকল ধর্মের উপর বিজয়ী করার জন্য, যদিও মুশরিকরা তা অপছন্দ করে।" – সূরা ফুরকান : ৪৮

এমন কেন হয়েছে?

অমুসলিম ধ্যানধারণা থেকে একটি প্রশ্ন হতে পারে যে, ইসলাম যে নীতি ধারা গ্রহণ করেছে, অর্থাৎ প্রভুত্ব করা ও করুণা করা, তা যদি খারাপ হয়ে থাকে তাহলে তা ইসলাম কেন গ্রহণ করেছে? আর যদি তা ভালো হয়ে থাকে তাহলে তা অন্য কেউ গ্রহণ করলে সমস্যা কী? যে নীতি ধারা ইসলাম গ্রহণ করেছে সে নীতি ধারাই এখন অন্যদের দ্বারা বাস্তবায়িত হচ্ছে। এতে ইসলাম ও মুসলমানের মাথা ব্যথার কোন কারণ থাকতে পারে না।

এ প্রশ্নের উত্তর মুসলমানদের জন্য একেবারেই সহজ। মুসলমান স্রষ্টার প্রভুত্বকে মেনে নিয়েছে। মুসলমান যা করে ও করতে বলে এবং যা বলে ও বলতে বলে সবই স্রষ্টার নির্দেশে করে ও বলে। সৃষ্টির উপর প্রভুত্ব ও কর্তৃত্ব চলবে স্রষ্টার। অতএব যারা স্রষ্টার আনুগত্য করবে তাদের কথাই সবাই মেনে চলতে হবে। তাদের কাছেই সবাই বশ্যতা স্বীকার করে থাকতে হবে।

আরহামুর রাহীমীন বিশ্বকরুণাময় আল্লাহর পক্ষ থেকে মুসলমানই বিশ্বব্যাপী করুণা বিতরণ করবে। অন্যরা সে করুণার ভিখারী হবে। মুসলমান করুণা ভিক্ষা করবে শুধুমাত্র আল্লাহর কাছে। আর যারা আল্লাহর গোলামীকে স্বীকার করে নেবে না তারা আল্লাহর গোলামদের গোলামী করেই পৃথিবীতে বেঁচে থাকতে হবে। আল্লাহর গোলামদের করুণা নিয়েই বেঁচে থাকতে হবে।

এ দাবি মুসলমান ব্যতীত আর কেউ করতে পারবে না। কারণ, মুসলমান ব্যতীত অন্য কেউ আল্লাহকে সৃষ্টিকর্তা ও একমাত্র মাবুদ হিসাবে মেনে নেয়নি। আর যারা মেনে নিয়েছে তারাও আল্লাহর সঙ্গে গায়রুল্লাহকে শরীক করেছে। তাই তারাও এ দাবি করতে পারবে না। এসব বিষয়ে মুসলমানের কোন দ্বিধা থাকার কোন সুযোগ নেই।

মুসলিম বিচারপতির দায়িত্ব কী?

ইসলামী আইন ও আল্লাহর বিধান বাস্তবায়নের জন্য সাধারণ নাগরিকরা দাবি জানাবে, এরপর বিচারপতি আল্লাহর বিধান বাস্তবায়ন করবেন - ইসলামী শরীয়তে এমন কোন থিওরী নেই। মুসলিম বিচারপতি তখনই মুসলমান যখন তিনি ক্ষুদ্র থেকে ক্ষুদ্র এবং বৃহৎ থেকে বৃহৎ প্রতিটি মামলা কুরআনের আইনে ফায়সালা করাকে ফরয ও ওয়াজিব মনে করবেন।

যে বিচারপতি এ বিষয়টিকে ফরয মনে করবে না সে মুসলমান বিচারপতি নয়। যে বিচারপতি সাধারণ নাগরিকদের পক্ষ থেকে আল্লাহর বিধান বাস্তবায়নের আবেদনের অপেক্ষায় থাকবে, বা বলবে, আল্লাহর আইন বাস্তবায়নের জন্য কেউ দাবি করেনি তাই আমি গায়রুল্লাহর আইন দিয়ে মামলার ফয়সালা করেছি সে বিচারপতিও মুসলমান নয়।

একজন বিচারপতি নিজেকে মুসলমান হিসাবে দাবি করতে হলে তাকে পর্যায়ক্রমে নিম্নোক্ত কাজগুলো করতে হবে-

ক. প্রথমত অপ্রাপ্ত বয়স অবস্থায় যখন অভিভাবক তাকে আল্লাহর আইন না শিখিয়ে তাগুতের আইন শেখানোর পথে নিয়ে গেছে তখন তার ক্ষুদ্র বুঝ অনুযায়ী আল্লাহর আইন শেখার জন্য, অর্থাৎ মাদরাসায় পড়ার জন্য বায়না ধরা দরকার ছিল বা কাম্য ছিল। তবে শরীয়তের সিদ্ধান্ত অনুযায়ী এ বয়সের সকল অপরাধের দায়দায়িত্ব অভিভাবকের উপর বিধায় এ অপ্রাপ্ত বয়স্ক শিশু নিস্তার পেয়ে যাবে। কিন্তু তার অভিভাবক, সহযোগী, পরামর্শদাতারা প্রত্যেকেই এ অপরাধের জবাব দিতে হবে।

খ. যে মুহূর্তে শিশু তার জবাবদিহিতার বয়সে উপনীত হবে, অর্থাৎ প্রাপ্ত বয়সে উপনীত হবে, যখন থেকে তার উপর পাঁচ ওয়াক্ত নামাযসহ শরীয়তের প্রত্যেকটি বিধান ফরয হয়ে যাবে ঠিক সেই মুহূর্ত থেকে তার দায়িত্ব হচ্ছে, তাগুতের আইন শেখার পথ পরিহার করে আল্লাহর বিধান শেখার পথে পা বাড়ানো।

এ মুহূর্তে সিদ্ধান্ত নিতে দেরি হলে সেও ঐ অপরাধে অপরাধী হয়ে যাবে যে অপরাধে এত দিন তার অভিভাবক অপরাধী ছিল। তবে সে অপরাধী হওয়ার দ্বারা অভিভাবক তার কৃত অপরাধ থেকে মুক্তি পাবে না। অভিভাবকের জবাব অভিভাবককেই দিতে হবে এবং প্রাপ্ত বয়স্ক সন্তানের জবাব প্রাপ্ত বয়স্ক সন্তানকেই দিতে হবে।

গ. তাগুতের আইন শেখার সময় যখন সে দেখতে পেত প্রতিদিন আল্লাহর আইনের বিপরীত আইন তাকে শেখানো হচ্ছে, অথবা যখন সে দেখতে পেত প্রতিদিন একেকটি আইন কোন না কোন অমুসলিমের উদ্ধৃতি দিয়ে শেখানো হচ্ছে, তখন তার প্রতিদিনের ফরয দায়িত্ব ছিল সে শিক্ষার সকল নথিপত্র ছুঁড়ে ফেলে দিয়ে নিজের দ্বীন ও ঈমান নিয়ে পালিয়ে আসা।

ঘ. যেদিন তার কর্মজীবন শুরু হয়েছে সেদিন তার উপর ফরয দায়িত্ব ছিল, নিজের জীবিকার জন্য একটি হালাল রোজগারের পথ খুঁজে বের করা। যে কর্মজীবনে প্রতিদিন কুরআন হাদীসের আইনের বিরুদ্ধে রায় দিয়ে দিয়ে আল্লাহর ও তাঁর রাসূলের বিরুদ্ধে বিদ্রোহ করতে হবে সে

কর্মজীবনে প্রবেশ করা থেকে নিজেকে বাঁচিয়ে রাখা। সব রকমের হাতছানিকে প্রত্যাখ্যান করা, উপেক্ষা করা তার উপর ফরয ছিল।

ঙ. তাগুতের আদালতে বিচারক হিসাবে প্রবেশ করার পর তার প্রতি মুহূর্তের ফরয দায়িত্ব হচ্ছে কুফরের এ ভয়ংকর পথ থেকে ঈমানের পথে ফিরে আসা।

আল্লাহর আইনের বিরুদ্ধে এবং তাগুতের আইন অনুযায়ী বিচারকার্য পরিচালনা করার শপথ করার সাথে সাথে যে ঈমান চলে গেছে সে কারণে যদি মুসলিম দায়িত্বশীলগণ তার জানাযার নামায না পড়েন, মুসলমানদের কবরস্থানে তাকে কবর দিতে না দেন, তার সাথে মুসলমানদের বিবাহ বন্ধন ইত্যাদি নিষিদ্ধ করে দেন তাহলে এজন্য বিচারপতি সাহেব নিজেকেই যেন গালমন্দ করেন। কারণ, এ জন্য তিনিই দায়ী।

ইসলাম মৃত্যুর আগ পর্যন্ত কুফর শিরক থেকেও তওবা করে ফিরে আসার পথ খোলা রেখেছে। কিন্তু মৃত্যু যদি কুফর বা শিরকের উপর হয় তাহলে মুসলমানদের কিছু করার নেই।

আর যদি

আর যদি মুসলিম বিচারপতি শরয়ী আদালতের বিচারপতি হয়ে থাকেন, কোন দারুল ইসলামের আদালতের বিচারপতি হয়ে থাকেন, মুসলমানদের বিচারপতি হয়ে থাকেন তাহলে সে বিচারপতির দায়িত্ব হচ্ছে, মামলা দায়েরকারীকে জিজ্ঞেস না করেই প্রতিটি মামলার রায় দেবেন কুরআন ও সুন্নাহ তথা শরয়ী আইনের আলোকে। এমনকি মামলা দায়েরকারী যদি কোন মুনাফিক, মুলহিদ বা যিন্দীক হওয়ার কারণে শরয়ী বিচারকে পছন্দ নাও করে, তবু বিচারপতি শরীয়তের আলোকেই সিদ্ধান্ত দেবেন।

শরয়ী আদালতের বিচারপতির কাছে জনগণ আবেদন করবে, যেন গণতান্ত্রিক আইন বিলুপ্ত করে ইসলামী আইন বাস্তবায়ন করা হয় -এমন আবেদনের কোন প্রশ্নই আসে না। এমন প্রশ্ন আসতেই পারে না। দারুল ইসলামের বিচারপতিকে এ জন্য নিয়োগ দেয়া হয় না যে, সে গণতান্ত্রিক আইন বিলুপ্ত করে আল্লাহর আইন চালু করার আবেদন মঞ্জুর করবে। দারুল ইসলামে বিচারপতি নিয়োগ দেয়া হয় বিচারকার্য পরিচালনার জন্য।

গায়রুল্লাহর আইন ও তাগুতের আইনের বিলুপ্তি ঘটবে দারুল ইসলামের জন্মের সঙ্গে সঙ্গে। এভাবে ألا إن كل شيء من أمر الجاهلية تحت قدمي موضوع জাহেলী সকল প্রথা নিয়ম নীতি সব আমার পায়ের নীচে পদদলিত। গায়রুল্লাহর আইন বিলুপ্তির জন্য এবং আল্লাহর বিধান বাস্তবায়নের জন্য গণতন্ত্রের দ্বারে দ্বারে ফেরার কোন প্রক্রিয়া আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরীয়তে নেই। এমন অপমানজনক কোন প্রক্রিয়া তিনি তাঁর উম্মতকে দিয়ে যাননি।

জরুরী টীকা : ১৩

“

আফসোসের বিষয় হচ্ছে, এ গুরুত্বপূর্ণ ধারা যা
পাকিস্তানের সংবিধানে রয়েছে হুকুমত.......

জরুরী টীকা-১৩

আফসোসের বিষয় হচ্ছে, এ গুরুত্বপূর্ণ ধারা যা পাকিস্তানের সংবিধানে রয়েছে হুকুমত.......

** সংবিধান তৈরি করে হুকুমত। অতীতেও করেছে হুকুমত। বর্তমানেও করছে হুকুমত। কুরআন সুন্নাহর সঙ্গে সংঘর্ষ সৃষ্টি করে যে হুকুমত সংবিধান তৈরি করেছে সে হুকুমত মুসলমান (!), সে সংবিধানে যে রাষ্ট্র পরিচালিত সে দেশ দারুল ইসলাম (!)। আবার সে হুকুমতকেই অপবাদ দেয়া হচ্ছে, হুকুমত বেখবরীর কারণে ইসলামী আইন বাস্তবায়ন করতে পারছে না। কথাগুলো খুবই এলোমেলো হয়ে গেল।*

শায়খে মুহতারামের ভাষ্যমতে হুকুমত একটি ধারা তৈরি করেছে এভাবে যে, আইনের খাতায় যদি এমন কোন আইন থাকে যা কুরআনের আইনের বিপরীত তাহলে যে কোন নাগরিক তার বিরুদ্ধে আবেদন করে তা বিলুপ্ত করতে পারবে এবং সে জায়গায় কুরআনের আইন বসাতে পারবে। এটি হচ্ছে একটি ধারা।

এ ধারা তৈরি করেই হুকুমত আরো নিরানব্বইটি ধারা কুরআনের আইনের বিপরীত তৈরি করে চলেছে। একটি আইনের পেছনে সাধারণ নাগরিকদেরকে ব্যস্ত করে দেয়া হয়েছে। আমরা পেছনে দেখে এসেছি সাধারণ নাগরিকরা এ আইনটি কাজে লাগাতে গিয়ে এর পেছনে কত বছর ব্যয় করেছে এবং এর ফলাফল কী হয়েছে। আমরা দেখেছি, সেখানে ফলাফল ছিল শূন্য।

হুকুমত কী?

হুকুমতের বদনাম করা হয়েছে, হুকুমত তার বেখবরীর কারণে এ ধারাটিকে কাজে লাগাতে পারেনি। শায়খে মুহতারামের এ কথাটি আমি একদম বুঝতে পারিনি। হুকুমতের বেখবরীর কারণে সংবিধানের একটি ধারা কাজে লাগানো যাবে না এটা আবার কেমন কথা? এমন কথা হতেই পারে না।

প্রথম কথা হচ্ছে, হুকুমত তার নিজের তৈরি করা ধারা সম্পর্কে বেখবর হবে কেন? দ্বিতীয় কথা হচ্ছে, এ ধারা সম্পর্কে বেখবর থাকার কারণে আরো নিরানব্বই ধারা কুরআনের আইনের বিপরীত তৈরি করতে থাকবে এটাই বা কেমন কথা। একটি গণতান্ত্রিক সংবিধানের পাতায় পাতায় আল্লাহর আইনের বিধানের বিপরীত বিধান পাস করা আছে। আর এসব কিছুর কারণ হচ্ছে নির্দিষ্ট একটি ধারা সম্পর্কে হুকুমতের বেখবরী। তাহলে হুকুমত আসলে কী?

হুকুমত হচ্ছে দেশের নির্বাহী শক্তি, যার উপর কারো কোন কথা চলে না। হুকুমত হচ্ছে একটি সম্মিলিত শক্তি, যার এক জনের ভুলের কারণে সবাই ভুলে যায় না। হুকুমত হচ্ছে একটি চলমান শক্তি, যার প্রতিটি পদক্ষেপ নবায়ন করতে হয়। সংবিধানের প্রতিটি আইনের পক্ষে বিপক্ষে তার প্রতিদিন দেন-দরবার করতে হয়। এ হুকুমত সম্পর্কে যদি বলা হয়, হুকুমতের বেখবরীর কারণে এ গুরুত্বপূর্ণ ধারাটি অকার্যকর হয়ে আছে তাহলে কথাটি কেমন হল?

কথাটা বিপরীত রকমের হয়ে গেল

হুকুমত বেখবর হবে কেন? আমরা তো বরং দেখেছি হুকুমতের খবরদারীর কারণে সাধারণ ও অসাধারণ মানুষরা মিলেও এ ধারাটিকে কাজে লাগাতে পারেনি। হুকুমতের সচেতনতার কারণেই আল্লাহর বিধানের পক্ষে হাজার হাজার আবেদন, লক্ষ কোটি মানুষের আশীর্বাদ ও সমর্থন, বছরের পর বছর এর পেছনে গবেষণা ও মেহনত করার পরও শূন্য হাতে ফিরে আসতে হয়েছে। গণতন্ত্রের আইনের বিপরীতে আল্লাহর বিধানকে প্রয়োগ করা যায়নি হুকুমতের সচেতনতার কারণে।

হুকুমত গণতন্ত্রের আইনের গিরা যত শক্ত করে দিয়েছে শরয়ী বিধানের গিরা সেভাবে দেয়নি। আর সে কারণে গণতন্ত্র ও শরীয়ার লড়াইয়ে

গণতন্ত্রেরই বিজয় হয়েছে। একটি গণতান্ত্রিক দেশে এমনই হওয়ার কথা। এটা হুকুমতের সচেতনতারই প্রমাণ।

সংবিধান কী?

সংবিধান হচ্ছে, হুকুমতের সিদ্ধান্তসমগ্র। সংসদ সদস্যরাই হুকুমত, আর হুকুমত হচ্ছে সংসদ সদস্যদের সমষ্টি। এ হুকুমত বা সংসদ সদস্যরা মিলে দেশ পরিচালনার জন্য যে বিধানগুলো তৈরি করে থাকে তাই সংবিধান। দেশ পরিচালনার মূলনীতিসমূহ ও ধারাগুলোর সমষ্টি হচ্ছে সংবিধান। হুকুমত, সংসদ সদস্য ও সংবিধান এগুলোর একটিকে অপরটি থেকে আলাদা করার কোন সুযোগ নেই। সংবিধানের কোন ধারা সম্পর্কে হুকুমত বা সংসদ সদস্যরা বেখবর থাকার কোন সুযোগ নেই। ব্যক্তিবিশেষ সাময়িক সময়ের জন্য ভুলে গেলেও সামষ্টিকভাবে দীর্ঘ সময়ের জন্য তা না জানা সম্ভব নয়। কেউ না জানলে বা না জানার ভান করলে কোন আদালতেই তা গ্রহণযোগ্যতা পাবে না।

যারা মানব রচিত এ সংবিধানকে অস্বীকার করে ও প্রত্যাখ্যান করে তারা সংবিধানের আইনগুলো ও মূলনীতিগুলো না জানলে না জানতে পারে। কিন্তু এ মানব রচিত বিধানই যাদের জীবনের লক্ষ্য এবং জীবনের ভরসা তারা এ সংবিধান সম্পর্কে বেখবর থাকতে পারে না। কারণ, আইনগুলো এমনভাবে সাজানো যে, হুকুমতের প্রত্যেক সদস্য প্রতিদিন আইনগুলোর উপর দিয়েই চলতে হয়। বেখবর চলতে গেলে সিসি ক্যামেরায় তা ধরা পড়ে যাবে।

তাই আমি আবারো বলছি, সংবিধান এমন জিনিস নয় যা সম্পর্কে হুকুমতের লোকেরা বেখবর থাকতে পারে। বরং তা এমন জিনিস যা ইচ্ছা থাকুক বা না থাকুক, যোগ্যতা থাকুক বা না থাকুক সর্বাবস্থায় তার ধারাগুলো হুকুমতের লোকেরা ইয়াদ রাখতে হয়। রাখতে হবেই। এর নাম হচ্ছে সংবিধান।

আইন প্রণেতা কারা?

ফিকহের সিদ্ধান্ত ভিত্তিক হয় সে জন্য তারা ইলমীভাবে গবেষণা করে চলেছে। নিজেদের অধ্যয়নের উপর ভরসা না করে দেশের নির্ভরযোগ্য দারুল ইফতাগুলোতে ইস্তিফতা পাঠাচ্ছে। বিষয়টির যে যে জায়গায় তাদের দলিল ভিত্তিক সংশয় রয়েছে সে সংশয়গুলোকে দলিলসহ উপস্থাপন করেছে এবং আলোচনা পর্যালোচনা করে একটি দলিলভিত্তিক নির্ভুল ফলাফলে পৌঁছার জন্য ইলমের সাথে সংশ্লিষ্ট প্রতিটি অঙ্গনে বিষয়টির আলোচনাকে ব্যাপক করার চেষ্টা করেছে।

শায়খে মুহাতারাম যদি এ আচরণটিকেই 'প্রোপাগাণ্ডা' বলে ব্যক্ত করে থাকেন তাহলে আমদের সবিনয় নিবেদন হচ্ছে, ইলমের সঙ্গে সম্পর্ক রাখে এমন কোন ব্যক্তি দলিল অধ্যয়নের পর যদি তার মনে হয়, আল্লাহর একটি বিধান চলমান অবস্থায় আমাদের উপর ফরয হয়ে আছে, আর আমলীভাবে তা মাতরূক হয়ে আছে, তখন আল্লাহর এ বান্দার করণীয় কী?

আমাদের তো মনে হয় খুব স্বাভাবিক গতিই এটি যে, সে আল্লাহর বান্দা দলিলের আলোকে একটি সিদ্ধান্ত নিয়ে নেবে এবং সিদ্ধান্ত নির্ভুল কি না তা যাচাই করার জন্য নির্ভরযোগ্য দারুল ইফতাগুলোতে ইস্তিফতা করবে এবং বিষয়টিকে ইলমের অঙ্গনে বিচরণকারী প্রত্যেকের গোচরিভূত করবে। এর বিপরীত আর কী হতে পারে? এছাড়া আর কোন সহজ ও সঠিক পদ্ধতি তো নেই।

এখন শায়খে মুহতারাম যদি এ বিষয়টিকে এবং আচরণটিকেই প্রোপাগাণ্ডা বলে ব্যক্ত করে থাকেন তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ মনে কষ্ট পেতেই পারে। যদিও পিঁপড়া ও উঁই পোকার মনে কষ্ট যাওয়াতে হিমালয়ের কোন সমস্যা নেই, তবু কমপক্ষে এতটুকু নিশ্চয়তা দরকার যে, এ মনে কষ্ট পাওয়াটা কোন অপরাধ নয়।

প্রোপাগাণ্ডাকারীদের পরিচয়

যাদের ব্যাপারে বলা হচ্ছে, তারা প্রোপাগাণ্ডা ছড়াচ্ছে তারা আসলে কারা। আমাদের জানামতে পাকিস্তানে গণতন্ত্রের কুফরী রাষ্ট্রব্যবস্থা থেকে মুসলমানদেরকে মুক্ত করার জন্য যারা প্রোপাগাণ্ডা -শায়খে মুহতারামের ভাষায়- করছে তারা বিচ্ছিন্ন-ক্ষুদ্র-বেখবর-অজ্ঞ কোন গোষ্ঠী নয়। তারা ঐ কাফেলারই একটি অংশবিশেষ যে কাফেলা বিশ্বব্যাপী কুফরী শক্তির

উত্থান এবং তাগুতের ক্রমবর্ধমান আগ্রাসনের মুখে শক্ত প্রাচীর তৈরি করে চলেছে। যে কাফেলা ঈমান ও কুফরের মাঝে সুস্পষ্ট ব্যবধান রেখা তৈরি করে চলেছে। যে কাফেলা আল্লাহর দুশমনদের সঙ্গে বন্ধুত্বের সকল রশি একের পর এক কেটে চলেছে। যে কাফেলা হারিয়ে যাওয়া খেলাফতকে পুনরুদ্ধার করার জন্য শরীয়ত নির্দেশিত পন্থায় নিজের রক্তের শেষ বিন্দু পর্যন্ত বইয়ে দিতে নিজের মন ও প্রাণকে শানিত করে চলেছে। যে কাফেলা শত্রুর আগুনের পাহাড় ডিঙ্গিয়েও আপন লক্ষ্যে ধীরে ধীরে এগিয়ে চলেছে। যে কাফেলা তাদের জীবনের সব কিছুর বিনিময়েও আল্লাহর এ আদেশগুলোর উপর আমল করার পথ খুঁজে চলেছে-

﴿إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُمْ بُنْيَانٌ مَرْصُوصٌ﴾
{سورة الصف: ٤}

"বস্তুত আল্লাহ তাদেরকে ভালোবাসেন, যারা তাঁর পথে এভাবে সারিবদ্ধ হয়ে যুদ্ধ করে, যেন তারা শিশাঢালা প্রাচীর।" -সূরা সাফ্ফ ৪

﴿يَاقَوْمِ ادْخُلُوا الْأَرْضَ الْمُقَدَّسَةَ الَّتِي كَتَبَ اللَّهُ لَكُمْ وَلَا تَرْتَدُّوا عَلَى أَدْبَارِكُمْ فَتَنْقَلِبُوا خَاسِرِينَ. قَالُوا يَامُوسَى إِنَّ فِيهَا قَوْمًا جَبَّارِينَ وَإِنَّا لَنْ نَدْخُلَهَا حَتَّى يَخْرُجُوا مِنْهَا فَإِنْ يَخْرُجُوا مِنْهَا فَإِنَّا دَاخِلُونَ. قَالَ رَجُلَانِ مِنَ الَّذِينَ يَخَافُونَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمَا ادْخُلُوا عَلَيْهِمُ الْبَابَ فَإِذَا دَخَلْتُمُوهُ فَإِنَّكُمْ غَالِبُونَ وَعَلَى اللَّهِ فَتَوَكَّلُوا إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ﴾ {سورة المائدة: ٢١-٢٣}

হে আমার সম্প্রদায়! আল্লাহ তোমাদের জন্য যেই পবিত্র ভূমি নির্দিষ্ট করেছেন, তাতে প্রবেশ কর এবং নিজেদের পশ্চাদ দিকে ফিরে যেয়ো না; তা হলে তোমরা উল্টে গিয়ে ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে। তারা বলল, হে মূসা! সেখানে তো অতি শক্তিমান এক সম্প্রদায় রয়েছে। যতক্ষণ পর্যন্ত তারা সেখান থেকে বের না হয়ে যায়, আমরা কিছুতেই সেখানে প্রবেশ করব না। হাঁ, তারা যদি সেখান থেকে বের হয়ে যায় তবে অবশ্যই আমরা (সেখানে) প্রবেশ করব। যারা (আল্লাহকে) ভয় করত, তাদের মধ্যে দু'জন লোক, যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছিলেন, বলল,

তোমরা তাদের উপর চড়াও হয়ে (নগরের) দরজা দিয়ে প্রবেশ কর। তোমরা যখন তাতে প্রবেশ করবে, তখন তোমরাই বিজয়ী হবে। আল্লাহ তা'আলার উপরই ভরসা রেখ, যদি তোমরা প্রকৃত মুমিন হও।" -সূরা মায়িদা ২১-২৩

﴿قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ﴾ {سورة الممتحنة: ٤}

"তোমাদের জন্য ইবরাহীম ও তাঁর সঙ্গীদের মধ্যে উত্তম আদর্শ আছে, যখন সে নিজ সম্প্রদায়কে বলেছিল, তোমাদের সঙ্গে এবং তোমরা আল্লাহ ছাড়া যাদের উপাসনা করছ তাদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। আমরা তোমাদের (আকীদা-বিশ্বাস) অস্বীকার করি। আমাদের ও তোমাদের মধ্যে চিরকালের শত্রুতা ও বিদ্বেষ শুরু হয়ে গেছে, যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আনবে।" -সূরা মুমতাহিনা ৪

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ﴾ {سورة المائدة: ٥١}

"হে মুমিনগণ! ইয়াহুদী ও খ্রিস্টানদের বন্ধুরূপে গ্রহণ করো না। তারা নিজেরাই একে অন্যের বন্ধু! তোমাদের মধ্যে যে ব্যক্তি তাদেরকে বন্ধু বানাবে, সে তাদেরই মধ্যে গণ্য হবে। নিশ্চয় আল্লাহ জালিমদেরকে হিদায়াত দান করেন না।" -সূরা মায়িদা ৫১

আপনার কি জানা আছে?

আপনারা কি জানেন এঁরা কারা? ইলম, তাকওয়া, বীরত্ব, ইখলাস, কুরবানী, দ্বীনের জন্য হৃদয়ের ব্যথা, কুরআন-সুন্নাহের অনুসরণের প্রতি অনুরাগ, সলফের প্রতি শ্রদ্ধা নিবেদন, জগত সম্পর্কে অবগতি, উম্মতের জন্য দরদ, জাহান্নামের ভয়, জান্নাতের প্রতি আসক্তি, সর্বোপরি আল্লাহর ভয় এ সকল বিষয়ে এ মানুষগুলোকে একটি পাল্লায় রাখুন, আর অপর পাল্লায় রাখার জন্য এসব গুণের অধিকারী এমন কিছু মানুষ নিয়ে আসুন

যাদেরকে আপনি অপর পাল্লায় রাখবেন, এমন ওজনের কিছু মানুষ নিয়ে আসুন যাদেরকে নিয়ে পাল্লা নীচের দিকে চলে যাবে।

সাথে সাথে এ কথাও মনে রাখবেন, কুফর শাসিত এ পৃথিবীতে ইসলামের পক্ষে সবচাইতে ঝুঁকিপূর্ণ এ বিভাগটিতে আমরা শুধু তাদের নামই জানি ও শুনি যাদের নাম সচরাচর আলোচনায় আসে। নচেৎ আরো হাজারো নাম এমন আছে যাদের ওজন উল্লিখিত ব্যক্তিবর্গের চাইতে কোন অংশেই কম নয়। কিন্তু পরিবেশ পরিস্থিতির কারণে তাদের আলোচনা ও তাদের নাম সচরাচর শোনা যায় না এবং তাদেরকে আমরা চিনতে পারি না।

আসল কথা হচ্ছে, এ প্রোপাগাণ্ডার বীরদেরকে চিনতে হলে এ প্রোপাগাণ্ডার আঙ্গিনায় আসতে হবে। তখন প্রোপাগাণ্ডাকে আর প্রোপাগাণ্ডা মনে হবে না। অথবা প্রোপাগাণ্ডাকে আসল সুর বলে মনে হবে, ইনশা-আল্লাহ।

এ প্রোপাগাণ্ডার বিপরীত অবস্থার বিশ্লেষণ

কথিত এ প্রোপাগাণ্ডার বিপরীত অবস্থার বিশ্লেষণ একটু কঠিন। সুকঠিন। এর সঙ্গে জড়িয়ে আছে আমাদের 'হাইআতে কাযাইয়া' বা প্রচলিত প্রথা ও ধারার সকল আয়োজন। এ প্রোপাগাণ্ডার বিপরীত অবস্থা হচ্ছে, যে অবস্থার উপর আমরা চলছি। যে অবস্থার উপর পৃথিবী চলছে। সে অবস্থার সংক্ষিপ্ত শিরোনাম হচ্ছে, **'যেভাবে চলছে সেভাবে চলতে থাকা'**।

কথিত প্রোপাগাণ্ডার বিপরীতে অবস্থানকারী মহল অনেক শ্রেণীতে বিভক্ত। অনেক রুচি প্রকৃতিতে বিভক্ত। অনেক প্রকারের লক্ষ্য উদ্দেশ্য ও কর্ম পদ্ধতিতে বিভক্ত। তবে কথিত প্রোপাগাণ্ডা প্রচলিত সকল মহলে সকল স্তরের যে বিন্দুতে গিয়ে প্রথম আঘাত করে তা হচ্ছে 'যেভাবে চলছে সেভাবে চলতে থাকা'র বিন্দু।

প্রত্যেক মহল ও স্তর তখনই খুব বেশি বিচলিত হয়ে পড়ে যখন যেভাবে চলছে সেভাবে চলার পথে কোন প্রকার ব্যাঘাত ঘটে। প্রত্যেক মহল ও স্তর যখনই বুঝতে পারে তার পথ ও গতি বদলাতে হবে তখন সে পরিবর্তনের সকল হিম্মত হারিয়ে ফেলে।

বলাবাহুল্য, কথিত প্রোপাগাণ্ডার বিপরীত প্রথাগত যে অবস্থাগুলো বিরাজ করছে সে অবস্থাগুলোর অধিকাংশই এমন যা সুচিন্তিতভাবে দলিলের আলোকে প্রতিষ্ঠিত হয়নি। অধিকাংশই এমন যা কারো ব্যক্তিগত রুচির ভিত্তিতে তৈরি হয়েছে। অধিকাংশই এমন যা একেবারেই সাময়িক কোন প্রয়োজনের ভিত্তিতে করতে হয়েছে।

কিন্তু কিছুকাল পার হওয়ার পর শুধু সময় পার হওয়ার কারণে এবং তা একটু দীর্ঘ হওয়ার কারণে তা এত বেশি ভিত্তিবহুল বলে মনে হওয়া শুরু হয়েছে যে, তার বিপরীতে দলিল ভিত্তিক কোন প্রোপাগাণ্ডাও কিছু করতে পারে না। অর্থাৎ যেভাবে চলছে সেভাবে চলতে থাকার বিপরীত কোন কিছু মানার জন্য কেউ প্রস্তুত থাকে না। প্রথা ও প্রচলনের বিপরীত কোন কথাই কেউ শুনতে চায় না। কোনভাবেই না। যেমনটি আমরা সামনে আরো স্পষ্টভাবে দেখব, ইনশা-আল্লাহ।

জরুরী টীকা : ২০

ছড়াচ্ছে যে, পাকিস্তানে ইসলামী আইন বাস্তবায়নের জন্য অস্ত্র হাতে নেয়া ছাড়া কোন উপায় নেই.....

জরুরী টীকা-২০

ছড়াচ্ছে যে, পাকিস্তানে ইসলামী আইন বাস্তবায়নের জন্য অস্ত্র হাতে নেয়া ছাড়া কোন উপায় নেই.....

অস্ত্র হাতে নেয়ার শরয়ী পরিভাষা

শরয়ী পরিভাষায় মুসলমানদের অস্ত্র হাতে নেয়াকে বলা হয় 'জিহাদ'। অস্ত্র হাতে নেয়া মানে হচ্ছে, অস্ত্র ব্যবহার করা। অর্থাৎ আল্লাহর যমীনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জন্য সেসব লোকদের বিরুদ্ধে অস্ত্রধারণ করা যারা আল্লাহর যমীনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার পথে বাধা দেয়। ফিকহের কিতাবাদিতে জিহাদের সংজ্ঞা করা হয়েছে এভাবে-

﴿وَالْجِهَادُ اصْطِلَاحًا: قِتَالُ مُسْلِمٍ كَافِرًا غَيْرَ ذِي عَهْدٍ بَعْدَ دَعْوَتِهِ لِلْإِسْلَامِ وَإِبَائِهِ، إِعْلَاءً لِكَلِمَةِ اللهِ﴾

"পরিভাষায় জিহাদ হচ্ছে, যে কাফেরের সঙ্গে চুক্তি নেই তাকে ইসলামের দাওয়াত দেয়ার পর সে ইসলাম গ্রহণ করতে অস্বীকৃতি জানালে মুসলমানরা তার বিরুদ্ধে যুদ্ধ করা, আল্লাহর দ্বীনকে বিজয়ী করার জন্য।"

কুরআন বলছে, মুমিনরা আল্লাহর পথে আল্লাহর পক্ষে লড়াই করে, কাফেররা শায়তানের পথে আল্লাহর বিপক্ষে লড়াই করে। আর আল্লাহর পথ হচ্ছে আল্লাহর বিধান প্রতিষ্ঠার পথ, আর শয়তানের পথ হচ্ছে গায়রুল্লাহর বিধান প্রতিষ্ঠার পথ।

কয়েকটি খোলামেলা কথা

এখন প্রোপাগাণ্ডাকারীরা যে বলছে, পাকিস্তানে ইসলামী আইন বাস্তবায়নের জন্য অস্ত্র হাতে নেয়া ছাড়া কোন উপায় নেই, তারা কেন এসব কথা বলছে? এ বিষয়ে কিছু খোলামেলা কথা হয়ে যাওয়া দরকার।

ক. জিহাদের সংজ্ঞায় বলা হয়েছে, আল্লাহর দ্বীনকে ও আল্লাহর বিধানকে বিজয়ী করার জন্য কাফেরদের বিরুদ্ধে মুসলমানদের যুদ্ধকে বলা হয় জিহাদ।

খ. পাকিস্তানে আল্লাহর দ্বীন ও আল্লাহর বিধান বিজয়ী হয়নি। গায়রুল্লাহর দ্বীন, গায়রুল্লাহর বিধান ও গায়রুল্লাহর আইন বিজয়ী হয়েছে এবং বিজয়ী হয়ে আছে।

গ. যারা আল্লাহর দ্বীন, আল্লাহর বিধান ও আল্লাহর আইনকে পরাজিত করে গায়রুল্লাহর দ্বীন, গায়রুল্লাহর বিধান ও গায়রুল্লাহর আইনকে বিজয়ী করেছে তারা কাফের।

﴿الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ﴾ {نساء: ٧٦}

ঘ. যারা আল্লাহর দ্বীনের বিরুদ্ধে, আল্লাহর বিধানের বিরুদ্ধে ও আল্লাহর আইনের বিরুদ্ধে এবং গায়রুল্লাহর দ্বীনের পক্ষে, গায়রুল্লাহর বিধানের পক্ষে ও গায়রুল্লাহর আইনের পক্ষে লড়াই করে তারা কাফের। আর তারা জন্মগতভাবে মুসলমান হয়ে থাকলে এ পর্যায়ে এসে তারা কয়েক কারণে মুরতাদ। কারণগুলো যথাক্রমে: আল্লাহর আইন প্রতিষ্ঠিত না করে গায়রুল্লাহর আইন প্রতিষ্ঠিত করা, আল্লাহর আইনের প্রতিরোধ করা, আল্লাহর আইন প্রতিষ্ঠাকারীদের বিরুদ্ধে অস্ত্রধারণ করা, আল্লাহর আইনকে দেশ-সমাজ-পরিবার পরিচালনার ক্ষেত্রে অচল মনে করা, ধর্মকে রাষ্ট্র থেকে আলাদা করা ইত্যাদি কারণে তারা মুরতাদ।

﴿الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ﴾

ঙ. আল্লাহর দ্বীন, বিধান ও আইন পরিপূর্ণ প্রতিষ্ঠিত হওয়া পর্যন্ত এবং গায়রুল্লাহর দ্বীন, বিধান ও আইন সম্পূর্ণ বিলুপ্ত হওয়া পর্যন্ত গায়রুল্লাহর দ্বীন, বিধান ও আইনের পক্ষের লোকদের বিরুদ্ধে জিহাদ করা ফরয।

﴿وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ﴾ {سورة الأنفال : ٣٩}

কথিত প্রোপাগাণ্ডাকারীরা বলছে-

চ. পাকিস্তানে আল্লাহর দ্বীন, আল্লাহর বিধান ও আল্লাহর আইন প্রতিষ্ঠা করতে চাইলে রাষ্ট্রপক্ষ তা করতে দেবে না। জিহাদের মাধ্যমে আল্লাহর বিধান বাস্তবায়ন করতে গেলে পাকিস্তানের রাষ্ট্রপক্ষ গায়রুল্লাহর বিধান প্রতিষ্ঠিত করার পক্ষে মুসলমানদের জিহাদের বিরুদ্ধে অস্ত্রধারণ করবে।

﴿الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ﴾

ছ. আল্লাহর বিধান প্রতিষ্ঠার জন্য পাকিস্তান সরকারের বিরুদ্ধে জিহাদ শুরু হলে বিশ্বের সকল কুফরী শক্তি গায়রুল্লাহর বিধানের পক্ষে পাকিস্তান সরকারকে সহযোগিতা করবে।

﴿الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ﴾

উল্লিখিত কথাগুলোর মধ্যে কোন কোনটির সঙ্গে শায়খে মুহতারামের দ্বিমত আছে? কোন কোনটি কথা অবাস্তব বলে শায়খে মুহতারাম প্রত্যাখ্যান করবেন?

একটি সংশয়

একটি সংশয়ের কথা এখানে বলে রাখি যে সংশয় শায়খে মুহতারামের হয়ত হবে না, কিন্তু শায়খে মুহতারামের পক্ষ থেকে কারো মনে এ সংশয় জাগতে পারে যে, জিহাদের সংজ্ঞায় বলা হয়েছে, জিহাদ হবে কাফেরদের বিরুদ্ধে। আর পাকিস্তানের রাষ্ট্রপক্ষে যারা আছে তারা সবাই মুসলমান। তাহলে জিহাদ কার বিরুদ্ধে হবে? মুসলমানের বিরুদ্ধে মুসলমানের লড়াই তো জিহাদ নয়। এটাতো আত্মকলহ। ভ্রাতৃঘাতি যুদ্ধ।

প্রথম নিবেদন

এ বিষয়ে কথিত প্রোপাগাণ্ডাকারীদের পক্ষ থেকে প্রথম সাদামাটা নিবেদন হচ্ছে, একটি ভূখণ্ডে আল্লাহর বিধান পরাজিত অবস্থায় আছে, তাকে বিজয়ী করতে হবে। আল্লাহর বিধানকে বিজয়ী করার পথ হচ্ছে জিহাদ। কথিত প্রোপাগাণ্ডাকারীরা জিহাদ শুরু করেছে ঐ পক্ষের বিরুদ্ধে যারা আল্লাহর বিধানকে বিজয়ী করার পথে বাধা দিচ্ছে। তারা গুলি চালাচ্ছে ঐ শক্তির বুকে যারা মুজাহিদদের শক্তির বিরুদ্ধে শক্তি প্রদর্শন করতে এসেছে।

এখন একটু ইনসাফ করে বলুন, আল্লাহর বিধান প্রতিষ্ঠার পক্ষে লড়াইয়ে রত মুজাহিদের দায়িত্বে কি এ কথা আসে যে, তারা গুলি চালানোর সময় যাচাই করে দেখবে তার প্রতিপক্ষ চৌধুরী সাহেব না কি পাটওয়ারী সাহেব? রামকানাই বাবু না কি হরিশ চন্দ্র ঘোষ? ডেভিড মেকার না কি হেইডেন বেকার? তার কাছে তো আল্লাহর দেয়া মূলনীতি সর্বক্ষণ জাগ্রত অবস্থায় আছে-

﴿الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ﴾

দ্বিতীয় নিবেদন

এ বিষয়ে দ্বিতীয় নিবেদন হচ্ছে, যারা একটি ভূখণ্ডের নির্বাহী ক্ষমতার অধিকারী হয়ে এবং সর্বোচ্চ শক্তির অধিকারী হয়ে, কোটি কোটি মুসলমানের পরিচালনার দায়িত্ব পেয়ে তাদেরকে পরিচালনার জন্য আল্লাহর দ্বীনকে গ্রহণ না করে গায়রুল্লাহর দ্বীনকে গ্রহণ করেছে তারা তাদের এ গ্রহণ বর্জন অনুষ্ঠানেই মুরতাদ হয়ে গেছে, যদি তারা এর আগে মুসলমান থেকে থাকে।

এরপর কোটি কোটি মুসলমানের পক্ষ থেকে যখন আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জন্য জোর চাপ, দাবি, আবেদন, নিবেদন চলছিল, আর নির্বাহী ক্ষমতার অধিকারী তা গ্রহণ না করে গায়রুল্লাহর দ্বীন দিয়ে দেশ পরিচালনা করে যাচ্ছিল, তখন প্রতিদিন ও প্রতিবারই তাদের কুফরীর পুনরাবৃত্তি ঘটছিল, ইরতিদাদের পুনরাবৃত্তি ঘটছিল।

এরপর যখন আল্লাহর বিধান প্রতিষ্ঠার জন্য আন্দোলন চলছিল আর রাষ্ট্রপক্ষ সে আন্দোলনকে দমন করছিল, তখন প্রতিদিন প্রতিবার দমনের

সাথে সাথে তাদের কুফরীর পুনরাবৃত্তি ঘটছিল। তাদের ইরতিদাদের পুনরাবৃত্তি ঘটছিল।

এরপর যখন আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জন্য আল্লাহর পথের মুজাহিদরা অস্ত্র পরিচালনা শুরু করবে তখন যারা যারা এর বিরুদ্ধে অবস্থান করবে এবং যে কোনভাবে যে কোন স্তরে জিহাদের বিরুদ্ধে তাগুতের পক্ষে লড়াইয়ে অংশগ্রহণ করবে তারা তখন মুরতাদ হতে থাকবে, যদি এর আগে তারা মুসলমান থেকে থাকে।

অতএব সংশয়ের কোন কারণ নেই

তাই পাঠক নিশ্চিন্তে থাকতে পারেন যে, আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জিহাদে মুজাহিদদের প্রতিটি বুলেট ইনশা-আল্লাহ কাফের, মুরতাদ, মুলহিদ ও যিন্দীকদের বুককেই ভেদ করে যাবে। এ জিহাদ মুসলমানের বিরুদ্ধে মুসলমানের জিহাদ হবে না। এ জিহাদ আত্মকলহের জিহাদ হবে না। এ জিহাদ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ ধর্মের বিরুদ্ধে ইসলাম ও মুসলমানদের জিহাদ। শত শত খোদা ও শত শত খোদার পূজারীদের বিরুদ্ধে এক আল্লাহর বান্দাদের জিহাদ।

কুফর শিরকের মূলোৎপাটনের জন্য আল্লাহ দিয়েছেন জিহাদ। তাই প্রোপাগাণ্ডাকারীরা বলেছে, জিহাদ ছাড়া আর কোন উপায় নেই। প্রোপাগাণ্ডাকারীদের এ দাবিকে সত্য বলে মানতে আমাদের সমস্যা কোথায়? সত্যকে সত্য বলে মানতে তো কোন সমস্যা থাকার কথা নয়।

বাকি উপায়গুলোর তালিকা

যাই হোক, এরপরও বলা হচ্ছে, কুফর শিরককে নিশ্চিহ্ন করার জন্য বহু উপায় আছে। আল্লাহর নির্দেশিত উপায় ও পন্থাকে উপেক্ষা করে বহুজন বহু উপায় আবিষ্কার করেছে। প্রত্যেক উদ্ভাবক নিজের উদ্ভাবিত পদ্ধতিটিকে কুফর শিরক মূলোৎপাটনের পথ ও পন্থা হিসাবে দাবি করেছে। সঙ্গে সঙ্গে আল্লাহর বাতলানো পদ্ধতিটিকে বাম হাতে ধাক্কা দিয়ে ফেলে দিতে চেষ্টা করেছে। তাই এ পর্যায়ে সে উপায়গুলোর একটি তালিকাও আমাদের সামনে থাকা চাই। আল্লাহর নির্দেশিত পন্থার বাইরের পন্থাগুলো মোটামুটি এই-

ক. বর্তমান পৃথিবী যেহেতু গণতন্ত্রের নিয়ন্ত্রণে রয়েছে তাই আমাদের দ্বীন ও ইসলাম সম্পর্কীয় যেকোন দাবি বা সমস্যা গণতান্ত্রিক প্রক্রিয়ায় সমাধানের চেষ্টা করা সবচাইতে বেশি নিরাপদ ও ফলপ্রসূ হবে।

খ. গণতন্ত্রের আদালতে আত্মপক্ষ সমর্থনের উন্মুক্ত সুযোগ রাখা হয়েছে। আদালতের সম্পূর্ণ স্বাধীনতা রয়েছে। তাই আমরা ইসলাম ও মুসলমানের জন্য যা করতে চাই তা আদালতের সামনে উত্থাপন করতে পারি।

গ. গণতান্ত্রিক প্রত্যেকটি দেশে সবার জন্য বাকস্বাধীনতা রয়েছে। অতীতে ইসলামী খেলাফত চলাকালে ইসলামী দেশগুলোতেও এ স্বাধীনতা ছিল না। অতএব গণতন্ত্রের বাকস্বাধীনতার এ সুযোগ নিয়ে আমরা ইসলাম ও মুসলমানের যেকোন চাহিদাকে সামনে নিয়ে আসতে পারি এবং তা আদায় করে নিতে পারি।

ঘ. ধর্মনিরপেক্ষ মতবাদের সুবাদে সব ধর্মের সব কথাই এখন বলা যায়। আমরা আমাদের ইসলাম ও মুসলমানদের স্বার্থে যে কোন কথা বলতে পারি, যে কোন কাজ করতে পারি। সংবিধানের সে ধারাগুলো অনুসরণ করে আমরা এ পরিবেশে থেকেও অনেক কিছু করতে পারি। শুধু ধারাগুলোর যথাযথ জ্ঞান, উপলব্ধি ও কাজে লাগানোর পদ্ধতিগুলো শেখা দরকার।

ঙ. দাওয়াতের পথ এখন একেবারেই উন্মুক্ত। দাওয়াতের মাধ্যমে যেভাবে একটি পাথরকে গলিয়ে ফেলা যায় অস্ত্রের মাধ্যমে সেভাবে গলানো যায় না। অস্ত্রের মাধ্যমে সাময়িক ও বাহ্যিক বিজয় অর্জিত হয়, কিন্তু মানুষের মনকে জয় করা যায় না। তাই দাওয়াতের সর্বোচ্চ মাত্রা এখন ব্যবহার করা চাই।

চ. বর্তমানে আধ্যাত্মিকতার প্রতি মানুষের অনেক ঝোঁক। এ বিভাগটা আমাদের দখলে নিয়ে আসা দরকার। যাদের দখলে রয়েছে তারা এর উপযুক্ত নয়। আমাদের দখলে আসলে এর ব্যাপক প্রভাব পড়বে। তাই প্রচলিত ধারায় পীর মুরিদের আরো ব্যাপক প্রসার ঘটানো দরকার।

ছ. মানুষদের মন জয় করার একটি বড় মাধ্যম হচ্ছে সেবা। অমুসলিমরা এই সেবার মাধ্যমে পুরো পৃথিবী দখল করে চলেছে। আমরা কঠোর পথগুলো পরিহার করে সেবার পথে এগুতে পারি। এতে করে মানুষ এমনি ইসলামের প্রতি ধাবিত হতে থাকবে।

জ. পৃথিবীর প্রধান কুফরী শক্তিগুলোর সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে, তাদেরকে না ক্ষেপিয়ে সুযোগে সুযোগে আমরা আমাদের স্বার্থগুলো আদায় করে নিতে পারি। তাদের সঙ্গে সুসম্পর্ক রেখে ইসলাম ও মুসলমানদের স্বার্থ যে পরিমাণ আদায় করা সম্ভব অন্য কোনভাবে তা সম্ভব নয়।

ঝ. পৃথিবীর চলমান বাস্তবতাকে স্বীকার করতে হবে। ক্ষমতা এখন কুফরের হাতে। তাদের শক্তির তুলনায় আমাদের কাছে কিছুই নেই। আমরা খালি হাতে কী করতে পারব? তাই আত্মঘাতি কোন পথেই এগুনো যাবে না। আত্মঘাতি কোন সিদ্ধান্তই নেয়া যাবে না। ইসলাম ও মুসলমানদের স্বার্থেই আমাদেরকে অস্ত্রের পথ ছেড়ে সম্প্রীতির পথে আসতে হবে।

ঞ. পৃথিবীর যাদেরকে আমরা কাফের বা বাতেল শক্তি বলছি তাদের এভাবে কাফের বা বাতেল বলে বলে নিজেদেরকে দূরে সরিয়ে রাখলে আমাদের ক্ষতিই হবে। বাতিলের সঙ্গে একাত্মতার উপকারিতার উদাহরণ দিতে গিয়ে অনেকে এভাবেও বলেছেন যে, জামাতের বাইরে থেকে লোকমা দিলে যেমন কোন ফায়দা নেই তেমনি বাতেলের সঙ্গ ত্যাগ করে বাহির থেকে শুধু ভুল ধরলে কোন কাজে আসবে না। তাদের সোহবতে আসতে হবে, তাদের সোহবত নিতে হবে। তাহলে কিছুটা হলেও আশা করা যাবে। সঙ্গ ত্যাগ করে ভালো কিছুর আশা করার কোন মানে হয় না।

ট. গণতন্ত্র, ধর্মনিরপেক্ষ ধর্ম ও মানবরচিত বিধানের মালিক পক্ষকে ইসলামের পক্ষে কাজ করার জন্য উদ্বুদ্ধ করা যেতে পারে। তাদেরকে যদি আল্লাহর বিধানের উপকারিতা বোঝানো যায় তাহলে তাদের মাধ্যমে আল্লাহর বিধান প্রতিষ্ঠা করা যত সহজ হবে, আমাদের জন্য তত সহজ হবে না।

এভাবে অসংখ্য পথ ও পন্থা আমাদের সামনে হাতছানি দিয়ে চলেছে। সব পথ ও পন্থা একটি বিন্দুতে অভিন্ন একটি ধারা গ্রহণ করে চলেছে। আর তা হচ্ছে, যেভাবে চলছে সেভাবে চলতে দেয়া এবং ঝুঁকিপূর্ণ কোন পথে পা না বাড়ানো। সঙ্গে সঙ্গে সেসব পথের পথিকগণ তাদের অভিজ্ঞতা, উপকারিতার বিশাল তালিকাও আমাদের হাতে ধরিয়ে দিচ্ছেন যার সামনে আল্লাহর বিধান, জিহাদের বিধান ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকা ছাড়া আর কোন উপায় নেই।

উপায়গুলোর স্বরূপ

আগের শিরোনামে উল্লিখিত পথ ও পন্থাগুলোর স্বরূপ কুরআন হাদীসসহ শরীয়তের কিতাবাদিতে খুব স্পষ্টভাবে এসেছে। আমরা আগের শিরোনামের ক্রমানুসারে শরীয়তের বিধানের আলোকে তার স্বরূপ তুলে ধরছি। বিবেচনা করা পাঠকের দায়িত্ব। স্বরূপ হচ্ছে এই-

ক. ঈমানকে বিক্রয় করতে হবে

(...গণতান্ত্রিক প্রক্রিয়ায় সমাধানের চেষ্টা করা...)

গণতন্ত্রের আবিষ্কারক, প্রচারক, নিয়ন্ত্রক ও ধারক বাহক সবাই কাফের। তাই নিরাপত্তার বিষয়ে সন্দেহ নেই, তবে ফলপ্রসূ হওয়ার ক্ষেত্রে তাই হবে যা গণতন্ত্র চাইবে। ফলাফল ইসলামের দিকে না গিয়ে গণতন্ত্রের দিকেই যাবে।

﴿وَلَنْ تَرْضَى عَنْكَ الْيَهُودُ وَلَا النَّصَارَى حَتَّى تَتَّبِعَ مِلَّتَهُمْ قُلْ إِنَّ هُدَى اللَّهِ هُوَ الْهُدَى وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُمْ بَعْدَ الَّذِي جَاءَكَ مِنَ الْعِلْمِ مَا لَكَ مِنَ اللَّهِ مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ﴾ {سورة البقرة: ١٢٠}

“ইহুদী ও খ্রীস্টানরা কখনই আপনার প্রতি সন্তুষ্ট হবে না, যে পর্যন্ত না আপনি তাদের ধর্মের অনুসরণ করেন। আপনি বলে দিন, যে পথ আল্লাহ প্রদর্শন করেন, তাই হল সরল পথ। যদি আপনি তাদের আকাঙ্ক্ষাসমূহের অনুসরণ করেন, ঐ জ্ঞান লাভের পর, যা আপনার কাছে পৌঁছেছে, তবে কেউ আল্লাহর কবল থেকে আপনার উদ্ধারকারী ও সাহায্যকারী নেই।” -সূরা বাকারা ১২০

ফায়দা: প্রথম উপায়ের ব্যাপারে কুরআনের বক্তব্য হচ্ছে ১. অমুসলিমের ধর্মের অনুসরণ ব্যতীত তারা মুসলমানদের কোন অবস্থার উপর সন্তুষ্ট হবে না। তারা আমাদের দাবির উপর ততটুকু সম্মত হবে যতটুকু পরিমাণ আমরা তাদের ধর্মকে গ্রহণ করব। ২. আল্লাহর দেয়া হেদায়াতের বাইরে অন্য হেদায়াতের শরণাপন্ন হওয়ার কোন কারণ নেই। ৩. সমস্যার সমাধানের জন্য আল্লাহর পক্ষ থেকে যে ইলম এসেছে তাকে একমাত্র অনুসরণীয় মনে না করে গণতন্ত্র ও মানবরচিত মনষ্কামনার অনুসরণ করলে আল্লাহর সঙ্গে আর কোন সম্পর্ক থাকবে না।

খ. তাগূতকে বিচারক বানাতে হবে

(...আদালতের সামনে উত্থাপন...)

আত্মপক্ষ সমর্থনের সুযোগ, বাকস্বাধীনতা এবং এর মাধ্যমে অধিকার আদায় এসবই হচ্ছে অনেক পরের বিষয়। এসবের আগের কথা হচ্ছে, সে আদালতে যাওয়ার বিধান কী? এ বিষয়ে কুরআনের বক্তব্য কী? আদালত হিসাবে কুফরের আদালতকে নির্বাচন করার বিধান কী? বিচারক হিসাবে অমুসলিমকে এবং মানবরচিত আইনকে মান্য করার বিধান কী? সে বিষয়টিই আগে দেখতে হবে। কারণ আমরা মুসলমান। আমরা যা করছি তা ইসলামের অনুসরণের জন্যই করছি।

﴿أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا. وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَى مَا أَنْزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنْكَ صُدُودًا﴾ {سورة النساء: ٦٠-٦١}

"আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবী করে যে, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে আমরা সে বিষয়ের উপর ঈমান এনেছি এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে। তারা বিরোধীয় বিষয়কে শয়তানের দিকে নিয়ে যেতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, যাতে তারা ওকে মান্য না করে। অথচ শয়তান তাদেরকে প্রতারিত করে পথভ্রষ্ট করে ফেলতে চায়। আর যখন তাদেরকে বলা হয়, আল্লাহর নির্দেশের দিকে এসো যা তিনি রাসূলের প্রতি নাযিল করেছেন, তখন আপনি মুনাফিকদেরক দেখবেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণভাবে সরে যাচ্ছে।" -সূরা নিসা ৬০-৬১

ফায়দা: এ আয়াতের মাধ্যমে আমাদের সামনে কয়েকটি বিষয় স্পষ্ট হয়েছে। ১. গায়রুল্লাহর বিধানে পরিচালিত আদালত হচ্ছে তাগুতের আদালত। ২. গায়রুল্লাহর আদালতকে প্রত্যাখ্যান করার নির্দেশ রয়েছে। ৩. গায়রুল্লাহর আদালতের শরণাপন্ন হওয়া হচ্ছে চূড়ান্ত

ভ্রষ্টতা অর্থাৎ কুফর। ৪. এ কুফরে লিপ্ত ব্যক্তিরা এ কুফরী করার সময় নিজেদেরকে ঈমানদার মনে করে। ৫. এ কুফরে লিপ্ত ব্যক্তিদেরকে আল্লাহর বিধানকে বিচারক মানতে বলা হলে তারা কৌশলে সটকে পড়তে চায়। এ বিধানকে তারা বিচারক হিসাবে মানতে রাজি হয় না। ৬. এগুলোর প্রত্যেকটি কোন না কোন কাফের বা মুনাফিকের গুণ।

গ. নিষ্ফল আমলের প্রতিযোগিতা করতে হবে

(...গণতন্ত্রের বাকস্বাধীনতার সুযোগ নেয়া...)

উম্মত ঈমান কুফরের ব্যবধান কোন আমল দিয়ে দূর করতে চায়? ঈমানের শূন্যতা কেমন দামি আমল দিয়ে পূরণ করতে চায়? কুফরকে ঈমানের সঙ্গে তুলনা করার মত অধঃপতন ঘটে গেছে। শুধু এখানেই থামেনি। কুফরকে ঈমানের উপর প্রাধান্য দেয়ার মত আস্পর্ধাও হয়ে গেছে। এরপর তাদের ঈমানের কোন সমস্যা হচ্ছে না। এমন ঢালাই করা ঈমান তো কুরআনে হাদীসে চোখে পড়ে না। কুরআনে তো বলা হয়েছে ঈমান বিহীন কোন আমলের কোন মূল্য নেই। আর ঈমানের সঙ্গে কোন আমলের কোন তুলনা চলে না।

﴿وَالَّذِينَ كَفَرُوا أَعْمَالُهُمْ كَسَرَابٍ بِقِيعَةٍ يَحْسَبُهُ الظَّمْآنُ مَاءً حَتَّىٰ إِذَا جَاءَهُ لَمْ يَجِدْهُ شَيْئًا وَوَجَدَ اللَّهَ عِندَهُ فَوَفَّاهُ حِسَابَهُ وَاللَّهُ سَرِيعُ الْحِسَابِ. أَوْ كَظُلُمَاتٍ فِي بَحْرٍ لُّجِّيٍّ يَغْشَاهُ مَوْجٌ مِّن فَوْقِهِ مَوْجٌ مِّن فَوْقِهِ سَحَابٌ ظُلُمَاتٌ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ إِذَا أَخْرَجَ يَدَهُ لَمْ يَكَدْ يَرَاهَا وَمَن لَّمْ يَجْعَلِ اللَّهُ لَهُ نُورًا فَمَا لَهُ مِن نُّورٍ﴾ {سورة النور ٣٩-٤٠}

"এবং (অন্যদিকে) যারা কুফুরি অবলম্বন করেছে, তাদের কার্যাবলী যেন মরুভূমির মরীচিকা, যাকে পিপাসার্ত লোক মনে করে পানি। অবশেষে যখন তার কাছে পৌঁছে, তখন বুঝতে পারে তা কিছুই নয়। সেখানে সে পায় আল্লাহকে। আল্লাহ তার হিসাব পরিপূর্ণরূপে চুকিয়ে দেন। আল্লাহ অতি দ্রুত হিসাব গ্রহীতা। অথবা (তাদের কার্যাবলী) যেন গভীর সমুদ্রে বিস্তৃত অন্ধকার। যাকে আচ্ছন্ন করে তরঙ্গ, তার উপর আরেক তরঙ্গ, তার উপর মেঘরাশি। স্তরের উপর স্তর বিন্যস্ত আঁধারপুঞ্জ। কেউ যখন

নিজ হাত বের করে, তাও দেখতে পায় না। বস্তুত আল্লাহ যাকে আলো না দেন, তার নসীবে কোন আলো নেই।" -সূরা নূর ৩৯-৪০

﴿أَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَاجِّ وَعِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَجَاهَدَ فِي سَبِيلِ اللَّهِ لَا يَسْتَوُونَ عِنْدَ اللَّهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ﴾ {سورة التوبة: ١٩}

"তোমরা কি হাজীদের পানি সরবরাহ ও মসজিদুল হারাম আবাদকরণকে সেই লোকের সমান মনে কর, যে ঈমান রাখে আল্লাহ ও শেষ দিনের প্রতি এবং জিহাদ করেছে আল্লাহর রাস্তায়, এরা আল্লাহর দৃষ্টিতে সমান নয়, আর আল্লাহ জালেম লোকদের হেদায়াত করেন না।" -সূরা তাওবা ১৯

ফায়েদা: কুরআনের আয়াতদু'টিতে কয়েকটি বিষয় খুব স্পষ্ট। ১. ঈমান বিহীন আমলের কোন ধর্তব্য নেই। ২. কাফেরের ভালো কাজগুলোর উদাহরণ হচ্ছে মরীচিকার মত, পিপাসায় কাতর ব্যক্তি যাকে পানি মনে করে ধোঁকা খায়। ৩. কাফেরের আমল হচ্ছে তিন স্তর বিশিষ্ট সাগরের গভীরের অন্ধকারের মত। ৪. খাদেমুল হারামাইন হওয়া আর মুমিন হওয়া এক কথা নয়। ৫. মুজাহিদ হওয়া আর খাদেমুল হারামাইন হওয়া এক কথা নয়। ৬. খাদেমুল হারামাইন হলেই মুমিন হওয়া যায় না। ৭. মুমিন পরিচয় দিতে হলে ঈমান লাগবে, আল্লাহর পথে জিহাদ করতে হবে।

ঘ. ইসলাম আর একমাত্র ধর্ম থাকবে না

(...সংবিধানের ধর্মনিরপেক্ষ ধারাগুলো কাজে লাগানো...)

সব ধর্মের উন্নতি ও স্বাধীনতার মাঝে মুসলমানরা খুশি হওয়ার মত কী রহস্য লুকিয়ে থাকতে পারে? সব ধর্মের স্বাধীনতা দেয়ার পর মুসলমানরাও ইসলামের দাওয়াত দেয়ার বিষয়ে স্বাধীনতা পাবে। এই খুশি? কিন্তু এ খুশি কতক্ষণের? ইসলামের দাওয়াতের প্রথম বাক্যে থাকবে হিন্দু মুশরিকদের অসারতার বয়ান। দ্বিতীয় বাক্যে থাকবে ইহুদী খ্রিস্টানদের অপদার্থতার বয়ান। তৃতীয় বাক্যে থাকবে ইসলামের

অনুসারীরা ব্যতীত বাকী সবাই জাহান্নামী হওয়ার ঘোষণা। গণতান্ত্রিকরা জাহান্নামী, ধর্মনিরপেক্ষবাদীরা জাহান্নামী, ইসলাম ব্যতীত সব ধর্মের অনুসারীরা জাহান্নামী, ধর্মের দাওয়াত দেয়ার জন্য যারা সুযোগ করে দিয়েছে তারা জাহান্নামী।

এমন কোন মোহনা নেই যেখানে ঈমান আর কুফরের মিলন হতে পারে। এমন কোন অঙ্গন নেই যেখানে ঈমান ও কুফরের অনুশীলন হতে পারে। এমন কোন মঞ্চ নেই যেখানে ঈমান কুফরের সম্প্রীতির প্রদর্শনী হতে পারে।

ইসলাম ও মুসলমান যখন তার দাওয়াতে এ কথাগুলো বলতে থাকবে তখন তাদের জন্য বরাদ্দকৃত স্বাধীনতার পরিধি ধীরে ধীরে কমতে থাকবে। এক সময় কণ্ঠনালীসহ বন্ধ করে দেয়া হবে। আর যে দাওয়াতে এ কথাগুলো বলা হবে না সে দাওয়াত কোন দাওয়াতই নয়। সেগুলো হচ্ছে কিছু সোনালী রূপালী কথা। ধর্মবিলাসীদের কিছু বিলাসী উক্তি। কুরআনের আয়াত কী বলে দেখুন-

﴿إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ وَمَا اخْتَلَفَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْعِلْمُ بَغْيًا بَيْنَهُمْ وَمَنْ يَكْفُرْ بِآيَاتِ اللَّهِ فَإِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ﴾ {سورة آل عمران: ١٩}

"নিশ্চয়ই আল্লাহর নিকট (গ্রহণযোগ্য) দ্বীন কেবল ইসলামই। যাদেরকে কিতাব দেওয়া হয়েছিল তারা তাদের কাছে জ্ঞান আসার পর কেবল পারস্পরিক বিদ্বেষবশত ভিন্ন পথ অবলম্বন করেছে। যে কেউই আল্লাহর আয়াতসমূহ প্রত্যাখ্যান করবে (তার স্মরণ রাখা উচিত যে,) আল্লাহ অতি দ্রুত হিসাব গ্রহণকারী।" -সূরা আল ইমরান ১৯

﴿وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ﴾ {سورة آل عمران: ٨٥}

"যে ব্যক্তিই ইসলাম ছাড়া অন্য কোনও দীন অবলম্বন করতে চাইবে, তার থেকে সে দীন কবুল করা হবে না এবং আখিরাতে সে মহা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।" -সূরা আল ইমরান ৮৫

﴿قُلْ يَاأَيُّهَا الْكَافِرُونَ. لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ. وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ. وَلَا أَنَا عَابِدٌ مَا عَبَدْتُمْ. وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ. لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ﴾

{سورة الكافرون ١-٦}

"বলুন, হে কাফেরেরা, আমি এবাদত করি না, তোমরা যার এবাদত কর তার। এবং তোমরাও এবাদতকারী নও, যার এবাদত আমি করি। এবং আমি এবাদতকারী নই, যার এবাদত তোমরা কর। তোমরা এবাদতকারী নও, যার এবাদত আমি করি। তোমাদের কর্ম ও কর্মফল তোমাদের জন্য এবং আমার কর্ম ও কর্মফল আমার জন্য।" -সূরা কাফিরূন ১-৬

ফায়েদা: আয়াতগুলোতে যে কথাগুলোর কোন ব্যাখ্যার প্রয়োজন নেই তা যথাক্রমে এই। ১. আল্লাহর দরবারে ইসলাম ব্যতীত অন্য কোন ধর্ম ধর্ম নয়। ২. যারাই ইসলামকে ধর্ম হিসাবে গ্রহণ করেনি তারাই আল্লাহর সঙ্গে বিদ্রোহকারী। ৩. তারাই আল্লাহর আয়াতকে অস্বীকারকারী কাফের। ৪. ইসলাম ব্যতীত যে যাই গ্রহণ করবে তার কোন গ্রহণযোগ্যতা নেই। ৫. ইসলাম ব্যতীত যে যাই গ্রহণ করবে সেই পরকালে স্থায়ীভাবে ক্ষতিগ্রস্ত হবে। ৬. ঈমান কুফরের যৌথ কোন মহড়া নেই, কোন মিলন মোহনা নেই, কোন সম্প্রীতির সুযোগ নেই।

দাওয়াত হতে হবে ইবরাহীম আলাইহিস সালামের ভাষায়-

﴿وَاذْكُرْ فِي الْكِتَابِ إِبْرَاهِيمَ إِنَّهُ كَانَ صِدِّيقًا نَبِيًّا. إِذْ قَالَ لِأَبِيهِ يَاأَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِي عَنْكَ شَيْئًا. يَاأَبَتِ إِنِّي قَدْ جَاءَنِي مِنَ الْعِلْمِ مَا لَمْ يَأْتِكَ فَاتَّبِعْنِي أَهْدِكَ صِرَاطًا سَوِيًّا. يَاأَبَتِ لَا تَعْبُدِ الشَّيْطَانَ إِنَّ الشَّيْطَانَ كَانَ لِلرَّحْمَنِ عَصِيًّا. يَاأَبَتِ إِنِّي أَخَافُ أَنْ يَمَسَّكَ عَذَابٌ مِنَ الرَّحْمَنِ فَتَكُونَ لِلشَّيْطَانِ وَلِيًّا﴾ {سورة مريم: ٤١-٤٥}

"আর কিতাবে স্মরণ করুন ইবরাহীমকে, নিশ্চয় তিনি ছিলেন সত্যবাদী নবী। যখন তিনি তাঁর বাবাকে বলেছিলেন, হে আমার বাবা!

আপনি কেন এমন কিছুর উপাসনা করেন যা শোনে না এবং দেখতে পায় না এবং কোন বিপদ থেকে আপনাকে বাঁচাতে পারে না। হে আমার বাবা! আমার কাছে এমন ইলম এসেছে যা আপনার কাছে আসেনি, অতএব আপনি আমার অনুসরণ করুন, আমি আপনাকে সঠিক পথ দেখাব। হে আমার বাাবা! আপনি শয়তানের ইবাদত করবেন না, নিশ্চয় শয়তান রহমানের অবাধ্য। হে আমার বাবা! আমি আশংকা করছি যে, রহমানের পক্ষ থেকে আপনাকে কোন শাস্তি ঘিরে ধরবে, তখন আপনি শয়তানের বন্ধুতে রূপান্তরিত হবেন। -সূরা মারয়াম ৪১-৪৫

ঙ. বিজয়ের পথ অস্বীকার করতে হবে

(...দাওয়াতের বর্তমান প্রচলিত সর্বোচ্চ মাত্রা ব্যবহার করা...)

দাওয়াত ও জিহাদকে আলাদা করেই আমরা আমাদের যত বিপদ টেনে এনেছি। যে কাজের শুরু দাওয়াত দিয়ে তারই সমাপ্তি জিহাদ দিয়ে। কিন্তু দু'টিকে আলাদা করে আমরা অনেকগুলো অযথা প্রশ্ন ও তার উত্তরের পেছনে মেধা ব্যয় করে চলেছি।

সবচাইতে বড় সমস্যা করেছি দাওয়াত ও জিহাদকে মুখোমুখী দাঁড় করিয়ে দিয়ে। এরপর দ্বিতীয় কাজটা আমাদের দায়িত্বে নিয়েছি। আর তা হল জিহাদের চাইতে দাওয়াতের ফায়দা কত বেশি তা বলতে থাকা এবং আয়াত, হাদীস ও সীরাতের বিপরীত কথা বলতে থাকা। কুরআন থেকে জিহাদের ফায়দা সরাসরি দেখে নিলে বিষয়টি বুঝতে সহজ হবে ইনশাআল্লাহ-

﴿إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ. وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا. فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ إِنَّهُ كَانَ تَوَّابًا﴾ {سورة النصر: ١-٣}

"যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয় এবং আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবেন, তখন আপনি আপনার পালনকর্তার পবিত্রতা বর্ণনা করুন এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করুন। নিশ্চয় তিনি ক্ষমাকারী।" -সূরা নাসর ১-৩

ফায়েদা: এ সূরায় আমাদের আলোচ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট কয়েকটি কথা এই: ১. বড় ছোট সব আমলের সমাপ্তি হবে তাওবা ইস্তেগফার দিয়ে। এর কোন বিকল্প নেই। ২. বিজয় নির্ভর করছে আল্লাহর সাহায্যের উপর। ৩. আল্লাহর সাহায্য ও বিজয় এর সম্মিলিত ব্যবহার হচ্ছে জিহাদের ময়দানে কাফেরদের বিরুদ্ধে আল্লাহর সাহায্য ও বিজয়ের ক্ষেত্রে। ৪. তাফসীরবিদগণ এ বিজয় দ্বারা বিশেষভাবে মক্কা বিজয় বলে দাবি করেছেন। ৫. জিহাদে মুসলমানদের বিজয়ের পরে মানুষ ইসলাম গ্রহণ করে দলে দলে। এছাড়া সাধারণত একজন দু'জন করে ইসলাম গ্রহণ করে থাকে।

চ. গায়রুল্লাহর পরিভাষা গ্রহণ করতে হবে

(...প্রচলিত ধারায় পীর মুরিদের আরো ব্যাপক প্রসার ঘটানো...)

সাময়িক প্রয়োজন ও চাহিদার ভিত্তিতে ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে দ্বীনী কাজের জন্য যেসব উপায় উপকরণের আবিষ্কার হয়েছে, সেগুলোকে তার সাময়িক অবস্থার সঙ্গে সীমাবদ্ধ রাখাই বেশি নিরাপদ। আপন গণ্ডি অতিক্রম করে আবিষ্কারগুলো যখন শারীয়তের বিভিন্ন ফরয ওয়াজিব বিধান ও শরয়ী পরিভাষার সঙ্গে টক্কর দিয়ে বসে তখন সেসব উপায় উপকরণ যা এক সময় দ্বীনের স্বপক্ষে কাজ করেছে তা দ্বীনের বিপক্ষে কাজ করতে থাকে। দ্বীনের বিরুদ্ধে বিদ্রোহ করতে থাকে। মূর্তি পূজার ইতিহাস দেখুন এবং কুরআনের এ আয়াতটি অনুধাবন করার চেষ্টা করুন।

﴿مَا تَعْبُدُونَ مِنْ دُونِهِ إِلَّا أَسْمَاءً سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ﴾ {سورة يوسف: ٤٠}

"তাকে ছেড়ে তোমরা যাদের ইবাদত কর, তা তো কতিপয় নাম ছাড়া আর কিছুই নয়, যে নাম তোমরা ও তোমাদের বাপদাদারা রেখে দিয়েছ, আথচ আল্লাহ তাআলা এ ব্যাপারে কোন দলিল প্রমাণ নাযিল করেননি। আইন বিধান দেয়ার অধিকার একমাত্র আল্লাহ তাআলারই।

তিনি এ মর্মে আদেশ করেছেন যে, তোমরা আল্লাহ তাআলা ছাড়া অন্য কারো ইবাদত করো না। এটাই হচ্ছে সঠিক সুপ্রতিষ্ঠিত দ্বীন, কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না।" -সূরা ইউসুফ ৪০

﴿أَفَرَأَيْتُمُ اللَّاتَ وَالْعُزَّى. وَمَنَاةَ الثَّالِثَةَ الْأُخْرَى. أَلَكُمُ الذَّكَرُ وَلَهُ الْأُنْثَى. تِلْكَ إِذًا قِسْمَةٌ ضِيزَى. إِنْ هِيَ إِلَّا أَسْمَاءٌ سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ بِهَا مِنْ سُلْطَانٍ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَمَا تَهْوَى الْأَنْفُسُ وَلَقَدْ جَاءَهُمْ مِنْ رَبِّهِمُ الْهُدَى﴾ {سورة النجم: ١٩-٢٣}

তোমরা কি লাত ও উয্যা (এর স্বরূপ) সম্বন্ধে চিন্তা করেছ? তৃতীয় আরেকটি সম্বন্ধে যার নাম মানাত? তবে কি তোমাদের থাকবে পুত্র সন্তান আর আল্লাহর জন্য কন্যা সন্তান? তাহলে তো এটা বড় অন্যায় বণ্টন!। (এদের স্বরূপ আর কিছু নয় যে,) এগুলো কতক নাম মাত্র, যা তোমরা এবং তোমাদের বাপ-দাদাগণ রেখেছ। আল্লাহ এর স্বপক্ষে কোন দলিল নাযিল করেননি। প্রকৃতপক্ষে তারা (অর্থাৎ কাফেররা) কেবল ধারণা ও মনের খেয়াল-খুশীর অনুসরণ করে। অথচ তাদের প্রতিপালকের পক্ষ থেকে তাদের কাছে এসে গেছে পথ-নির্দেশ।" -সূরা নাজ্‌ম ১৯-২৩

ফায়েদা: আয়াতগুলোর কয়েকটি বিষয় বুঝে নিলে আমরা আমাদের আবিষ্কারগুলোর মূল্যায়ন বা অবমূল্যায়ন যথাযথভাবে করতে পারব, ইনশা-আল্লাহ। ১. গায়রুল্লাহকে আল্লাহর আসনে বসানোর ক্ষেত্রে উত্তরসূরি ও পূর্বসূরি সমান শরীক। ২. গায়রুল্লাহকে দেয়া শক্তিবাচক পদবিগুলো মানুষেরই দেয়া। ৩. আল্লাহর সঙ্গে এগুলোর কোন সম্পর্ক নেই। ৪. আল্লাহর বিধানের কোন বিকল্প চিন্তা করার সুযোগ নেই। ৫. এ সত্য সত্য হওয়া সত্ত্বেও অনেকেই তা গ্রহণ করবে না। ৫. মানব থেকে মহামানব, মহামানব থেকে অতিমানব, অতিমানব থেকে মাবূদ ও মূর্তি সবই দলিল থেকে দূরে সরে যাওয়ার কারণে। ৬. আল্লাহর হেদায়াতকে পাশে রেখেই ভুলের প্রাসাদ তৈরি করা হয় শুধু ধারণার উপর নির্ভর করে।

ছ. আহকামুদ দাওয়া উপেক্ষা করতে হবে

...(কঠোর পথগুলো পরিহার করে সেবার পথে এগুতে হবে...)

নরম আচরণ, সেবা, মন জয় ইত্যাদি সম্পর্কে এর আগে অন্য প্রসঙ্গে কিছু কথা এসেছে। এখানে আরেকটু কারগুজারী সংযোজন করা যায়। কারগুজারী হচ্ছে, আম্বিয়া কেরাম তাঁদের নবুয়ত প্রাপ্তির আগ পর্যন্ত যে সকল সুন্দর গুণাবলীর মাধ্যমে সমাজে প্রতিষ্ঠিতি লাভ করেছিলেন তার অন্যতম ছিল সেবা ও পরের উপকার করা। এ ক্ষেত্রে আমাদের আখেরী নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন সবার সেরা। এ বিষয়ক ঘটনাবলী সীরাতের কিতাবে ভরপুর রয়েছে।

কিন্তু চল্লিশ বছর যাবত যাদের মন জয় করা হয়েছে তাওহীদের দাওয়াত দেয়ার সঙ্গে সঙ্গে ঐ মানুষগুলো কী আচরণ করেছিল? যা করেছিল তা সীরাত ও ইতিহাসের কিতাবে লেখা আছে। আমরা কি মন জয় করার আরো ভালো কোন পদ্ধতি গ্রহণ করতে চাই? আমাদের কাছে কি মন জয় করার এমন কোন পদ্ধতিও আছে যা আম্বিয়ায়ে কেরামের কাছে ছিল না? কুরআনের আয়াতগুলো একটু দেখুন-

﴿ثُمَّ إِنِّي دَعَوْتُهُمْ جِهَارًا. ثُمَّ إِنِّي أَعْلَنْتُ لَهُمْ وَأَسْرَرْتُ لَهُمْ إِسْرَارًا. فَقُلْتُ اسْتَغْفِرُوا رَبَّكُمْ إِنَّهُ كَانَ غَفَّارًا. يُرْسِلِ السَّمَاءَ عَلَيْكُمْ مِدْرَارًا. وَيُمْدِدْكُمْ بِأَمْوَالٍ وَبَنِينَ وَيَجْعَلْ لَكُمْ جَنَّاتٍ وَيَجْعَلْ لَكُمْ أَنْهَارًا﴾ {سورة نوح: ٥-١٢}

"তারপর আমি প্রকাশ্যেও তাদের সাথে কথা বলেছি এবং গোপনে-গোপনেও তাদেরকে বুঝিয়েছি। আমি তাদেরকে বলেছি, নিজ প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় তিনি অতিশয় ক্ষমাশীল। তিনি আকাশ থেকে তোমাদের উপর প্রচুর বৃষ্টি বর্ষণ করবেন। এবং তোমাদেরকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততিতে উন্নতি দান করবেন এবং তোমাদের জন্য সৃষ্টি করবেন উদ্যান আর তোমাদের জন্য নদ-নদীর ব্যবস্থা করে দিবেন।" -সূরা নূহ ৮-১২

ফায়েদা: কুরআনের এ অংশটির মূল বক্তব্যগুলো মোটামুটি এই: ১. কঠোর শব্দের ব্যবহার এবং কঠোর আচরণ ছাড়া উম্মতের মাঝে নবীর দীর্ঘকাল কেটে গেছে। ২. মন জয় করার অস্বাভাবিক সে দীর্ঘকাল কেটে

যাওয়ার পর কঠোর ব্যবহার করতে হয়েছে। ৩. আন্তরিকতা প্রকাশের কোন পর্ব নবী বাদ দেননি। ৪. নবী উম্মতকে আখেরাতের পুরষ্কারের কথা শুনিয়েছেন। শত অপরাধের পরও ক্ষমার আশ্বাসবাণী শুনিয়েছেন। ৫. পার্থিব জীবনের সুযোগ সুবিধাগুলোর কথা খুলে বলেছেন। ধন-সম্পদ, সন্তান, বাগ বাগিচা, নদীনালা সব নেয়ামতের আশ্বাস দিয়েছেন।

জ. দ্বীনের মর্যাদা ভূলুণ্ঠিত হবে

(...প্রধান কুফরী শক্তিগুলোর সঙ্গে সুসম্পর্ক গড়া...)

এ উপায়ের উদ্ভাবকরা কুরআনের এ আয়াতগুলো ভুলে গেছে বা ভুলে থাকার চেষ্টা করেছে।

﴿وَلَا تَمُدَّنَّ عَيْنَيْكَ إِلَى مَا مَتَّعْنَا بِهِ أَزْوَاجًا مِنْهُمْ زَهْرَةَ الْحَيَاةِ الدُّنْيَا لِنَفْتِنَهُمْ فِيهِ وَرِزْقُ رَبِّكَ خَيْرٌ وَأَبْقَى﴾ {سورة طه: ١٣١}

"তুমি পার্থিব জীবনের ওই চাকচিক্যের দিকে চোখ তুলে তাকিও না, যা আমি তাদের (অর্থাৎ কাফেরদের) বিভিন্ন শ্রেনীকে মজা লোটার জন্য দিয়ে রেখেছি, তা দ্বারা তাদেরকে পরীক্ষা করার জন্য। বস্তুত তোমার রবের রিয্ক সর্বাপেক্ষা উত্তম ও সর্বাধিক স্থায়ী।" -সূরা ত্বহা ২০

﴿أَمَّا مَنِ اسْتَغْنَى. فَأَنْتَ لَهُ تَصَدَّى. وَمَا عَلَيْكَ أَلَّا يَزَّكَّى﴾ {سورة عبس: ٥-٧}

"আর যে ব্যক্তি অগ্রাহ্য করছিল। তুমি তার প্রতি মনোযোগ দিচ্ছ। অথচ সে নিজেকে না শোধরালে তোমার উপর কোন দায়িত্ব আসে না।" -সূরা আবাসা ৫-৭

﴿وَقَارُونَ وَفِرْعَوْنَ وَهَامَانَ وَلَقَدْ جَاءَهُمْ مُوسَى بِالْبَيِّنَاتِ فَاسْتَكْبَرُوا فِي الْأَرْضِ وَمَا كَانُوا سَابِقِينَ. فَكُلًّا أَخَذْنَا بِذَنْبِهِ فَمِنْهُمْ مَنْ أَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا وَمِنْهُمْ مَنْ أَخَذَتْهُ الصَّيْحَةُ وَمِنْهُمْ مَنْ خَسَفْنَا بِهِ الْأَرْضَ وَمِنْهُمْ مَنْ أَغْرَقْنَا وَمَا كَانَ اللَّهُ لِيَظْلِمَهُمْ وَلَكِنْ كَانُوا أَنْفُسَهُمْ يَظْلِمُونَ. مَثَلُ الَّذِينَ اتَّخَذُوا مِنْ دُونِ اللَّهِ أَوْلِيَاءَ كَمَثَلِ الْعَنْكَبُوتِ اتَّخَذَتْ بَيْتًا وَإِنَّ أَوْهَنَ الْبُيُوتِ لَبَيْتُ الْعَنْكَبُوتِ لَوْ كَانُوا يَعْلَمُونَ﴾ {سورة العنكبوت: ٣٩-٤١}

"আমি কারূন, ফির'আওন ও হামানকে ধ্বংস করেছিলাম। মূসা তাদের কাছে উজ্জ্বল নিদর্শন নিয়ে এসেছিল, কিন্তু তারা দেশে বড়ত্ব প্রদর্শন করেছিল, কিন্তু তারা তো (আমার উপর) জিততে পরেনি। আমি তাদের প্রত্যেককে তার অপরাধের কারণে ধৃত করি। তাদের কেউ তো এমন, যার বিরুদ্ধে পাঠাই পাথর বর্ষণকারী ঝড়-ঝঞ্ঝা, কেউ ছিল এমন যাকে আক্রান্ত করে মহানাদ, কেউ ছিল এমন, যাকে ভূগর্ভে ধসিয়ে দেই এবং কেউ ছিল এমন, যাকে করি নিমজ্জিত। বস্তুত আল্লাহ এমন নন যে, তাদের প্রতি জুলুম করবেন; বরং তারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করছিল। যারা আল্লাহকে ছেড়ে অন্য অভিভাবক গ্রহণ করেছে, তাদের দৃষ্টান্ত হল মাকড়সা, যে নিজের জন্য ঘর বানায়। আর নিশ্চয় ঘরের মধ্যে সর্বাপেক্ষা দুর্বল মাকড়সার ঘরই হয়ে থাকে। আহ! তারা যদি জানত।" -সূরা আনকাবূত ৩৯-৪১

ফায়েদা: আয়াতগুলোতে আমাদের চলমান অবস্থা সম্পর্কে কিছু স্পষ্ট দিকনির্দেশনা রয়েছে। ১. দ্বীনের দাঈদের জন্য দুনিয়ার প্রভাব প্রতিপত্তির প্রতি লক্ষ রাখার কোন সুযোগ নেই। ২. দ্বীনী কাজে এসব প্রভাব প্রতিপত্তির কোন প্রভাব নেই। ৩. প্রভাব প্রতিপত্তিহীনদের উপর প্রভাব প্রতিপত্তির অধিকারীদের কোন প্রাধান্য নেই। ৪. কারুন, ফেরাউন, নমরূদের মত ক্ষমতাসীন ও প্রভাব প্রতিপত্তির অধিকারীরাও হেরে গেছে। ৫. সব মোটা ঘাড় মটকে দেয়ার জন্য খুব সহজ ব্যবস্থা মুসলমানদের মাবুদের কাছে আছে। ৬. আল্লাহর কোন বাহিনী একটি মাকড়সার জালের সঙ্গে নতজানু হয়ে সমঝোতার প্রস্তাব দিবে তা হতেই পারে না। এটা ইসলাম ও মুসলমানদের জন্য অত্যন্ত মানহানীকর আত্মঘাতি পদক্ষেপ।

﴿وَأُلْقِيَ السَّحَرَةُ سَاجِدِينَ. قَالُوا آمَنَّا بِرَبِّ الْعَالَمِينَ. رَبِّ مُوسَى وَهَارُونَ. قَالَ فِرْعَوْنُ آمَنْتُمْ بِهِ قَبْلَ أَنْ آذَنَ لَكُمْ إِنَّ هَذَا لَمَكْرٌ مَكَرْتُمُوهُ فِي الْمَدِينَةِ لِتُخْرِجُوا مِنْهَا أَهْلَهَا فَسَوْفَ تَعْلَمُونَ. لَأُقَطِّعَنَّ أَيْدِيَكُمْ وَأَرْجُلَكُمْ مِنْ خِلَافٍ ثُمَّ لَأُصَلِّبَنَّكُمْ أَجْمَعِينَ. قَالُوا إِنَّا إِلَى رَبِّنَا مُنْقَلِبُونَ. وَمَا تَنْقِمُ مِنَّا إِلَّا أَنْ آمَنَّا بِآيَاتِ رَبِّنَا لَمَّا جَاءَتْنَا رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَتَوَفَّنَا مُسْلِمِينَ.

وَقَالَ الْمَلَأُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ أَتَذَرُ مُوسَى وَقَوْمَهُ لِيُفْسِدُوا فِي الْأَرْضِ وَيَذَرَكَ وَآلِهَتَكَ قَالَ سَنُقَتِّلُ أَبْنَاءَهُمْ وَنَسْتَحْيِي نِسَاءَهُمْ وَإِنَّا فَوْقَهُمْ قَاهِرُونَ. قَالَ مُوسَى لِقَوْمِهِ اسْتَعِينُوا بِاللَّهِ وَاصْبِرُوا إِنَّ الْأَرْضَ لِلَّهِ يُورِثُهَا مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِينَ﴾ {سورة الأعراف: ١٢٠-١٢٨}

"আর এ ঘটনা যাদুকরদেরকে সিজদায় ফেলে দিল। তারা বলে উঠল, আমরা ঈমান আনলাম রাব্বুল আলামীনের প্রতি, যিনি মূসা ও হারূনের প্রতিপালক। ফির'আউন বলল, আমি তোমাদেরকে অনুমতি দেওয়ার আগেই তোমরা তার প্রতি ঈমান আনলে? নিশ্চয়ই এটা কোন চক্রান্ত। তোমরা শহরে এই চক্রান্ত করেছ, যাতে তোমরা এর বাসিন্দাদেরকে এখান থেকে বহিষ্কার করতে পার। আমি অবশ্যই তোমাদের হাত-পা বিপরীত দিক থেকে কেটে ফেলব, তারপর তোমাদের সকলকে শূলে চড়িয়ে ছাড়ব। তারা বলল, (মৃত্যুর পর) আমরা অবশ্যই আমাদের প্রতিপালকের কাছে ফিরে যাব। তুমি কি রুষ্ট হচ্ছ কেবল আমাদের এ কাজের দরুনই যে, আমাদের কাছে আমাদের প্রতিপালকের নিদর্শনাবলী এসে গেল তখন আমরা তাতে ঈমান এনেছি? হে আমাদের প্রতিপালক! আমাদের উপর সবর ঢেলে দাও এবং (তোমার) তাবেদাররূপে আমাদের মৃত্যু দান কর। ফির'আউনের কওমের নেতৃবর্গ (ফির'আউনকে) বলল, আপনি কি মূসা এবং তার সম্প্রদায়কে ছেড়ে দিবেন, যাতে তারা (অবাধে) পৃথিবীতে অশান্তি বিস্তার করতে এবং আপনাকে ও আপনার উপাস্যদেরকে বর্জন করতে পারে? সে বলল, আমরা তাদের পুত্রদেরকে হত্যা করব এবং তাদের নারীদেরকে জীবিত রাখব, আর তাদের উপর তো আমাদের পরিপূর্ণ ক্ষমতা আছেই। মূসা নিজ সম্প্রদায়কে বলল, আল্লাহর কাছে সাহায্য চাও এবং ধৈর্য্য ধারণ কর । বিশ্বাস রাখ, যমীন আল্লাহর। তিনি নিজ বান্দার মধ্যে যাকে চান এর উত্তরাধিকারী বানিয়ে দেন, আর শেষ পরিণাম মুত্তাকীদেরই অনুকূলে থাকে।" -সূরা আ'রাফ ১২০-১২৮

ফায়েদা : এ আয়াতগুলো থেকে আমরা কী পেলাম? ১. সত্য বুঝে আসার পর তা প্রকাশ্যে গ্রহণ করতে কোন শক্তিই আর বাধা হতে পারেনি। ২. সর্বোচ্চ ক্ষমতাসীন ও পরাশক্তির পক্ষ থেকে ষড়যন্ত্রের

অপবাদ এসেছে, সবচাইতে ভয়ংকর শাস্তির ধমকি এসেছে, কিন্তু নবী ও উম্মত কারো পক্ষ থেকে পরাশক্তির সঙ্গে সমঝোতার কোন সুর পাওয়া যায়নি। কোন কম্প্রমাইজ হয়নি। ৩. গোষ্ঠীসহ নারী পুরুষ সবাইকে হত্যা করা ও দাস দাসী বানানোর হুমকী দেয়া হয়েছে, কিন্তু এক আখেরাতে সফলতার উদ্ধৃতি দিয়ে সব বাম হাতে ঠেলে দেয়া হয়েছে। ৪. চাটুকারদের পক্ষ থেকে বহু উস্কানি দেয়া হয়েছে, কিন্তু এক আল্লাহর সাহায্যের উপর ভরসা করে তাগুতের সঙ্গে সমঝোতার সকল রশিকে ছিন্ন করে দেয়া হয়েছে। ৫..তাগুতকে কোলে টেনে নেয়া ও তাগুতের কোলে আশ্রয় নেয়া কোনটিরই বৈধ কোন ব্যবস্থা নেই।

﴿لست عليهم بمصيطر﴾ {سورة الغاشية: ٢٢}

﴿قال الإمام أحمد: حدثنا وكيع، عن سفيان، عن أبي الزبير، عن جابر قال: قال رسول الله صلى الله عليه وسلم: "أمرت أن أقاتل الناس حتى يقولوا: لا إله إلا الله، فإذا قالوها عصموا مني دماءهم وأموالهم إلا بحقها، وحسابهم على الله عز وجل". ثم قرأ: {فذكر إنما أنت مذكر لست عليهم بمسيطر﴾ {تفسير ابن كثير: ٣٨٨/٨}

"তুমি তো তাদের উপর বল প্রয়োগকারী (দারোগা) নও।

ইমাম আহমদ রহ. .... জাবের রা. থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি মানুষদের বিরুদ্ধে যুদ্ধ করতে আদিষ্ট হয়েছি তারা লা ইলাহা ইল্লাল্লাহ বলা পর্যন্ত। যখন তারা তা বলে ফেলবে তখন তাদের রক্ত ও সম্পদ তারা আমার কাছ থেকে বাঁচিয়ে ফেলবে, শুধু নির্দিষ্ট হক ব্যতীত এবং তাদের হিসাব নিকাশ আল্লাহ তাআলার কাছে। এরপর তিনি এ আয়াতটি তিলাওয়াত করেছেন فذكر إنما أنت مذكر لست عليهم بمسيطر।" -তাফসীরে ইবনে কাসীর

ফায়েদা: এ আয়াত ও হাদীসের বক্তব্য হচ্ছে: ১. দাঈর দায়িত্ব সত্যের আহবান পৌঁছে দেয়া। ২. যেকোনভাবেই হোক তাকে মুসলমান বানাতেই হবে এমন কোন দায়িত্ব দাঈর উপর নেই। ৩. দাওয়াত গ্রহণ

না করলে তার বিরুদ্ধে জিহাদ হবে। ৪. জিহাদ হচ্ছে বহুমুখী সমস্যার স্থায়ী সমাধান।

ঝ. কুরআনের তাযকীরকে ভুলে যেতে হবে

(...অস্ত্রের পথ ছেড়ে সম্প্রীতির পথে আসতে হবে...)

এ বাস্তবতা পৃথিবীর শুরু থেকে আজো পর্যন্ত একই মাত্রায় রয়েছে। সত্য দ্বীনের শত্রু দুনিয়ার বিচারে কখনোই দুর্বল ছিল না। সর্বকালে সকল শক্তিই আল্লাহর সাহায্যের সামনে হেরে গেছে। প্রত্যেক পরবর্তী যুগের মানুষই মনে করে তারা আগের লোকদের চাইতে বেশি শক্তিশালী। কিন্তু বাস্তবতা হচ্ছে, সব রকমের শক্তিশালীই আল্লাহর সাহয্যের সামনে হেরে গেছে। কুরআনের আয়াতগুলো দেখুন-

﴿قَالَ إِنَّمَا أُوتِيتُهُ عَلَى عِلْمٍ عِندِي أَوَلَمْ يَعْلَمْ أَنَّ اللَّهَ قَدْ أَهْلَكَ مِن قَبْلِهِ مِنَ الْقُرُونِ مَنْ هُوَ أَشَدُّ مِنْهُ قُوَّةً وَأَكْثَرُ جَمْعًا وَلَا يُسْأَلُ عَن ذُنُوبِهِمُ الْمُجْرِمُونَ﴾ {سورة القصص: ٧٨}

"সে বলল, এসব তো আমি আমার জ্ঞানবলে লাভ করেছিলাম। সে কি এতটুকুও জানত না যে, আল্লাহ তার আগে এমন বহু মানবগোষ্ঠীকে ধ্বংস করেছিলেন, যারা শক্তিতে তার অপেক্ষা প্রবল ছিল এবং জনসংখ্যায়ও বেশি ছিল? অপরাধীদেরকে তাদের অপরাধ সম্পর্কে জিজ্ঞেসও করা হয় না।" -সূরা কসাস ৭৮

ফায়েদা: আয়াতের কয়েকটি স্পষ্ট বিষয় হচ্ছে এই: ১. নিজের অস্বাভাবিক যোগ্যতার দাবিদারদেরকেও বিনাশ করে দেয়া হয়েছে। ২. বর্তমানের চাইতে বেশি শক্তিশালীকেও বিনাশ করে দেয়া হয়েছে। ৩. বর্তমানের চাইতে বেশি লোকবলের অধিকারীকেও বিনাশ করে দেয়া হয়েছে। ৪. শক্তিধর অপরাধীদেরকে কোন জিজ্ঞাসাবাদ ছাড়াই জাহান্নামে নিক্ষেপ করা হবে।

﴿كَالَّذِينَ مِن قَبْلِكُمْ كَانُوا أَشَدَّ مِنكُمْ قُوَّةً وَأَكْثَرَ أَمْوَالًا وَأَوْلَادًا فَاسْتَمْتَعُوا بِخَلَاقِهِمْ فَاسْتَمْتَعْتُم بِخَلَاقِكُمْ كَمَا اسْتَمْتَعَ الَّذِينَ مِن قَبْلِكُم بِخَلَاقِهِمْ

وَخُضْتُمْ كَالَّذِي خَاضُوا أُولَئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأُولَئِكَ هُمُ الْخَاسِرُونَ﴾ {سورة التوبة: ٦٩}

"(হে মুনাফিকগণ!) তোমাদের পূর্বে যারা গত হয়েছে, (তোমরা) তাদেরই মত। তারা শক্তিতে তোমাদের অপেক্ষা প্রবল এবং ধনে-জনে তোমাদের অপেক্ষা অনেক বেশি ছিল। তারা তাদের ভাগের মজা লুটে নিয়েছে, তারপর তোমরাও তোমাদের ভাগের মজা লুটছ, যেভাবে তোমাদের পূর্ববর্তীগণ নিজেদের ভাগের মজা লুটেছিল এবং তোমরাও বেহুদা কথাবার্তায় লিপ্ত হয়েছিলে, যেমন তারা লিপ্ত হয়েছিল। তারাই এমন লোক, যাদের কর্ম দুনিয়া আখিরাতে নিষ্ফল হয়েছে এবং তারাই এমন লোক, যারা (ব্যবসায়) ক্ষতিগ্রস্ত হয়েছে।" -সূরা তাওবা ৬৯

ফায়েদা: আয়াতে বলা হয়েছে: ১. বর্তমানের চাইতে অতীতের কাফেররা শক্তিতে বড় ছিল। ২. অতীতের কাফেররা সম্পদের দিক থেকে বর্তমানের চাইতে বেশি শক্তিশালী ছিল। ৩. সন্তান ও বংশধরদের বিবেচনায় বর্তমানের চাইতে অতীতের কাফেররা বেশি শক্তির অধিকারী ছিল। ৪. অতীত ও বর্তমানে সকল কাফেরের ভোগের মাত্রা একই রকম। ৫. অতীত ও বর্তমানের সকল কাফেরের অপদার্থতা সমান মাত্রায় ছিল। ৬. দুনিয়া আখেরাতে সবার পরিণতি বরাবর। অতএব যিম্মাদারীর বিবেচনায় অতীত থেকে বর্তমানকে আলাদা করার কোন সুযোগ নেই।

﴿أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ كَانُوا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَأَثَارُوا الْأَرْضَ وَعَمَرُوهَا أَكْثَرَ مِمَّا عَمَرُوهَا وَجَاءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنَاتِ فَمَا كَانَ اللَّهُ لِيَظْلِمَهُمْ وَلَكِنْ كَانُوا أَنْفُسَهُمْ يَظْلِمُونَ﴾ {سورة الروم: ٩}

"তারা কি ভূমিতে চলাফেরা করেনি, তাহলে দেখতে পেত তাদের পূর্বে যারা ছিল তাদের পরিণাম কী হয়েছে? তারা শক্তিতে ছিল তাদের চেয়ে প্রচণ্ডতর এবং তারা জমি চাষ করত এবং আবাদ করত তাদের আবাদ অপেক্ষা বেশি। তাদের কাছে তাদের রাসূলগণ সুস্পষ্ট প্রমাণাদি নিয়ে

এসেছিল। বস্তুত আল্লাহ এমন নন যে, তাদের প্রতি জুলুম করবেন; বরং তারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করেছিল।" -সূরা রূম ৩০

ফায়েদা: আয়াতে বলা হয়েছে: ১. আমরা ইতিহাস পড়লেই অতীত ও বর্তমানের শক্তির তুলনা করতে পারব এবং বাস্তব অবস্থা উপলব্ধি করতে পারব। ২. কুফরের শক্তিতে বর্তমানের চাইতে অতীত অগ্রগামী ছিল। ৩. পৃথিবীকে আবাদ করা এবং পৃথিবীকে জয় করার ক্ষেত্রে বর্তমানের চাইতে অতীত অগ্রগামী ছিল। ৪. সরাসরি নবী রাসূলের হাতে দলিল প্রমাণ দেখে দেখেও তারা তা অস্বীকার করেছে।

﴿أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ وَكَانُوا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَمَا كَانَ اللَّهُ لِيُعْجِزَهُ مِنْ شَيْءٍ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ إِنَّهُ كَانَ عَلِيمًا قَدِيرًا﴾ {سورة فاطر: ٤٤}

"তারা কি পৃথিবীতে কখনও সফর করেনি, তাহলে তারা দেখতে পেত তাদের পূর্বে যারা গত হয়েছে তাদের পরিণাম কী হয়েছিল, যদিও তারা এদের অপেক্ষা বেশি শক্তিমান ছিল? আল্লাহ এমন নন যে, আকাশমণ্ডলী ও পৃথিবীর কোন বস্তু তাকে ব্যর্থ করতে পারে। নিশ্চয় তিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান।" -সূরা ফাতির ৪৪

ফায়েদা: আয়াতে যে কথাগুলো বলা হয়েছে: ১. অতীতে কুফরী শক্তি কেমন ছিল তা জানার জন্য ইতিহাস জানতে হবে, ইতিহাস দেখতে হবে। ২. অতীতে কুফরী শক্তি বর্তমানের চাইতে বেশি বলবান ছিল। ৩. অতীতের বেশি শক্তিমান কুফর শিরক আল্লাহর পক্ষের শক্তিকে কখনো পরাজিত করতে পারেনি।

﴿أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ كَانُوا مِنْ قَبْلِهِمْ كَانُوا هُمْ أَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَآثَارًا فِي الْأَرْضِ فَأَخَذَهُمُ اللَّهُ بِذُنُوبِهِمْ وَمَا كَانَ لَهُمْ مِنَ اللَّهِ مِنْ وَاقٍ﴾ {سورة غافر: ٢١}

"তারা কি পৃথিবীতে কখনও সফর করেনি, তাহলে তারা দেখতে পেত তাদের পূর্বে যারা গত হয়েছে তাদের পরিণাম কী হয়েছিল, যদিও তারা

এদের অপেক্ষা বেশি শক্তিমান এবং যমিনের বুকে বেশি প্রভাব বিস্তারকারী ছিল? তখন তাদের গুনাহের কারণে তাদেরকে পাকাড়াও করেছেন এবং আল্লাহর আযাব থেকে বাঁচানোর জন্য তাদের কোন রক্ষাকারী ছিল না"। -সূরা গাফের ২১

ফায়েদা: আয়াতে বলা হযেছে: ১. বর্তমানের চাইতে বেশি শক্তি নিয়েও কুফরী শক্তি কীভাবে বিনাশ হয়ে গেছে? ইতিহাস পড়লেই তা জানা যাবে। ২. অতীতের অধিক শক্তিশালী কুফরও আল্লাহর পক্ষের শক্তির সামনে ধরা খেয়ে গেছে। ৩. আল্লাহর পক্ষের শক্তি ব্যতীত কোন মহাশক্তি পরাশক্তিই কাউকে সাহায্য করতে পারেনি।

﴿فَأَهْلَكْنَا أَشَدَّ مِنْهُمْ بَطْشًا وَمَضَى مَثَلُ الْأَوَّلِينَ﴾ {سورة الزخرف: ٨}

"অতঃপর যারা এদের (অর্থাৎ মক্কাবাসীদের) অপেক্ষা বেশি শক্তিশালী ছিল তাদেরকে আমি ধ্বংস করে দিয়েছি। আর সেই পূর্ববর্তীদের অবস্থা তো গত হয়েছে।" -সূরা যুখরুফ ৮

ফায়েদা: কুরআনের আয়াতে বলা হয়েছে: ১. বর্তমানের চাইতে প্রবল প্রতিপত্তির অধিকারীদেরকে বিনাশ করে দেয়া হয়েছে। ২. এ বিষয়ক উদাহরণের কোন অভাব নেই।

﴿وَكَأَيِّنْ مِنْ قَرْيَةٍ هِيَ أَشَدُّ قُوَّةً مِنْ قَرْيَتِكَ الَّتِي أَخْرَجَتْكَ أَهْلَكْنَاهُمْ فَلَا نَاصِرَ لَهُمْ﴾ {سورة محمد: ١٣}

"এমন কত জনপদ ছিল, যা তারা তোমাকে তোমার যে জনপদ থেকে বের করে দিয়েছে তা অপেক্ষা বেশি শক্তিশালী ছিল. আমি তাদের সকলকে ধ্বংস করে দিয়েছি। তখন তাদের কোন সাহায্যকারী ছিল না।" -সূরা মুহাম্মাদ ১৩

ফায়েদা: কুরআনের আয়াতে বলা হয়েছে: ১. বর্তমানের শক্তিশালী কুফরী দেশের তুলনায় বেশি শক্তিশালী যেসব কুফরের দেশকে বিনাশ করে দেয়া হয়েছে তার সংখ্যা অনেক। ২. কোন বন্ধুদেশই আল্লাহর শক্তির প্রতিরোধ করতে পারেনি। প্রতিরোধ করার সাহস করেনি।

﴿وَكَمْ أَهْلَكْنَا قَبْلَهُمْ مِنْ قَرْنٍ هُمْ أَشَدُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوا فِي الْبِلَادِ هَلْ مِنْ مَحِيصٍ﴾ {سورة ق: ٣٦}

"আমি তাদের (অর্থাৎ মক্কাবাসী কাফেরদের) আগে কত জাতিকে ধ্বংস করেছি, যারা শক্তিতে তাদের চেয়ে প্রবল ছিল। তারা নগর-নগরে ঘুরে বেড়িয়েছিল। তাদের কি পালানোর কোন জায়গা ছিল?" -সূরা কাফ ৩৬

ফায়েদা: কুরআনের আয়াতে বলা হয়েছে: ১. বর্তমানের চাইতে বেশি শক্তিধর প্রভাবশালী অতীতের যেসব কুফরী শক্তিকে, কুফরী গোষ্ঠীকে বিনাশ করে দেয়া হয়েছে তাদের সংখ্যা অনেক। ২. সেসব কুফরী শক্তি শহর বন্দর চষে বেড়িয়ে ত্রাসের রাজ্য সৃষ্টি করেছে। ৩. সেসব কুফরী শক্তির পালানোর মত কোন জায়গা ছিল না। আল্লাহর পক্ষের শক্তির সামনে তাদের প্রভাব তাদেরকে রক্ষা করতে পারেনি।

ঞ. আল্লাহর দুশমনকে বন্ধু বানাতে হবে

(...বাতিলের সোহবত নিতে হবে, দিতে হবে...)

